

Entertaining Lessons

IN

SCIENCE AND LITERATURE

PART NI.

Thirtyfipt Edition.

চারুপাঠ।



সক্ষয়কুমার দত্ত-প্রণীত।

একত্রিংশবার মুদ্রিত।



Calcuttia:

Printer—Jogesh Chandra Audhikary, METCALFE PRESS.

76. Balaram Dey Street,

Published by Jogendranath Mukherji

At the Sanskrit Press Depository

Cornwallis Street.

1912.

প্রিন্টার— শ্রীবোগেশচন্দ্র অধিকারী।

এই পৃত্তক ইংরাজী ১৮৪৭ সালের ২০ আইন অন্থারে রেজেইরী করা হইলাছে।

The right of translation is reserved.

> পাব্লিশার্— শ্রীৰোপেক্স নাথ মুখোপাখ্যায



বিজ্ঞাপন।

নৃত্ন গ্রন্থ রচনা করা দূরে থাকুক, আমার পূর্বলিখিত প্রস্তাব সমুদ্য সংশোধন করিয়া মুদ্রিত করিবারও সামর্থ্য নাই। কোন কোন পরমাত্মীয় ভদ্র
ব্যক্তি অনুগ্রহপূর্বক চারুপাঠের তৃতীয় ভাগ
খানি মুদ্রিত করিয়া তুলিলেন, তাহাতেই ইহা মুদ্রিত
হইয়া উঠিল। এদেশীয় বিভালয় সমুদায়ের অধ্যক্ষ
মহাশয়েরা যেমন ক্রপা করিয়া চারুপাঠের প্রথম ও
ভিতায় ভাগ স্থ বিভালয়ে ব্যবহার করিলেন, তৃতীয়
ভাগ খানিও সেইরূপ করিলে কৃতার্থ হইব।

ত্রীঅক্ষয়কুমার দত্ত।

२२ व्यायाज्। ১৭১৮ শক।



ত্রিংশবারের বিজ্ঞাপন।

শিক্ষার্থী ও পরীক্ষার্থীদিগের স্থবিধার জন্ম, বর্ত্তমান সংস্করণে গ্রন্থকারের জীবনী এবং গ্রন্থোক্ত যাবতীয় স্থানের বিবরণ ও পাত্রের পরিচয় সংযোজিত হইল। তুরুহ শব্দের অর্থ এবং অপেক্ষাকৃত তুরুহ অংশগুলির সরল অথচ সঙ্ক্ষিপ্ত তাৎপর্যাও দেওয়া হইয়াছে।

শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত।



ভূসিকা।

'চারুপাঠ।'

চারুপাঠ অপরিণত মানব-মনের এবং তরুণ মন্তিছের সর্বাদীণ পরিপুষ্টির অধিতীয় সহায়। আমোদের সঙ্গে শিক্ষার যে নৃতন রীতি সম্প্রতি এদেশের বিদ্যালয়-সমূহে প্রবর্ত্তিত হইয়ছে, চারুপাঠের দ্রদর্শী প্রস্থলার বর্ত্তমান আন্দোলনের বহু বৎসর পূর্বে, সেই রীতির অমুসরণেই এই চারুপাঠ রচনা করেন। চারুপাঠ or Entertaining Lessons নামই এ কথা প্রতিপন্ন করিতেছে। বাহু জগতের সঙ্গে মানব-মনের পরিচন্দ-সাধন, বিজ্ঞান-বিষয়ে কৌতৃহলোজীপন এবং হালর ও মনের সদ্বৃত্তি-সমূহের সম্যক্ উদ্বোধন এই প্রস্তুত্তের উদ্দেশ্য। চারুপাঠের অমুকরণে এ পর্যান্ত অনেক পুস্তুক রচিত হইয়াছে; কিন্তু কোনটাই এরপ সমাদর লাভ করে নাই। ইহার কারণ কি ?

গ্রন্ত কার।

প্রস্থকারের বিশেষস্থই ইহার প্রধান কারণ। স্বর্গীয় স্বন্ধয়কুমার কন্ত মহাশরের মন্ত জ্ঞান-ভূফা এ দেশে স্বতি স্বয় লোকেরই দেখা বার। তাঁহার জীবনের মৃলমন্ত্র ছিল ''লিখিব ও শিথাইব।'' যিনি

*জীবনে বাস্তবিক জ্ঞানের লিপাসা অনুভব করিয়া জ্ঞানায়েশে প্রবৃত্ত

হইয়াছেন, ভিনি বেষন স্থালররূপে এবং সহজে অস্তের জ্ঞান-তৃষ্ণা পরিছিল পারিবেন, আর কেহ তাহা পারিবেনা। এক দিকে তাঁহার

রচনার সঙ্গে তাঁহার বিজ্ঞান-নিষ্ঠ জীবনের ঘনিষ্ঠ বোগ ছিল; অক্ত

দিকে তিনি একজন ক্ষমতাশালী লেখক,—ভাষার অন্তর্গূ দ শক্তি তাঁহার
করায়ন্ত। স্থভরাং অক্ষরকুমারের রচিত চারুপাঠকে স্ক্ল-বহি বলিয়া
একেবারে উড়াইয়া দিলে চলিবেনা।

বঙ্গ-দাহিত্যে 'চারুপাঠ'।

স্থানী সাহিত্যে চারুপাঠের স্থান আছে কি না, এই বিষর লইয়া, কেহ কেহ ওর্ক তুলিয়াছেন; এরূপ ওর্ক উঠিবার বিশেষ কোনো ভিত্তি, আছে বলিয়া বোধ হয় না। নানারূপ অলীক ধারণা ও ভ্রাস্ত সংস্থারকে আশ্রার দেওয়া সংস্থাও পুরাতন পঞ্চতন্ত্র যদি সংস্কৃত সাহিত্যে বহু যুগ ব্যাপিয়া স্থান পাইয়া থাকে, তবে আদর্শের উচ্চতা, ভাষার স্লিগ্ধ-গন্তীর মনোহারিতা, বিষয়-বৈচিত্র্য এবং চিত্ত-বিকাশের পক্ষে বিশেষ উপ-বোসিতার জন্ম চারুপাঠও বুগ্রুগান্ত ধরিয়া বঙ্গের স্থানী সাহিত্যে মর্যাদার সহিত স্থান পাইবে। বিজ্ঞান ও নীতির ভক্ষ-কর্মাণ বিজ্ঞান-প্রেমিকের অন্তর্মাণ-মন্ত্রে সঞ্জীবিত হইলে, কতদ্র যে মনোরম হইতে পারে, তাহার দুষ্ঠান্ত, বন্ধভাষার—এক্মাত্র চারুপাঠ।

গ্রন্থকারের জীবন-কথা।

ৰংশ-পরিচয়।

ৰঙ্গীর গভের গৌরবস্থল ক্ষণীর অক্ষরকুমার দত্ত মহাশরের পূর্ব্ব"পুরুবেরা টাকীর নিকট গদ্ধবিপুর গ্রামে বাস করিতেন। ইহারা
বঙ্গজ কারত। অক্ষরকুমারের প্রশিতামহ রাজ্বলভ বর্দ্ধমান রাজ্যসরকারে
কর্ম করিতেন। তিনিই প্রথম গদ্ধবিপুরের বাস উঠাইরা, নব্দীপের
সমীপব্জী চুপী গ্রামে বস্তি করেন।

রাজবল্লভের বখন মৃত্যু হয়, তখন গাঁহার কনিষ্ঠ পুদ্র রামশরণ নিতান্ত শিশু। জননীর অন্থগত রামশরণ শৈশবকাল হইতে বিধবা জননীর সঙ্গে একত্র নিরামিব ভোজনে এমনি অভ্যন্ত হইয়া বান যে, তিনি চেষ্টা করিয়াও জীবনে কখনো মংস্থ মাংস স্পর্শ পর্যন্ত করিডে পারিতেন না। রামশরণের চতুর্থ পুত্র পীতাহর। পীতাহরের শেষ সন্তান অক্ষরকুমার। পিতামহ রামশরণের আমিব-বিত্তা পৌত্র অক্ষরকুমারে বর্তিয়াছিল; "আমিব অবিধি" বলিয়া আন্দোলন করিবার অন্তর্গু চু কারণ অক্ষরকুমারের অন্থিমজ্জার মধ্যেই নিহিত ছিল।

ুপীতাম্বর দত্ত মহাশর থিদিরপুর কুত্বাটের কেসিরার ছিলেন।
বেতন অল্ল, কিন্তু, উহারই মধ্যে, নিজের ব্যয় সাধ্যমত সংক্ষেপ করিরা,
কর্মন্থল হইতে বাড়ী ফিরিবার সময়ে, প্রতিবাসী ও গ্রামবাসীদের
ুজন্ত, তৃত্থাপ্য ঔষধ ও পথ্যাদি সংগ্রহ করিরা সঙ্গে লইতেন। শোনা
যার, গ্রামে ফিরিরা পীতাম্বর ব্যোবৃদ্ধ মাত্রকেই শ্রন্ধার সহিত প্রণাম
করিতেন। নির্চাবান হিন্দু হইলেও, এ বিষরে ভিনি ক্রাভি পাঁতি বানিরা
চলিতেন না।

শীতাধরের পত্নীর নাম দরামরী। ক্রঞ্চনপরের নিকট ইট্লে প্রায়ে দরামরীর পিজালর। পিতার নাম রামত্বাল গুছ। সৌজন্তে, দরার, বিচক্ষণ বিবেচনার এবং সহজ বৃদ্ধির প্রাচুর্য্যে দরামরী পীতাদ্বরের প্রকৃত সহধর্ষিটী ছিলেন।

জন্ম।

১২২৭ সালের ১লা শ্রাবণ তারিখে, হোরা পঞ্চমীর দিনে চুপীর বাড়ীতে অক্সরকুমারের জন্ম হর। ঐ বৎসরে আর একজন প্রাতঃশ্বরণীর মহাপুরুষ জন্মগ্রহণ করেন; তাঁহার নাম ঈশ্বরচন্দ্র বিভাসাগর। উভরের জন্ম-বৎসরে যেমন এক, কর্মক্ষেত্রেও তেমনি নানা স্থারে বছবার চইজনকে একত্র দেখিতে পাওয়া যায়।

অক্ষরকুমারের জন্মের পূর্বে, দরামন্বীর আরও তিন চারিটি সন্তান হর, ভাহারা সকলেই অর বন্ধসে বিনষ্ট হইয়া যায়।

वाला-कीवन ।

মৃত-বংসা জননীর আদরের সন্তান অকরকুমার মাতৃ-হাদরের সমস্ত স্থেহ একাকী ভোগ করিতে পাইয়াছিলেন। বোধ হয়, এইজন্ত তাঁহার মধ্যে দক্ষের ভাব তেমন করিয়া কখনও মাথা তৃলিতে পারে নাই। তাঁহার বৈষয়িক চিঠিপত্র হইতে জানা বায়, পাওনা-পণ্ডা ব্রিয়া লইছে, অকরকুমারের তেমন আগ্রহ ছিল না; অপর পক্ষ সন্তইচিত্তে ধর্ম ভাবিয়া, মতটুকু দিতে বীক্ষত হন, তাহাই তিনি মধেষ্ট মনে করেন, মোটের উপর বিয়োধ মিটিলেই তিনি বাঁচিয়া যান। বাল্যকাল হইতেই তিনি অভ্যন্ত নিরীই ও নির্বিরোধ ছিলেন। এই শান্তপত্তীর বালকটির কৌতৃহলের কিছু অন্ত ছিল না। কাঠাকালি ক্ষতে ক্ষিতে পৃথিবী কয় কাঠা, কানিবার ক্লপ্ত তাঁহার কৌতৃহল ক্ষায়াছিল।

এইরপে করেক বংসর পল্লী-পাঠশালার কাটাইরা দশ বংসর বরসে অক্ষরকুমার থিদিরপুরের বাদার আসিলেন। এই সময়ে পিয়ার্সন্ সাহেবের প্রাকৃতিক ভূগোলের বঙ্গান্থবাদ তাঁহার হাতে পড়ে। জিজ্ঞান্থ শিশুর হাদরে এতদিন আত্মীয় স্বজন ও গুরুমহাশরের নিকট রুষ্টি, বিহ্যুৎ প্রভৃতি বিশ্ব-ব্যাপার সম্বন্ধে যেটুকু অভিজ্ঞতা সংগৃহীত হইয়াছিল, তাহা বে একেবারেই মিধ্যা ও ভিত্তিহীন, সে বিষয়ে আর সন্দেহ রহিল না। পূর্বেই চাণক্য-শ্লোক পড়িবার সময়, সর্ব্ব-পূজা বিদ্বান্ হইবার জন্ত তাহার মন লালায়িত হইয়াছিল; এইবার দশ বৎসর বয়সের অক্ষরকুমার, জ্ঞানের আকর ইংরাজী ভাষা শিধিতে ক্বতনিশ্বর হইলেন।

কিছুদিন তিনি এক মাষ্টারের কাছে পড়িলেন। কিন্তু সেই মাষ্টার ভাল ইংরাজী জানিতেন না। অক্সরকুমার অল দিনেই সে কথা বৃবিতে পারিলেন এবং পিতৃব্যপুত্র হরমোহন দত্তের কাছে অন্থ্যোগ করিলেন। অভিভাবকেরা তাঁহাব শিক্ষা-বিষয়ে তেমন মনোযোগ করিতেছেন না দেখিয়া, তিনি এক মিশনরি স্কুলে ভর্ত্তি হইলেন। তথনকার নিষ্ঠাবান্ ছিন্দুরা খ্রীষ্টান্ স্কুলে ছেলে পাঠানো ভাল বিবেচনা করিতেন না। অভিভাবকেরা ভন্ন করিলেন, ছেলে খুষ্টান্ হইবে। এইবার অক্ষর-কুমারকে ওরিয়েণ্টাল্ সেমিনারিতে হুর্ত্তি করা হইল। থিদিরপুর হইতে প্রত্যাহ পদব্রজে বাওয়া আসায় যথেষ্ঠ সময় নই হইতেছে দেখিয়া, অক্ষয়কুমার নিজ পিস্তুতো ভাই রামধন বন্ধ মহাশয়ের কলিকাতার বাড়ীতে আশ্রয়গ্রহণ করিলেন। এই সময়ে তাঁহার বয়স প্রায় যোল বৎসর; ইছার পূর্বেই, তের বৎসর বয়সে, আগভ্রপাড়ার রামমোহন খোষের কলা খ্রামান্ত্রনার সহিত অক্ষয়কুমারের বিবাহ হয়।

ওরিরেন্টাল্ সেমিনারিতে অক্ষরকুমার একেবারে পঞ্চম শ্রেণীতে ভর্ত্তিহন। রীতিমত ইংরাজী শিকার এই আরম্ভ। পর বংসর পরীকার ফল সভোষজনক হওরার, কুলের অধ্যক্ষ মহাশর তাঁহাকে পঞ্ম শ্রেণী হইতে একেবারে তৃতীয় শ্রেণীতে উঠাইয়া দেন। ইহার কিছুদিন পরেই পীতাম্বর দত্ত মহাশয়ের কাশীখামে মৃত্যু হয়। সেসময়ে কক্ষরকুমার তৃতীয় শ্রেণীর ছাত্র। পিতৃবিয়োগে অর্থোপার্জনের প্রয়োজন ঘটল এবং বিভালয়ও ছাড়িতে হইল।

কৰ্মজীবন।

প্রভাকর-সম্পাদক, কবি নির্বাহন গুপ্ত প্রভাকরের জন্ত স্থ্রীম কোর্টের বিজ্ঞাপন সংগ্রন্থ করিতে, হরমোহন দত্তের নিকট প্রায়ই ঘাইতেন। হরমোহন দত্ত মহাশয় স্থ্রীম কোর্টে কর্ম্ম করিতেন। এই প্রে অক্ষয়কুমারের সহিত গুপ্ত-কবির পরিচয় ঘটে। এক দিন ঈশ্বরচন্দ্রের সহকারী অমুপন্থিত ছিলেন। ঘটনাক্রমে সেদিন অক্ষয়কুমার "প্রভাকর"-কার্যালয়ে বেড়াইতে যান। গুপ্ত-কবি অক্ষয়কুমারকে প্রভাকরের জন্ত ইংরাজী থবরের কাগজ হইতে কিছু অনুবাদ করিয়া দিতে বলেন; তাহাতে অক্ষয়কুমার বলেন, "আমার দ্বারা উহা সম্ভব্ নয়, আমা কথনও গত্ত লিখি নাই।" শেষে গুপ্ত-কবি পুনর্বার অনুরোধ করায় অক্ষয়কুমার অমুবাদে প্রবৃত্ত হন। লেখা দেখিয়া, ঈশ্বরচন্দ্র বলিলেন, "যিনি বছদিন অবধি এই কর্মা করিয়া আদিতেছেন, তিনিও, প্রমন স্থলর লিখিতে পারেন না।" এই অক্ষয়কুমারের গত্ত-রচনার প্রশাত । ইহার পূর্ব্বে তিনি কেবল "অনঙ্ক-মোহন" নামে একথানি পত্ত-গ্রন্থ রচনা করিয়াছিলেন।

বিস্থালয় ছাড়িয়াও অক্ষয়কুমার বিস্থাচর্চা ছাড়েন নাই। এই সময়েই তিনি নিজের চেষ্টায় উচ্চাঙ্গের গণিত, জ্যোভিষ, বিজ্ঞান এবং ক্ষর্মন্ প্রভৃতি ভাষা শিক্ষা করেন। এ সময়ে রাজা রাধাকান্তদেবের দৌহিত্র, হিন্দু কলেজের ছাত্র, স্বর্গীয় স্মানক্ষমাহন বস্থ মহাশয় ইঁহার সহায় ছিলেন। বিজ্ঞাসাগর ইংরাজী নাহিত্য চর্চা করিবার জক্ত প্রায়ই স্মানক্ষমাহনের নিকট যাইতেন। এই সময়েই বিজ্ঞাসাগর মহাশয়ের সক্ষে স্মানক্ষমারের স্মালাপ হয়।

১২৪৬ সালে স্বর্গীয় মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর একটি সভা স্থাপন করেন। কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত এই সভার সভ্য ছিলেন। তাঁহার কথায় অক্ষয়কুমারও ঐ সভার সভ্য হন। দেবেন্দ্রনাথের সঙ্গে আলাপের এই স্ত্রপাত। পরবৎসর এই সভার যত্নে "তন্ধ্বোধিনী পাঠশালা" স্থাপিত হয়। অক্ষয়কুমার মাসিক আট টাকা বেতনে ঐ পাঠশালায় পদার্থবিদ্যাও ভূগোলের শিক্ষক হইলেন।

১২৪৮ সালে তত্ত্বোধিনী সভার অর্থে ইংহার রচিত "ভূগোল" এছ প্রকাশিত হয়। এই প্রস্থ এখন হুপ্রাপ্য। বঙ্গীয় সাহিত্য-পরিষদের প্রকাগারে একথানি মাত্র আছে। ১২৪৯ সালে, অক্ষয়কুমার টাকীর ৮প্রাসরকুমার ঘোষের সহযোগিতায়, বিভাদর্শন নামে এক মাসিক পত্রিকা প্রকাশ করেন। বিভাদর্শন মোটে ছয় সংখ্যা প্রকাশিত হইয়া বন্ধ হইয়া যায়।

১২৫০ সালে তত্ত্বেধিনী সভার উল্লোগে তত্ত্বেধিনী-পত্রিকা প্রথম প্রচারিত হয় এবং অক্ষয়কুমার উহার সম্পাদক নির্বাচিত হন। প্রবন্ধ-গৌরবে এবং বিষয়-বৈচিত্রের তত্ত্বেধিনী অল্পদিনের মধ্যেই দেশ-বিখ্যাত হইয়া উঠিল। তথনকার শিক্ষিত সম্প্রদার বঙ্গভাষার প্রতি বীতশ্রদ্ধ ছিলেন। তথাপি গ্রাহক-সংখ্যা সাতশত দাঁড়াইল। বন্ধু-বংসল বিদ্যাসার অক্ষয়কুমারকে মাসিক দেড়শত টাকা বেতনে শিক্ষা-বিভাগের ডেপুটি ইন্স্পেউরের কর্ম্ম করিয়া দিবার জন্ত সমস্ত ঠিক্ঠাক্ করিলেন, কিন্তু অক্ষয়কুমার সে কর্ম্ম গ্রহণ করিলেন না। তত্ত্বেধিনীর।

সংস্রবে প্লাকিলে, স্থদেশে স্থশিক্ষা-বিস্তারের সহায়তা করিতে পারিবেন,— শুধু এই আনন্দে তিনি বাট টাকার চাকরীতেই সম্ভর্ট রহিলেন।

নিখিতে আরম্ভ কারলে, অক্ষয়কুমারের সংজ্ঞা থাকিত না। লিখিতে নিখিতে সন্ধান হইরা বাইত, চাকরেরা বাতি আলিয়া খাবার রাখিরা, ত্রয়ার জানালা বন্ধ করিয়া, প্রস্থান করিত। হুঁ স্ নাই। প্রভাতে পত্রিকা-সম্পর্কীয় কর্মাচারীরা নিয়মিত সময়ে কার্য্যালয়ে আসিয়া দেখিত, খাবার পড়িয়া আছে, অক্ষয়কুমার বঙ্গভাবার জন্ত ''অক্ষয় যশের মালা" রচনা করিতে বাস্ত। দীর্ম ছাদশ বংসর কাল এইরূপ কঠোর পরিশ্রম কারয়া, শরীর ভালিয়া পড়িল। অর্শ ও উদরাময় পূর্বেই দেখা দিয়াছিল। তাহার উপর ১২৬২ সালের আষাঢ় মাসে মৃর্ছ্রার সঙ্গে হুন্চিকিৎস্থা শিরোরোগ আসিয়া জুটিল। তত্ত্বোধিনীর সম্পাদকতা ছাড়িতে হইল। অতঃপর তিনি কিছু দিন নর্মাল কুলের প্রধান শিক্ষকের কর্ম করিয়াছিলেন। কিছু পীড়া-বৃদ্ধি হওয়ায়, তাহাও ছাড়িতে হইল। এই সময়ে বিভাসাগরের যত্নে ও প্রস্তাবে উত্বরোধিনী সভা হইতে তাঁহার মাসিক বৃত্তির ব্যবস্থা হইল। ইহাতে তিনি সাংসারিক হৃশ্চিস্তা হইতে কিয়ৎপরিমাণে অব্যাহতি পাইলেন।

ভত্তবোধিনী সভার এই বিশেষ বৃত্তি অক্ষরকুমার অধিক দিন গ্রহণ করেন নাই। পুত্তকের আরে বেমন গ্রাসাচ্ছাদনের অস্থ্রিধা দ্র হইল, অমনি বিনয়ের সহিত লিখিয়া পাঠাইলেন,—"আমি আর ভত্তবোধিনী সভাকে ক্ষতিগ্রন্থ করিব না।"

সাহিত্য-জীবন।

অক্ষরকুমারের প্রথম রচনা 'অনকমোহন' এখন পাওয়া যায় না। ১২৪৮ সালে তাঁহার ভূগোল প্রকাশিত হয়। তখন তাঁহার বয়স প্রায়

একুশ বংসর। আমরা সেই ভূগোলের ভূমিকা হইতে আক্ষরকুমারের প্রথম বয়সের গভ-রচনার কিছু নমুনা দিতেছি,—''ইদানীং দেশহিতৈষী বিজোৎসাহী মহাশয়দিগের দৃঢ় উদ্যোগে স্থানে স্থানে যে প্রকার প্রকৃষ্ট পদ্ধতিক্রমে বঙ্গভাষার অনুশীলন হইতেছে, তাহাতে ভবিষাতে এ দেশীর ব্যক্তিগণের বিস্থাবৃদ্ধির উর্নতি হওনের বিলক্ষণ সম্ভাবনা আছে, কিছ এ ভাষায় এ প্রকার প্রচুর গ্রন্থ দৃষ্ট হয় না যে, তদ্বারা বালক-निगटक ऋठांक्कार भिका श्रामान कता यात्र। এই ऋरवागयुक्त ममरत्र यहि এ অকিঞ্চন হইতে কিঞ্চিৎ দেশের উপকার সম্ভবে. এই মানস করিয়া চক্র-স্থা-লোভী উদ্বাহু বামনের ক্রায় দীর্ঘ আশার আসক্ত হইয়া, বহু ক্লেশে বহু ইংরাজী গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া বালকদিগের বোধগম্য-অথচ স্থান্ধান্যে এই ভূগোল পুস্তক প্রস্তুত করিয়াছি। এই পুস্তক প্রস্তুত হইয়া উপায়াভাবে কিয়ৎকাল অপ্রকটিত ছিল। পরে তত্তবোধিনী সভা বিশেষরূপে স্থপ্রসন্না হইরা স্বীয় বিত্তবারু দ্বারা ইহাকে প্রকাশিত করত যে প্রকার কুপা বিতরণ করিলেন, ভাহাতে সাহসপূর্বক কহিতে পারি, উক্ত সভার এরূপ অনুগ্রহ না হইলে এই পুত্রক সাধারণ সমীপে কদাচ এক্রপে উদিত হইতে পারিত না অতএব চিত্তমধ্যে এই অতল উপকারকে যাবজ্জীবন জাগক্ক রাখিয়া. তাহার রূপামূল্যে বিক্রীত থাকিলাম।''

বর্তুমান সময়ের শ্রেষ্ঠ গত রচনার সঙ্গে এই রচনার যতথানি প্রভেদ, ভদপেক্ষা এই ভূগোলের অনভিপূর্ব্বে প্রকাশিত যে কোনো গত্ত প্রস্থেক ভাষাগত প্রভেদ অনেক বেশী। ভাষা দিব্য অনায়াস-গতি লাভ করি-য়াছে, জড়তা একেবারে নাই বলিলেও চলে, অথচ এ সময়ে বিভাসাগর মহাশ্রের কোনো গ্রন্থই রচিত বা প্রচারিত হয় নাই। ক্বিশ্রেষ্ঠ প্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর মহাশ্রের ভাষায় বলিতে গেলে,

অক্ষরকুমারের এই বাল্যরচনা, বিভাসাগরের ও পূর্ব্বে, "গ্রাম্য-পাণ্ডিভ্য এবং গ্রাম্য-বর্ববিভার" হস্ত হইতে আপনাকে নির্মাভ করিয়াছিল।

ছন্দ যে কেবল পভের সামগ্রী নহে, সে কথাটা অনেক সময়ে অনেক লেথকের ধারণায় আসে না। মানুষের নিবাস-প্রস্থাসের মধ্যেও ছন্দ আছে, চলিবার সময়ে পা ফেলিতে হয় তালে তালে; অথচ গভ রচনার ছন্দ যতি বা তাল না মানিলেও চলিবে, ইহা একেবারেই ভূল। যাঁহারা যথার্থ ভাষা-শিল্পী, তাঁহারা, অল্পার-শাস্ত্রে বিশেষ উল্লেখ না থাকিলেও, গভের এই ছনিরীক্ষা ছন্দের নিয়ম আপনা হইতেই ধরিতে পারেন। অক্ষয়কুমারও যে তাহা পারিয়াছিলেন, তাহা তাঁহার এই বাল্য-সচনার কুদ্র নম্নাটিও পরিব্যক্ত করিতেছে।

এই স্বভাবসিদ্ধ রচনা-নৈপুণ্যে মুগ্ধ হইয়াই মহর্ষি দেবেল্রনাথ তাঁহাকে তত্ত্ববোধিনীর সম্পাদন-ভার প্রদান করেন। সে কথা তিনি আত্মজীবনীতে স্পষ্টই লিখিয়াছেন।

ভূগোল প্রকাশের পূর্ব্ব হইতে অক্ষরকুমার নীতি-তরঙ্গিণী সভায় বে সমস্ত বক্তৃতা করেন এবং প্রভাকরে ধে সমস্ত প্রবন্ধ লেখেন, তৎসমূহের সমসাময়িক উচ্চ্সিত প্রশংসার ক্ষীণ প্রতিধ্বনি এখনো শোনা যায়। ছঃখের বিষয়, সে সমস্ত রচনা রক্ষিত হয় নাই।

ভূগোলের পর ১৭৭০ শকে বাহ্যবস্তার সহিত মানব-প্রকৃতির সম্বন্ধ বিচারের প্রথম ভাগ এবং ৭৪ শকে ঐ গ্রন্থের বিতীয় ভাগ প্রকাশিত হয়। ছই ভাগই জর্জ কৃষ্ প্রণীত Constitution of man নামক গ্রন্থের মূণতব্বের ভিত্তির উপরে রচিত। মৌলিক গবেষণাও উহাতে যথেষ্ট আছে। য়ুরোপীয় এবং ভারতীয় ভীবন-বাত্রা-নির্কাহের নিয়মগুলিকে নিরপেক্ষভাবে তুলনায় সমালোচনা করিয়া,প্রকৃত পন্থা-নির্কেশের অকৃত্রিম চেষ্টাও উহাতে পরিলক্ষিত হয়। প্রথম ভাগ আমিষ ভোজনের বিকৃত্তে

এবং দ্বিতীয় ভাগ স্থরাপান নিবারণের উদ্দেশ্যে প্রচারিত হয়। এই গ্রন্থে যে ত্ইটি আন্দোলনের স্ত্রপাত্র হয়, তাহার ফলে অনেকেই—
বর্জমানের মহারাজ পর্যান্ত—মংশু মাংস পরিভ্যাগ করেন, এবং ভদুসমাজে
মত্যের প্রভাব অনেক পরিমাণে কমিয়া বায়।

১৭৭৪ শকে চারুপাঠের প্রথম ভাগ, ৭৬ শকে বিতীয় ভাগ এবং ৮১ শকে তৃতীয় ভাগ প্রকাশিত হয়। ধর্মনীতি ও পদার্থবিচ্ছা বধাক্রমে ৭৭ ও ৭৮ শকে প্রকাশিত হইয়াছিল।

च्याना क्यान विश्व के देश के श्री के प्राप्त স্বর্গীর রজনীকান্ত অধ্য মহাশর পরিষং-পত্রিকার প্রকাশিত একটি প্রবন্ধে লিখিয়াছেন, "যাহারা এইরূপ নির্দেশ করেন. তাঁহারা বোধ হয়, ইংরাজী গ্রন্থের সহিত অক্ষরকুমারের গ্রন্থ মিলাইয়া দেখেন নাই। মীর্জার স্বপ্রদর্শনের আদর্শে চারুপাঠের স্বপ্রদর্শন শিখিত হইয়াছে বটে, কিন্তু, মীর্জ্জার স্বপ্রদর্শনে যাহা নাই, চারুপাঠের স্বপ্রদর্শনে তাহা আছে। আডিসনের কল্পনা অপেকা অক্ষয়কুমারের কল্পনার অধিকতর বিকাশ হইয়াছে। অধ্যাপক উইলসনের 'হিলুধর্ম-সম্প্রদায়' ভারতব্যীয় উপাসক-সম্প্রদায়ের আদর্শ হইলেও, শেষোক্ত গ্রন্থে অনেক নৃতন বিষয় সন্ধিবেশিত ইইয়াছে।" ১৭৯২ শকে এই উপাসক সম্প্রদায়ের প্রথম ভাগ এবং ১৮০৪ শকে দ্বিতীয় ভাগ প্রকাশিত হয়। এই বুহদায়তন গ্রন্থ পুরাতত্ত্বের নানা জটিল তথ্যের মীমাংসায় এবং কৃট তুর্কের আলোচনায় পরিপূর্ণ, অপচ যথন উহ। রচিত হয়, তথন অক্ষরকুমার অর্শে, উদরাময়ে এবং মন্তিক্ষের পীড়ায় অন্থির। কাহারো দঙ্গে কোরে কথা কহিলে যন্ত্রণা-বুদ্ধি হয়; ছই চারি পঞ্জির অধিক একদক্ষে রচনা করিতে পারেন না এবং যতটুকু রচনা করেন, সেটুকুও নিজে লিখিতে পেলে মাথা ঘুরিয়া ষার। ঔষধ মকরধ্বজ চতুর্মুপ প্রভৃতির শিশি কোটার ধর বোঝাই। পথা পূল্ভার ঝোল, মাংদের কাথ, বেলের মোরববা। কিন্তু "ঈিপাভার্থ-স্থিন-নিশ্চর মন" অপটু শরীর ও পীড়িত মন্তিক্ষের উপর করী হইল। ত্শ্চর তপত্তা নিজ্ল হইবার নয়। বিশেষজ্ঞ ম্যাক্স্-মূলার লিখিলেন—"আপনার মূল্যবান্ মৌলিক গবেষণা-সংবলিত উপাসক-সম্প্রদায় পড়িয়া প্রীতিলাভ করিলাম।"

অক্ষরকুমারের মৃত্যুর পর তাঁহার কনিষ্ঠ পুত্র স্বর্গীর রজনীনাথ দত্ত মহাশরের সম্পাদকতার অক্ষরকুমারের আর একথানি পুস্তক প্রকাশিত হইরাছে। গ্রন্থানির নাম "প্রাচীন হিন্দুদিগের সমুদ্র-যাতা ও বাণিজ্য-বিস্তার।"

অক্ষরকুমারের প্রবর্ত্তির চনা-প্রণানী বছদিন পর্যান্ত বঙ্গদেশে আদর্শ-রচনা-প্রণালী-রূপে প্রচলিত ছিল। তাঁহার প্রণালীর অন্থানরণে বাঁহারা এছ রচনা করিয়াছেন, তাঁহাদের মধ্য স্বর্গীর বোগেন্দ্রনাথ বিভাভ্ষণ মহাশর অক্ততম। রায় কালীপ্রসন্ন খোষ বাহাত্রের গ্রন্থাবলীতেও অক্ষয়কুমারের প্রভাব অল্পবিত্তর অন্থভূত হয়।

বঙ্গভাষার ব্যাকরণকে কোন কোন বিষয়ে সংস্কৃত-নিরপেক্ষ করিবার চেষ্টাপু তিনি করিয়াছিলেন। সম্বোধন পাদ 'মুনে !' 'দেবি !' প্রভৃতির পরিবর্ত্তে 'মুনি !' 'দেবী !' লিখিবার রীতি তিনিই প্রবর্ত্তন করেন।

ভূগোল, প্রাক্ষতিক ভূগোল, ভূতত্ব, জ্যোতিষ, পদার্থবিস্থা, উদ্ভিদ্-বিষ্ণা, প্রাণি-বিষ্ণা, নীতি-বিষ্ণা, শারীর-বিধান, তাড়িত-বিজ্ঞান প্রভৃতি, বিজ্ঞানের অন্তর্গত নানা বিষয়ের প্রবন্ধ রচনার সময়ে স্থতীক্ষ মনীষাসম্পন্ন অক্ষরকুমার বৈজ্ঞানিক পরিভাষাকেও অনেক পরিমাণে সমৃদ্ধ করিয়া গিরাছেন। বঙ্গভাষা এজন্তও যে তাঁহার নিকটু প্রভৃত-পরিমাণে ঋণী, ভাহাতে সন্দেহ নাই।

শেষ-জাবন।

বালিগ্রামে 'শোভনোত্মান' নামক নিজ উত্থান-বাটিকার অক্ষরকুমারের শেষ জীবন অতিবাহিত হয়। শোভনোত্মান কুদ্র হইলেও, সেকালে "কনিষ্ঠ বোটানিক্ গার্ডেন" নামে পরিচিত ছিল। নানাদেশ হইতে আনীত এত বিচিত্র তক্ষতলার সংগ্রহ, তথন এদেশের আর কোন উন্থানেই ছিল না।

শারীরিক অস্ত্রভার জন্ত এই সময়ে অক্ষরকুমার বিষয়-কর্ম কিছুই দেখিতে পারিতেন না। কর্মচারীরা বাহা খুদী ভাহাই করিত। ইহাদের মধ্যে একজন করেক সহস্র টাকা আত্মসাৎ করিয়া পলাইয়া বায়; শেরের রাজদণ্ডের ভন্ন দেখাইয়া পত্র লিখিলে, ঐ ব্যক্তি উত্তরে লেখে,—''আমি বিধবা-বিবাহ করিয়াছি, জানিবেন।" অক্ষরকুমার অনুসন্ধানে জানিলেন, লোকটা বিধবা-বিবাহ করিয়াছি, জানিবেন।" অক্ষরকুমার অনুসন্ধানে জানিলেন, লোকটা বিধবা-বিবাহ করিয়াছে বটে; জানিয়াই চিঠিলিখিলেন,—''সমস্ত অপরাধ ক্ষমা করিলাম।'' এরূপ ঘটনা অনেকবার ঘটয়াছে। তিনি নিজে তালি দেওয়া জুতা জামা এবং তালি দেওয়া ইত্রস ব্যবহার করিতেন, অথচ ছঃস্থের ছঃম দ্র করিতে এবং সর্ক্রিধঃ সদমুষ্ঠানের জন্ত প্রার্থীর প্রার্থনার অতিরিক্ত চাঁদা দিতে অক্ষরকুমার মুক্ত-হন্ত ছিলেন।

ইঁহার গৃহসজ্জা ছিল—প্রস্তরীভূত জীবজন্ত, শব্দ-শব্দ ; বদ্ধের সামপ্রীছিল—আশ্রম-তরুগুলি; এবং চিত্ত-বিনোদনের উপার ছিল—রাসারনিক ও আণুবীক্ষণিক পরীক্ষা। প্রত্যহ প্রভাতে বেড়াইবার জন্ত একথানি গাড়ী রাথিয়াছিলেন। গাড়ীখানি ছিল—বিষম ভারী, খোড়াটিছিল—মন্তর্গতি;তাক্সার উপর গাড়ী হাঁকোনো হইত—মতি ধীরে। জোরে হাঁকাইলেই

মাধা বুরিয়া উঠিত। শুনিতে পাই, সেকালে বালিপ্রামের অন্নবয়স্ক বালকেরা, সহপাঠীদের মধ্যে যাহারা জড়-ভাবাপর, তাহাদিগকে "অক্ষর দত্তের যোড়া" বলিয়া পরিহাস করিত।

শিরংপীড়ার প্রকোপে ক্রমে অক্ষরকুমারের একটি চক্ষু ছোট হইয়া পেল, অনবরত কবিরাজী তৈল মালিদ করায়, দল্পুথের কেশগুলি থাটো হইয়া পড়িল, উজ্জ্বল গৌরবর্ণ মলিন হইল এবং দেহ জীল শীল হইয়া পড়িল। এ অবস্থায় বেশী লোকের দঙ্গে দেখা সাক্ষাৎও করিতে পারিতেন না, অথচ হাদয় একেবারে নীর্দ হইয়া যায় নাই। বাল্যের অভ্যাস-মত বন্ধ বয়দেও প্রত্যহ কতকগুলি কাককে নিজ খাত্যের অংশ দিয়া আনন্দ লাভ করিতেন। প্রত্যহ বেড়াইতে যাইবার সময়, দানে এবং কুশল-প্রশ্নে, পথের অন্ধ, অনাথ দকলকেই "তুবিয়া" যাইতেন। কিছুদিন পূর্বের স্বর্গীয় রাজনারায়ণ বস্থ মহাশয়ের প্রভ স্বর্গীয় বোগেক্সনাথ বস্থ শপ্রানী"তে পিতৃবন্ধ অক্ষরকুমারের যে প্রগুলি প্রকাশিত করিয়াছিলেন, তাহাতেও এই সরসতার যথেষ্ট পরিচয় পাওয়া যায়।

অক্ষয়কুমার পাঠ্যাবস্থায় মহাকবি হোমার বিরচিত ইলিয়াড্ কাব্যের পোপ-কৃত ইংরাজী অনুবাদ পড়িয়। জানিতে পারেন যে, প্রাচীন গ্রীস্থ আমাদের ভারতবর্ষের মত বহু দেবতার আরাধনা করিত। শিক্ষকের কাছে প্রশ্ন করিয়। জানিলেন, গ্রীস্ এখন একেশ্বরাদী এবং সমস্ত গ্রীস্ জাতি পূর্বে যে সব দেবতাদের ভয়ে কম্পমান ছিল, সেই সব দেবতারা এখন কৌতুকাগারে কৌতুকের সামগ্রী হইয়া আছেন। অক্ষয়কুমারের মনের মধ্যে বিপ্লব উপস্থিত হইল; তিনি প্রতিমা-পূজার বিরোধী হইলেন। এই ঘটনার কয়েক বৎসর পরে, তত্ত্বোধিনী গভার সংস্পর্শে আসিয়া তিনি গ্রাজমত অবলম্বন করেন। ইহার পরে, বিজ্ঞান-সম্মত পাশ্চাত্য শনস্ত্ব পাঠে, মান্তবের জান যে ইন্দিয়-বোধের হারা সামাবদ্ধ এবং ইন্দিয়-

বোধেরই সমষ্টি মাত্র, এইরূপ তাঁহার ধারণা জন্মে। তত্বাধেষী অক্ষরকুমার স্তরাং কতকটা অজ্ঞেরবাদী হইরা পড়িলেন। শেষ বরুসে, বোধ হয়, বছ আলোচনা ও বছ দর্শনের ফলে, জগতের আদিকারণ বিশ্বীজের প্রতিজ্ঞানধাগী অক্ষরকুমার প্নর্কার আস্থাবান্ হইরাছিলেন। হাইকোর্টের ভূতপূর্ব্ব বিচারপতি শ্রীযুক্ত সারদাচরণ মিত্র মহাশয় করেক বৎসর পূর্ব্বে বঙ্গদর্শনে অক্ষয়কুমার সম্বন্ধে একটি প্রবন্ধ লিথিয়াছিলেন; ঐ প্রবন্ধ পাঠে জানা যায় যে, চিঠি-পত্রের শিরোদেশে লোকে যেমন 'শ্রীশ্রীছর্গা সহায়,' 'শ্রীহরি শরণ,' 'ভ' প্রভৃতি লেখে, অক্ষয়কুমার শেষবয়সে তেমনি 'বিশ্বীজ' লিথিতেন।

১২৯৩ সালের ১৪ই জৈ ছি (২৭ এ মে ১৮৮ ৬) তারিপে অক্ষরকুমারের মৃত্যু হয়। পত্নী-বিয়োগ পূর্বেই ঘটয়াছিল। পূত্র-শোকও পাইয়া-ছিলেন। মৃত্যুকালে তাঁহার তিন প্ত্রের মধ্যে একজন নাত্র জীবিত ছিলেন।

মহামনা, মনস্বী অক্ষয়কুমারের অস্তঃকরণের মহত্ব তাঁহার মৃত্যুতেও অমর হইয়া আছে। সামাগ্র অবস্থার গৃহস্থ হইয়াও তিনি স্বোপার্জিভ সম্পত্তির প্রায় এক-চতুর্থাংশ দরিদ্র-সেবায় ও সাধারণ-হিতে নিয়োজিভ করিয়া গিয়াছেন।

ুকলিকাতা ১লা মাঘ, ১৩১৬

শ্রীসত্যেক্সনাথ দত্ত।



সূচীপত্র। প্রথম পরিচ্ছেদ।

প্রকরণ					পৃষ্ঠা
ভূমিকা		•••	•••	V•-	->&-
अक्षमंग,—ि	বৈত্তাবিষয়ক	•••	•••	•••	>
कौंगेश्	•••	•••	•••	•••	>>
মিত্ৰত1	•••	•••	•••	•••	>9
মেধ ও বৃষ্টি	•••	•••	•••	•••	•
ভাড়িত, বিছা	ৎ ও বদ্ধাঘাত	•••	•••	•••	૦રુ
•	দ্বি	তীয় পরি	टिन्द्रम ।		
স্বপ্নদর্শন,—ব	নীৰ্ভি-বিষয়ক	•••	•••	•••	82
বিহঙ্গদ-দেহ	•••	•••	•••	•••	6 8
উ ক্বাপিণ্ড	•••	•••	•••	•••	69
বায়ু-দেবন ও	গৃহ-পরিমার্জন	•••	•••	•••	bt
গ্ৰহণ	•••	•••	•••	•	96

তৃতীয় পরিচ্ছেদ।						
প্ৰথ-দৰ্শন,—ক্সার-বিষয়ক	•••	•••	•••	४०		
জীব-বিষয়ে পর মেখরের কো	শল ও মহিমা	•••	•••	a ¢		
লোরার ভ াটা	•••		•••	> • €		
বন্ধাণ্ড কি প্ৰকাণ্ড!	•••	. • •	•••	>>>		
ছ্শিকিত ও অশিকিত গো	কের স্থার ভা	রত মা	•••	>৩২		
পরিশিষ্ট ···	• • • •	•••	•••	>-6		





৺অক্য়কুমার দত্ত



চারুপাই।

তৃতীয় ভাগ।

--:*:--

প্রথম পরিচ্ছেদ।

স্বপ্লদর্শন, — বিদ্যাবিষয়ক।

পরমেশরের বিচিত্র রচনা দর্শনার্থে পরম কৌত্ইলী ইইয়া, আমি কিয়ৎকালাবধি দেশ-ভ্রমণে প্রস্ত ইইয়াছি এবং নানা স্থান পর্যাটন-পূর্বাক এখন মথুরা-সনিধানে আদিয়া অবস্থিতি করিতেছি। এখানে এক দিবস তঃসহ গ্রীয়াতিশয়-প্রযুক্ত অত্যন্ত ক্লান্ত ইয়া, সায়ংকালে যমুনাতীরে উপবেশন-পূর্বাক স্থলালিত লহরী-লীলা অবলোকন করিতে-ছিলাম। তথাকার স্থামিয় মায়ত-হিলোলে শরীর শীতল ইইতেছিল। কত শত দীপ্যমান হীরক-খণ্ড গগন-মণ্ডলে ক্রমে ক্রমে প্রকাশ পাইতেলাগিল এবং তন্মধ্যে দিব্য-লাবণ্য-পরিশোভিত পূর্ণচক্র বিরাজমান ইইয়া,

ক্ষমও আপনার পরম রমণীয় অনির্কাচনীয় স্থামর কিরণ বিকিরণ পূর্বক জগৎ স্থাপূর্ণ করিতেছিলেন, কখনও বা অল্প অল্প মেবার্ত হইরা, স্বকীয় মন্দীভূত কিরণ-বিস্তার দ্বারা পোর্ণমাদী রজনীকে উবাম্বল শ্লান করিতেছিলেন কখনও তাঁহার স্থাকাশিত রিশ্বিজ্ঞাল দলিল-তরঙ্গে প্রবিষ্ট হইরা, কম্পামান হইতেছিল; কখনও গগনালম্বিত মেঘ্বিষ্ট দ্বারা যমুনার নির্মাল জল ঘনতর শ্লামবর্ণ হইরা, অন্তঃকরণ হরণ করিতেছিল। পূর্বে দূর হইতে লোকালয়ের কলরব শ্রুত হইরা, তাহা ক্রমে ক্রমে মন্দীভূত হইরা, স্ব স্থানে নিজান হইল, এবং সর্ব্বস্থাপ-নাশিনী নিজা জীবগণের নেত্রোপরি আবিভূত হইরা, সকল ক্রেশ শান্তি করিতে লাগিল।

এইরূপ স্থির্দ্ধ সময়ে আমি তথার এক পাষাণথণ্ডে উপবিষ্ট হইয়া, আনাশ-মণ্ডল নিরীক্ষণ করিতে করিতে, জগতের আদি অস্ত,কার্য্য কারণ, স্থণ তঃপ, ধর্মাধর্ম সমুদায় মনে মনে পর্যালোচনা করিতেছিলাম। ইতিমধ্যে জল-কল্লোলের কলকল-ধ্বনি বৃক্ষ-পত্রের শুরুণর-শুস্থ ও স্থানিতল সমীরণের স্থানর হিলোলারারা আমার পরম স্থান্তর ইইয়া মনোরতি সমুদায় ক্রমে ক্রমে অবসর ইইয়া আসিল এবং এই অবসরে নিদা আমার অজ্ঞাতসারে নয়ন-বয় নিমীলিত করিয়া, আমাকে অভিভূত করিল। আমার বোধ ইইল, বেন এক বিস্তীর্ণ নিবিড় অরণ্যে প্রবেশ করিয়া, ইতস্ততঃ ভ্রমণ করিতেছি। তন্মধ্যে কোন স্থানে কেবল নবীন-দ্র্বাদল-পরিপূর্ণ শ্রামবর্ণ ক্ষেত্র, কুরাপি প্রকাণ্ড প্রকাণ্ড প্রাতন বৃক্ষ-সমূহ, কোথাও নদী বা নির্বার-তীরস্থ মনোহর কুস্থমোগ্রান দর্শন করিয়া অপর্যাপ্ত আনন্দ লাভ করিলাম। কৌত্হল-রূপ দীপ্ত হুতাশন ক্রমশঃ প্রজানত ইইতে লাগিল; এবং তদমুসারে দিগ্রিদিক্ বিবেচনা না করিয়া, বতদ্র দৃষ্ট হুইল, তত দুরুই মহোৎসাহে ও পরমস্থানে পর্যাটন করিতে লাগিলাম।

অবশেষে এক সরোবর-তীরস্থ অতি নিবিড় নির্জ্জন নিস্তব্ধ বন-থণ্ডে, এক অপূর্ব্ধ মৃত্তি দর্শন করিয়া, পরম আনন্দ প্রাপ্ত হইলাম। তাঁহার অভ্যুজ্জল প্রসন্ন বদন ও অলোকিক শাস্ত স্থভাব অবলোকনে, তাঁহাকে বন-দেবতা জ্ঞান করিয়া, বিহিত-বিধানে নমস্কার করিলাম ও তাঁহার পুনঃ পুনঃ দর্শন-লাভদ্বারা নয়ন-যুগল চরিতার্থ করিবার নিমিত্ত ক্রতাঞ্জাল-পুটে দণ্ডায়মান থাকিলাম। দেখিলাম, তিনি আপনার কপোল-প্রদেশে হস্তার্পন করিয়া, গগন-মণ্ডল নিরীক্ষণ করিতেছেন। আমি তাঁহাকে কোন কথা জিজ্ঞাসার মানস করিয়াছিলাম; কিন্তু আমার বাক্য-ক্ষুব্দ না হইতেই, তিনি গাত্রোখান করিয়া, সাতিশন্ধ আগ্রহ-প্রকাশ-পূর্বাক কহিলেন,—"আমি তোমার মানস জানিয়াছি; আমার নাম বিজা; তুমি যে স্থানে যাইবার প্রার্থনা করিয়াছিলে, তাহার এই পথই সর্বাপেক্ষা প্রশস্ত্র। যাঁহারা এই রম্যু কানন ভ্রমণকরিতে আইসেন, আমিই তাঁহাদিগকে পথ প্রদর্শন করি; চল, তোমাকেও সঙ্গে লইয়া যাই।"

আমি তাঁহার এই আখাস-বাক্যে বিখাস করিয়া, হুটমনে তৎক্ষণাৎ পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলাম। উভন্ত-পার্থবর্তী বৃক্ষ শ্রেণীর মধ্যদেশ দিয়া কিয়দ্ব গমন করিতে করিতে, অরণ্যের শৈত্য, শোভা ও পবিত্রতা প্রত্যক্ষ করিয়া, অতুলানন্দ প্রাপ্ত হইলাম, এবং অত্যস্ত ক্রোতুহলাবিষ্ট হইয়া,তাঁহাকে ক্রিজ্ঞাসা করিলাম,—"দেবি ! এয়ানের নাম কি এবং এখানে কি কি অপূর্ব্ধ ব্যাপারই বা সম্পন্ন হইয়া থাকে ?" তাহাতে তিনি সম্বর হইয়া উত্তর করিছেন,—"এ বিভারণ্য, এ অরণ্যে স্থলর স্থলার বৃক্ষ আছে, অতি ভাগ্যবান্ ব্যক্তিরাই এখানে আগমন করেন; কিন্ত ইহার ফলভোগ করা অতিশয় আয়াস-সাধ্য, সকলের ভাগ্যে ঘটে না। কেহ কেহ দ্র হইতে কোন বৃক্ষের উচ্চতা দর্শনমাত্রে পরায়ুথ হইয়া প্রাভিগ্যন করেন, কেহ কেহ বা ফল আহরণের প্রত্যাশার কতক দ্র

বৃক্ষার হে ইয়াও প্নর্কার অধঃপতিত হন। কিন্তু বে ব্যক্তি একবার এই রমণীয় কাননের ফলভোগ করিয়াছেন, তিনি আর কদাপি তাহার আখাদন বিশ্বত হইতে পারেন না। আমি তোমাকে ক্রমে ক্রমে সমৃদার দর্শাইতেছি, চল। ঐ বে স্বদৃশ্য মনোহর বৃক্ষ সন্মুথে দৃষ্টি, করিতেছ, বাহার সতেজ শাখা-সমৃদার স্থেমধুর রসক্ষীত-ফল-ভরে অবন্ত ইইয়াছে, বাহার স্বন্ধ হইতে স্থধাময় মধু-ধারা সকল অনবরতই ক্ষরিতেছে ও স্থক্মার-মতি তরুণ যুবকেরা যাহাতে স্থে আরোহণ করিতেছে, উহার নাম কাব্য-তরু। দেখিয়াছ, অলঙ্কতি-রূপা কি অপূর্ব আশ্চর্য্য রমণীয়লতা তাহাকে পরিবেটন-পূর্বক স্থাভিত করিয়া রাখিয়াছে ঐ বৃক্ষ হইতে কিছু দ্রে, রে প্রকাণ্ড ভেজস্বী বৃক্ষ দেখিতেছ, স্থাীর প্রবীণ ব্যক্তিরা যাহার সেবা করিতেছেন, তাহার নাম জ্যোতিষ।' ইহা কহিয়া বিস্থাদেবী ঐ বৃক্ষের অশেষ গুণ ব্যাখ্যা করিতে লাগিলেন।

তাঁহার বাক্যাবসান ইইলে, আমি জ্যোতিষ-তরুর নিকট-বর্তী ইইয়া দেখিলাম, পূর্ব্বোক্ত পণ্ডিত-সম্দার এক এক বার প্রগাঢ়রূপ মনোনিবেশ-পূর্ব্বক ধ্যান-পরায়ণ ইইতেছেন, আর বার প্রসন্ধননে হাস্ত করিয়া, অতুল আনন্দ প্রকাশ করিতেছেন। পরস্ক আর এক অসাধারণ ব্যাপার দেখিয়া, সাতিশন্ধ বিশ্বরাপন্ন ইইলাম। ঐ রক্ষের মূল মৃত্তিকা-সংযুক্ত নহে; আর এক প্রকাণ্ড প্রাচীন রক্ষের ক্ষর হইতে উৎপন্ন হইয়াছে। আমি এই শেষোক্ত তরুর স্থায় সারবান্ বৃক্ষ আর একটিও দৃষ্টি করি নাই। তাহার কোন স্থানের ক্যামাত্রও ক্ষয় নাই ও ক্রোপি একটিমাত্র ছিদ্র কিংবা চিক্ছ নাই। আমি এই অতুত তরুর বিষয় সবিশেষ জ্ঞানিবার জন্ত পরম কৌতৃহলী হইয়া, বিস্থাদেবীকে জ্ঞানা করিলাম। তিনি কহিলেন,—"এই সারবান্ অক্ষর রক্ষের নাম গণিত। তুমি কেবল সন্মুখবর্তী জ্যোতিষ-ভক্ষর

মূল ইহাতে সম্বন্ধ দেখিতেছ, প্রদক্ষিণ করিয়া দেখ, অক্সান্ত কত আশ্চর্যা বৃক্ষ ও লভা ইহার স্বন্ধ হইতে উৎপন্ন হইনা, তহপরি প্রভিষ্ঠিত আছে।" বস্তুত: আমি বেষ্টন করিয়া দেখিলাম, তাঁহার কথা প্রামাণিক বটে; শাখা প্রশাখা ও বৃক্ষ-কহ-সংবলিত এক গণিত বৃক্ষ অর্দ্ধ কানন ব্যাপিরা রহিয়াছে।

তথা হইতে প্রস্থানানম্ভর আমার সম্ভিব্যাহারিণী প্র-প্রদর্শিক। বনদেবী সামু গ্রহ-বচনে বলিলেন,—''সর্ব্বদেশীয় বৃক্ষ-লতাদি আনয়ন করিয়া এ কাননে রোপণ করা গিয়াছে। জ্যোতিষ ও গণিতের কয়েকটা কলম তোমাদিপের দেশ হইতেও আহরণ করা 'গিয়াছে। দেধ, ভিন্ন-জাতীয় লোকে এই কাননে অবস্থিতি করিয়া, উৎসাহ ও যত্ন-সহকারে ভাহার কেমন পারিপাট্য ও উন্নতি সাধন করিয়াছে! আর তোমার ম্বদেশীয় লোকদিগকে ধিকার করিতে হয়: কারণ, 'ষতগুলি বৃক্ষ রক্ষণাবেক্ষণের ভার কেবল তাঁহাদিগের উপর সমর্পিত আছে, প্রায় . তাহার সমুদায়ই ভগ্ন ও শুষ্ক হইয়া যাইতেছে। দক্ষিণ দিকে যত বুক্ষ দেখিতেছ, সমস্তই এক-জাতীয়; তাহার নাম স্থাত; আর বাম দিকে যত দৃষ্ট হইতেছে, তাহার নাম দর্শন।'' আমি ঐ উভয়জাতীয় বুক্ষ অবলোকন করিয়া, ষৎপরোনান্তি ক্লেশ পাইলাম। ঐ সমস্ত মৃহজেই অসার, রন্ধু-পরিপূর্ণ, কোনটা বা নিতান্ত শৃত্য-গর্ভ. তাহাতে আবার সমূচিত যত্ন-সহকারে পরিপালিত না হওয়াতে, অতিশয় হরবন্থ হইরা রহিরাছে। দেখিলাম, দক্ষিণদিকে সমুদার বুক্ষ যদিও সমাক্রপে নষ্ট হয় নাই, কতকগুলি শুষ্ক ও ভগ্ন-শাথ হইয়াছে, কিন্তু পারিপাট্য নাই; বোধ হইল, যেন প্রবল ঝঞ্চাবাত দ্বারা সমুদায় বিপ্লুত ও বিপর্যান্ত হইয়া গিরাছে। বামদিকের কোন বুক্ষের কেবল স্কন্ধমাত্র আছে, কোনটির বা সমুদায় গিয়া এক দিকের একমাত্র শাখা আছে, তিজ্ঞিন কোন কোন বৃক্ষের ছন্ধমাত্র দৃষ্টিগোচর হইল না। এই ছঃসহ ছঃধের সমন্ত্রে এক প্রমকৌতুক দেখিলাম, কতকগুলি অভিমানী মনুষ্য উভয়পার্শন্ত বৃক্ষতলে উপবেশন করিয়া, অত্যন্ত দৃস্ত ও ব্যাপকতা-সহকারে মহাকোলাহল ও বিষম কলহ আরম্ভ করিয়াছে।

এইরূপ শারীরস্থান, রসায়ন, চিকিৎসা প্রভৃতি অনির্ব্বচনীয় পরম রমণীয় তক্র-সমূহ দর্শন করিয়া, সাতিশয় সন্তোষ প্রাপ্ত হইলাম এবং ञां अक्षाविभिष्ठे रहेशा পश्चिमत्था भन्नमान्नाथा। विज्ञादम्बीतक करिलाम, — "দেবি! আমি তোমার প্রসাদে অত অনুপম সুথলাভ করিলাম। ভূ-মণ্ডলে এত নির্মাল স্থাধাম আর কোথাও নাই। আমার বোধ হয়, এ স্থানে বিশুদ্ধ-চিত্ত সচ্চরিত্র ব্যক্তিরাই আগমন করেন, অপর লোকের এখানে আসিবার অধিকার নাই।" এই কথা শ্রবণমাত্র তিনি বিষন্ধ-বদনে কহিলেন,—"তুমি ঘথার্থ বিবেচনা করিয়াছ, এ স্থান ধর্ম্ম-শীল সাধ ব্যক্তিদিগেরই যোগ্য বটে এবং পূর্বেই হা তাদৃশই ছিল। তথন কেবল পরোপকারী, তত্ত্ব-পরায়ণ, পুণাাস্থা আচার্য্য সকলেই এই পরম পবিত্র কাননে উপবেশন করিয়া, অতুল আনন্দ অনুভব করিতেন। কিন্তু এক্ষণে এ বনে নানা বিভাষিকা উপন্থিত হইম্বাছে; পাপ-রূপ পিশাচের উপদ্রবে ইহা অতি সঙ্কট-স্থান হইয়া উঠিয়াছে। ঐ দেখ, বিজাতীয় বেশধারী অভিমান স্বমস্তক উন্নত ও গ্রীবা দেশ বক্র করিয়া, অত্যন্ত উগ্রভাবে সকলের উপর ধরতর দৃষ্টিপাত করিতেছে ও স্বকীয় পুত্র দম্ভকে সমভিব্যাহারে লইয়া. মহাশ্লাঘা-প্রকাশ-পূর্বক সগর্ব পদ-বিক্ষেপ করিতেতে। উহাদের অঙ্গ-ভঙ্গী দেখিয়া কি তোমার বোধ হইতেছে না যে, উহারা মনে মনে বিশ্ব-সংসার তুচ্ছ ভাবিতেছে। তৎ-পার্ছে দৃষ্টি কর, ক্রোধ নিজ কান্তা হিংসাকে সঙ্গে লইয়া, ইতন্ততঃ ধাবমান হইতেছে। উনি অভিমানের অত্যন্ত অমুগত। यদি কেই

অভিমানকে স্পর্শমাত্র করে, ক্রোধ তৎক্ষণাৎ উপস্থিত হইয়া,তাহার বৈর-নির্যাতন করিতে উদ্ভভ হয় । এদিকে অবলোকন কর একটা প্রকাণ্ড রাক্ষস দেখিতে দেখিতে আপনার শরীর বৃদ্ধি করিয়া ফেলিল। এক্ষণে ও যেরপ স্থলকার হইয়া উঠিল, আমার বোধ হইতেছে, বিশ্ব-সংসার ভোজন করিলেও, উহার উদর পূর্ণ হয় না। উহার নাম কি জান ? লোভ। বিশেষতঃ কার্য্য-তক্ষতলে যে চই প্রচণ্ড পিশাচ দণ্ডায়মান দেখিতেছ, উহাদের অত্যাচারে এ স্থানের অতিশন্ন অপয়শ ঘোষণা হইয়াছে; উহাদের নাম কাম ও পান-দোষ। এককালে এই অপূর্ব আনল-কাননে নিফলক দম্পতী-প্রেমেরই প্রাত্নভাব ছিল; তৎকালে অনেকানেক প্রধান ধর্ম তাঁহার সহচর ছিল, কোন হুজ্রিয়া এ হানে প্রবেশ করিতেও সমর্থ হইত না। এক্ষণে তাহার সম্পূর্ণ বিপর্যায় ঘটিয়াছে। দম্পতী-প্রেম ও তাঁহার সহচর দিগের দৈত্ত-দশা উপস্থিত হইয়া পরাত্তরাগী কামরূপ পিশাচেরই আধিপত্য বৃদ্ধি হইতেছে। অবলোকন কর, পান-দোষ আপনার দল-বল-সহকারে কি অহিত আচরণ করিতেছে ! কি বীভংদ বেশ ধারণ করিয়াছে। দেখ দেব, ভাহার ভয়ে ধর্ম সকল ইতস্ততঃ পলায়ন করিতেছে। পশ্চাৎ হইতে আর কতকগুলি ছদ্দাস্ত পিশাচ পিশাচী আসিয়া,তাহার সহিত বিকট হাস্ত করিয়া নৃত্য করিতেছে। হে প্রিয়তম। এমত পরিশুদ্ধ পুণাধামে, এ প্রকার অবস্থা দেখিয়া, আমার ফান্য বিদীর্ণ হইতেছে। যাহার। এই সমস্ত রাক্ষ্স পিশাচকে আশ্রম দেয়, তাহারা তদ্বারা আমাকেই প্রহার করে; আমি এ অরণ্যের অধিষ্ঠাত্রী হইরা,স্বরং এরূপ ভূরি ভূরি অগ্রিয় ব্যাপার আর কত দেখাইব ? ঐ খন-পল্লবামৃত নিবিড় বুক্ষের অন্তরালে যে এক পরমাস্থলুরী রমণীকে দৃষ্টি করিতেছ, উহার পর কুৎসিত স্ত্রী আর দিতীয় নাই। উহায় গাত্রে যে কত ব্রণ, কত ক্ষত ও কত কলত্ব আছে, তাহার সংখ্যা করা যায় না। কেবল

কতকগুলি বেশভ্যা-কল্পনা ছারা তৎসমুদায় প্রচ্ছন রাথিয়া, আপনাকে সজ্জীভূত করিয়া দেখাইতেছে, উহার নাম কপটতা।"

স্মুদার শ্রবণ ও দর্শন করিয়া আমি বিষাদ-সমুদ্রে নিমগ্র হইলাম, ্এবং মনে মনে চিন্তা কারলাম,—এ অসার সংসার স্বভাবত: শোক-ছঃখেতেই প্রিপুর; যদিও ছই একটি স্থময় পুণাধাম ছিল, তাহাতে এত বিদ্ন ঘটিয়াছে। যাহা হউক, আপনার কর্ত্তবা-সাধনে পরায়ুথ হওয়া উচিত নহে, এই বিবেচনা করিয়া, সর্ব-ছ:খ-নিবারিণী সন্তাপ-নাশিনী विकारितीं प्रभावती इहेश भगन कतित्व गांभिगाम । किश्रकृत भगनान छत একবার পশ্চাৎ অবলোকন করিয়া দেখি, যে সকল রাক্ষদ-পিশাচের অহিত আচার দৃষ্টি করিয়া আদিলাম, তাহারাই আমার নিকটবর্ত্তী হইয়াছে ! বিশেষতঃ কাম ও পানদোষ এই ছই জন নানাবিধ সুমধুর প্ররোচনা-বাক্য বলিয়া, আমাকে তৎপথ হইতে নিবুত্ত করিবার চেষ্টা করিতে লাগিল। পূর্বে যাহাদিগের অতিকুৎ'দত বীভংদ আকার দর্শন করিয়াছিলাম, এখন দেখি, তাহারা পরম মনোহর রূপ ধারণ করিয়া আদিয়াছে। কি জানি, তাহারা কি কুমন্ত্রণা দেয়, এই আশঙ্কার পরম-হিতৈষিণী বিভাদেবীর সমীপবতী হইয়া, সবিশেষ সমস্ত নিবেদন করিলাম। তৎক্ষণাৎ তিনি আমাকে অভয় দিয়া, ধৈৰ্য্য ও তিতিক্ষা নামে হুই মহাবল পরাক্রান্ত প্রহরীকে আহ্বান করিয়া কহিলেন,—"তোমরা ছই জনে ইহার ছই পার্শ্বে থাক, কোন শক্র ষেন ইহার নিকটস্থ হইতে না পারে।"

এইরপে আমরা বনপ্রান্তে উপস্থিত হইয়া, সম্মুথে এক ক্ষুদ্র প্রান্তর দেখিতে পাইলাম। তথন বিস্থা অতি প্রসন্ধন ক্ষমধুর হাস্থ করিয়া ক্ষিলেন,—"এই ক্ষুদ্র প্রান্তরের ? শবে যে মনোহর গিরি দর্শন করিতেছ ঐ ভোমার শক্ষিত স্থান; ঐ স্থান প্রাপ্ত হইলেই তুমি চরিতার্থ হইবে।"

এই কথা শুনিয়া আমি পরম-পুলকিত-চিত্তে অরণ্য হইতে নিজ্রান্ত হইরা, চিরাকাজ্ঞিত ফল-প্রত্যাশায় মহোৎসাহ-সহকারে ক্রভবেশে পদবিক্ষেপ করিতে আরম্ভ করিলাম, এবং অবিলম্বে পর্বত-সরিধানে উপস্থিত হইরা, তথায় আরোহণ করিবার এক পথ প্রাপ্ত হইলাম। ঐ পথের এক পার্শ্বে এক দৃঢ়ব্রতা স্থশীলা স্ত্রী এবং অন্ত পার্শ্বে এক বহু পরিশ্রমী দৃঢ়-প্রতিজ্ঞ পুরুষ দগুরুষান আছেন; তাঁহারা যাত্রীদিগকে সম্ভিব্যাহারে করিয়া, পর্বতোপরি লইয়া যাইতেছেন। তাঁহাদিগের পরিচয় জিঞ্জাদিয়া জানিলাম, স্ত্রার নাম শ্রন্ধা, আর পুরুষের নাম যন্ত্র।

ঐ পর্মত আরোহণ করা অতিশয় কেশকর বোধ হইল। অতি কষ্টে কিছু দ্র গমন করিরা, মনে মনে বিবেচনা করিলাম, সম্প্রতি এই স্থানে আবৃত্তিতি করি। বিভাদেবী স্থকীয়া মহীয়দা শক্তিয়ারা তাহা জ্ঞানিতে পারিয়া কহিলেন—"হে প্রিয়তম! এ পর্মতের পার্য-দেশে কোন স্থানে স্থির থাকিবার সন্থাবনা নাই, যদি আর উপরে না উঠ, তবে অবশ্রই অধোগমন করিতে হইবে, অতএব সাবধান,—সাবধান।" আমি তাঁহার এই সহপদেশ ভানিরা, চৈত্ত প্রাপ্ত হইলাম। পরস্ক স্থের বিষয় এই বে, বতই আরোহণ করিতে লাগিলাম, ততই কেশের গাবব হইয়া স্থপের বৃদ্ধি হইয়া আসিল।

অবশেষে যথন পর্কতোপরি * উত্তীর্ণ ইইলাম, তখন কি অনির্কাচনীয় অন্ধ্রপম সুথানুত্রই হইল। তথাকার সুশীতদ মাক্ত-হিল্লোলে শরীর পুলকিত হইতে লাগিল। তথায় দ্বেম, হিংসা, বিবাদ, বিসংবাদ, চৌর্য্য, অত্যাচার এ সকলের কিছুই নাই, কেবল আরোগ্য ও আনন্দ অবিরত বিরাজ করিতেছে। ইহা দেখিয়া, আমার অন্তঃকরণ অপার আনন্দ-সাগরে নিমান্ন হইল। বোধ হইল, বিশ্ব-সংগারে এমন রমা স্থান আর দি গীয় নাই

[🚜] ধর্মাচলের উপর।


কিছুকাল ইতস্তত: ভ্রমণানন্তর দুর হইতে এক অপূর্ব সরোবক দেখিতে পাইলাম এবং তদ্ধনার্থে আমার অত্যন্ত কৌতৃহল উপস্থিত হইল। ক্রমে ক্রমে নিকটবর্তী হইয়া দেখি, কতকগুলি পরমপ্রিক্র সর্বাঙ্গস্থলরী কন্তা সরোবর তটে বিচরণ করিতেছেন। তাঁহাদিগের অসামান্ত ক্ষপ-লাবণ্য, প্রফুল্ল পবিত্র মুখপ্রী এবং সারল্য ও বাৎসল্য স্বভাব অবলোকন করিয়া. অপরিমেয় প্রীতি লাভ করিলাম। আশ্চর্যা এই যে, তাঁহাদিগের শরীরে কোন অলঙ্কার নাই, অথচ অনলঙ্কারই তাঁহাদের অলঙ্কার হই-রাছে। বোধ ইইল যেন, আনন্দ-প্রতিমাগুলি ইতস্তত: ক্রীডা করিয়া বেড়াইতেছে। আমি বিশ্বয়াপর হইয়া, মনে মনে বিবেচনা করিতে লাগিলাম, ইঁহারা দেব-ক্সা হইবেন, তাহার সংশয় নাই। বিভাদেবী সাতিশয় অনুকম্পা-পুরঃসর ঈষৎ হাস্ত করিয়া কহিলেন.—"তুমি যথার্থ অনুমান করিয়াচ: ইহারা দেব-কন্তাই বটেন এবং এই ধর্মাচল र्देशाम्ब वामज्ञि। देशाम्ब काश्त्र नाम पत्रा, काश्त्र नाम जिल्, কাহারও নাম ক্ষমা, কাহারও নাম অহিংসা, কাহারও নাম মৈত্রী ইত্যাদি। সকলের নিজ নিজ গুণারুদারে নাম-করণ হইয়াছে। ইংগদের রূপ ভুবন-•বিখ্যাত। ইঁহারা যে পর্যান্ত স্থালীল, তাহা কি বলিব। বিভারণ্য-ষাত্রী-দিগের মধ্যে যাঁহারা এই ধর্মাচল আরোহণ করেন, তাঁহাদিগেরই শ্রম সফল ও জন্ম সার্থক। তুমি এই সরোবরে স্নান করিয়া শরীর স্নিগ্ধ ও জীবন পবিত্র কর।"

বিভাদেনীর উপদেশান্ত্সারে আমি উল্লিখিত শান্তি-সরোবরে অবগাহন করিয়া, অভূত-পূর্ব অতি নির্ম্মণ আনন্দ-নীরে নিমগ্ন হইতেছিলাম, ইতিমধ্যে নিদ্রাভঙ্গ হইয়া দেখি, সেই স্থানর মারুত-সেবিত যমুনা-কুলেই শারত রহিয়াছি।

কীটাণু।

উর্জাদিকে অসীম নভামগুলে নয়ন নিক্ষেপ করিলে, বিশ্বপতির বিশ্ব-রাজ্যের সীমা নির্জারণে অসমর্থ হইয়া, যেমন বিশ্বয়ায়িত হইতে হয়, অধাদিকে দৃষ্টিপাত করিলেও মহীমগুল-বাসী প্রজাপুঞ্জের সংখ্যাবধারণে সমর্থ না হইয়া, সেইরূপ চমৎকৃত হইতে হয়। গণ্ডার, মহিয়, হস্তী সিংহ প্রভৃতি যে সমস্ত বৃহৎকায় পশুর ভয়য়য় মৃত্তি ও হুর্দ্ধ পরাক্রম প্রতাক্ষ করিয়া ভয়ে ত্রস্ত হইতে হয়, তাহাদের সংখ্যা গণনা করা নিতাস্ত অসাধ্য বোধ হয় না বটে, কিন্তু যে সমস্ত অতি কৃত্ম অদৃশ্য কীট-পতকে পৃথী-মগুল পরিপূর্ণ রহিয়াছে, তাহাদের সংখ্যা নিরূপণ করা মানবীয় বৃদ্ধির সাধ্য নহে। তাহারা অতিকৃত্ম, এই নিমিত্ত কীটাণু বলিয়া উক্ত হইয়াছে। তাহাদের বৃত্তাস্ত ঘেমন আশ্বর্যা, বোধ হয়, লোক-প্রসিদ্ধ প্রচলিত উপভাস এবং কথা-সরিৎসাগর বা আরব্য উপভাসের অন্তর্গত অত্যন্তুত উপাধ্যান সম্দায়ও সেরূপ আশ্বর্যা নহে।

যথন আমরা অণুবীক্ষণ-সহকারে কীটাণুবর্গ পর্যাবেক্ষণ করিতে প্রবৃত্ত হই, তথন বোধ হয়, আমরা অথিল বিশ্বেশ্বরের অন্ত এক অত্যতুত অভিনব বিশ্বদর্শনে প্রবৃত্ত হইলাম। তথন মনে হয়, যাহা কথন দেখি নাই, ফ্লাবি নাই, স্বপ্নেও কথন কল্লনা করি নাই, তাহাই সাক্ষাৎ প্রত্যক্ষ করিতে আরম্ভ করিলাম। কীটাণুগণের আকৃতি বিচিত্র, গতিবিধি বিচিত্র, ব্যবহারও বিচিত্র। তাহাদের সংখ্যার বিষয় বিবেচনা করিলে, বিশায়ার্ণবি নিমগ্ন হইতে হয়। সমৃদায়ে কও প্রকার কীটাণু বিজমান আছে, তাহা এক্ষণে নির্বাচন করিবার সম্ভাবনা নাই। শত শত প্রকার এ কাল পর্যান্ত মানবজাতির নেত্রগোচর হইয়াছে; কোন প্রকার কীটাণু গোলাক্কতি, কোন প্রকার বা অণ্ডাকৃতি, কোন প্রকার বা মৎস্থাকৃতি,



কোন প্রকার বা জলব্যাল-সদৃশ, কোন প্রকার বা ক্নমি-সদৃশ, কোন প্রকার বা কেশারুতি কোন প্রকার বা দিশিরাঃ, কোন প্রকার বা শৃক্ষণালী, কোন প্রকার বা উদ্ভিদ্-সদৃশ দৃষ্ট হইয়া থাকে। কীটাপ্-বিষয়ক চিত্র-ক্ষেত্রে বে কয় প্রকারের চিত্রময় প্রতিরূপ প্রকাশিত হইল, ভাহার অন্তর্গত তৃতীয়-সংখ্যক কীটাপুর আক্রতি মানব-জাতির ম্থ-মগুলের অবিকল অন্তরূপ বলিয়া বোধ হয়।* নর-ম্থারুতি কীট কুত্রাপি বিল্পমান আছে, বোধ হয়, ইহা কোন ব্যক্তির কয়নাং-প্রেও কলাচ উপস্থিত হয় নাই।

কীটাণুর আক্বতি অত্যস্ত কুন্ত; এ নিমিত্ত যন্ত্র-সহকার-ব্যতিরেকে প্রায় দৃষ্টি-গোচর হয় না। সামান্ত জলে এমন স্ক্র-কার কীটাণু আছে যে, তাহার কোটি কোটিটা একত্র করিলেও, এক বালুকা-কণার সমান

• এই তৃতীয়-সংখ্যক कीটाণুর পৃষ্ঠদেশ সমুধ্যের মুখ-মণ্ডল-মদৃশ আচ্ছাদ্ন-विस्माद खाळां पिछ। উशांत हत भा, এक भूछ। विजीव-मःश्राक की हानुत निर्ता-ভাগে যে ছইটি অসামাক্ত অস-বিশেষ দৃষ্ট হয়, তাহা কথন কথন মণ্ডলাকৃতি, কথক কখন অৰ্দ্ধ-মণ্ডলাকৃতি হইরা থাকে। ঐ ছুই চক্রের প্রান্তভাগে কতকগুলি সূত্র আছে তাহা কথন কথন অত্যস্ত কম্পিত ও কথন কখন সত্ত্ব ঘূর্ণিত হইতে থাকে। এই কীটাগুরা নানাপ্রকার রূপ ধারণ করে, তল্মধ্যে একপ্রকার রূপের প্রতিরূপ সপ্তম সংখ্যার চিহ্নিত হইরাছে। বঠ-সংখ্যক কীটাপুর মন্তকোপরি ছুইখানি গোলাকার জাল আছে। উহারা ঐ জালবর বিস্তার করিরা, খাদ্যবস্তু সঙ্কলন করে। কিন্তু বধন জাল,বিস্তার না করে, তথন স্তীক্ষ শৃক-হর বাহির করিয়া, অক্সপ্রকার অন্তত আকার ধারণ করে। দশম সংখার তাহার প্রতিরূপ প্রকৃতিত হইল। চতুর্থ-সংখ্যক কীটাপুর मुथरन एक पिरक पूरे लाभावनि-विभिष्ठे अर्थ आहि। जाहात्रा मर्था मर्था में अर्थ अर्थ प्रति মধ্যস্থল হইতে এক শুগু এবং ৰক্ষ: इन হইতে ভূকারের নল-তুলা অক্লবিশেষ বহির্গত করিয়া দের। বাদশ-সংখ্যক কীটাপুর মুখভাগ তাহার সমগ্র শরীরের অর্দ্ধেক হইবে। চতুর্দ্দ-সংখ্যার একজাতীর কীটাণুর তিন প্রকার রূপ আলিখিত হইরাছে। ত্রেরোদশ मः च को छोषु मन्पूर्व (शांनाकात । ভारात मछक्छ नारे, शृष्ट्छ नारे, शांथाछ नारे, কিন্ত উর্দ্ধ কি অংগভাগ আবর্ত্তন করিতে করিতে গমন করে, কথনও লাঠিমের স্থায় ঘূণিত হইতে থাকে, কথন আবার অবলীলাক্রমে সহজে চলিয়া বার।

হয় না, সহত্র সহস্রটা, অভিস্কা স্চিকার ছিদ্-প্রমাণ স্থানে একএ সম্ভরণ করিতে পারে। যে কীটাণু এত বড় যে, দৈর্ঘো, প্রন্থে ও উচ্চতায় এক বুরুল-প্রমাণ স্থানে দশ কোটির অধিক থাকিতে পারে না, কীটাণু ব सत्था তাहानिशत्क व्यापकाकृ उत्रर्भात्र विश्व । किन्न जाहात्मत्र अ আফুতি বেরপ হক্ষ, তাহাই বা কে অনুভব করিতে পারে 🔊 উল্লিখিত-রপ এক বুরুলকে এক ঘন বুরুল বলে; এক ঘন বুরুল-প্রমাণ স্থানে বদি ১০,০০,০০,০০০ দশ কোটি কীটাণু অবস্থিতি করিতে পারে, তবে এক ঘন ক্রোশে ২৯, ৮৫, ৯, ৮৪, •০, •০, ০০, ০০, •০, •০, •০ উনত্রিশ লক্ষ প্রাাশ হাজার নয় শত চৌরাশি পরান্ধ কীটাণু অবস্থিতি করিতে সমর্থ হয়, তাহার সন্দেহ নাই। যদি কোন ব্যক্তি প্রতি দিবস এক কোটি করিয়া গণনা করিতে পারে, তথাচ তাহার সমুদায় গণনা করিতে ৮, ১৮. ০০. ০০. ০০. ০০ আট শত্র এক মহাপদ্ম আট নিথৰ্ক অপেকাও অধিক-সংখ্যক বৎসর অতীত হইয়া বাইবে। যদি এক জোশ-প্রমাণ স্থানে এইরূপ অসংখ্য-প্রায় কীটাণুর নিবাস হইল, তবে সমগ্র ভূমগুলে কত কীটাণু বিভ্যমান আছে, তাহা কে অমুভব করিতে পারে প নদ, হ্রদ, সমুদ্র, সরোবর, তড়াগ প্রভৃতি সমুদার জলাশর এবং প্রায় সর্বা-প্রকার বুক্ষ, লতা, তৃণ, গুল্ম ও পুষ্প তাহাদিগের বাস-স্থল। যে স্থান সহসা জীব-শৃত্ত অকর্মণা বোধ হয়, অণুবীক্ষণ সহকারে তাহা প্রাণি-পুঞ পরিপূর্ণ দৃষ্ট হইয়া থাকে। যে স্থান আপাততঃ গতি ও ক্রিয়া-বিবর্জিত বোধ হয়, অণুবীক্ষণ-সহকারে, দেস্থানে কোট কোট কীটাণু সভত সঞ্চরণ করিতেছে, দৃষ্টি করা যায়। যে স্থলে আপা ছতঃ সচেতন পদার্থের সম্পর্ক মাত্র দেখিতে পাওয়া যায় না, অণুবীক্ষণ-সহকারে তাহা স্থ ও সজ্যোষের আধার-রূপে প্রতীর্মান হয়। উল্লিখিত দৃষ্টি-যন্ত্র-সহকারে স্থানে স্থানে যে ममल मृठ कौंदान मुंडे इरेबाएक, जाहात मः थात विषय वित्वकता कतितन,

বিশ্বরার্ণবে নিমগ্ন হইরা হত-জ্ঞান হইতে হয়। কত শত প্রাম, নগর ও শাস্যক্ষেত্রের মৃত্তিকা কীটাণু-শবে সর্বতোভাবে পরিপূর্ণ। দেশ-বিশেবের মৃপ্রশস্ত ভূমিথগু কেবল কীটাণু-পঞ্জরেই প্রস্তত। কত কত উন্নত পর্বত কীটাণু-পূঞ্জের পঞ্জর-রাশি ব্যতিরেকে আর কিছুই নয়।

কীটাণুগণের গতিবিধি ক্রিয়াদিও সাতিশয় বিচিত্র। কতকগুলি कौहान निर्कोव প्रवस्तिवर हित्रकोवन এक श्रात्मेह व्यवश्विष्ठि करता। কতকগুলি আবার কিছু দিন ইতস্ততঃ সঞ্চরণ করিয়া, উত্তর কালে এক-স্থানে স্থাবঃবং স্থিঃ হইয়া থাকে। অবশিষ্ঠ কতকগুলি স্বেক্সামুসারে শর্মনিকেই গমনাগমন করিয়া জীবনদাত্তা নির্দ্ধাহ করে। অনেক-বিধ কীটাণু আলোকময় স্থানে অবস্থান করে, কিন্তু বহুপ্রকার আবার ঘোর-ভর অন্ধকারের মধ্যে থাকিয়া, সমস্ত জাবন ক্ষেপ্ণ করে। কতকগুলি মাংদাণী; তাহারা আপন অপেকার ক্রুতর অন্ম জাতিকে হনন করিয়া, ভোজন করে। অপর কতকগুলি নিরামিষ-ভোজী: তাহারা অতি হন্দ্র উদ্ভিদ্ পদার্থ আহার করিয়া জাবিত থাকে। এই সমস্ত স্ক্র জাবের, পশু পক্ষী মংগ্যের ভার পদ, পক্ষ ও পাধুনা নাই, অবচ অনেকে অতি সহর গ্রমনাগমন করিয়া থাকে। * অনেক প্রকার কীটাণু জন্মান্ধ, অথচ অন্ত পশু সন্নিহিত হইলে, অনায়াদে বঝিতে পারে: এবং অন্তজাতীয় জীবকে আক্রমণ ও হনন করিয়া ভক্ষণ করে। ইহাদের জ্বনমূতাও অসামার নিরমানুসারে নির্বাহিত হয়। বুক্ষের শাখায় যেমন কলিকা উৎপন্ন হয়, कान की हार्व महान दारेज्ञ । তাराप्त गढार्भात छेरभन ভ্টয়াথাকে। আর কত্মগুলি কীটাগুর শরীর আপনা আপনি বিভক্ত হইরা. এক এক ভাগ এক এক ট স্বতন্ত্র প্রাণী হইরা উঠে। কোন কোন

তাহাদের পাত্রে নেত্র-রেয়ি-সর্ধ করকগুলি তন্ত্র থাকে। তদ্বরা তাহারা
 প্রারাত করে।

জাতির জন্ম মৃত্যু স্থা সংজ্ঞাগ সমুদার ২।৪ হুই চারি ঘণ্টার মধ্যেই নির্বাহিত হয়। কোন কোন জাতিরা ২০।২৫ বিশ পাঁচিশ দিবস জীবিত থাকে। কীটাণ্গণ যে জলাশরে অবস্থিতি করে, ভাহা শুদ্ধ হইলে, উহাদের কলেবর ধূলি-কণাবৎ পরিশুদ্ধ হইরা পতিত থাকে। কিন্তু তিন চারি বংসর পরেও যদি তাহাতে জল স্পর্শ হয়, তবে এ: সমস্ত মৃতবং দেহ তৎক্ষণাৎ পুনর্জীবন পাইয়া, ইভন্তত: সঞ্চরণ ও কুর্দ্দন করিতে আরম্ভ করে। মৃত্ দেহে পুনর্বার জীবন-সঞ্চারের বিষয় অবাস্তবিক উপন্থাসের মধ্যে শুনিতে পাওয়া যায়। বিশ্বপতির বিশ্বমধ্যে সর্বস্থানেই যে আবহমান-কাল তদমুরূপ ঘটনা ঘটয়া আসিতেছে, ইহা অভান্ত আশ্চর্যের বিষয়।

আমরা স্থল সক্ষ, দজীব নির্জীব, স্থাবর জক্ষম যে কোন পদার্থে নেজপাত করি, তাহাতেই মহিমার্ণব মহেখরের অপরিসীম মহিমা সক্ষষ্ঠ প্রতীয়মান হয়। একদিকে দ্রবীক্ষণ-সহকারে নভো-মণ্ডল বিক্ষিপ্ত দীপশিখা-সদৃশ প্রতীয়মান প্রত্যেক জ্যোভির্মন্ন মণ্ডল এক এক প্রকাণ্ড জীব-লোক বলিরা প্রতিপন্ন হইতেছে; অন্ত দিকে অণুবীক্ষণ-সহকারে এক এক বিশালতর জীব-লোকের ব্যাপার প্রত্যক্ষ হইতেছে। এক দিকে দ্রবীক্ষণ-প্রদর্শিত সংখ্যাতীত গ্রহ-নক্ষরা-দির সহিত তুলনা করিলে, পৃথিবী এক বালুকা-কণা অপেক্ষাও অকিঞ্ছিৎ-কর পদার্থ বলিয়া প্রতীত হয়; অন্ত দিকে অণুবীক্ষণ-সহকারে প্রত্যেক বনের পত্রমধ্যে, প্রত্যেক উপবনের কৃত্যমমধ্যে ও প্রত্যেক জ্লাশন্নের জ্ল-মধ্যে জীব-পরিপূর্ণ, সংখ্যাশ্ন্ত, জীব-লোকের ব্যাপার দিবানিশি সম্পন্ন হইতে দৃষ্ট হইতে থাকে। আমরা দ্রবীক্ষণ-সহকারে নভো-মণ্ডলে যত দ্র দৃষ্টিক্ষেপ করিতে সমর্থ হইয়াছি, ভদপেক্ষা দ্রতর প্রদেশে বিশ্ব-শ্রষ্ঠার জ্ঞান, শক্তি, মহিমা ও করণার অসংখ্যা নিদর্শন অলক্ষিত রহিয়াছে, এ

বিষয়ে যেমন সংশন্ন ছইবার বিষয় নাই, সেইরূপ এক্ষণে অত্যুত্তম অণ্বীক্ষণ-সহকারেও যে স্থানে অতি স্ক্র কীটাণু পর্যন্ত লক্ষিত হর না,
তাহাও মন্ত্রাক্ত সর্কবিধ দৃষ্টি-যন্ত্রের অলক্ষ্য অদৃষ্টি-গোচর জীবপুঞ্জের
অধিষ্ঠান-ভূমি হইবে, ইহাতে অসম্ভব কি ? কি আশ্চর্যা! এক এক
অণ্-প্রমাণ স্থানে কতই বিশ্বরুকর ব্যাপার সম্পন্ন ছইতেছে, কতই স্থ্য ও সন্তোষ সঞ্চারিত ছইতেছে, বিশ্বপতির কতই অবিনশ্বর কীর্ত্তি বিজ্ঞমান
রহিয়াছে। গগন-বিক্ষিপ্ত জ্যোতিক্ষ্যণের সংখ্যা পর্য্যালোচনা করিয়া,
অস্তঃকরণ অবিচলিত রাখা যদি কথন সন্তব হয়, তথাচ সমুদ্র-নিবাসী
কীটাণুগণের সংখ্যা স্মরণ ছইলে, চিত্তভূমি বিচলিত ও শিরোদেশ বিঘূণিত
না ছইয়া পার পাইবার সন্তাবনা নাই। তে মহিমাণ্ব! তোমার একীদৃশ মহিমা!

মিত্রতা।

সঙ্গলাভের বাদনা আমাদের শ্বভাব-দিদ্ধ এবং সমস্ত দদ্পণ আমাদের আদরণীর। কাহারও কোন সদ্প্রণ সন্দর্শন করিলে, তাহার প্রতি অনুরাগ-সঞ্চার হয়, এবং অনুরাগ-সঞ্চার হইলেই, তাহার সহিত সহবাস কুরিবার বাদনা উৎপন্ন হয়। এই প্রকারে একজনের প্রতি অস্ত জনের প্রদাও প্রীতির উদ্রেক হইতে পারে; কিন্তু উভয়ের সমান ভাব না হইলে, প্রক্রুতরূপ বন্ধুত্ব-ভাবের উৎপত্তি হয় না। সমান ভাব ও সমান অবস্থা সন্তাব-সঞ্চারের মূলীভূত। এই হেতু, বালকের সহিত বালকের, যুবার সহিত যুবার এবং প্রাচীনের সহিত প্রাচীন বাজির সৌহত্ব-ভাবে সহক্ষেসঞ্চারিত হইয়া থাকে। এই হেতু পণ্ডিতের সহিত পণ্ডিত লোকের, অজ্ঞের সহিত অক্ত লোকের, সাধুর সহিত সাধু লোকের, এবং অসাধুর সহিত

অদাধু লোকের মিত্রভা-ভাব অক্লেশে উৎপন্ন হইয়া থাকে। এই হেতু ধনীর সহিত ধনী লোকের, তৃঃথীর সহিত তৃঃথী লোকের এবং মধ্য-বিত্তের সহিত মধ্য-বিত্ত লোকের অপেকারুত অধিক সৌহত্ত সজ্বটিত হইয়া থাকে। বিশেষতঃ মানসিক প্রকৃতির সাম্যভাবই বন্ধুত্ব-গুণোৎপত্তির প্রধান কারণ।) যে সমস্ত হাচরিত্র ব্যক্তির মনোবৃত্তি একরূপ হয়, স্কৃতরাং এক বিষয়ে প্রবৃত্তি ও এক কার্যো অনুরক্তি জন্মে, তাঁহাদেরই পরস্পর

কিছ মেদিনী-মণ্ডলে ছই ব্যক্তির সর্ক্রিষয়ে সমান হওয়া সম্ভব নয়।
বাহাদের জ্ঞান সমান, তাহাদের অবস্থা সমান নয়। বাহাদের অবস্থা
সমান, তাহাদের ধর্ম সমান নয়। বাহাদের ধর্ম সমান, তাহাদের প্রবৃত্তি
সমান নয়। বাহাদের প্রবৃত্তি সমান, তাহাদের সম্পত্তি সমান নহে।
অনৈক্য ঘটনার এইরূপ অশেষবিধ হেতু বিভ্যমান থাকাতে, এক ব্যক্তির সহিত অভ্য ব্যক্তির সমস্ত বিষয়ে মিলন হয় না; স্থতরাং সম্পূর্ণরূপে
সৌহত্ত-ভাবও উৎপন্ন হয় না। যে বিষয়ে বাহাদের অভঃকরণের উক্য
হয়, তাহাদের সেই বিয়য় অবলম্বন করিয়া সভাব হইতে পারে, এবং যে
পর্যাস্ত অভ্য বিষয়ে বৈষমাভাব উপস্থিত না হয়, সে পর্যান্ত সেই সভাব স্থানী
হইতে পারে। বাহার সহিত কিয়ৎ বিয়য় ঐক্য হয়, আমরা এ সংসারে
তাঁহাকেই বয়ুত্ব-পদে প্রতিষ্ঠিত করিয়া, মনের ক্ষোভ নিবারণ করি।
এরপ বয়ুও অতি হলভে।

আমরা বাদৃশ বন্ধু-লাভের নিমিত্ত ব্যাকুল হই, যদিও তাদৃশ বন্ধু ধরণী-মণ্ডলে নিতাস্ত তুর্লভি, তথাচ বন্ধু-ব্যাভিরেকে জীবিত থাকা তঃসহ ক্লেশের বিষয়। কোন জগদিখ্যাত পণ্ডিত-শিরোমণি * উল্লেখ করিয়াছেন, বন্ধু-ব্যাভিরেকে সংসার একটি অরণ্য মাত্র। অপর এক

* (वकन्।

্ মহাত্মা * নির্দেশ করিরাছেন, বন্ধু-হীন জীবন আর স্থ্য-হান জগৎ উভয়েই ত্লা। তৃতীয় এক ব্যক্তি + লিখিয়া গিয়াছেন, সংসার-রূপ বিষ-বুক্ষে হুইটি স্থার ফল বিভাষান আছে, কাব্যারপ অমৃত-রুসের আস্বাদন ও সজ্জনের সহিত সমাগম। যিনি তঃথের হত্তে পতিত হইয়াও ব**রুজনের** ন্দর্শন পান, তঃথ কি কঠোর পদার্থ, তিনি তাহা অবগত নহেন। যিনি বন্ধুগণে পরিবেষ্টিত হইয়া, সম্পৎ-মুখ সম্ভোগ করেন, বন্ধু-ব্যতিরেকে বিষয়-সম্পত্তি কেমন অকিঞ্চিৎকর, তাহাও তাঁহার প্রতীত হয় নাই। বন্ধু শব্দ যেমন স্থমধুর, বন্ধুর রূপ তেমনি মনোহর। বন্ধুর সহিত সাক্ষাৎ হইলে তাপিত চিত্ত শীতল হয়, এবং বিষগ্ন বদন প্রদন্ন হয়। প্রণয়-পবিত্র সচ্চরিত্র মিত্রের সহিত সহবাস ও সদালাপ করিয়া যেমন পরিতোষ ৰুনে, তেমন আর কিছুতেই জন্মে না। তাঁহার সহিত সহসা সাক্ষাৎকার হইলে, কি জানি কি নিমিত্ত শোক-সম্ভপ্ত মুদ্বঃখিত ব্যক্তিরও অধরষ্গলে মধুর হাস্তের উদয় হয়। দীর্ঘকাল অনশনের পর অন্নভোজন করিলে ধেরপ তথি জন্মে, পিপাসায় গুজ-কণ্ঠ হইয়া সুশীতল জল পান করিলে ষেরূপ স্থানুভব হয়, এবং ত্পন-তাপে তাপিত হইয়া, স্থবিমল স্থানিগ্ধ সমীরণ দেবন করিলে, অঙ্গ-সন্তাপ দুরীকৃত হইয়া যেরূপ প্রমোদ-লাভ হয়, দেইরূপ প্রিয় বন্ধুর স্থার সাস্থনা-বাক্য দ্বারা তঃথিত জনের মনের সস্তাপ অন্তরিত হইয়া, সন্তোষদহ প্রবোধ-মুধার সঞ্চার হয়।

বন্ধুত্ব-গুণের প্রশংসা করিয়া শেষ করা যায় ন:। উহা এমন মনোহর
বিষয় য়ে, শত শত গ্রন্থকার উহার মাধুর্য ও মনোহারিত্ব বর্ণনায় প্রবৃত্ত
হইয়াছেন, কিন্তু কেহই তিরিয়য় মনের ক্লোভ নিবারণ করিতে সমর্থ হন
নাই । ফলতঃ এহলে আমাদের মিত্রতা-ঘটিত কর্ত্তব্য কর্মের বিবরণ
করা যত আবশুক, মিত্রতার গুণ বর্ণন করা তত আবশুক নয়।

কাহারও সহিত মিত্রতা-স্ত্রে বদ্ধ হইবার সমরে কিরূপ অফুষ্ঠান করা উচিত; তৎপরে যত কাল তাঁহার সহিত মিত্রতা থাকে, ততকাল কিরূপ আচরণ করা বিধেয়; পরিশেষে যদি বিচ্ছেদ ঘটে, তাহা হইলেই বা কিরূপ ব্যবহার করা কর্ত্তব্য; এই ত্রিবিধ কর্ত্তব্যের সংক্ষিপ্ত বিবরণ ক্রমে ক্রমে লিখিত হইতেছে।

প্রথমতঃ। জ্ঞানবান্ সচ্চরিত্র ব্যক্তি ভিন্ন অন্তের সহিত মিত্রতা করা কর্ত্রব্য নয়। সাধু-সঙ্গ বেমন গুণ-কারী, অসাধু-সঙ্গ তেমনি অগ্রণ-কারী—ইহা প্রসিদ্ধই আছে। বঁদ্ধর দোবে আমাদের চরিত্র দ্বিত হয়। আমরা বে ব্যক্তিকে একান্ত ভালবাসি ও বাঁহার সহিত সর্বাদা সহবাস করি, তাঁহার দোব-সমুদায়কে দোব বলিয়া বিবেচনা করি না; প্রত্যুত, ভাঁহার অন্তর্প্তী হইয়া, তদন্তরূপ অসদাচরণ করিতেই প্রবৃত্ত হই। তাঁহার দোব-সমুদায় আমাদিগের এমন অক্লেশে অভ্যাস পায় বে, জানিতে পারিলেও পারি না, কির্মণে অভ্যাস হইল। অভএব বথন আমাদের গুণাগুণ ও মথ-তঃথ মিত্রের গুণাগুণের এত সাপেক্ষ, তথন যে ব্যক্তিকে সচ্চরিত্র ও সন্থিবেচক বলিয়া নিশ্চয় না জানা বায়, তাঁহার সহিত মিত্রতা করা কোনরূপেই শেহরুর নয়। বাঁহার বৃদ্ধি ও ধর্ম্ম-প্রবৃত্তি উভয়ই বলবতী, তাঁহারই সহিত মিত্রতা করা কর্ত্রবা।

মিত্রের দোষে চিরজীবন হঃথ পাইবার সন্তাবনা এবং মিত্রের শুণে
চিরজীবন স্থা ইইবার সন্তাবনা। যে হঙ্কর্মশালী হঃশীল ব্যক্তির সহিত্
কিছুদিন মিত্রতা থাকিয়া বিচ্ছেদ ইইয়া যায়, তাহারও দেই অয় কালের
সংসর্গ-দোষে আমাদের চরিত্র এমন দূষিত ইইতে পারে যে, জন্মের মত
দোষী থাকিয়া, অশেষ বিধ ক্লেশ ভোগ করিয়া কাল হরণ করিতে হয়।
যদি কিয়ৎক্ষণ হাস্ত-কোতুক ও প্রমোদ-সন্তোগ মাত্র বন্ত্-করণের উদ্দেশ্ত
ইইত, তবে, কেবল পরিহাস-পটু স্থরসিক ব্যক্তি দেখিয়া, তাঁহারই সহিত

ৰন্ধুত্ব করিতাম) যদি কাহারও নিকট কিছু সাংসারিক উপকার প্রাপ্তির উদ্দেশ্রে শিষ্টতা ও গৌজন্ত-প্রকাশ মাত্র বন্ধত্ব-করণের প্রয়োজন হইত. ভাহা হইলে. কেবল উদার-সভাব ঐশ্ব্যশালী অথবা ক্ষমভাপন্ন পদস্ত ্ব্যক্তি দেখিয়া ওঁ। হারই সহিত বন্ধুত্ব করিতাম। বদি লোক-সমাজে ামান্ত লোকের মিত্র বলিয়া গণা হওয়া বন্ধত্ব-করণের অভিসন্ধি হইত. তাহা হইলে, কোন লোক-মান্ত বিখ্যাত ব্যক্তির সহিত বন্ধুত্ব করিবার জন্তু, অথবা কথঞিং লোকের নিকট তাঁহার বন্ধু বলিয়া পরিচিত ্হইবার নিমিত্ত অশেষ মত চেষ্টা পাইতাম। কিন্তু যদি মিত্রের সহিত "মিত্রের মনোমিলনের নাম মিত্রতা হয়, যদি মিত্রের ক্লেশে ও মিত্রের বিপদে বিপন্ন হওরা বিধেয় হয়, যদি মিত্রের দোষ গোপন করিয়া স্থুস্পষ্ট পক্ষপাত-নোবে দূষিত হওয়া আমাদের স্বভাব দিজ হয়, যদি পাপিষ্ঠ মিতের সংসর্গ-বশতঃ পাপকর্মে প্রবৃত্তি ও অনুরক্তি হওয়া সন্তাবিত হয়, যদি বন্ধুজনের কদাচার জনিত কলঙ্ক শুনিয়া লচ্ছিত ও সম্ভপ্ত হওয়া অকপট-ছান্ম স্থাবর্তার প্রকৃতি-সিদ্ধ হয়, তবে কাহারও সহিত মিত্রতা-শুণে বন্ধ হইবার পূর্বে, তাঁহার গুণ ও চরিত্র যত্নপূর্বাক নিরূপণ করা কর্ত্তব্য,তাহার ্সন্দেহ নাই। যিনি তোমার সহিত আগ্রীয়ত। করিবার বাসনা করেন. তিনি আপনি আপনার আত্মীয় কি না, বিচার করিয়া দেখ i

ধরণী-মগুলে ধর্ম-ব্যতিরেকে আর কিছুই স্থায়ী নহে। ধর্ম যে
মিত্রতার মৃণীভূত নয়, তাহা কলাচ স্থায়ী হয় না। বল্প ষেমন বিশ্বাদস্থল, এমন আর কেহই নয়। কিছু অপাত্রে বিশ্বাদ করিলে, অবিলম্বেই
প্রতিফল পাইতে হয়। যে বাক্তি স্বার্থ-লাভ-প্রত্যাশায় কাহারও সহিত
মিলন করে, যদি বল্পজন-সম্পর্কীয় কোন গুয়্ম কথা ব্যক্ত করিলে, স্বার্থলাভ হয়, তবে সে কথা কেন না প্রকাশ করিবে ? যে ব্যক্তি অধর্মাচরণ করিয়া,অর্থোপার্জ্জন করিতে কুঞ্জিত হয় না, সে বল্পজন-সমীপেই বা

বিশ্বাস-ঘাতকতা করিতে কেন কৃষ্টিত হইবে ? যে ব্যক্তি আমাদের আক্ষিক দারিদ্রা-দশা উপস্থিত দেখিয়া, আমাদের নিকট উপকার-প্রত্যাশা রহিত হইল গলিয়া, চিস্তিত ও উৎকৃষ্টিত হয়, সে ব্যক্তি আমাদের হঃখানলে সাল্বনা-সলিল সেচন করিতে কেন বাগ্র হইবে ? এমন ব্যক্তি যদি আমাদের অপয়শ ঘোষণা করিয়া স্বার্থ লাভ করিতে পারে, ভবে আমাদিগের চরিত্রে অসত্য কলঙ্ক আরোপণ-পূর্ক্ক স্থ্যাতি লোপ করিতেই বা কেন পরাজুয় হইবে ? অনেক ব্যক্তি বিশ্বাস-ঘাতক বন্ধুর বিষম অত্যাচার জনিত হঃসহ ক্লেশে কাতর হইয়া থাকেন, এ কথা যথার্থ বেট, কিন্তু ঐ ক্লেশ কেবল সেই বন্ধুর দোষে নয়, নিজ দোষেও উৎপক্ষ হইয়া থাকে। অপাত্রে বিশ্বাস স্থাপন করাতেই তাঁহাকে ঐ প্রতিফলাপ্রাপ্ত হইতে হয়। বন্ধুল্ব ঘটনার প্রারম্ভ সময়ে যে সমস্ত কর্ত্ববা কর্ম সম্পাদন করা উচিত, তাহা না করাতেই, উক্তর্মণ ক্লেশ-পরম্পরা ভোগ করিতে হয়। অভএব, অসাধু লোকের সহিত বন্ধুতা করা কোনরপেই শ্রেম্বর নয়। সদ্বিত্যাশালী সচ্চরিত্র দেখিয়া বন্ধু করিবে।

ষিতীয়তঃ। যে সময়ে কোন বাক্তিকে মিত্র বণিয়া অবধারণ করা ষায়, সেই সময় অবধি তৎসংক্রান্ত কতকগুলি অতি মনোহর অভিনব ব্রতে আমাদিগকে ব্রতী হইতে হয়। সেই সমুদায় পবিত্র ব্রতই বা কি, এবং কিরপেই বা পালন করিতে হয়, পশ্চাৎ তাহার সংক্ষিপ্ত বিবরণ, লিখিত হইতেছে। যত কাল তাঁহার সহিত মিত্রতা থাকে, তাবৎ তাঁহার প্রতি কিরপে ব্যবহার সম্পাদন করিতে হয়, তাহা অত্রে নিদ্ধিষ্ট হইতেছে। তাঁহার বিচ্ছেদ বা প্রাণত্যাগ-জনিত স্থদারুণ শোক-সন্তাপ যদি আমাদের ভাগ্যে ঘটে, তাহা হইলে, তৎপরে যাবৎ কাল জীবিত থাকিতে হয়, তাবৎ কাল তদীয় সন্তাব-সংক্রাপ্ত যে যে নিয়ম পালন করা কর্ত্ব্য, তাহা পশ্চাৎ প্রদর্শিত হইবে।

আমরা ঘাঁহার সহিত যথা-নিয়মে বন্ধুত্ব-বন্ধনে বন্ধ ১ই, তাঁহাকে অসম্ভতিত-চিত্তে অব্যাহতভাবে বিশাস করা প্রথম কর্ত্তব্য কর্ম। যথন আমবা তাঁহাকে নিতান্ত বিখাদ-ভাজন বিবেচনা করিয়া, তাঁহার সহিত সোহাত্ম-রূপ বিশুদ্ধ ব্রত অবলম্বন করিয়াছি তথন, তাঁহার নিকট অকপট-জনমে জনমু-কবাট উদ্যাটন করা, সর্বতোভাবে কর্ত্তব্য। রোমক-দেশীয় কোন নীতি-প্রদর্শক * নির্দেশ করিয়াছেন, "তুমি ঘাঁহাকে আত্মবৎ বিশ্বাস না কর, তাঁহাকে যদি বন্ধু বলিয়া বিবেচনা করিয়া থাক, তবে তুমি-বন্ধুত্ব-গুণের প্রকৃত প্রভাব প্রতীতি করিতে সমর্থ হও নাই; তুমি যাঁহার প্রতি অত্রক্ত হও, তিনি তোমার হানয়-নিলয়ে প্রবেশ করিবার উপযুক্ত কি না, দীর্ঘকাল বিবেচনা করিবে। কিন্তু যথন বিচার করিয়া, তাঁছাকে ষ্পার্থক্লপ উপযুক্ত বলিয়া স্থির করিবে, তথন তাঁহাকে অন্ত:করণের অভ্যন্তরে স্থান প্রদান করিবে।" বাস্তবিক মিত্র-সদৃশ প্রভার-স্থল আর কেহই নাই। প্রকৃত মিত্তের অকপট হাদর বিখাদ-রূপ পরম পদার্থের জন্ম-ভূমি বলিয়া উল্লিখিত হইতে পারে। তাঁহার হস্তে ধন-প্রাণাদি সমুদায়ই বিশ্বাস করিয়া অর্পণ করা যায়। কোন বিষয়ই তাঁহার নিকট গোপন রাখিবার বিষয় নয়। যে বিষয় পিতার নিকট ব্যক্ত করিতে শঙ্কা উপস্থিত হয়, ভাতার নিকট প্রকাশ করিতে সংশয় জন্মে, এবং ভার্য্যা-সমীপেও সময়-বিশেষে গোপন রাথিতে হয়, মিত্র-সলিধানে তাহা অসম্কুচিত-চিত্তে অকেশে বাকে করা যায়।

বে ব্যক্তি একান্ত প্রীতি-ভাজন ও নিতান্ত বিশ্বাস-পাত্র, তাঁহার কল্যাণ-সাধন-বিষয়ে সহজেই অন্তরাগ হইয়া থাকে, এবং বিবেচনা করিয়া দেখিলে, তদর্থে যত্ন করা সর্বতোভাবে কর্ত্তব্য বলিয়া অবধারিত হয়; তাঁহার বদি কোন বিষয়ের অপ্রত্রল উপস্থিত হয়, তাহা হইলে, সে অপ্রত্রল-

^{*} সেনেক।।

পরিহারার্থ সাধ্যামুসারে চেটা করা কর্ত্তর। যদি তিনি শোক-সন্তাপে সম্বস্ত হন, তাহা হইলে, প্রীতি-বচন ও সেহ-বিতরণ দারা সেই সন্তাপের শাস্তি করিতে সমত্ব হওয়া উচিত। যদিও আমরা তাঁহার শোক-ছ্যুবের ঐকান্তিক নির্ভি করিতে সমর্থ না হই, তথাচ কিছু না কিছু শমতা করিতে পারি. তাহার সন্দেহ নাই। কথন কথন প্রণয়-পবিত্র প্রবোধ-বচন দারা তাঁহার ছঃথের উপর স্থথের ছায়া পাতিত করিয়া, শোকের বিষয় কিয়ৎকা বিশ্বত রাখিতে পারি। যদি তিনি নিরপরাধে লোকের নিকট নিশিত হন, তাহা হইলে, আমরা তাঁহাকে নির্দেষ দারা প্রবোধ দিতে ও তাঁহার মিধ্যাপবাদ-জনিত মানসিক গ্রানির শমতা করিতে সমর্থ হই; এবং জন-সন্নিধানে তদীয় নির্দেষিতা সপ্রমাণ করিবার নিমিন্ত সাধ্যামুদারে চেটা পাইতে পারি। তাঁহার উলিথিতরূপ অশেষপ্রকার উপকার সম্পাদন করা, আমাদের উচিত কর্ম্ম। তাঁহার উপকার-সাধনে সমত্ম ও সমর্থ হওয়া, আমাদের স্থের কার্য্য ও সোভাগ্যের বিষয় বলিয়া বিবেচনা করা কর্ত্তব্য।

বন্ধর পাপাক্ষর উৎপাটন করা সর্বাপেকা শুরুতর কর্ত্তর কর্ত্তর কর্ম।
আমরা তাঁহার যত প্রকার উপকার সাধন করিতে পারি, তর্মধ্য কোন
প্রকারই উহার তুলা কল্যাণকর নয়। মহুষ্যের পক্ষে কোন পদার্থ ধর্ম
অপেকার হিতকারী নহে; অতএব হৃদ্যাধিক প্রিয়তম স্ফ্রুজনের
হত-প্রায় ধর্ম-রত্ন উদ্ধার করিয়া দেওয়া অপেক্ষা অন্ত কোন প্রকারে
তাঁহার অধিকতর উপকার করিতে সমর্থ হওয়া যায় না। যে সময়
বাঁহাকে বন্ধ্য-পদে বরণ করা যায়, সে সময়ে তিনি যথার্থ সচ্চরিত্র
থাকিলেও, পরে অসচ্চরিত্র হওয়া অসম্ভব নহে। মহুষ্যের মন নিরন্তর
একরপ থাকা সহজ নয়; পুণ্য-পদবীতে ভ্রমণ করিতে করিতে, দৈবাৎ
পদ-শ্বলন হইয়া, বিপথগামী হইবার সন্তাবনা আছে। বন্ধুজনের এতাদৃশ

অকল্যাণকর বিভ্যুদ্ধ ঘটলে, তাঁহাকে পুণ্য-পথে পুনরানম্ব করিবার নিমিত্ত সাধ্যাত্মসারে যত্ন করা কর্তব্য। পাপাসক্ত ব্যক্তিকে হিত-বাকা কহিলে, কি জানি সে বিপরীত ভাবিয়া ক্লষ্ট ও অসম্ভষ্ট হয়, এই বিবেচনায় অনেকে মিত্রগণের দোষ সংশোধন করিতে প্রবৃত্ত হন না : কিন্তু তাঁহাদের এরূপ বাবহার উচিত বাবহার নয়। পীড়িত ব্যক্তি কটুও তিক্ত खेष ज्यून कतित्व मण्यव ना श्रेरन्थ, जाशांक के ममूनाम द्रामनानक সামগ্রী সেবন করান যেমন অবশুই কর্ত্তব্য. অধর্ম স্বরূপ মানসিক রোগে ক্ষা ব্যক্তিকেও উপদেশ-ও্যধ সেবন করান, সেইরূপ অবশ্রই কর্ত্তব্য ও পুণা কর্ম। সে বিষয়ে পরাজ্ম হইলে, ব্রুত্বত লভ্যন করা হয়। ভাঁহার সম্ভোষ সাধন ও রোগোৎপত্তি- নবারণ-উদ্দেশে মুত্বচনে স্থমধুর-ভাবে উপদেশ দেওয়া বিধেয়। যদি তিনি বন্ধু-গুণের প্রকৃত মর্ব্যাদা গ্রহণ করিতে ও আমাদের উপদেশ-বাক্যের অভিসন্ধি বুঝিতে সমর্থ হন, ভাহা হইলে, তিনি আপনার অবদ্যতি অধ্যা-পথ পরিত্যাগ করিতে সচেষ্ট হইবেন ও আমাদের প্রতি রুপ্ত না হইয়া, সমধিক সম্ভুট্ট হইবেন। আমরা তাঁহার ধর্ম-রূপ অমূল্য রত্ন উদ্ধারার্থ প্রবৃত্ত হইয়াছি বালয়া, তিনি আমাদের প্রতি অধিকতর অনুরাগ প্রকাশ করিবেন, এবং প্রণয়ের সহিত ক্বতজ্ঞতা-রদ মিলিত করিয়া, অপূর্ব্ব মাধুণ্য-ভাব প্রদর্শন করিবেন।

ু খাহারা সরলান্তঃকরণে প্রিয়-বচনে মিত্র-গণের দোঘোলেথ করিয়া, সত্পদেশ প্রদান করিতে পরাধ্ব হন, তাঁহারা প্রকৃত মিত্র পদের বাচ্য নহেন। থাঁহারা কোন মিত্রের কুপ্রবৃত্তি সমুদায় বৃদ্ধিত হইতে দেখিয়া, তাঁহার রোঘোৎপত্তির আশকায় বাক্যমাত্র ব্যয় করেন না, স্পষ্টবাদী শক্ত-সকল তাঁহাদের অপেকা হিতকারী হৃষ্ণ বলিয়া গণ্য হইতে পারে। রোমক-রাজ্যের এক পণ্ডিত কহিয়া গিয়াছেন, "অনেক ব্যক্তি প্রিঃংবদ মিত্র অপেকায় বৃদ্ধবৈর শক্ত-স্মীপে অধিক উপকার প্রাপ্ত হইরাছেন।

কারণ, তাঁহারা উক্তরণ শত্রুর নিকট সকল যথার্থ কথা প্রবণ করিয়াছেন. কিন্তু উক্তরূপ মিত্রগণের নিকট কিম্মন্কালে শুনেন নাই। তাঁহাদের বিরাগ ও অনুরাগ উভয়ই বিপরীত: কেন না, তাঁহারা অধর্মের অনুরক্তি भे **महश्राम-श्रहर** वित्रक्ति श्राकाम करत्न। धनाग्रामिरशेत्र मरधा অনেকেই. অথবা প্রায় সকলেই উক্তরূপ মিত্র-মণ্ডলীতে পরিবেষ্টিত থাকেন। তাঁহারা আপনার তৃষ্টিকর ভিন্ন অন্ত বাক্য শ্রবণ করিতে ইচ্চা করেন না এবং তাঁহারা যে সমস্ত পদানত বন্ধুকে বন্ধু সম্বোধন করেন তাহারাও তাঁহাদের তোষ-জনক বাতীত অন্ত বাক্য উল্লেখ করিতে সাহসী হয় না। ধনী মহাশয়েরা চতুদিক হইতে আপন ধ্বনির প্রতিধ্বনি শুনিতেই ভালবাদেন এবং তদীয় আজ্ঞাবহ মিত্র মহাশয়েরা প্রতি বাক্যেতেই তাঁহাদের সে বাসনা স্থাসিদ্ধ করিতে থাকেন। পূজা ও পূজক উভয় বন্ধুর মধ্যে এক জন পরিচারণা ও অন্ত জন অর্থলাভমাত্র অভিনাষ করেন। তাঁহারা যদি পরস্পার মিত্রশব্দের বাচ্য হইতে পারেন, তবে ক্রীত দাস ও ক্রেতা স্বামীই বা দেই শব্দের প্রতিপান্ত কেন না হইবে ? অকপট-স্থদয়ে অকুণ্ঠিত-ভাবে সহপদেশ প্রদান করা এবং সাতিশয় ষাগ্রহ প্রকাশ-পূর্বক সেই উপদেশ গ্রহণ করা, বন্ধুত্ব-গুণের প্রকৃত লক্ষণ। সে স্থলে যদি চাটুকারিতা-দোষ উপস্থিত হয়, তবে সে চাটুকারিতা বেমন অনিষ্টকর হইয়া উঠে, বিদেশীদিগের স্থম্পষ্ট বিদেশ-বচন কদুাচ সেরপ অনিষ্টকর নয়।

ভৃতীয়ত:। কাহারও সহিত বন্ধুত্ব-সূত্রে বন্ধ হইতে হইলে, সে সময়ে কিরূপ আচরণ করিতে হয় এবং বন্ধ হইবার পরেই বা তাঁহার প্রতি কিরূপ ব্যবহার করিতে হয়, এই ছই বিষয়ের সংক্ষিপ্ত বৃদ্ধান্ত লিখিত হইল। এক্ষণে বন্ধুত্ব-ঘটিত চরম ক্রিয়ার বিষয় অতি সংক্ষেপে নির্দ্ধেক্স করা ঘাইতেছে।

मर्भारक अनद्र मःश्राभन कतिरम, कत्रिन् कारम रम अभरद्रद्र विष्कृष र अत्रा मछव नत्र । यांशांत्रा शृर्ख-निर्किष्टे शविक नित्रमाञ्चमादत शत्रम्भत वक्त्य-ত্রত অবলম্বন করেন, তাঁহাদের মধ্যে এক জনের অন্তিম দশা উপস্থিত ना हहेरल. छमीत्र वकुरवत्र अधिय मना छेन्द्रिक हत्र ना। किन्न ফুর্ভাগ্যের বিষয় এই যে. মিত্র-পরিগ্রাহ-সময়ে যিনি যত বিবেচনা করুন না কেন ও যত সাবধান হউন না কেন, লক্ষণাক্রান্ত স্থজন মিত্র নির্কাচন করিয়া লওয়া স্থকঠিন কর্ম। অবনী-মণ্ডলে জ্ঞান-পবিত্র স্থচরিত্র মিত্র-সদৃশ স্থত্ল ভ পদার্থ আর কিছুই নাই। আমরা এক সময়ে বাঁহাকে নিতান্ত নিক্ষক জানিয়া, সুদৃদ্ বলিয়া গ্রহণ করিয়াছি, অভা সময়ে তাঁহার এমন কলক প্রকাশিত হইয়া পড়ে যে, তাঁহার সহিত সৌহত রাথিবার আর পধ থাকে না। যদিও তিনি কোন श्वक्र ठत्र पृष्टेरनार्य पृष्ठि ना हन, जवाह এक्रम मनिष्ठ, मात्रना-शैन अ কোপন-সভাব হইতে পারেন বে, তাঁহার প্রায়-পাত্র ও বিধাদ-ভাত্রন ভওয়া একেবারে অসম্ভব হইয়া উঠে। অতএব ঘাঁহারা পরস্পারের গুণাগুণ বুঝিতে অসমর্থ হইয়া ব্রুছ-ব্রুনে ব্রুছন, কোন না কোন कारन जाँशास्त्र भारते वसन अप्कवादा हिन्न १९मा मछव । यनि ভাগ্য-দোষ-বশতঃ এতাদৃশ নিদারুণ ঘটনা নিতান্তই ঘটরা উঠে, তথ্য তাঁহাদিগের বন্ধত্ব-ঘটিত কর্ত্তবা কর্ম্ম সাধনের সমাপ্তি হয় না। আমরা জন্মাবধি কম্মিন কালে যাহার মুখাবলোকন করি নাই, আর ঘাহার সহিত সহবাস ও সদালাপ করিয়া, পুলকিত-চিত্তে কিয়ংকাল অতিপাত করিয়াছি, এই উভয়ই আমাদের সমান যড়েঃ পাত্র বা ममान व्यवख्डां विषय विषया कथनरे गंग स्टेट शाद ना। यनि अ ঐ শেষোক্ত স্থল্ন মহাশয় :আমাদের সহিত নিতাম্ভ কায়-বিকৃদ্ধ वावशांत्र कतियां. आभारतत अञ्चलां लाख्य अकारहे अत्याना हन.

ভথাচ তিনি সম্ভাবের সময়ে বিশ্বাস করিয়া আমাদিগকে যে কোন গোপনীয় বিষয় অবগত করিয়াছিলেন, সেই স্ভাবের অস্ভাব হইলেও, তাহা কদাচ বাক্ত করা উচিত্ত নয় । যে সময়ে কাহারও সহিত সৌহত থাকে, সে সময়ে তিনি আপনার মনের কবাট উদ্বাটন করিয়া, আমাদের নিকট এতাদৃশ গুহুবিষয় প্রকাশ করিতে পারেন যে, তাহা বাক্ত হইলে, তাঁহার অশেষ অনর্থের উৎপত্তি হুইতে পারে। যদি তাঁহার উক্ত-রূপ অনর্থের অথবা কিছুমাত্র অনিষ্ট-ঘটনার সম্ভাবনা নাও থাকে, তথাচ যথন আমরা তাঁহার নিকট স্বীকার করিয়াছি-অমুক বিষয় অপ্রকাশ রাখিব, তথন তাহা প্রাণ-সত্ত্বে প্রকাশ করা বিধেয় নয়। বুদি তাঁহার সমীপে উক্তরূপ বাচনিক অক্সীকার নাই করিয়া থাকি, তথাচ যাঁহার সহিত প্রণয়-পাশে বদ্ধ शांकिटा इम्र. जांशात्र निकृष्ठे উक्ष त्रा अन्नोकात्र कत्रा, अथमाविधरे সিদ্ধ হইয়া থাকে। বন্ধজনের গুহু বিষয় শত্ত করা বিহিত নয়, ইছা বন্ধত্ব-বিষয়ক এক প্রধান নিয়ম বলিয়া নির্দিষ্ট আছে। অতএব তিনি স্তাব সত্তে বিশ্বাস করিয়া, সংগোপনে যে বিষয় আমাদিগকে অবগত করিয়াছেন, সম্ভাবের অসম্ভাব হইলেও, তাহা চিরকালই ফাদয়-মধ্যে যতুপুর্বাক নিহিত রাধা বিধেয়।

প্রায় সকল বিধিরই স্থল-বিশেষে সঙ্কোচ করিতে হয়। সৌহুছের বিজেদ হইলেও, স্থহজ্জনের গুফ বিষয় প্রকাশ করা নিতান্ত নিষিদ্ধ, তাহার সন্দেহ নাই। কিন্ত একটি স্থলে উহা নিষিদ্ধ বলিয়া উল্লেখ করা যায় না। যদি তিনি দ্বেম-পরবশ হইয়া, মিথ্যাপবাদ দিয়া, আমাদের নির্দাষ চবিত্রকে দৃষিত বলিয়া প্রচার করিতে প্রবৃত্ত হন, আর তাঁহার পূর্ব্ব-কথিত কোন গোপনীয় বিষয় বাক্ত না করিলে, সে দোষে উদ্ধার পাইবার সম্ভাবনা না থাকে, তাহা হইলে, সে বিষয়

প্রকাশ করা কদাচ অবৈধ বলিয়া অঙ্গীকার করা বার না। তিনি
বখন অনর্থক অপবাদ দিয়া, আমাদের অকলন্ধিত চরিত্রকে কলঙ্কিতবং
প্রতীরমান করিতে উন্তত হইলেন, তখন বলিতে হইবে, আমরা বে
তাঁহার পূর্ব্ব-কথিত গুপ্ত বিষয় গোপন রাখিব, তিনি আর এরপ
প্রত্যাশা করেন না।

এতাদৃশ স্বহান্তেদ সমধিক যন্ত্রণার বিষয়। কিন্তু অনেকের বন্ধুছ ইহা অপেক্ষাও স্থায়ীও স্থাকর হইয়া থাকে। জীবনাস্ত-ব্যতিরেকে তাঁহাদের সোহত্য-ভাবের অন্ত হয় না। স্থন্ধভাগাশালী উভয় নিজের मरक्षा এक कन यि १ किया कर व का अविकाश करतन, का हा हहे एन, অন্ত জন তথনও একেবারে নিষ্কৃতি পাইতে পারেন না এবং নিষ্ণতি পাইতে বাসনাও করেন না। তিনি মিত্রের শোকে বিষ্ণুগ্ হইয়া অঞ্-জলে বক্ষ:স্থল প্লাবিত করিলেও.∶সে জলে তাঁহার হালয়-স্থিত প্রীতির চিহ্ন প্রকালিত হয় না। তিনি বন্ধুর দেহ দীপ্ত চিতায় দশ্ব হইতে দেখিলেও, সে বন্ধুর কথনোন্ধুধ মনোহর মৃত্তি তাঁহার চিত্ত-পথ হইতে অপনীত হয় না। তিনি অতি তঃসহ শোক-সন্তাপে সন্তপ্ত হইলেও, তাঁহার অন্ত:করণের প্রেমের অন্তর কদাচ দগ্ধ হইয়া ভত্মীভূত হয় না। বন্ধুর মান, বন্ধুর যশ ও বন্ধুর পরিজন, তথন তাঁহার প্রীতি ও মেহ অধিকার করিয়া থাকে। তিনি মৃত বন্ধুর পরিবার ও দেশাস্তম নিবাদা অজাত-কুল-শীল ব্জের পরিবার, এই উভয়ের প্রতি কদাচ সমান ভাব প্রকাশ করিতে পারেন না। তিনি অপরিচিত ব্যক্তির ছরবন্ধার বিষয় শুনিয়া বেমন উদাসীন থাকেন, মৃত বন্ধুর সম্ভানের বিপ্র-পতনের সমাচার গুনিয়া, সেরূপ উদাসীন থাকিতে কলাচ সমর্থ হন না। মৃত বন্ধুকে স্মরণ রাখা, তাঁহার সদ্ভণ-সমূহ কীর্ত্তন করিয়া তদীয় যশ:-শশধর বিমল রাখিতে চেষ্টা পাওয়া এবং তাঁহার

পরিজন-বর্ণের প্রতি অমুরক্ত থাকিরা, তাহাদের প্রতি গৌজন্ত ও কারুণ্যভাব প্রকাশ করা, সর্বতোভাবে বিধেয়।

মেঘ ও রাষ্ট।

জল উত্তপ্ত হইলে বে ধুমাকার পদার্থ উৎপন্ন হয়, তাহাকে বাষ্পাকহে। শীত ঋতুর প্রাতঃকালে নদী, সরোবর প্রভৃতি হইতে বে ধুমাকার বস্তু উঠিতে দেখা যায়, তাহাও ঐ বাষ্পা বৈ আর কিছুই নয়। ঐ সকল বাষ্পা ঘন হইলেই মেঘ হয়। মেঘ সচরাচর তই ক্রোশের অধিক উঠিতে পারে না। এমন কি, জনেক মেঘ ১॥০ দেড় ক্রোশ পর্যান্তও উথিত হয় না। রৃষ্টির সময়ে কতখান মেঘ কেবল অর্ক্রক্রোশমাত্র উর্দ্ধে থাকিয়া জল বর্ষণ করে, এই নিমিত্ত উচ্চ পর্বতে আরোহণ করিলে, অধোদিকে মেঘের চলাচল দেখিতে পাওয়া বায়। ৪।৫ চারি পাঁচ ক্রোশ উপরের বায়ু অতি স্বচ্ছ ও পরিভক্ষ। তথায় মেঘু ও বাষ্পের লেশ মাত্র নাই।

মেঘের উৎপত্তি, বায়ুর শৈতা ও উষণ্ডের উপর বিস্তর নির্ভর করে। জিল যত্ত উত্তপ্ত হয়, তাহা হইতে তত্তই বাপা উঠিতে থাকে। এ নিমিত প্রথর গ্রীত্মের সময়ে অধিক বাপা উৎপন্ধ হইয়া অধিক ল্র উথিত হয়। সেই সমস্ত বাপা উপরিস্থিত বায়ুর সন্থিত মিলিত হইয়া থাকে; অত্যস্ত লঘু বলিয়া দেখিতে পাওয়া য়ায় না। এইয়প সমূহ বাপা-রাশি আকাশ-মণ্ডলে বিক্ষিপ্ত হইয়া আছে, এমত সময়ে য়িলিকোন দিক্ হইতে শীতল বায়ু প্রবাহিত হইয়া, তাহার সহিত মিপ্রিত হয়, তাহা হইলে, ঐ সকল বাপা ঘনীত্ত ইইয়া মেঘ জয়ায়। এইয়প অয় অয় কায়ণেও বায়ুর উষণ্ডা-হাস ও শৈতা-বৃদ্ধি হইয়া, মেঘ উৎপাদন

করে। দিবাবসান-কালে বায়ুর উত্তাপ ক্রমশঃ অর হইতে থাকে;
এই নিমিন্ত সে সময়ে সভত মেঘ উৎপন্ন হইতে দেখা বার। উপরিস্থিত বায়ু অধঃস্থিত বায়ু অপেকা শীতল; এই হেতু যে সমস্ত জলীর
বাষ্প উৎপন্ন হইবার সময়ে অদৃশ্র থাকে, তাহা উপরে উঠিয়া ঘন হইরা
মেঘ জনার।

উপরে প্রতিক্ষণ নানা দিকে নানাপ্রকার বায়্-প্রবাহ বহিতে থাকে এবং সেই সঙ্গে মেঘ-সমুদার ইতন্ততঃ সঞ্চালিত হইরা অশেষবিধ অন্তুত আকার ধারণ করে। মেঘ সকল এক নিমিষের নিমিত্তেও স্থির নহে, সর্বাদাই তাহাদের কোন না কোন প্রকার পরিবর্ত্তন হইতে দেখা যায়। অদৃশ্র জলীয় বাপ্পের সহিত শীতল বায়ু মিশ্রিত হইলে. ষেমন সেই বাষ্পাঘন হইয়া, মেঘ উৎপাদন করে, সেইরূপ আবার উৎপাদিত মেঘে উষ্ণ বায়ু লাগিলে, সেই মেঘ বিক্ষিপ্ত হইয়া, অদৃশ্র হইয়া যায়। এক এক খান মেঘ উঠিতে উঠিতে যে অন্থর্হিত হইতে দেখা যায়, তাহার কারণ এই।

সমুদার মেঘই স্ক্র স্ক্র জল-কণা-সমূহ ব্যতিরেকে আর কিছুই
নয়। তাহাতে স্থ্যের কিরণ পতিত হইরা, আশেষ-প্রকার মনোহর
বর্ণ উৎপাদন করে। স্থ্য-কিরণে নীল, পীত, লোছিত, ছরিৎ, পাটল
প্রেভৃতি নানা বর্ণ আছে। বহু-কোণ-বিশিষ্ট কাচে ও অন্ত অক্ত
কোন বস্তুতে স্থ্য-কিরণ পাতিত করিরা, ঐ সকল বর্ণ পৃথক্ করিরা
দেখান যায়। বেলোয়ারি ঝাড়ের কলমে রৌদ্রের আভা পতিত
হইরা যে নানাবিধ বর্ণ উৎপাদন করে, তাহা অপর সাধারণ
সকলেই বিদিত আছে। গগন-মগুলস্থ মেঘাবলির বিচিত্র বর্ণও এইরুপে
উৎপন্ন হইরা থাকে; সচরাচর এই কয়েক বর্ণের মেঘ দেখিতে
পাওয়া যায়;—খেত, পীত, লোহিত, পিক্লল ও ধুসর। হরিদ্বর্ণ

বেষও পরম স্থান্ত ; কিন্ত অতি বিরল। সারংকালীন জলদ-জালের মনোহর শোভা সন্দর্শন করিয়া, কে না মোহিত হয় ?

রামধক্র পরম ফলর শোভাও ঐরপে সম্ভূত হয়। উলিথিত বহুকোণ কাচের আর, রৃষ্টি-কালীন জল-কণা-সম্হে প্র্যা-রশ্মি পতিত হইলেও, তাহার অন্তর্মপ্তি ভিন্ন ভিন্ন বর্ণের ভিন্ন ভিন্ন কিরণ-জাল ফল্পষ্ট দেখিতে পাওয়া বায়। উহার এক একটি জল-কণা এক এক থানি বহুকোণ কাচ-শ্বরূপ। এইরূপ বহু-সংখ্যক জল-বিন্দু একত্র হইয়া রামধন্ত উৎপাদন করে ট্রা নভো-মগুলের যে ভাগে স্র্যা-মগুল অবস্থিত থাকে, তাহার বিপরীত ভাগে রামধন্ত দৃষ্ট হয়। লোকে উহাকে রামধন্ত ও ইন্ত্রুক উভরই বলিয়া থাকে। কিন্তু বাস্তবিক উহা কাহারও ধন্তু নয়। ফল-কণা-সমূহে প্র্যা-কিরণের লায় চন্ত্রু কিরণেও রামধন্ত উৎপন্ন হয়য়া থাকে। কিন্তু বামধন্ত র বামধন্ত র বামধন্ত ত্লারূপ উজ্জ্বল নয়। ফিন এই অত্যাশ্চর্যা অভিস্তা বিশ্ব-কার্য্যের সর্ব্ব স্থানে স্থলাকত-সৌন্দর্যা বর্ষণ করিতেছেন, উহাতে কেবল তাঁহারই অনিব্রুচনীয় মহিমা প্রকাশ পাইতেছে।

মেঘ কেবল কুদ্র ক্ষুদ্র জল-কণা-বাতিরেকে যে আর কিছুই নয়, ইহা
পূর্ব্বে একবার উল্লিখিত হইয়াছে। ধেমন বাষ্প শীতল হইয়া মেঘ জয়ায়,
সেইরূপ মেঘ শীতল হইলে, তাহার অণু-সমুদায় ঘন হইয়া, জল হইয়া
পড়ে। ধে মেঘের ভার ধে স্থানের বায়ুর ভারের সমান, সেই মেঘ
সেই স্থানে অবস্থিত থাকে। পরে কোন হেতু-বশতঃ শীতল হইলেই,
ঘনীভূত ও ভারাক্রান্ত হইয়া জল ধারা-রূপে পৃথিবীতে পতিত হয়।
ইহাকেই বৃষ্টি কহে। অতএব বৃষ্টির নিয়ম অতি সহজ। ইহা জানিবার
নিমিত্ত অধিক আয়াস আবিশ্রক করে না।

সমুদ্র ও জলাভূমি হইতে অধিক বাপা উপিত হয়। এই
নিমিত্ত সেই সেই স্থানে ও তাহার সমীপবর্ত্তী প্রদেশে অধিক বৃষ্টি
হইরা থাকে। পর্বত-শিথর অপেক্ষাকৃত শীতল; অতএব যে সকল
মেঘ চলিতে চলিতে, পর্বত-শিথরে গিয়া অবস্থিত হয়, ভাহা শীতে
ঘনীভূত হইয়া জল হইয়া পড়ে। এই নিমিত্ত পর্বতেও অধিক
পরিমাণে জল-বর্ষণ হইয়া থাকে। যে পর্বত সমুদ্রের সমীপবর্ত্তী,
তাহাতে সর্বাপেকা অধিক বর্ষণ হয় এবং যে প্রত সমুদ্র-তট
হইতে দূরবর্তী, তাহাতে তদপেকা অলতর বৃষ্টিপাত হয়।

বায়ু-প্রবাহের ইতর-বিশেষ দ্বারা বৃষ্টি-পাতেরও অনেক ইতর-বিশেষ হইয়া থাকে। ভারতবর্ষের দক্ষিণ দিকে সমুদ্র; এ নিমিত্ত বৈশাণ, জৈচি, আবাঢ়, প্রাবণ প্রভৃতি যে কয়েক মাস দক্ষিণ দিক্ অথবা দক্ষিণ-পশ্চিম কোণ হইতে বায়ু বহিতে থাকে, সেই সেই মাসে উল্লিখিত সমুদ্র হইতে উৎপন্ন মেঘ-সমুদার ঐ বায়ু-সহকারে সঞ্চালিত হইয়া, ভারত-ভূমির উপর প্রচুর বারিবর্ষণ করে। এই প্রবাধ বায়ু কয়েক মাস প্রবাহিত থাকাতে ভারতবর্ষের বর্ষাকাল, শীত বসন্ত গ্রীম্মাদি ঋতুর হায়, এক স্বতন্ত ঋতু বলিয়া নির্দ্ধারিত আছে। ইংলণ্ডে ও তাদুশ অন্ত অন্ত প্রদেশে এরূপ স্বতন্ত বর্ষা ঋতু নির্দিন্ত নাই, সে সকল স্থানে বার মাসই বৃষ্টি হয়। ভারতবর্ষের উত্তর দিকে মেঘোৎপত্তির উপায় নাই। এ নিমিত্ত, এত-ক্রেম উত্তর দিকে মেঘোৎপত্তির উপায় নাই। এ নিমিত্ত, এত-ক্রেম কর্তিক মাসে দক্ষিণ-বায়ু নিবৃত্ত হইয়া, উত্তরীয় বায়ু আরেক হইলে, জল-বর্ষণ ও এক প্রকার নিবৃত্ত হয়।

ভারতবর্ষের দক্ষিণ থণ্ডের অর্থাৎ দক্ষিণাপথের পূর্ব্ব, পশ্চিম,
দক্ষিণ তিন দিকেই সমুদ্র। এ নিমিত্ত, যে সময়ে পশ্চিম-দক্ষিণ
কোণ হইতে বায়ু বহিতে থাকে, তথন দক্ষিণাপথের পশ্চিম-দক্ষিণ

প্রান্তে, অর্থাৎ মলয়বর-দেশে প্রচুর বারিবর্ষণ হয়, এবং য়খন পূর্ব্বোতব হইতে বায়্ প্রবাহিত হয়, তথন পূর্ব্ব-দিক্ষণ প্রান্তে আর্থাৎ
চোর-মগুল-নামক উপকৃলে আসিয়া মেঘ ও বৃষ্টি উপস্থিত করে।
পর্বাতি হারা বায়ুর প্রবাহ প্রতিকৃদ্ধ ও পরিবর্দ্ধিত হওয়াতেও
বৃষ্টি-পাতের অনেক ইতর-বিশেষ হইয়া থাকে। যে বায়ু-প্রবাহ হায়া
বাষ্পবারি আনীত হইয়া, ভারতবর্ষের পূর্ব্বোত্তর থণ্ডে মেঘ সঞ্চারিত
ও বারি বর্ষিত হয়, তাহা প্রথমতঃ পশ্চিম-দক্ষিণ হইতে বঙ্গীয় অ্যাত্রের
উপর দিয়া বাহিত হয়। পরে, য়খন হিমালয় ও তৎসন্নিহিত দক্ষিণ-দিক্ত্র
র্ব্ববিত্বের নিকট উপনীত হইয়া, তদ্বারা প্রতিহত হয়, তথন আর
উত্তরাংশে গমন করিতে না পারিয়া, পশ্চিমোত্তর ভাগে চলিতে থাকে।
পশ্চিমোত্তর ভাগে বহিতে বহিতে, যখন হিন্দুকুশ নামক পর্বতে গিয়া
উপস্থিত হয়, তথন তদ্বারা প্রতিবদ্ধ হইয়া, পশ্চিমাত্রিম্বও প্রবাহিত
হইতে থাকে। এই প্রকারে স্থলিমান-নামক পর্বত পর্যান্ত গমন করিয়া,
তদ্বারা পুনরায় প্রবাহিত হইয়া, অন্তা দিকে সঞ্চরণ করে।

যে সমস্ত মেঘ ও বায়ু উলিখিত বায়ু-প্রবাহ দ্বারা সঞ্চারিত হয়,
তাহা হিমালয়ের উত্তরাংশে গমন করিতে পারে না; হিমালয়-কর্তৃক
প্রতিক্রদ্ধ হইয়া, বারিবর্ষণ-পূর্বক গলা, য়মুনা, সরস্বতী প্রভৃতি অনেক
অনেক নদীর জল বৃদ্ধি করে ও দেই সমস্ত নদীর তীরস্থ ভূমি জলে
প্রাবিত করিয়া, উর্বরা করিয়া থাকে। প্র বায়ু হিমালয় উল্লেজ্বন
করিয়া, তাহার উত্তর দিকে মেঘ ও বাল্প সঞ্চালন করিতে পারে না।
এ নিমিত্ত, জলাভাবে সেই প্রদেশ মক্রভূমি হইয়া রহিয়াছে।

যদি কোন পর্বতমর প্রদেশ হইতে বায়ু বাহতে থাকে, ভাহা হইলে, তত্ত্বস্থ মেঘ-সমুদার সেই বায়ু ঘারা সঞ্চালিত হইয়া, অন্ত অন্ত নিম্নস্থানে। গিয়া বর্ষণ করে। যদি সেই সমস্ত স্থান অপেক্ষাক্ত উষ্ণ হয়, তাহা

হইলে, ঐ নেম মনীভূত না হইয়া, আরও লগু হইয়া যায়: স্কুতরাং " তাহাতে বৃষ্টি হয় না। এই কারণে ইউরোপের দক্ষিণ-পার্শ্বর্ত্তী ভ্রমধ্য-সাগর হইতে যে সমস্ত বাষ্পরাশি উৎপন্ন হইয়া মিশর দেশের উপর দিয়া, দক্ষিণাভিমুখে গমন করে, তাহা উল্লিখিত মিশর দেশের উপরে খনীতৃত ও বর্ষিত না হইরা, উত্তরোত্তর দক্ষিণ দিকেই চলিয়া যার। পরে যথন আবিসিনিয়ার পর্বতময় উন্নত প্রদেশে গিয়া উপস্থিত হয়, তখন জল হইয়া বৃষ্ঠিত হইতে থাকে। এই নিমিত্ত মিশুর দেশে সর্বদাই অনার্ষ্টি, গ্রীম্মকালে মূলেই রুষ্টি হয় না, অক্ত সময়েও অতি অল্ল। বিশেষতঃ তাহার দক্ষিণথাওে জ্বল-বর্ষণ অতি অসামাক্ত ব্যাপার বণিয়া পরিণণিত আছে। ত্ত্ততা লোক বৃষ্টি ব্যতিরেকে কিন্ধপে প্রাণ ধারণ করিয়া থাকে, বিবেচনা করিতে হইলে. আপাততঃ বিশায়াপর হইতে হয়। কিন্তু করুণাময় পরমেশ্বর অনির্কাচনীয় কৌশল প্রকাশ করিয়া, তাহাদের অনাবৃষ্টি-ঘটিত অনিষ্ঠাপাতের আশহা একৈবারে নিবারণ করিয়া রাখিয়াছেন: তথায় যেমন যথেষ্ট বৃষ্টিপাত হয় না. তেমন গ্রীম্মকালে এরপ শিশির-বর্ষণ হয়, যে, তথাকার মৃত্তিক। তাহাতেই আর্দ্র হইয়া, বিলক্ষণ উর্বরা হইয়া উঠে। তদ্তির, তথার নীল-নামে এক নদী আছে; তাহা গঙ্গা নদীর ভারে প্রতিবর্ষে বৃদ্ধি পাইয়া, উভয় তট কয়েক মাস জলে প্লাৰিত করিয়া রাথে। উহাতে ঐ উভয় তীরস্থ ভূমি অভ্যস্ত-রসশালিনী হইয়া অপর্যাপ্ত শস্ত উৎপাদন করে।

দক্ষিণ আমেরিকার অন্তঃপাতী পেরু দেশে বালেশ-নামে এক স্থান আছে, তথায় দক্ষিণ দিক্ হইতে উত্তর দিকে বায়ু বহিয়া থাকে। সে স্থানের দক্ষিণ দিক্ শীতল এরং উত্তর দিক্ অপেক্ষাকৃত উষ্ণ। ইতিপূর্বের উল্লিখিত হইরাছে, শীতল প্রদেশ হইতে উষ্ণ প্রাদেশে বাষ্পা সঞ্চালিত হইলে বৃষ্টিপাত হয় না। এই নিমিত্ত ঐ বালেশ ভূমিতে কোন কালেই বৃষ্টি হয় না। কিন্তু করুণার্ণব বিশ্ব-বিধাতার কি আশ্চর্যা মহিমা! সেধানে যেমন কোন সময়ে বিন্দু-পাতও হয় না, তেমন শীতকালে এরূপ ঘোরতর কুল্লাটকা উৎপন্ন হইয়া থাকে যে, তদ্বারা অত্যম্ভ অনুর্বরা ভূমিও উর্বরা হয় এবং পর্যের ধূলিও কর্দ্বম হইয়া যায়।

আমাদের দেশে যেমন দক্ষিণ ও পূর্বাদিকের বাষুতে অধিক রাষ্ট হয়, অন্ত অন্ত দেশেও ইহার অনুরূপ বাবস্থা দেখিতে পাওয়া বায়। দেশ-বিশেষে দিগ্রিশেষ হইতে বায়ু বহিলে যে বর্ষণের ন্যুনাধিকা হইয়া থাকে, ইহা তত্তদেশীয় লোকের নিকট প্রসিদ্ধ আছে। ইংলও দেশে দক্ষিণ-পশ্চিম কোণ হইতে বায়ু বহিলে অধিক রাষ্ট হয়। ইহার কারণ এই যে, ঐ দেশের দক্ষিণে ও দক্ষিণ-পশ্চিম কোণে আত বিস্তৃত সমুদ্র আছে, সেই সমুদ্রের কিয়দংশ অতিশয় উষণ; স্থতরাং তথা হইতে প্রচুর বাঙ্গা উৎপয় হইয়া থাকে। বিশেষতঃ পণ্ডিতেরা নির্ণয় করিয়াছেন, উষ্ণ বায়ুর সহিত অপেক্ষাক্ষত অধিক বাঙ্গা নির্ণয় ও থাকিতে পারে। ইংলণ্ডের দক্ষিণ দিক্ হইতে যে বায়ু প্রবাহিত হয়, ঐ বাঙ্গা সেই বায়ু-সহকারে সঞ্চালিত হইয়া, ইংল্ড স্কটল্ড প্রভৃতি শীতল প্রদেশে নীত হইলে, ঘনীভূত হয়য়া বৃষ্টি হইয়া পড়ে।

কোন্ প্রদেশে কত বৃষ্টি পতিত হয়, পণ্ডিতেরা তাহা পরিমাণ করিয়। দেখিবার নিমিত্ত বর্ষ-মান নামে এক বস্ত্র প্রস্তুত করিয়াছেন। প্রতিবর্ষে কোন্ স্থানে কত জল পতিত হয়, ঐ বস্ত্র দারা পরিমাণ করিয়া নিদ্ধারণ করিতে পারা যায়। উহাতে যত বৃক্ত জল পতিত হয়, তত্তৎ স্থানে বৃষ্টি তত বৃক্ত বলিয়া উল্লেখ করিতে হয়। বর্ষ- মান দারা পরিমাণ করিয়া বোদাই, কলিকাতা, রোম, লগুন, উলিয়াবর্গ এই কয়েক স্থানে বৃষ্টির পরিমাণ বেরূপ নিরূপিত হইয়াছে,.
ভাষা নিমে লিখিত হইতেছে।

এক বৎসরের রৃষ্টির পরিমাণ।

বোশ্বাই৮২	বুরুল।
কলিকাতা৮১	**
রোম৩৯	29
লণ্ডন ২২	
উলিয়াবর্গ ১৩	0 ,,

এই কয়েক স্থানের মধ্যে বোষাই সর্বাপেক্ষা উষ্ণ এবং উলিয়া
বর্গ সর্বাপেক্ষা শীতল। উষ্ণ স্থানে অধিক বৃষ্টি পতিত হয়,
শীতল স্থানে তদপেক্ষা অয়। ইহার কারণ, উষ্ণ স্থানে যত বাষ্ণা
উৎপন্ন হয়, শীতল স্থানে কথনই তত হয় না। বাষ্ণা অধিক
উৎপন্ন না হইলে, স্বতরাং বৃষ্টিও অধিক হইতে পারে না। ফলতঃ
পৃথিবীর যে সকল প্রদেশ প্রথম রবি-কিরণে প্রত্থ, তথায় অধিক
বারিবর্ষণ আবশ্রক করে, এই নিমিত্তই পরম-কারুণিক পরমেশ্বর
জ্লা-বর্ষণ-বিষয়ে প্ররুপ শুভকর ব্যবস্থা সংস্থাপন করিয়া রাথিয়াছেন।

জল-বর্ষণের সহিত কথন কথন অন্ত অন্ত বস্তুও পতিত হইতে দেখা গিয়াছে। এ বিষয় আপাততঃ আশ্চর্য্য বোধ হয় বটে, কিন্তু পদার্থবিভাবিৎ পণ্ডিতেরা তাহার হেতৃ নির্দেশ করিয়া সে আশ্চর্য্য দ্রীকৃত করিয়াছেন। ১৮১০ আঠার শত দশ খুঠাকে ইয়ুরোপের

অন্তঃপাতী হলেরী দেশে রক্তের স্থায় লোহিতবর্ণ জল বর্ষিত হয়। প্রথমে ইহা অভিশব বিশ্বরকর বোধ হইরাছিল, পরে অবধারিত হইল, ঐ প্রদেশের অনতিদ্রে এক অরণ্য আছে; তাহা হইতে পুশা-রেণু সকল বায়ু-সহকারে সঞ্চালিত হইয়া, রৃষ্টির সহিত পতিত হইরাছিল। ভারতবর্ষীয় লোক যে রক্ত-বৃষ্টির কথা কহিয়া থাকে, তাহাও এইরূপে উৎপন্ন হইয়া থাকিবে। এক বার আয়ুল্ভে বুক্ষ-নির্যাদের ভার ঘনতর একপ্রকার দ্রব পদার্থ পতিত হয়। পরীক্ষা করিয়া নিরূপিত হইল, তাহাও উদ্ভিদ্ ও জন্তু-বিশেষ হইতে নির্গত পদার্থ-বিশেষ ব্যতিরেকে আর কিছুই নয়। একদা পারন্তা<u>নে</u> এমন একরপ অপরিজ্ঞাত পদার্থ পতিত হয় যে, পশুগণ তাহা ভক্ষণ করিয়া পরিপাক করিতে সমর্থ হইয়াছিল। ১৮২৮ আঠার শত আটাইশ খুষ্টাকে ঐ বস্ত ফরাশিশ কেশের এক সমাজে উপস্থিত করা হয়। উহা এক প্রকার উদ্ভিদ্। চীন দেশে প্রতি বংসর -বারংবার বালুকা-বর্ষণ হইয়া থাকে। ১৭৭৪ সতর শত চুগ্নান্তর শকের চৌদই চৈত্রে আরম্ভ হইয়া ১৭ সতরই চৈত্র পর্যান্ত অবিশ্রান্ত এরপ বালুকার্টি হয় যে, ঐ কয়েক দিবস চক্র-সূর্য্য অদুগ্রবং হইয়াছিল। চীন দেশের উত্তর পার্যে গবি নামে বছ-বিস্তৃত বালুকা-ভূমি আছে এবং তথায় সর্বাদা খোরতর ঘূর্ণি-বায়ুও উপস্থিত হইতে থাকে; অত এব বোধ হয়, ঐ বালুকা ঘূর্ণি-বায়ু দারা व्याकानमञ्ज्ञ छेरिक्क छ हरेबा, वातक व्यातक नृत्रवर्शी প্রাদেশে वर्षिङ **ब्हें शा थारक।** वित्वहना कतिका प्राथितन, वाश्हें এই সমৃनात्र अङ्ख বৃষ্টিপাতের প্রবল কারণ বলিয়া প্রতীয়মান হয়। কত কত মংস্ত প্রবল বায় বারা ৪।৫ চারি পাঁচ ক্রোশ পরিচালিত হইয়া থাকে।

তাড়িত, বিহুৎ ও বজ্রাঘাত।

ভূ-মণ্ডল ও তাহার উপরিস্থিত বায়্-মণ্ডলের সর্বস্থানে এক প্রকার অতি সক্ষ পদার্থ আছে, তাহার নাম তাড়িত।

এই পরমাশ্চর্যা পদার্থ সচরাচর প্রত্যক্ষ হয় না; কিস্ক কথন কথন কোন কোন বস্তু হইতে অতি সক্ষ জ্যোতির্মন্ত্র পদার্থ-মন্ত্রপে আবিভূতি হয়। বিহাৎ ও বজ্রধ্বনি এই পদার্থের কার্যা। আর কাচ, রেশম, তৈলক্ষটিক, গন্ধক, ধ্না প্রভৃতি কতকগুলি দ্রবা ধর্বণ করিয়া, তাহা হইতে অংশক্ষাকৃত অল্ল-প্রমাণ তাড়িত প্রকাশ করিতে পারা বায়।

বদি কাচ অথবা লাক্ষা শুক্ষ হত্তে অথবা লোমজ বস্ত্রে ঘর্ষণ করিয়া কেশ, স্থান, পালক, ব্রিগজ অথবা অন্ত কোন লবু দ্রব্যের নিকট ধরা যায়, তবে ঐ লঘু দ্রব্য সেই কাচ অথবা লাক্ষা ঘারা আরুষ্ঠ হইয়া, তাহাতে লয় হইয়া থাকে। কিন্তু অত্যন্ন কাল সংযুক্ত থাকিয়াই বিযুক্ত হইয়া পড়ে। এই উভয় ব্যাপারই ঐ তাড়িত নামক পদার্থের গুণ। যে গুণ ঘারা লঘু বস্তু কাচ অথবা লাক্ষার সহিত সংযুক্ত হইয়া থাকে, তাহাকে তাড়িতাকর্ষণ বলে এবং যে, গুণ ঘারা তাহা হইতে বিষুক্ত হয়, তাহাকে তাড়িত-বিয়োজন কহে।

তাড়িতের আর এক গুণ এই যে, যদি উহা এক স্থানে অধিক থাকে এবং তাহার নিকটবর্ত্তী অন্ত স্থানে অল্ল থাকে, তবে প্রথমোক্ত স্থানের কিয়নংশ, শেষোক্ত স্থানে আদিয়া উভন্ন স্থানের সমান হয়। যদি একধানা মেঘে অধিক-প্রমাণ ভাঙ্কিত থাকে, আর একধানা মেঘে অল্ল-প্রমাণ থাকে, তবে উভন্ন মেঘ পরস্পার নিকটবর্ত্তী হুইবার সময়ে, প্রথমোক্ত মেঘের কিয়ৎ-পরিমাণ তাড়িত নির্গত হুইয়া, শেষাক্ত মেঘে প্রবিষ্ট হয়। এই ভয়য়য়র ব্যাপার ঘটনার সময়ে আতি প্রথম জ্যোতিঃপ্রকাশ ও ঘোরতর মেঘ-গর্জন হয়, লোকে তাহাকেই বিছাৎ ও বজ্রধ্বনি কহিয়া থাকে। পৃথিবী হইতে মেঘে, অথবা মেঘ হইতে পৃথিবীতে তাড়িত পদার্থ প্রবেশ করিবার সময়েও প্রক্রপ ঘটনা ঘটয়া থাকে। বজ্রাঘাত ঐ তাড়িত-প্রবাহের আঘাত ব্যতিরেকে আর কিছু নয়।

কোন কোন বস্তু ঐৃতাঙ্তি পদার্থকে এক স্থান হইতে অক্ত স্থানে সম্বর সঞ্চালন করিয়া থাকে। সেই সকল বস্তুকে তাড়িত— পরিচালক কহে। অতা কতকগুলি বস্তুর পরিচালকতা-শক্তি এত অল্প বে, কোন স্থানে তাড়িতের সঞ্চারণ নিবারণ করিতে হইলে, ঐ সকল দ্রব্য ব্যবধান দিতে হয়। ঐ সম্প্রু বস্তুকে অপরিচালক কহে।

সমুদার ধাতৃই প্রবল পরিচাশক। তদ্তির অঙ্গার, লবণাক্ত জল প্রভৃতি আর কতকগুলি দ্রব্য আছে, তাহারাও পরিচালক বটে, কিছ ধাতৃর সদৃশ নহে। কাচ, পালক, পশুলোম এ সমুদার সর্বতোভাবে অপরিচালক।

অনেকে দেখিয়া থাকিবেন, কেহ কেহ অট্টালিকার পার্বে এক একটা লোহময় শীক স্থাপন করিয়া থাকেন। ঐ শীক অট্টালিকার অপেক্ষা উচ্চ। যে যে থাতুতে উহা প্রস্তুত্ত হয়, তাহার তাড়িত-পরিচালন-শক্তি অত্যস্ত প্রবল। অত এব, অট্টালিকার উপর বজাঘাত হইবার উপক্রম হইলে, তাহার কারণ যে তাড়িতপ্রবাহ, তাহা শীক দ্বারা সত্তর সঞ্চালিত হইয়া, পৃথিবী-গর্ত্তে প্রবাহিত হয়। ইহাতে গৃহে আর আদ্বাত হইতে পারে না।

দ্বিতীয় পরিচ্ছেদ।

+>+>

স্বপ্নদর্শন, --কীর্ত্তি-বিষয়ক

আহা কি দেখিলাম! এমত অভ্ত শ্বপ্ন কখনও দেখি নাই।
এমত কলরব-পরিপূর্ণ লোকাকীর্ণ স্থানও কোথাও দৃষ্টি করি নাই।
এই অসীম ভূমিখণ্ডের মধ্যস্থলে এক পরম শোভাকর অপূর্ব্ধ পর্বাত
দর্শন করিলাম। সে পর্বাত এত উচ্চ যে, তাহার শিখর নভোমগুলস্থ মেঘ-সম্দার ভেদ করিয়া উঠিয়াছে। তাহার পার্শ্ব-দেশ
অত্যস্ত বৃদ্ধুর ও হ্রবরোহ; মহ্ম্যা-ব্যতিরেকে আর কোন জন্তুর
তথার আরোহণ করিবার সামর্থ্য নাই। আমি অতিশন্ন কোতৃহলাক্রান্ত হইয়া, কখন উর্জ্ব-নয়নে পর্বাতের প্রতি একদৃষ্টে দৃষ্টিপাত
করিতেছিলাম, কখনও বা লোক-সমারোহ এবং তাহাদের বিবিধবিষয়্কক বত্ব, চেষ্টা, ওৎস্বক্যাদি নিরীক্ষণ ও পর্য্যালোচন করত ইতন্তভঃ
পদচারণা করিতেছিলাম।

এই আশ্চর্য্য অভ্ত ব্যাপারের আগস্ত কিছুই অন্থতব করিতে না প্লারিয়া, গ্রিয়মাণ হইতেছিলাম; এমতকালে এক পরম-স্থানরী বিভাধরী আমার ললাটদেশ বিদীর্ণ করিয়া বহির্গত হইলেন, এবং তৎক্ষণাৎ আমার সমক্ষে দণ্ডায়মান হইয়া, কহিতে লাগিলেন,—"তুমি কি চিন্তা করিতেছ? এই প্রশস্ত ক্ষেত্রের নাম কর্ম্মক্ষেত্র, ঐ মহাশৈলের নাম কীর্ত্তিশৈল, উহার শিথর-দেশে কীর্ত্তি-দেবী অধিষ্ঠিত আছেন। যাবতীয় কীর্ত্তি-সেবকেরা তাঁহার সেবার্থে তৎসন্ধিধানে গমন করিতেছে।" বিভাধরী-সমীপে এই শুভ সংবাদ প্রবণ করিয়া,

আমি অপার আনন্দ অমুভব করিলাম, এবং কহিলাম,—"দেবি! তোমার অসম্ভাবিত অন্থাহ লাভ করিরা, আমি ক্লভার্ম হইলাম; একণে বদি অভর দান কর, তবে একটি কথা জিজ্ঞাসা করি; তুমি কে, আমাকে বিশেষ করিয়া বল।" তিনি কহিলেন,—"আমি বিশ্বাধরী, আমার নাম প্রজ্ঞা; তোমাকে অত্যন্ত চিন্তাকুল দেখিয়া, এখানে আবিভূতি হইয়াছি। বদি কীর্ত্তিদেবীর মূর্ত্তি ও কীর্ত্তি-দেবক-দিগের কৌতুক দর্শন করিবার বাসনা থাকে, আমার সমভিব্যাহারে আগমন কর, সমস্ত দর্শন করাইব।"

আমি বিস্থাধরীর এই আখাদ-বাক্যে বিশ্বাদ করিয়া, পরম পুলকিত-চিত্তে তাঁহার অন্নবর্ত্তী হইবামাত্র পর্বত-শৃঙ্গ হইতে ঘন ঘন বংশী-ধ্বনি শ্রুত হইতে লাগিল। আহা ! সেই স্থাময় মধুর রব ষাহাদের কর্ণ-কুহরে প্রবিষ্ঠ হইল, তাহারা একেবারে মুগ্ধ হইয়া গেল। ভাহাদের চিত্ত-ভূমিতে অনির্বাচনীয় আনন্দ-নীর নিঃস্ত ও আশ্চর্য্য উৎসাহ-তরঙ্গ উত্থিত হইতে লাগিল। ইহাতে তাহাদের মুথমগুল এমন প্রফুল ও উজ্জ্বল হইগা উঠিল যে, বোধ হইল, যেন তাহারা মরণ-ধর্মানীল মানব-স্বভাব অতিক্রম করিয়া, অমর-ভাব প্রাপ্ত হইতেছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, সে স্থানে যে অসংখ্য লোকের সমাগম হইয়াছিল, তন্মধ্যে অনেকেই সে স্থা-সিক্ত বংশী-রব শ্রবণ করে নাই, আর কতকগুলি লোক অন্ন অন্ন শ্রবণ করিয়াও তাহার স্থমধুর রদাস্বাদ-পুর: দর স্থান্তভুর করিতে দমর্থ হয় নাই। ইহাতে আমি অত্যন্ত চমৎকৃত ও কৌতূহলাক্রান্ত হইয়া, পরমারাধ্যা বিভাধরীকে এ বিষয়ের কারণ জিজ্ঞাসা করাতে, তিনি কহিলেন,— "ঐ বৃহৎ পর্বতের পূর্ব পার্বে যে তিন প্রত্যম্ভ পর্বত দৃষ্টি করিতেছ, ্জ্ঞাহার এক এক পর্বতে এক একটা ফ্ল বাস করে। তাহারা দেবতুল্য বেশ-ভূষা করিয়া, এক এক নিবিড় কুঞ্জে অৰম্ভিতিপূর্বাক লোকের অন্তঃকরণ আকর্ষণ করে। সেই তিন্টা ফ্রন্সযাহাদের অন্তঃকরণ অধিকার করিয়া রাধিয়াছে, তাহারা অন্ত বিষয়ে
মনঃসংযোগ করিতে সমর্থ নয়। তাহাদের নাম কি জান ? অজ্ঞান,
আলস্ত আমোদ।" বিভাধরী যাহা বলিলেন, বাস্তবিকও তাহাই
প্রত্যক্ষ হইল। সকল-জাতীয় যাবতীয় হীন-বৃদ্ধি অকর্মণ্য সামান্ত
মন্ত্রা তক্ত-চিত্তে সেই কুটিল-স্বভাব বিশ্ব-ক্ষেক ফ্রন্সদ্রেণা
শ্রবণ করিয়া, তাহাদের প্ররোচন-বাক্যে মুগ্ধ হইয়া থাকিল। কেবল
উন্নত-বৃদ্ধি তেজীয়ান্ পুরুষেরা কীর্তিদেবীর বংশীরব শ্রবণমাত্র
মহোৎসাহ-প্রকাশ-পুরঃসর মহাশৈলে আরোহণার্থ উন্নত হইলেন। সেই
স্থাময় মধুর শব্দ তাঁহাদের কর্ণকুহরে যতই প্রবিষ্ট হইল, ততই
মিষ্ট বোধ হইয়া, তাঁহাদের উৎসাহ-শিথা প্রজ্ঞানত করিতে লাগিল।

দেখিলাম, তাঁহারা অত্যন্ত ঔৎস্ক্ক্য-সহকারে উল্লিখিত পর্ব্বতে আরেছ করিলেন। বে যে বন্ত সমতিব্যাহারে লইলে, সে পর্ব্বতে আরেছণ করিতে সমর্থ হওয়া যায়, প্রত্যেক ব্যক্তিই তাহার কোন না কোন বন্ত সঙ্গে করিয়া চলিলেন। কেহ একথানি শাণিত প্রথম তরবার, কেহ কোন পরিপাটি পুস্তক, কেহ একটি স্থান্তর দুরবীক্ষণ, কেহ বা এক গোলযন্ত্র ইত্যাদি প্রত্যেক ব্যক্তি এক এক সামগ্রী সঙ্গে করিয়া গমন করিতে লাগিলেন। ইহাতে দেখি, মহুয়্য-বির্হিত সমস্ত প্রধান বন্ত তথার সংগৃহীত হইয়াছে। যাত্রীয়া সকলে নানা ভাগে বিভক্ত হইয়া, নানা পথে আরোহণ করিতে লাগিল; অনেকে এরপ সঙ্কীর্ণ পথা অবলম্বন করিয়া চলিল যে, তন্ধারা শিথর পর্যান্ত আরোহণ করিবার সন্তাবনা নাই, কিয়দ্বুর উঠিয়াই স্থগিত হইতে হয়। ভূ-মণ্ডলম্ব

শিরকর ও গ্রন্থকার-দিগের মধ্যে বহুতর ব্যক্তি এই সকল সঙ্কীর্ণ পথের পথিক হইয়াছিলেন।

আমাদের বাম পার্শে অস্থ এক সম্প্রদায় দর্শন করিলাম। তাঁহারা অতি কুটিল বন্ধর পথ অবলম্বন করাতে, সর্বাদা দিগ্রাম হইয়া বিপথগামী হইতেছিলেন। তাঁহারা পরিশ্রম ও কর্ম্ম-দক্ষতা বিষয়ে অস্থ কোন সম্প্রদায় অপেক্ষা ন্যুন না হইয়াও, অধিক দূর আরোহণ করিতে সমর্থ হইতেছেন না। কেহ কেহ অনবরত এক প্রহর কাল ক্রেশ করিয়া যত দূর উথিত হইয়াছিলেন, সহসা একবার পদস্থালন হইয়া, নিমেষ-মাত্রে তাহার দিগুণ পথ অধোগমন করিলেন। দেখি, রাজ্ব-নিয়ম-ব্যবসায়ী কত শত স্থবিখ্যাত ব্যক্তি এই পথ অবলম্বন করিয়াছিলেন। তাঁহাদের মানস, জ্ঞানের সিংহাসন হরণ করিয়া, চতুরতা ও ধূর্ত্তাকে প্রদান করেন।

এই সমস্ত অভুত-ব্যাপার দশন করিতে করিতে, অনেক দ্র আরোহণ করিলাম। আরোহণ করিয়া দেখি, পর্বতের পার্শবর্তী অন্ত অন্ত থত পথ দৃষ্টি করিয়াছিলাম, সমুদায় আসিয়া, ছই প্রশস্ত পথে মিলিত হইয়াছে। স্কৃতরাং সেই সমস্ত পথের সমুদায় যাত্রী এই ছই বহুৎ পথে প্রবেশ করিয়া, ছই সম্প্রদায় হইল।

এই ছই প্রশস্ত পথের প্রবেশ-দারের অনতিদ্রে এক এক ভীষণাকার যক্ষ দণ্ডায়মান ছিল। তাহার এক জন ধুমবর্ণ, দীর্ঘ-দস্ত ও কুটিল-নেত্র; চর্ম-পরিচ্ছদ * পরিধানপূর্বক প্রকাণ্ড লোহ-দণ্ড হস্তে করিয়া অবস্থান করিতেছিল। বাহারা তাহার সমীপস্থ পথে গমন করিতেছিল, তাহাদের সকলেরই সমুথভাগে সেই দণ্ড ঘন ঘন চালনা করিতে লাগিল। লোকে তাহা দেখিবামাত্র ভয়ে কম্পমান

* পুরাণে যমের এই প্রকার রূপ বর্ণনা আছে।

হইয়া পশ্চাভাগে প্রত্যাবর্ত্তন-পূর্ব্তক 'মৃত্যু মৃত্যু' বলিয়া চীৎকার করিয়া উঠিল। আর যে যক্ষ দিতীয় পথের নিকটবর্জী ছিল. ভাহার নাম দ্বেষ। তাহার হল্তে যমদণ্ডের ন্তায় কোন সাজ্বাতিক অন্ত্র ছিল না বটে, কিন্তু সে যে একপ্রকার বিকট ও উৎকট মুথভঙ্গি প্রকাশ করিয়া বিষপূরিত মৃহস্বরে পর-পরীবাদ আরম্ভ করিল এবং অতি কুৎসিত ভ্রাভঙ্গি প্রদর্শন করিয়া, সকলের প্রতি বেরূপ বিষদৃষ্টি করিতে লাগিল, তাহাতে মৃত্যু অপেক্ষাও তাহাকে ভয়ানক জ্ঞান হইল। এমন কি. আমাদের সমভিব্যাহারী শত শত যাত্রী তাহার **আ**কার দর্শনে ও বাক্য শ্রবণে ভগ্নোৎসাহ হইরা. শৈলারোহণে নিরুত্ত হইল। এই ছই রুক্ষস্বভাব যক্ষ দৃষ্টি করিয়া, আমার যেরপে হৎকম্প উপস্থিত হইল, তাহা বলিবার নয়। কিন্তু পূর্ব্ব-কথিত বংশীধ্বনি পুনঃ পুনঃ কর্ণগোচর হওয়াতে, অভিনব উৎসাহ-সঞ্চার ও সাহস বৃদ্ধি হইল, এবং তদ্ধারা হৃদয়-ভূমি ভীক্ষতা-রূপ कुञ्जां हिका इटेरा कार्य कर्म निम्नु क इटेरा नागिन। यादारम् इरस প্রথর তরবার ছিল, তাহারা স্পর্দ্ধা-পূর্ব্বক দর্প করিয়া, প্রথমোক্ত পথে প্রস্থান করিল। অবশিষ্ট সহ,দ্ধিবিশিষ্ট শিষ্ট ব্যক্তি সকল দ্বিতীয় পথ অবলম্বন করিয়া, অপেক্ষাকৃত শাস্তভাবে গমন করিতে লাগিলেন। প্রথমে উভয় পথই কিঞ্চিৎ কষ্ট-দায়ক বোধ হইল. পরে ষথন উল্লিথিত ফক্ষন্ত্র আমাদের দৃষ্টি-পথের বহিভূতি হইল, তথন উভন্ন পথই তত্তৎ-পথের পথিকদিগের সাতিশয় স্থথ-দায়ক বোধ হইতে লাগিল। যদিও আমি দ্বিতীয় পথ অবলম্বন করিয়াছিলাম, কিন্তু দূর হইতে প্রথম পথের ভাব ও তদীয় যাত্রীদিগের ব্যবহার এক এক বার অবলোকন করিলাম। বলিতে কি. তাহা কোন মতেই আমার মনঃপৃত ও পরিশুদ্ধ বোধ হইল না।

ভদনস্তর আমরা পরম প্রফুল-চিত্তে স্থমধুর বংশী-স্বর প্রবণ-পুরঃসর অতিশয় উৎসাহ-সহকারে স্ফারু কীর্ত্তিশৈল আরোহণ করিতে লাগিলাম। পথি-মধ্যে প্রায় সকলেই ত্রই একবার বিপদগ্রস্ত হইয়া-ছিলেন; কিন্তু তাঁহারা প্রাণ পর্যান্ত পণ করিয়া উত্তীর্ণ হইলেন, এবং क्रांस क्रांस क्रांच-कार्या इरेग्ना. निश्रत-प्रांस छेननी छेरेलन। আহা ! সে স্থানের কি অপূর্ব্ব শোভা ! কি মনোহর ভাব ! তাহার শোভা এখনও আমার চিত্ত-পটে চিত্রিত হইয়া বহিয়াছে। সে স্থানের স্থানার স্থানির ক 'নিরুপম-স্থানায়ক। তাহার প্রত্যেক হিল্লোলে সর্বাক্তে স্থবিমল স্থথ সঞ্চারিত হইতে লাগিল। আমাদের বোধ হইল, যেন কি অনির্বাচনীয় অমৃত-রসে অভিষ্কু হইতেছি। তংপ্রদেশের আর এক অপূর্ব্ব গুণ আছে, গুনিলে সকলে চমংক্বত হইবেন। তথায় দণ্ডায়মান হইয়া, স্ব স্ব পূর্ব্ব-ক্নতা সমস্ত যত স্মরণ করা যায়, ততই অস্তঃকরণ আনন্দ-নীরে, নিমগ্ন হইতে থাকে। আমরা ইতস্ততঃ পদচারণা-পূর্বক মধ্যদেশে এক অপূর্ব অট্টালিকা অবলোকন করিয়া তদভিমুথে যাত্রা করিলাম। তাহার বহিদ্যারো পরি "কীর্ত্তি-নিকেতন" এই কথাটি বৃহৎ বৃহৎ অক্ষরে লিখিত রহিয়াছে। তাহার চারি দিকে চারি রৌপ্যময় ভুত্রবর্ণ কবাট-সংযুক্ত প্রশস্ত ধার আছে এবং তাহার অভান্তরে কীর্তি-দেবী এক স্কচারু স্থবর্ণময় সিংহাসনে উপবিষ্ট হইয়া, অনবরত বংশী-বাদন করিতেছেন। यां जिंग अर्थ कतिया. ट्र्स-नागरत व्यवगारन कतिरानन : এवः विविध সম্প্রদায়ে বিভক্ত হইয়া, আনন্দ-মনে উৎসাহ-সহকারে কীর্ত্তি-নিকেতনে প্রবেশ করিতে প্রবৃত্ত হইলেন। প্রতিদ্বারে পুরাবৃত্তবিৎ নামে কতক-শুলি পশ্তিত অবস্থিত ছিলেন। তাঁহারা অনেক ব্যক্তিকে সমতি-বাাহারে করিয়া, অভ্যন্তরে নইয়া গেলেন। ঐ সকল ব্যক্তি তাঁহাদের

সহায়তা-ব্যতিরেকে তথায় প্রবেশ করিতে কদাচ সমর্থ হইতেন না । ভূ-মগুলের চারি থণ্ডের বিশিষ্ট বিশিষ্ট লোক চারি দার দিয়া প্রবেশ করিলেন; আমিও পরম কৌতুকাবিষ্ট হইয়া, কীর্ভ্তি-নিকেতনে প্রবেশ-পুরঃসর সমস্ত সন্দর্শন করিতে প্রবৃত্ত হইলাম; দেখিলাম, কীর্ভি-দেবী স্বৰ্ণময় সিংহাদনে উপবিষ্ট থাকিয়া, সকলকে যথাসম্ভব সংবৰ্দ্ধনা-পূৰ্ব্বক স্থমধুর-স্বরে এক এক আদন গ্রহণ করিতে কহিলেন। তাঁহারাও তৎক্ষণাৎ স্ব স্ব মর্য্যাদান্ত্রসারে এক এক আসনে উপবেশন করিলেন। কীত্তি-দেবীর পরম পবিত্র স্থারম্য শোভা দর্শন, তাঁহার পুষ্পালম্বারের স্থচারু স্থানুর-গামী সোরভ গ্রহণ এবং তাঁহার স্থা-সিক্ত স্থমধুর বংশীরব শ্রবণ করিয়া, সকলে এক-কালে মোহিত হইয়া গেল: তাঁহার শরীরের সৌগন্ধে সে স্থান অনবরত আমোদিত ছিল। আমি ইতস্ততঃ পদ-চারণ-পূর্ব্বক এক এক দিকের এক এক প্রকার মনোহর সৌরভ গ্রহণ করিয়া, পুলকে পরিপূর্ণ হইতে লাগিলাম। দেবীর বামপার্ম্বে কতিপন্ন দীর্ঘকান্ত, বুষ-স্কন্ধ, মহাবল-পরাক্রান্ত, বীর-পদবী-বিশিষ্ট মনুষ্য শ্ৰেণীবদ্ধ হইয়া, অকুতোভয়ে উপবিষ্ট আছেন: তাঁহাদের মুথ-শ্রীতে সাহস ও উংসাহের সমুদায় লক্ষণ স্পষ্টরূপে প্রকাশ পাইতেছে। আমি কোন কোন বলিষ্ঠ ব্যক্তির প্রতি অমুরাগ প্রকাশ-পূর্ব্বক অতিশয় ঔৎস্থক্য-সহকারে একদৃষ্টে দৃষ্টিপাত করিতেছি দৈথিয়া, আমার সমভিব্যাহারিণী বিভাধরী কৃহিলেন,—"জান না ? ইঁহারা ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়া, অত্যুৎকট হুরহে ব্যাপার-সমুদায় সাধন করিয়াছেন। অবনী-মণ্ডলে ইহাদের পাণ্ডব ও কোরব-পদবী প্রচারিত আছে।" কিন্তু প্রবলপ্রতাপান্বিত, প্রভূত-বলবিশিষ্ট, কতিপয় বিদেশীয় ব্যক্তিই সেই শ্রেণীর প্রধান আসন অধিকার করিয়া রহিয়াছেন। বিভাধরী তাঁহাদের নাম ও গুণ কীর্ত্তন



করিলেন; বিদেশীয় লোকের নাম উত্তমরূপে স্মরণ থাকে না। একজনের নাম বুঝি আলেক্জাণ্ডর, একজনের নাম সীজর, আর একজনের নাম হানিবল ইত্যাদি। যে সমস্ত পুরাবৃত্তবিৎ পণ্ডিতেরা এই সকল যাত্রীকে সমভিব্যাহারে করিয়া আসিয়াছিলেন, তাঁহারা এক এক যাত্রীর পার্শ্ব-দেশে অবস্থান-পূর্ব্বক কীর্ত্তি-দেবীর সমীপে তাঁহার পরিচয় প্রদান করিতে লাগিলেন এবং সেই স্থযোগে আপনারাও পরিচিত ও তাঁহার অমুগৃহীত হইলেন।

কীর্দ্ধি-দেবীর দক্ষিণ পার্মের ভাব আর এক প্রকার। তথায় ষে সমুদায় মহাত্মভব মতুষ্য বিরাজিত ছিলেন, তাঁহাদের প্রফুল মুখমণ্ডল অবলোকন করিলে, শোকাচ্ছন্ন বিষয় জনেরও অন্তঃকরণ এক বার প্রফুল হইতে পারে। তাঁহাদের সহাস্থ বদন স্থাময় মধুর বচন এবং আনন্দোৎফুল্ল চঞ্চল লোচন প্রত্যক্ষ করিয়া, আমি প্রীতিরূপ অমৃত-রদে অভিষিক্ত হইলাম। তাঁহারা কীন্তি-দেবীর দক্ষিণ পার্ষে শ্রেণীবদ্ধ হইয়া উপবিষ্ট ছিলেন এবং কয়েকটি পরম স্থানরী প্রিয়বাদিনী র্নমণী চিত্র-বিচিত্র অপূর্ব্ব পরিচ্ছদ ও পরম-শোভাকর মনোহর অলঙ্কার ধারণ-পূর্বক, তাঁহাদের সহযোগিনী-স্বরূপ অবস্থিতি করিতেছিলেন। তাঁহাদের কবি-পদবী সর্ব্বত প্রচলিত, এবং তাঁহাদের সহযোগিনী রমণীরা রাগিণী বলিয়া সর্ব স্থানে বিখ্যাত। পূর্ব্বোক্ বীরগণ যেমন এক এক পুরাবৃত্তবিৎ পণ্ডিতের সমভিব্যাহারে তথার প্রবেশ করিয়াছেন, কবিদিগকে সেরূপ কাহারও আমুকৃল্য অপেক্ষা क्तिरा रह नारे; वतः ठाँशात्रां अतनकारनक वीर्यावान् ७ अनवान् ব্যক্তির কীর্ত্তি-নিকেতন-প্রবেশ-বিষয়ের সহায়তা করিলেন। তাঁহারা সকলেই স্ব স্ব প্রধান; তাঁহাদের করস্থিত পুস্তকের কোন মনোহারিণী শক্তি আছে, দারবানেরা তাহা দেখিবামাত্র তাঁহাদিগকে যত্ন-সহকারে

পথ প্রদান করিল। ছই শাশ্র-ধারী সহাস্থ-বদন প্রাচীন পুরুষ এই শ্রেণীর মধ্যস্থল-বর্ত্তী অপূর্ব্ব সিংহাসনে উপবিষ্ট ছিলেন। প্রাচীনের মধ্যে এমন স্থন্দর পুরুষ আর দৃষ্টি করি নাই। বিজ্ঞাধরী কহিলেন.— "এক জনের নাম বাল্মীকি, আর একজনের নাম হোমর।" দক্ষিণ ভাগে হোমর এবং তাঁহার বামভাগে বাল্মীকি এক এক থানি পরম রমণীয় পুস্তক হস্তে করিয়া অবস্থিতি করিতেছিলেন। বাল্মীকির বাম পার্ষে এক পরম রূপবান যুবা পুরুষ চিত্রিত পরিচ্ছদ পরিধান করিয়া, বিবিধ বর্ণ-বিভূষিত কুম্বমাসনে উপবিষ্ট ছিলেন। ঐ আসনের সৌরভে সর্বস্থান আমোদিত হইতেছিল। তিনি না কি উজ্জ্বিনী-নিবাসী নূপতি-বিশেষের সভাসদ থাকিয়া, নুপতি অপেক্ষা শতগুণে কীর্ত্তি-দেবীর প্রিয় পাত্র হইয়াছেন। তাঁহার বাম পার্থে মাঘ, ভারবি, ভবভূতি, ভারতচক্র প্রভৃতি, স্ব স্ব মর্য্যাদামুদারে যথাক্রমে এক এক অশেষ শোভাকর উৎকৃষ্ট আসনে উপবিষ্ট ছিলেন। কিন্তু বুদ্ধ বাল্মীকির যেরূপ স্বভাব-সিদ্ধ সরল ভাব ও অক্বত্রিম অনুপম শোভা, তাঁহাদের কাহারও দেরপ নহে। তাঁহাদের উত্তম শোভা আছে, তাহার সন্দেহ নাই। কিন্তু অনেকেরই শরীরের সৌন্দর্য্য অপেক্ষায় বস্ত্রালঙ্কারের শোভা অধিক। কেহ কেহ আপন আপন পরিচ্ছদ এ প্রকার কুটিল ও জটিল করিয়া ফেলিয়াছেন, যে, বহু যত্নে ও অনেক কষ্টে নিরীক্ষণ করিয়া না দেখিলে, তাঁহাদের যৎকিঞ্চিৎ যে স্বাভাবিক সৌন্দর্য্য আছে, তাহাও দৃষ্টি-গোচর হয় না। ও দিকে হোমরের পার্ষে বর্জ্জিল, ডান্টে, মিল্টন, সেক্সপিয়র, বাষ্ণরন প্রভৃতি শত শত রসার্দ্র-চিত্ত স্থপ্রসিদ্ধ কবি যথাযোগ্য স্থানে অবস্থিত ছিলেন। সহাদয় সেক্সপিয়র যে রত্নময় সিংহাসনে সমার্ক্ ছিলেন, তাহা এই শ্রেণীর সকল আসন হইতে উন্নত ও জ্যোতিমান্ ব্লিয়া প্রতীয়মান হইল। এই শ্রেণীর মত্যান্চর্য্য



অপূর্ক শোভা অবলোকন করিয়া, আমার অন্তঃকরণ একেবারে মোহিত হইয়া গেল।

ইহারা সকলে বিচিত্র কথা-প্রসঙ্গে কালধাপন করিতেছিলেন; তন্মধ্যে বাল্মীকি ও কালিদাসের একটি কথা শ্রবণ করিয়া, অতিশয় ছঃথিত' হইলাম। তাঁহারা কহিলেন,—"আমাদের স্বজ্ঞাতীয় নব্য সম্প্রদায়ী যুবকদিগের মধ্যে অনেকে আমাদিগকে যথোচিত আদর অপেক্ষা না করিয়া, ভিন্নজাতীয় কবিদিগেরই অশেষ উপচারে অর্চনা করিয়া থাকেন। তবে স্থথের বিষয় এই যে, ভিন্নজাতীয় পগুতেরা আমাদের প্রকৃত মর্য্যাদা জানিতে পারিয়া, বিশিষ্টরূপ শ্রজা সহকারে যথেষ্ট সমাদর করিয়া থাকেন। দেখ, তাঁহারা আমাদিগকে যে প্রকার প্রকৃষ্ট পরিচ্ছদ প্রদান করিয়াছেন, আমরা জন্মাবচ্ছিত্রে কখনও সেরূপ পরিধেয় পরিধান করি নাই। এখন তদ্প্রে স্বজ্ঞাতীয় নব্য ব্যক্তিরাও কেহ কেহ আমাদের প্রতি কিঞ্চিৎ প্রীতি প্রকাশ করিতে আরম্ভ করিতেছেন।"

অতঃপর যাঁহারা কীন্তি-দেবীর সন্মুখস্থিত সিংহাসন-সমুদায় প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহাদের বিষয় বর্ণন করি। তাঁহারা সকলেই প্রায় ধাান-মগ্ন এবং সকলেরই ললাট-দেশ প্রশস্ত। পূর্ব্বে যাঁহাদিগকে সর্ব্বাপেক্ষা ভক্তি-ভাজন বলিয়া বিশ্বাস ছিল, তাঁহাদের সকলকেই সেই স্থানে দৃষ্টি করিয়া, আপনাকে কৃতার্থ বোধ করিলাম। বাঁহারা ভূ-মণ্ডলে জন্ম-গ্রহণ করিয়া, বিজ্ঞা-বিষয়ে বিখ্যাত হইয়া গ্রিষ্পাছেন, তথায় তাঁহাদের সকলেরই সাক্ষাৎকার লাভ করিলাম। তথায় আমার সাতিশয় প্রদ্ধাম্পদ আর্যাভট্ট, বরাহমিহির, ব্রহ্মণ্ডপ্ত ও ক্লাক্ষরাচার্য্য অমান-ভাবে প্রশন্ত্ব-মননে বিরাজ করিতেছিলেন। প্রথমে মহাত্মা আর্যাভট্টকে কিছু মান ও বিষপ্ত দেখিয়াছিলাম ; পরে অকস্কাৎ তাঁহার

কোন প্রিয়তর মনোরথ পূর্ণ হইয়াছে। বাস্তবিকও তিনি কয়েকটি অসামান্ত ধী-শক্তি-সম্পন্ন মহামুভব মমুধ্যের প্রতি কটাক্ষপাত ও অঙ্গুলি-নির্দেশ করিয়া কহিলেন,—"পূর্কে কেহই আমার ষথার্থ মর্য্যাদা অবগত হইতে পারেন নাই: স্কুতরাং আমার কথায় আস্থা করা দুরে পাকুক, অত্যন্ত অশ্রদ্ধাই প্রকাশ করিয়াছিলেন। পরন্ত এই সমস্ত বিদেশীয় বন্ধু আমার অভিপ্রায় অবলম্বন করিয়া, আমার শ্রম সার্থক ও মুখোজ্জল করিয়াছেন। •" তিনি যে সমুদায় বিদেশীয় ব্যক্তিকে অঙ্গুলি-নির্দেশ দারা লক্ষ্য করিয়া কহিলেন, আমি তাঁহাদের পরিচয় লাভার্থ পরম কৌতৃহলাক্রান্ত হইয়া, আমার সমভিব্যাহারিণী বিভাধরীকে জিজ্ঞাসা করিলাম। তিনি কহিলেন,—"একজনের নাম কোপনিকস্ একজনের নমি গালিলিয়, একজনের নাম নিউটন ইত্যাদি।" এই শেষোক্ত নাম শ্রবণ মাত্র, আমার অন্তঃকরণ পুলকিত ও শরীর लाभाक्षिত इहेबा উठिल। शृद्ध हैंदाक शृथिवीत यावजीब मञ्चा অপেক্ষা গরিষ্ঠ বলিয়া বোধ ছিল, এখানেও দেখিলাম, ইনি সর্বাপেক্ষা উচ্চ আসনে উপবিষ্ট আছেন। বেদব্যাস ও শঙ্করাচার্য্য এবং প্লেটো ও পিণাগোরসকেও দশন করিলাম। প্রথমে তাঁহারা সকলের মধাস্থলে অবস্থিতি করিতেছিলেন, পরে ভূ-মণ্ডলের পশ্চিম-খণ্ড-নিবাদী কতকগুলি নব্য গ্রন্থকারের প্রথর মুথ-জ্যোতিঃ সহ করিতে না পারিয়া, এক পার্শ্বে গিয়া উপবেশন করিলেন।

এইরূপ কত দেশের কত গুণবান্ ও বিভাবান্ ব্যক্তিকে একত্র দৃষ্টি করিলাম, তাহার সংখ্যা করা ছন্ধর। সকলের আপন গুণ ও মর্য্যাদানুসারে

^{*} আর্যাভট্ট পৃথিবীর আহ্নিক গতি স্বীকার করিতেন ; কিন্তু তাঁহার পরে বরাহমিহিরু ব্রহ্মগুপ্ত প্রভৃতি তাহা স্বীকার করেন নাই।

আসন-গ্রহণ সম্পন্ন হইলে, তাঁহারা পর্য্যায়ক্রমে একে একে কীর্ভি-দেবীর স্তুতি করিতে প্রবুত্ত হইলেন। কেহ কহিলেন,—"দেবি! আমি লোকদিগকে শিক্ষাদানার্থে মানসিক ও কায়্বিক ক্লেশ করিয়া শরীর ক্লিষ্ট এবং অন্ত:করণ নির্বীধ্য করিয়াছি। কিন্তু অনেকেই তদর্থে ক্লুতজ্ঞতা স্বীকার করেন না, এবং কেহই তাহার পুরস্কার প্রদান করেন না। অতএব, মাতঃ ৷ তোমার শরণাপন্ন হইয়া নিবেদন করিতেছি, তোমার াসাত্মগ্রহ কটাক্ষপাত-ব্যতিরেকে ভূ-মণ্ডলে আমার আর কোন পুরস্কার প্রাপ্ত হইবার সম্ভাবনা নাই।" কেহ কহিলেন.—"দেবি! স্থামি কেবল তোমার প্রসাদ-লাভ-প্রত্যাশায় এত কষ্ট স্বীকার করিয়াছি এবং অর্করাত্র জাগরণ-পূর্বক মনোহর কাব্য প্রস্তুত করিয়াছি: অতএব জননি। আমার প্রতি সকরুণ-নেত্রে কটাক্ষপাত কর।" বে সমস্ত মহাবীর দেবীর বাম ভাগে উপবিষ্ট ছিলেন, তাঁহারা দণ্ডায়মান হইয়া, এইরূপ স্তব আরম্ভ করিলেন,—"দেবি ! আমরা কেবল তোমাকে ·লাভ করিবার নিমিত্ত ঘোরতর সঙ্কট-সমুদায়ে পতিত হইয়াছি। তোমার নিমিত্ত কত শত নগর শোণিত-প্রবাহে প্লাবিত করিয়াছি. কত শত গ্রাম অগ্নি-সংযুক্ত করিয়া দগ্ধ করিয়াছি এবং কত শত জাতির স্বাধীনতা-রত্ন হ'রণ করিয়াছি। অতএব, দেবি। অতঃপর তোমার পাদ-পল্নে স্থান দান কর।" আমি শেষোক্ত লোকদিগের স্তোত্র সমুদায় প্রবণ-পূর্ব্বক হঃথিত হইয়া, মনে মনে চিস্তা করিতেছিলাম। कि ! देंशामत माधा जानाक कीर्छि-एनवीत्र त्मवार्थ मर्स-तमवनीप्र পরম পূজনীয় দেব-দেব ধর্মকে অবহেলন ও কীর্ত্তি-শৈলে আরোহণার্থ পরম পবিত্র ধর্মাচল পরিত্যাগ করিয়া আদিয়াছেন ! ইতিমধ্যে আমার সমভিব্যাহারিণী হিতকারিণী বিভাধরী কহিলেন,—"তুমিও কেন ৈ এই নিকেতনের এক আসেন প্রহণ করিয়া উপবেশন কর ন।।"

আমি কহিলাম,—"বিভাধরি ! তুমি অমুকূল হইয়া আমাকে যে উপদেশ প্রদান করিলে, তাহা শিরোধার্য। কিছুমাত্র ষশঃস্পৃহা না থাকিলেই বা কেন এত কষ্ট স্বীকার করিয়া, এ স্থানে উপস্থিত হইব ? কিস্কুমে স্থাতি-প্রচার পরের বাগিল্রিয়-পরিচালনার উপর নির্ভর করে, তাহার নিমিত্তে কোন স্থায়ী ধন বিসর্জ্জন দেওয়া উচিত নহে। আমি কীর্ভি-দেবীকে কোন ক্রমে অশ্রদ্ধা করি না, এবং তাঁহার প্রসাদ-লাভার্থে ব্যাকুলও নহি। আমি, যে দেবতার যতদূর দেবা করা উচিত, তাহা করিব এবং দেবাধিপতি ধর্ম্মের আরাধনায় নিয়ত নিয়ুক্ত থাকিব; ইহাতে কীর্ভিদেবী আমার প্রতি অমুকূল হইয়া, ক্লপাকটাক্ষ করেন, আমি সাতিশয় আগ্রহ-প্রকাশ-পূর্ব্ধক তাঁহাকে হদয়-ধামে স্থান দান করিব। নিম্পাপ নিম্বন্ধ থাকিয়া, যদি যাবতীয় লোকের অজ্ঞাত থাকি, সেও ভাল, পাপ-পক্ষে কলম্বিত হইয়া, কীত্তি-লাভের অভিলাধী নহি।

এইরূপ চিন্তার বেগ প্রবল হওয়াতে, আমি সহসা জাগরিত হইয়া উঠিলাম। এখন নেত্র-উন্মীলন করিয়া দেখিতেছি, কোথায় বা কীর্ডি-শৈল, কোথায় বা কীর্ত্তি-নিকেতন। আমি, যে সমস্ত অতি শ্রদ্ধের পরম পূজনীয় মূর্ত্তি দর্শন করিলাম, তাঁহারাই বা কোথায় ? পূর্ব্ত নিশায় যে শ্যায় শয়ন করিয়াছিলাম, তাহাতেই পতিত রহিয়াছি। প্রভাত-সময়ের শিশির-সিক্ত স্থকোমল সমীরণ মন্দ প্রবাহিত হইয়া, সর্ব্বাঙ্গের ভাবরণ-বস্ত্র কম্পিত করিতেছে ও সর্ব্বাধীর শীতল করিতেছে।

विश्वम-(पश्।

জগদীশ্বর প্রক্ষিগণের শরীর-নির্মাণ-বিষয়ে যেরূপ কৌশল প্রকাশ করিয়াছেন, তাহার উপমা দিবার স্থল নাই। তাহাদের যে অঙ্গের বিষয় বিবেচনা করিয়া দেখা যায়, তাহাতেই তাঁহার নিরূপম নৈপুণ্য প্রতীয়মান হয়। তাহাদিগকে সতত বায়ু-সাগরে সম্ভরণ করিতে হয়, এ নিমিত্ত পরমেশ্বর তাহাদিগের শরীর একথানি উৎক্লষ্ট তরণি-স্বরূপ করিয়াছেন। তাহাদের পক্ষ দণ্ড-স্বরূপ, পুচ্ছ কর্ণ-স্বরূপ এবং বক্ষঃস্থল নৌকার পুরোভাগ-রূপ। শরীর ভারী হইলে, তাহারা আকাশ-পথে উজ্ঞীন্নমান হইতে অসমর্থ হইবে, এই বিবেচনান্ন, তিনি তাহাদের অঙ্গ-সমুদায় অত্যন্ত লঘু পদার্থে প্রস্তুত করিয়াছেন, এবং তাহাদিগকে অক্লেশে ৰায়ু ভেদ করিতে সমর্থ করিবার নিমিত্ত তাহাদের মস্তকের অগ্রভাগ অস্থল ও চঞ্চপুট স্থতীক্ষ্ব করিয়া নির্মাণ করিয়াছেন। পক্ষিগণের চঞ্চু অতি আশ্চর্য্য বস্তু। যে পক্ষী যেরূপ দ্রব্য আহার করে, জগদীশ্বর তাহার চঞ্ তহুপযোগী করিয়া দিয়াছেন। শেকুনি প্রভৃতি যে সকল পক্ষী অন্ত প্রাণীর শরীর বিদীর্ণ করিয়া, আহার করে, ও শুক-শারিকাদি যে সমস্ত পক্ষী শস্ত ভঞ্জন ও ফলাদি খণ্ডন করিয়া ভক্ষণ করে, তাহাদের চঞ্চু অত্যন্ত কঠিন ধরিয়া नियां हिन । किन्छ इश्म, तां ज्रुश्मानि य ममन्त्र भक्ती भरक्ष भरधा আহার অন্বেষণ করে. তাহাদের চঞ্চু কোমল ও চেপ্টা এবং এ প্রকার কৌশল-সহকারে নিশ্মিত যে, তাহার মধ্য দিয়া জল নির্গত হয়, কিন্তু সার বস্তু পতিত হয় না। মাংসাশী পক্ষীদিগের চঞুর পার্য-দেশ ্রিতীক্ষ্ণ এবং অগ্রভাগ বঁড়িশবৎ বক্রাকার। তাহারা তদ্ধারা নিহত পশু-প্রফ্যাদির শরীর বিদারণ ও মাংদাদি উৎপাটন করিয়া ভক্ষণ করে:


আবার বক প্রভৃতি বে সমস্ত পক্ষী জনজন্ত ধরিয়া আহার করে, তাহাদের চঞ্ কঠিন তীক্ষ ও দীর্ঘাকার। কিন্ত তাহাদিগকে যেমন নিহত জীবের শরীর হইতে মাংস উৎপাটন করিয়া ভক্ষণ করিতে হয় না, তেমন তাহাদের চঞ্জ উল্লিখিত মাংস-ভোজী বিহঙ্গদিগের চঞ্জ আর বক্রাকার নহে। কপোত-চটকাদি প্রাম্য পক্ষীদিগের চঞ্ ছোট, স্চল ও ঈষদ্বক্র; তন্ধারা তাহারা শস্তাদি ভোজ্য বস্ত অক্লেশে তুলিয়া লাইতে পারে। এইক্ষপ পূজারপুজ বিবেচনা করিয়া দেখিলে, নিশ্চয় হয়, পক্ষীদিগের মধ্যে যে জাতি যেরূপ সামগ্রী ভক্ষণ করে, পরমেশ্বর তাহার তত্পযোগী চঞ্চু নির্মাণ করিয়া, নিরুপম নৈপুণ্য প্রকাশ করিয়াছেন। কোন স্থলে এ নিয়মের কিছুমাত্র অন্তথা দেখা যায় না, যে স্থলে যেমন আবশ্রুক, জগদীশ্বর সে স্থানে সেইক্সপ করিয়াছেন।

তিনি যাবতীয় প্রাণীরই গ্রাসাচ্ছাদন-নির্মাণ-বিষয়ে অভ্ত কৌশল প্রদর্শন করিয়াছেন; কিন্তু পক্ষীদিপের শরীরের আচ্ছাদন যেমন পরিপাটি, এমন বুঝি আর কোন জন্তুরই নয়। ইহা যেমন লঘু, তেমনি মস্থা, আবার তদন্তরূপ শীত-নিবারক ও উষ্ণতা-সাধক। উহার বর্ণ ও শোভাই বা কেমন! পর্যাটকেরা অকম্মাৎ এক এক বন-বিহারী শবিহঙ্গনের অসামান্ত সৌন্দর্য্য অবলোকন করিয়া, মোহুতি হইয়া যান।

এক একটি পালক এক এক অত্যাশ্চর্য্য অসামান্ত শিল্পকার্য্য।
উহার পূর্ব্বভাগ অর্থাৎ পুদ্ধদেশ যেরূপ লঘু, তদত্ত্ররপ দৃঢ়।
লঘুতা ও দৃঢ়তা এই উভর গুণের এরূপ একত্র সমাবেশ আর কোন
বস্তুতে দৃষ্ট হয় না। ঐ পূর্ব্বভাগের ন্তাম অপর ভাগও অতি
আশ্চর্য্য। তাহা যে পদার্থে প্রস্তুত, ভূ-মণ্ডলের অন্ত কোন প্রাণীতে
ও কোন বস্তুতে তাহা বিভ্নমান নাই। উহা লঘু, দৃঢ় ও ফুর্ভেড্ন,

কোমল ও নমনীয়; অতএব ইচ্ছায়্মসারে সকল দিকে নত ও চালিত করা যায়; এবং স্থিতি-স্থাপক, অর্থাৎ উহাকে কোন দিকে নত অথবা চালিত করিয়া যদি ছাড়িয়া দেওয়া যায়, তাহা হইলে, পুর্বেষ যে ভাকেছিল, তৎক্ষণাৎ সেই ভাবে অবস্থিতি করে। পালকগুলি লঘু না হইলে, পক্ষিগণ উড়িতে সমর্থ হইবে না; এই বিবেচনায়, পরমেশ্বর উহাদিগকে লঘু করিয়াছেন। উহারা দৃঢ় না হইলে, বায়্প্রবাহ ছারা ভগ্ন হইয়া যাইবে; এই কারণে, উহাদিগকে দৃঢ় ও মুর্ভেম্ম করিয়াছেন। উহাদিগকে পরিষ্কৃত করিবার নিমিত্ত সকল দিকে চালনা করা আবশ্রুক; এই বিবেচনায়, উহাদিগকে কোমল, শিথিল, নমনীয় ও স্থিতি-স্থাপক করিয়াছেন। বিশ্বপতি বিহঙ্গমজাতির শরীরের লঘুতা ও দৃঢ়তা একত্র সংসাধনার্থ কতই যত্ন প্রকাশ করিয়াছেন। জগতের যে বস্তুর বিষয় উক্তরূপ বিবেচনা করা যায়, তাহাতেই তাঁহার অদ্ভূত কৌশল ও প্রগাঢ় যত্নের লক্ষণ প্রতীয়্মান হয়। অপরিচ্ছিয় অসীম বিশ্বের কণামাত্রও তাঁহার অ্যত্নের বিষয় নয়।

উল্কা-পিণ্ড।



ইদানীং অনেকে মধ্যে মধ্যে অন্তরাক্ষ হইতে ধাতৃ-পিও-পাতের বৃত্তাক্ত পাঠ করিয়া বিশ্বয়াপর হইয়া থাকেন। সেই সমস্ত ধাতৃপিও এই প্রস্তাবে উদ্ধাপিও বলিয়া লিখিত হইল। রাত্রি-কালে নভোমওলে মধ্যে মধ্যে বে নক্ষত্র-পাত দৃষ্ট হইয়া থাকে, তাহাও বাস্তবিক উদ্ধা-পাত, নক্ষত্র-পাত নয়। এক একটি নক্ষত্র পৃথিবী অপেক্ষাও কত-লক্ষ্মণ বৃহৎ, তাহা বলা যার না। সে সমুদার পৃথিবীর উপর পভিত হইলে, পৃথিবীর প্রলম্বাবস্থা উপস্থিত হয়। উদ্ধাপিও পতিত বা চালিত হইবার সম্ব্যে নক্ষত্রবং প্রতীর্মান হয়। ১৭৭২ স্তের শ্ত

বারত্বর শকের ১৬ যোলই অগ্রহায়ণে দিবা দিপ্রহর তিন ঘণ্টার সমরে বিষ্ণুপ্রের নিকটবর্ত্তী এক গ্রামে একটি উন্ধাপিও পতিত হয়; তাহা কলিকাতার আসিরাটিক সোসাইটী-নামক সমাজের চিত্র-শালার আনীত হইরা রক্ষিত হইরাছে। প্রতিবর্ষে কত স্থানে প্রৈরপ কত উন্ধা-পিও পতিত হর, তাহার সংখ্যা করিবার উপার নাই। এক এক দিন লক্ষ লক্ষ উদ্ধা-পিও আকাশ-মগুলে আবিভূতি হইতে দেখা গিরাছে।

ঐ সমস্ত উদ্ধা-পিশু পতিত হইবার সমরে, অন্তরীক্ষে একটা স্থানীর্ব অগ্নি-শিখা চলিয়া যায়। তৎক্ষণাৎ একটা মহাশন্ধ উৎপন্ন হয়। কথন কথন এ প্রকার ভয়য়র ধ্বনি উৎপাদিত হইয়া থাকে বে, ঘর, ছার, প্রাচীর প্রভৃতি কম্পিত হইয়া উঠে। ইতিপুর্বের বিষ্ণুপুরের নিকট যে উল্লা-পিশু পতিত হইবার বিষয় উল্লিখিত হইল, তাহা পতিত হইবার সময়ে, কামানের শন্ধের ফ্লায় ভয়ানক শন্ধ শ্রুত হইয়াছিল। কথন কথন নির্মাল নভোমগুলে অকমাৎ একথানি ঘোরতর মেঘ উপস্থিত হইয়া, অতি গভীর শন্ধ-পরম্পরা উৎপন্ন হয় এবং সেই সঙ্গে বহু-সংখ্যক উল্লা-পিশু বর্ষিত হইতে থাকে। এক এক সময়ে ঐয়প মেঘ হইতে সহস্র সহস্র উল্লা-পিশু পতিত হইতে দৃষ্টি করা গিয়াছে।

উল্পা-পাতের সময়ে শিথা দেখা যায় ও শক্ত হইয়া থাকে; ইহা বহুকালাবিধি প্রসিদ্ধ আছে। কিন্তু নভোমগুল হইতে বে স্থুলাকার উন্ধা-পিণ্ড পতিত হয়, ইহা সেরপ প্রসিদ্ধ ছিল না। কিন্তু এক্ষণে দে বিষয়ে আর সংশয় নাই। ইহা পতিত হইবার সময়ে উষ্ণ থাকে। ১৮৩৫ আঠার শত প্রত্রিশ খুষ্টাব্দের ১৩ তেরই নবেশ্বর ফ্রালিশ স্লেশে উন্ধাপাত হইয়া, একটি শ্রাগার একে বারে দশ্ম হইয়া গিয়াছিল। রাত্রিকালে অন্নি-শিথার স্থারই পতিত হউক, আর দিবান্তার্গে ক্রীপ্তিশৃন্ত হইরাই বা বর্ষিত হউক, সমুদার উকা-শিশু একক্ষণ পদার্থে পরিপূর্ব। লোহ, তাম, টীন, গদ্ধক, নিকল, কোবান্ট, সোডা প্রভৃতি, ত্ররোদশটি পাথিব বস্তু উন্ধাপিণ্ডে দেখিতে পাওমা বার। পৃথিবীতে যে বস্তু নাই, সে বস্তু উহাতে দৃষ্ট হর না। পৃথিবীতে থনির মধ্যে বিশুদ্ধ লোহ ও বিশুদ্ধ নিকল ধাতু প্রাপ্ত হওরা বার না; উহাদের সহিত অন্ত বস্তু মিশ্রিত থাকে, পরে পরিক্ষত করিরা লইতে হয়। কিন্তু উক্কা-পিণ্ডে যে লোহ ও নিকল প্রাপ্ত হওরা বার, তাহা বিশুদ্ধ। তাহার সহিত অন্ত কোন পদার্থ মিশ্রিত থাকে না। পশ্চাৎ প্রদর্শিত হইবে, উন্ধা-পিণ্ড পৃথিবী হইতে উৎপন্ন হয় নাই, উহারা পৃথিব্যাদি গ্রহগণের স্থায় স্ব্যা-মণ্ডল প্রদর্শিক করিরা ভ্রমণ করে। পৃথিবী-মণ্ডলে যে সমুদার পদার্থ আছে, বখন উক্কা-পিণ্ডেও কেবল তাহারই কোন কোন পদার্থ বিশ্রমান দেখিতে পাওয়া বার, তখন গ্রহ ও উপগ্রহগণও পার্থিব। পদার্থে প্রস্তুত হওরা সম্ভব বলিয়া প্রতীত হইতে পারে।

সকল উদ্ধা-পিগু সমানরপ বৃহৎ নয়। ছোট বড় নানাপ্রকার দেখিতে পাপ্তরা গিয়াছে। ব্রেজিল রাজ্যের অন্তঃপাতী বেহিয়া নামক স্থানে একটা উল্পা-পিগু পতিত আছে, তাহার ব্যাস ন্যুনাধিক ৫ পাঁচ হস্ত হইবে। লিখিত আছে, গ্রীসদেশীয় স্থপ্রসিদ্ধ পশুন্ত সক্রেটিস্ যে বৎসর জন্মগ্রহণ করেন, সেই বংসর সে দেশের ইগস্প্রেটিমস্ নামক নগরে এক বৃহৎ উল্পা-পিগু পতিত হয়। তাহা এত বৃহৎ যে একথানি শক্ট তাহাতে সম্পূর্ণরূপে বোঝাই হইচ্চে পারে। খুষীয় শকের দশম শতান্ধীর প্রারম্ভে নাণি-নামক নগরেয় নিকটবর্তিনী নদীতে একটি উল্পা-পিগু পতিত হয়; উহা এত বৃহৎ

বে, জনের উপর চারি ছট জাগিরা ছিল। ক্রেন্স্রন্তিন মধ্যে এরপ জন-প্রবাদ প্রচলিত আছে, চীন-রাজ্যের পশ্চিমখণ্ডে হরিয়নদীর প্রকাশ-সহিধানে একটি ক্লফবর্ণ উবা-পিণ্ডের কিরদংশ খ্রুতিত আছে, দেই পিও ২৭ সাতাইশ হস্ত উচ্চ।

উদ্ধা-পিশু চতুদ্দিকে বে দাহ্য পদার্থে পরিবেটিত থাক্কে, তাহা দইমা পরিনাণ করিলে, উহা অতি রহৎ বলিতে হর। কোন কোনটার ব্যাস ৫০০ পাঁচ শত ফুট, কোন কোনটার বা ১,০০০ এক সহস্র ফুট, কোন কোনটার ব্যাস তদপেক্ষাও অধিক দেখা বিরাছে। সার্ চার্লস্ ব্লাগডেন্ নামক ইউরোপীয় পশুত ১৭১৩ সভরশ তের খৃষ্টাব্দের ১৮ আঠারই জামুয়ারিতে একটা উল্লা দৃষ্টি করেন, তাহার ব্যাস ২,৬০০ হুই হাজার ছয়শ ফুট হইবে।

সৌর-জগতে কত কোটি উকা-পিও নিম্নত পরিভ্রমণ করিতেছে, ভাহা নিম্নপণ করা হংসাধ্য। মধ্যে মধ্যে একেবারে এত উকাপাতহর, বে তাহা দেখিলে ও শুনিলে নিতাস্ত বিশ্বরাপন্ন হইয়া থাকিতে হয়। আরবীর ইতিহাসবেতারা বর্ণন করিয়াছেন, বে রাত্রেইরাহিম্ বেন্ আমাদ-নামক নরপতি প্রাণত্যাগ করেন, সেই রাত্রে ক্রমংখ্যক নক্ষত্র পতিত হয়। ঐ নক্ষত্র-পাত অয়ি-রৃষ্টি বলিয়া বর্ণিত হইয়াছে। ভারতবর্ষীয় শাস্ত্রকারেরা গ্রন্থ-বিশেষে মধ্যে মধ্যে কে আমি-বর্ষপের প্রসঙ্গ করিয়াছেন, তাহা ঐরপ কোন উকাপাত ছৃষ্টে উলোধিত হইয়াছে বলিয়া বোধ হয়। এয়প ইতিহাস আছে, ১০৯৫ দেশে পঁচানকাই খৃষ্টাক্বের ২৫ পঁচিশে এপ্রেল করাশিদিগের দেশে শিলার্ষ্টির স্লান্ন নক্ষত্র-বৃষ্টি হইয়াছিল। এইয়প লিখিত আছে, ১২০২ বারশ ছই খৃষ্টাক্বের ১৯ উনিশে অক্টোবরের সমস্ত রাত্রি শলত-বর্ষপের স্লান্ন নক্ষত্র-বর্ষণ হইয়াছিল। ১৩৬৬ তেরশ ছেবটি

খৃষ্টাব্দের ২১ একুশে অক্টোবরে রাত্রি-শেষে একেবারে এত নক্ষত্র-পাত হয় যে, কেহই তাহা গণনা করিতে সমর্থ হয় নাই।

১৮৩৩ আঠারশ তেত্রিশ খুষ্টাব্দের ১২ বারই নবেম্বরে ার্ড্রাইট্র হইতে যে অভূত উকা-পুঞ্জের আবির্ভাব দৃষ্ট হয়, ভাহা সর্বাপেকা विश्वत्र-अन्क । थे निवम त्रांखि नत्र चन्छे अवधि भत्रनिवम सूर्यानस्त्रत পরক্ষণ পর্যান্ত উল্লিখিত বিস্ময়কর ব্যাপার দৃষ্টিগোচর হইয়াছিল। অমি-ক্রীড়ায় নক্ষত্র রাজির স্থায় অসভায় উদ্ধা-পিণ্ড আবিভূতি হইয়া, চক্মুর্গোচর সমস্ত নভঃ-প্রদেশ আচ্ছন্ন করিয়াছিল। সে সমুদায় ষতক্ষণ অতিশয় অবিরল দৃষ্ট হইয়াছিল, ততক্ষণ কাহারও তাহা প্রণনা করিবার সম্ভাবনা ছিল না। অনস্তর বখন কিছু বিরল হইর। আসিল, তথন বোষ্টন নগরস্থ এক পণ্ডিত গণনা ুকরিয়া দেখিলেন, প্রতি ঘণ্টার ৪০,০০০ চল্লিশ সহস্র উদ্ধা-পিণ্ড আত্মিত ও চলিত হইতেছে। ক্রমাগত সাত ঘণ্টা ঐক্সপ ব্যাপার প্রত্যক্ষ হয়। অতএব ৰলিতে হয়, ২,৮০,০০০ হই লক্ষ অশীতি সহস্ৰ উকা-পিণ্ড ঐ রন্ধনীতে অফুষাদিগের দৃষ্টি-পথে উপস্থিত হইয়াছিল। কিন্তু বে সময় উন্ধার সংখ্যা অনেক ন্যুন হইয়া আসিয়াছিল, তাহার পূর্বে তদপেক্ষায় অধিকসংখ্যা দৃষ্টিগোচর হয়। অতএব, ইহা অনান্নাসেই বলিতে প্রারা যায়, উক্ত রজনীতে সৌর জগতের অন্তর্গত ৩,০০,০০০ তিন শক্ষ জড়ময় উল্লা-পিণ্ড আমেরিকার উদ্ধ দেশ দিয়া চলিয়া গিয়াছিল। বিশ্বপতির বিশ্ব-ভাণ্ডারে কত অভুত বস্তু প্রস্তুত হইয়াছে,তাহা কে বলিতে পারে ? কেবল কয়েকটি গ্রহ, চক্র ও ধূমকেতু মাত্রই সৌর-জগতে বিভাষান বলিয়া প্রসিদ্ধ ছিল। অসংখ্য উল্লা-পিণ্ড বে তাহার অন্তর্গত থাকিয়া, নিয়ত পরিভ্রমণ করিতেছে, ইহা কিছু দিন পুর্বে আমাদের স্বপ্নেরও গোচর ছিল না।

উদ্ধা-পিত্তের গতির বিষয় বিবেচনা করিলেও বিশ্বয়াপর হইতে হয়। ভূমগুলস্থ কোন বস্তুর তাদৃশ সত্বর গতি দেখিতে পা**ও**রা ষায় না। ১৭৯৮ সতরশ আটানকাই খুষ্টাব্দে ২ তুইটি উদ্ধা-পিণ্ডের বৈগ নিরূপিত হয়: তক্মধ্যে একটির গতি প্রতিস্বলে ১৬৪ একশ চৌষটি ক্রোশ, দ্বিতীয়টির বেগ প্রতিপলে ১৭৯ একশ উনআশি ক্রোশের ন্যুন ও ২২২ হুইশ বাইশ ক্রোশের অধিক নয়। আশ্চর্য্যের विषय এই यে, ঐ ছইটির মধ্যে একটি ভূতলের দিকে অবতীর্ণ হইয়া, পুনরায় উদ্ধৃদিকে উখিত হইতে দষ্ট হইয়াছিল। ১৮২৩ আঠারশ তেইশ খুষ্টাব্দে ২৭ সাতাইশটি উল্পা-পিণ্ডের গতি ও পথ নিক্সপিত হয়; তন্মধ্যে এক একটির বেগ প্রতিপলে ৩৮০ তিনশ আশি ক্রোশ বলিয়া নির্দ্ধাবিত হইয়াছিল। ১৮৩৮ আঠারশ আটত্রিশ খুষ্টাব্দের ১০ই আগষ্ট স্থইজন'ণ্ড দেশে অনেকগুলি উন্ধাণিণ্ড পর্যাবেক্ষিত হয়। তাহাদের বেগ প্রতিপলে গড়ে ২.৩২৩ তেইশ শ তেইশ ক্রোশ বলিয়া নির্নীত হইয়াছে। গ্রহগণের গতির সহিত তুলনা করিয়া স্থিরীক্বত হইয়াছে, ঐ সকল উল্লা-পিণ্ড বুধ গ্রহ অপেক্লা সাড়ে সাত শুণ এবং পৃথিবী অপেক্ষা ১১ এগার শুণ প্রবলতর বেগে পরিভ্রমণ করে। অনেকানেক ধূমকেতৃও উক্তরূপ সত্বরগামী নয়। ঐ সমস্ত উল্লা-পিও ভূমওল হইতে কত উদ্ধে উদিত হয়, তামা নির্ণয় করিবার নিমিত্ত, পণ্ডিতেরা অনেক যত্ন ও অনেক আয়াস পাইয়াছেন, এবং গণনা করিয়া, কতকগুলির উৎসেধান্ধ নির্দারণও করিয়াছেন। এ বিষয়ে অতিমাত্র বৈষম্য দেখিতে পাওয়া যায়। কোনটার উৎসেধ ৩ তিন ক্রোশ কোনটার বা ৭০ সত্তর ক্রোশ. কোনটার ১৪০ এক শত চল্লিশ ক্রোশ. কোনটার বা ২৩০ ছইশত ত্রিশ ক্রোশ ্ব অপেক্ষাও অধিক। ১৮৩৮ আঠারশ আটত্রিশ খৃষ্টাব্দে স্কৃইজ্বর্গ ওছ দেশে যে সমস্ত উদ্ধা-পিণ্ড পর্য্যবেক্ষিত হয়, তাহাদের উৎসেধ ২৭৫ । ছুইশত প্রচাত্তর ক্রোশ বলিয়া নিরূপিত হুইগাছে।

কথন কথন উদ্ধা-পাতের সময়ে দেখিতে পাওয়া যায়, উহার শিশা আবিভূতি হইবামাত্র অমনি তিরোহিত হয়। কিন্তু কোন কোন উল্লা-পিণ্ডের শিখা ১৭ সতর ২৫ পঁচিশ ও ৩৭ সাঁইত্রিশ পল পর্যান্ত প্রকাশিত থাকিতে দেখা গিয়াছে। কোন রণপোতাধাক্ষ অর্পব-যান আরোহণ করিয়া, ভূমগুল প্রদক্ষিণ করিতে করিতে এক স্থানে একটি উল্লা-পিণ্ড দৃষ্ট করিয়াছিলেন। সেই উল্লা-পিণ্ড তিরোহিত হইবার পর তাহার শিখা এক ঘণ্টা স্থির হইয়াছিল। নভোমগুলের যে অংশে পৃথিবীর ছায়া পতিত হয়, যখন সেই অংশে ঐ ছায়ায় মধ্যেও উল্লার আভা দৃষ্ট হয়, তখন ঐ আলোক উহার নিজের আলোক বই আর কি বলিতে পারা যায় প্ গ্রহ-চক্রাদি যেমন স্থ্যের তেজ্ব প্রাপ্ত হয় বলিয়া তেজাময় দেখায়, উল্লা-পিণ্ড সেরপ বোধ হয় না।

উল্লা-পিণ্ড কির্মণে কোথা হইতে পতিত হয়, এই বিষয় লইয়া, পদার্থবিৎ পণ্ডিতদিগের মধ্যে অনেক বাদামুবাদ হইয়া গিয়াছে। কেহ কহিতেন, উহা বায়ৢমধ্যস্থিত বস্তু-বিশেষের সংযোগে উৎপন্ন হয়। কেহ বলিতেন, উহা আগ্রেয়-গিরি হইতে নির্গত হইয়া থাকে। ক্রেছ বা উহা চক্রলোক হইতে পতিত হয়, বলিয়া বিবেচনা করিতেন। কিন্তু ইদানীস্তন পণ্ডিতবর্গ উল্লিখিত অভিপ্রায়্ম-এয় নিরাকরণ করিয়া, মীমাংসা করিয়াছেন, গ্রহ ও ধুমকেতু সমুদায় য়েমন নির্দিষ্ট নিয়মামুসারে স্থ্য-মগুল প্রদক্ষণ করে, ঐ সমুদয় উল্লা-পিণ্ড সেইরূপ নিয়ম-বদ্ধ থাকিয়া, স্থ্য-মগুলের চতুর্দিকে পরিভ্রমণ করিয়া থাকে এবং ভ্রমণ করিত্বত করিতে যথন ভূ-মগুলের নিকটবর্ত্তী হয়, তথন তৎকর্ত্বক আরুষ্ট হয়া, ভূ-তলে আসিয়া উপস্থিত হয়। বৎসরের মধ্যে এক

শ্রেক সময়ে অধিক-সংখ্যক উত্থা-পিও দৃষ্টিপোচর হয়। পণ্ডিতেরা বিবেচনা করেন, তাহারা নভামগুলের যে প্রদেশ দিরা ভ্রমণ করে, পৃথিবীও সেই সেই সমরে সেই স্থানের নিকটবর্ত্তী হওয়াতে, পৃথিবীয় লোকেরা অনায়াসেই তাহাদিগকে দেখিতে পার। ৮ আটই আগষ্ট অবধি ১৫ পনরই আগষ্ট পর্যান্তই এবং ৬ ছরই নবেম্বর অবধি ১৯ উনিশে নবেম্বর পর্যান্তই অধিক উত্থা দৃষ্ট হইয়া থাকে। নবেম্বর মাসের ১২ বারই ১৩ তেরই তারিখে সর্ব্বাপেক্ষা অধিক-সংখ্যক উত্থাপিও আমাদের দৃষ্টিপথে পতিত হয় ।

ইদানীস্তন অনেকানেক প্রধান জ্যোতির্বিং পণ্ডিতেরা বিবেচনা করেন, চক্র যেমন নিরূপিত সময়ের মধ্যে পৃথিবী প্রাদক্ষিণ করে, সেইরূপ কতক উক্তা-পিশু কালক্রমে পৃথিবীর নিকটবর্ত্তী হইরা, ষধানিয়মে উহার চতুর্দ্দিকে পরিভ্রমণ করিতে আরম্ভ করিরাছে। ফরাশিশ রাজ্যের অন্তঃপাতী তুলস নগরস্থ মান-মন্দিরের অধ্যক্ষ গণনা করিয়া দেখিয়াছেন, এরূপ একটি বৃহত্তর উদ্ধা-পিশু ধরাতল হইতে ২,২০০ হুই সহস্র হুইশত ক্রোশ উদ্ধে অবস্থিত থাকিয়া, ৮ আটদশু ২০ কুড়ি পলে পৃথিবীর চতুর্দ্দিকে ভ্রমণ করে; স্থতরাং বলিতে হয়, উহা পৃথিবীকে প্রতিদিন প্রায় ৭ সাত বার প্রদক্ষিণ করিয়া থাকে।

১৮৬২ আঠারশ বাষ্টি ও ১৮৬৬ আঠারশা ছ্রাটি খুটান্দে থৈ
সমস্ত ধুমকেতু দৃষ্ট হয় এবং মঙ্গল ও বৃহস্পতি গ্রহের ভ্রমণ পথের
মধ্যে থাকিয়া যে সমুদয় কনিষ্ঠ গ্রহ স্থামগুল প্রদক্ষিণ করে, সে
সমুদায় বৃহৎ বৃহৎ উল্কা-পিগু বলিয়া অহুমিত হইয়াছে। শনিগ্রহের
বলয়এয়ও ঐয়প কুড কুড জড়পিওে বিরচিত বলিয়া বিবেচিত
হইয়া থাকে।

वायू-(मवन ७ गृह-পরিমার্জন।

প্রাচীন পণ্ডিতেরা বায়ুকে জগৎপ্রাণ বর্ণিয়া বর্ণন করিয়াছেন। বাস্তবিক উহা পৃথিবীস্থ জাঁবগণের জাঁবনস্বরূপ তাহার সন্দেহ নাই। জ্বন্ধ, জ্বল, ব্যতিরেকে ছই এক দিবদ অতিক্রম করিতে সমর্থ হওরা বার, কিন্তু বায়ু-ব্যতিরেকে ক্ষণমাত্র প্রাণ ধারণ করা যার না। ভারতবর্বীয় ধর্ম-নিষ্ঠ ব্রতধারী ব্যক্তিদিপের মধ্যে অনেকে নবরাত্র করিয়া, অর্থাৎ নয় দিবস নিরশন থাকিয়া, জাঁবিত থাকেন, জ্বনা গিয়াছে; কিন্তু নির্মাত স্থানে নয় পল মাত্র অবস্থিতি করিতে হইলে, মৃত্যুমুথে পতিত হইতে হয়। যে সমস্ত পথিক ও বণিক বালুকাময় মরুভূমি পর্যাটন করে, তাহারা জ্বলগান-ব্যতিরেকে ১০।১৫ দশ পনর ক্রোশ অনায়াসেই ভ্রমণ করিতে পারে, কিন্তু নির্মাত স্থান দিয়া ১০।১৫ দশ পোনের পদও গমন করিতে সমর্থ হয় না। অতএব, বায়ু আমাদিগের জাবন-রক্ষার্থ যেমন আবশ্রুক, জন্তু কোন বস্তু সেরপ নয়। অন্ধ, জ্বল ও জ্যোতি আবশ্রুক বটে, কিন্তু বায়ুর তুল্য নয়। বায়ু পৃথিবীস্থ জাবের সাক্ষাৎ প্রাণম্বরূপ।

কিন্তু সকল স্থানের বায়ু সমানরূপ উপকারী নয়। বিশুদ্ধ বায়ুই প্রক্লতরূপ উপকারী। যেমন, ছর্মন্ধ জ্বল পান করিলে ও সালিত ফল ভক্ষণ করিলে রোগ জন্মে, সেইরূপ অবিশুদ্ধ ছষ্ট বায়ু সেবন করিলেও রোগোৎপত্তি হইয়া থাকে। ধিনি কলিকাতা নগরীর পথ-প্রান্তবর্তিনী জলপ্রণালীর নিকটস্থিত ছর্মন্ধ বায়ু নিশাস সহকারে শরীরস্থ করিয়াছেন, এই নগরীর লোক কি জন্ম ক্য়া শীর্ণ ও খ্রীভ্রষ্ট, তাহা তাঁহার অনায়াসেই অমুভূত হইতে পারে। *

* এখন ইহার বিশ্বর পরিবর্ত্তন হইয়া আনেক পরিমাণে দুর্মন্ধ নিবারণ হইয়াছ।

এটি সুবের বিবয় তাহার সন্দেহ নাই।

প্রভাত, বে ব্যক্তি প্রাতঃকালীন স্থমিশ্ব বিশুদ্ধ সমীরণ সেবন করিয়া, হৃদয়-পদ্ম বিকসিত করিয়াছেন, চৌরঙ্গী-নিবাসী ইউরোপীয় লোক কি নিমিন্ত হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ, তাহাও তাঁহার প্রতীত হইতে পারে।

শরীরের মধ্যে অবিশ্রাস্ত রক্ত চলিতেছে। সেই রক্ত চলিতে চলিতে শরীরস্থ অস্তান্ত হঠ পদার্থের সহিত মিশ্রিত হইরা দ্বিত হইরা দ্বিত হইরে, পরে অপর্য্যাপ্ত বায়ু নিধাস-সহকারে দেহমধ্যে নীত হইরা, সেই দ্বিত রক্ত সংস্কৃত করিতেছে। যদি কোন অহিতকারী পদার্থ ঐ বায়ু-সমভিব্যাহারে সতত শরীরমধ্যে প্রবেশ করে, তাহা হইলে, আশু বা বিলম্বে রোগ জন্মে, তাহার সন্দেহ নাই।

বায়ু নানা কারণে ও নানা প্রকারে দ্যিত হইতে পারে।
মহবের খাস-প্রখাস উহার এক প্রধান কারণ। আমরা যে বায়ু
নাসিকা বারা আকর্ষণ করিয়া শরীরস্থ করি, তাহা শরীরমধ্যে
প্রবেশ করিয়া, বিকার প্রাপ্ত হইয়া বহির্গত হয়। ইহা নাসিকা-রয়্মে
প্রবিষ্ঠ হইবার সময়ে আমাদিগের প্রাণ-ধারণের উপযোগী থাকে;
পরে প্রাণ-সংহারের উপযোগী হইয়া বাহির হইয়া আইসে। ইহার
প্রাণ-ধারণ-গুণ নষ্ঠ হইয়া, প্রোণ-হরণ-গুণ উৎপন্ন হয়। ঐ বিষতুল্য
বিক্রত বায়ু শরীর হইতে বাহির হইয়া যে বায়ুর সহিত মিশ্রত
হয়, তাহা আমাদিগের পক্ষে অত্যন্ত অহিতকারী। তাহা সেবন করা
কর্ম্বরা নয়।

বিশুদ্ধ বায়ু খাস প্রখাস দারা উক্তরণ বিকার প্রাপ্ত হয়, ইহা আফ্রেশে পরীক্ষা করিয়া সপ্রমাণ করিতে সমর্থ হওয়া যায়। চূণের জলে সামাক্ত বায়ু ব্যজন করিলে, সৈ জলের কিছুমাত্র রূপান্তর হয় না, যেমন তেমনই থাকে। কিন্তু ফুৎকার দিলে, উহা অবিলক্ষে

মলিন হইরা উঠে। যে অহিতকারী পদার্থ নিষাস-সহকারে শরীর হইতে বহির্গত হয়, তাহা চূণের জলে মিলিত হইলে, সে জল ঐক্পপ আবিল হইরা থাকে।

আমরা যে গৃহে অবস্থিতি করি, সে গৃহের বায়ু খাসপ্রখাস⁷ দারা অনবরতই উক্তরূপ দূষিত হইতে থাকে। যদি বাহিরের বায়ু প্রবাহিত হইয়া, ঐ দুষিত বায়ুকে অপসারিত করিয়া না দেয়, তাহা হইলে, ঐ বায়ু ক্রমশঃ বিষতুল্য হইয়া উঠে। উহা সেবন করিলে, অবিলম্বেই মৃত্যুগ্রাসে প্রবেশ করিবার সম্ভাবনা। নবাক সিরাজউদ্দৌলার সেনাপতি মাণিকটাদ কলিকাতার তুর্গমধ্যে দৈর্ঘ্যে ১২ বার হস্ত ও প্রস্তে ৯ নয় হস্ত প্রমাণ একটি প্রকোঠে ১৪৬ একশ ছচল্লিশ জন ইংরাজকে সমস্ত রাত্রি রুদ্ধ করিয়া রাথাতে যে ভয়কর ব্যাপার উপস্থিত হইয়াছিল, তাহা অনেকেই বিদিত আছেন। ঐ প্রকোষ্ঠের এক দিকে একটি মাত্র বাতায়ন ছিল; স্থতরাং আবশুক্মত বায়ু সঞ্চারের উপায় ছিল না। উল্লিখিত বন্দী সকলের নিখাসে উক্ত গৃহের সমস্ত বায়ু অতি শীঘ্র ভ্রষ্ট হইয়া গেল. তাহারা অবিলম্বেই পিপাসায় অস্থির হইল, গাত্রদাহে দগ্ধ হইল এবং বায়ুবিরহে অধীর হইতে লাগিল। সকলেই কিঞ্চিৎ বায়ু লাভের প্রত্যাশার ব্যাকুল হইয়া. উর্দ্ধন্ত বাতায়নের নিকটস্থ হইবার জন্ত চেষ্টা পাইতে লাগিল এবং 'বন্দুক করিয়া আমাদের মন্ত্রণার পর্য্যবসান কর" বলিয়া রক্ষকদিগের নিকট ব্যগ্রতা-সহকারে প্রার্থনা করিতে লাগিল। পরিশেষে এক এক করিয়া হতচেতন হইয়া, ধরণীতলে পতিত হইল, এবং অবশিষ্ট সকলে তাহাদের মৃত শরীরোপরি দণ্ডারমান হইয়া, কিঞ্চিৎ কিঞ্চিৎ বায়ু প্রাপ্ত হইতে गांशिल। পর দিন প্রাতঃকালে ঘারোদ্যাটন হইলে, দৃষ্ট হইল ১৪৬



একশ ছচন্নিশ জনের মধ্যে ২৩ তেইশ জন মাত্র তথন পর্যা**ন্ত জী**বিত আছে, অবশিষ্ট সকলেই প্রাণত্যাগ করিয়াছে।

নাসিকার ন্থায় লোম-কৃপ দারাও শরীরস্থ অনিষ্টকারী পদার্থ-সমূহ নিয়ত বহির্গত হয়। অতএব তন্দারাও গৃহের বায়ু ক্রুমাগত দৃষিত ও অবিশুদ্ধ হইয়া থাকে। কখন কখন এমন দৃষিত হয় যে, তন্দারা এক প্রকার হঃসহ হুর্গন্ধ উৎপন্ন হইয়া থাকে। শিশির-কালে উষা-কালীন বিশুদ্ধ বায়ু সেবনপূর্বক কোন ব্যক্তির শয়নগৃহের কবাট উদ্যাটন করিয়া, তাহার শয়্যার নিকট গমন করিলে, এক্লপ হুর্পন্ধ অনুভূত হয় যে, তৎক্ষণাৎ তথা হইতে বহির্গত হইবার জন্ম ব্যক্ত

এইক্সপে নিশ্বাস-ক্রিয়া, স্বেদ-নিঃসরণ, রন্ধন-ধূম, হুর্গন্ধ বস্তুর বাপোলাম ইত্যাদি অনেক কারণ হারা গৃহের বায়ু অবিরত দূষিত হইয়া, গৃহবাসীদিগের পক্ষে অত্যস্ত অস্বাস্থ্যকর হইতে থাকে। অতএব যাহাতে গৃহমধ্যে সতত বিশুদ্ধ বায়ুর সঞ্চার থাকে অর্থাৎ বাহিরের বিমল বায়ু গৃহের মধ্যে সর্বাদা সঞ্চারিত হইয়া, তথাকার দৃষিত বায়ু বহির্গত করিয়া দেয়, তাহার উপায় করা কর্ত্তব্য।

তাহার উপায় করা কঠিন কর্ম নয়। বায়ু আমাদের পক্ষে নিতান্ত আবশুক বিবেচনা করিয়া, কর্মণাময় পরমেশ্বর উহা য়্বর্মত প্রচুর রাথিয়া দিয়াছেন। উহা সকল স্থানে, সকল গৃহে ও সকল রক্ষেই সর্কক্ষণ বিভামান রহিয়াছে। পথ, ঘাট, গৃহ, কানন, নদী, সমুদ্র প্রভৃতি যে কোন স্থানে আমাদের অবস্থিতি করা আবশুক হয়, তাহাই বায়ুয়ালিতে পরিপূর্ণ। মৎশু, কুজীর, হায়য় প্রভৃতি জল-জন্ত যেমন জলাশয় মধ্যে নিময় থাকে, আমরাও সেইরপ স্থগভীর বায়ুয়ালিতে ময় হইয়া রহিয়াছি। অতএব বায়ু যেমন

সর্বাপেকা আবশ্রক, তেমনি সর্বাপেকা হুলভ। কিন্তু কেমন ছর্ভাগ্যের বিষয়, পরমেশরের কঙ্গণামর অভিপ্রার অবহেলা করা আমাদের অভ্যাস পাইয়া গিয়াছে, আমরা প্রমন্ত-পূর্বক বায়্-প্রবাহের প্রভিরোধ করিয়া থাকি। বাসস্থানে অপ্রতিহত বিশুদ্ধ বায়্র সঞ্চার থাকা নিতান্ত আবশ্রক, ইহা এতদেশীর লোকেরা কিছুমাত্র বিবেচনা করে না; হুতরাং গৃহ-নিশ্মাণের সমরে তাহার উপায় করিয়াওরাধে না।

এতদেশীয় লোকের গৃহ-নির্ম্বাণের গ্রণালী পর্য্যালোচনা করিয়া দেখিলে, বিশ্বিত ও হঃখিত হইতে হয়। গৃহমধ্যে জ্যোতিঃ ও वार्-जक्षांगरनत्र প্রতিষেধ করা বেন ঐ প্রণালীর প্রধান উদ্দেশ্ত বলিরা প্রতীরমান হর। এতদেশীর পূর্বতন গৃহ-সমুদায়ের এক একটি প্রকোষ্ঠ এক একটি সিন্দুক বলিয়া উল্লিখিত হইতে পারে। বাস্তবিক, সিন্দুকের এক পার্মে হুইটি ক্ষুদ্র ছিদ্র এবং অক্ত এক পার্ষে তদপেকা রুহত্তর আর একটি চতুকোণ ছিন্র কর্ত্তন করিলে रामन इत्र, शूर्वकारनद अरकांक्र-ममुमात्र अविकल सारेक्रश हिल এवः অন্তাপি পল্লিগ্রামে অনেক স্থানে সেইরূপ গৃহ প্রস্তুত হইরা থাকে। ভদীয় ভিত্তির উদ্ধাদেশে ছই একটি হস্তপ্রমাণ গবাক্ষ বা বাতায়ন থাকে; তদ্বারা বে প্রমাণ বায়ু গৃহমধ্যে প্রবিষ্ট হইতে পারে, গ্রহবাসীরা তাহাই সেবন করিয়া সন্ধীব থাকেন। অনেকানেক ভূণাচ্ছাদিত গৃহে উক্তরূপ গবাক্ষ থাকে না; কেবল এক দিকে अववा छक्ष मः था। इरे मिटक अक वा इरेंग्रि मां कुन बाद विश्वमान থাকে। আপাততঃ বোধ হয় উল্লিখিত গৃহ ও প্রকোষ্ঠ সমুদায় **अञ्च**ि रहेवात नमात्र जारात्र मारा स्वाचित्र वासू सारा क्रक হইয়া থাকে, তাহা বুঝি তাহা হইতে কোন কালেই নিঃশেষে নিংসারিত হয় না। অনেক মহাশয় শীতগ্রত গৃহের বাতায়ন উদ্ঘাটন করা একেবারে বিশ্বত হইয়া যান। তথাকার বিষ্পৃতিত দৃষিত বায় যত্নপূর্ব্ধক ক্ষম করিয়া রাখেন। ঐরপ একটি প্রকাষ্টমধ্যে বহুসংখ্যক লোক শয়ন করিয়া, শ্বাস প্রশ্বাস দ্বারা তথাকার বায় বিষাক্ত করিয়া রাখে। তাহারা সেই বিষাক্ত বায়ুর মধ্যে সমস্ত রজনী রুদ্ধ থাকিয়া যে প্রাতঃকালে সজীব শরীরে গাত্রোখান করে, ইহা আক্রর্যের বিষয় বিলয়া গণ্য করিতে হইবে। ভাগ্যে আমরা উক্তরূপ 'গৃহের উক্তরূপ বাতায়নের সার্সী ব্যবহার করিতে শিক্ষা করি নাই, তাহাই তো বাতায়নের ছিদ্র দিয়া অল্প আর বায়ু প্রবেশ করিয়া গৃহবাসীদিগের প্রাণরক্ষা করে। সার্সী ব্যবহার করিলে, সমুদায় রন্ধ রুদ্ধ হওয়ায়, তাহাদিগকে এক রজনীতেই মৃত্যপ্রাসে প্রবিষ্ঠ হইতে হইত।

এই মহানগরের এবং ইহার পার্ম্বর্জী গ্রামসমূহের অধুনাতন লোকেরা ইংরাজদিগের দৃষ্টাস্তামুদারে গৃহের হার ও বাতায়নাদি প্রশস্ত করিতে আরম্ভ করিয়ছেন। কিন্তু তাঁহাদের গৃহনির্মাণের সমগ্র প্রণালী বিবেচনা করিয়া দেখিলে বোধ হয়, গৃহমধ্যে অতি প্রচুর বায়ু-সঞ্চার থাকা যে নিতান্ত আবশুক, ইহা তাঁহাদের কদাচ হৃদয়শ্পম হয় নাই। ইতিপূর্ব্বে এক একটি প্রকোষ্ঠ-নির্মাণের যেরূপ রীতি নির্দিষ্ঠ হইয়াছে, এতদ্দেশীয় সমগ্র গৃহই সেইয়প রীতিক্রমে প্রস্তুত হইয়া থাকে। এতদ্দেশীয় লোক আবাস-গৃহ চক্বন্দি করা যেমন তালবাসেন, অত্য কোন প্রণালী সেরূপ তালবাসেন না। নৃতন গৃহের স্থুবপাত করিবার সময়ে, অগ্রে চকের ঘরের স্থান রাথিয়া, তবে অভান্ত কার্য্য আরম্ভ করেন। চক্বন্দি করার শুণ এই যে, সমগ্র গৃহ চতুর্দ্দিকে প্রকোষ্ঠ-শ্রেণীতে বেষ্টিত থাকিয়া, চতুর্দ্দিকের বায়ু রোষ

ক্রিতে থাকে ৷ বিশেষতঃ রাজধানীর মধ্যে উক্তরপ চকবন্দি করা নিবাস-গৃহ অশেষ অনর্থের মূল। পলীগ্রামে স্থান স্থলভ, গৃহ সমুদায় অপেকাক্বত প্রশন্ত, বাস্তবাটীর চতুর্দিকে প্রায়ই উদ্বাস্ত থাকে: অতএব তথায় চক্বন্দি হইলেও, গৃহমধ্যে কিয়ৎপ্রমাণ বিশুদ্ধ বায়ু কথঞ্চিৎ সঞ্চারিত হইতে পারে। কলিকাতার বিষয় ইহার নিতান্ত বিপরীত: এখানে ভূমি অতি হল ভ। গৃহ অতি সঙ্কীর্ণ। চতুর্দিক চক্বন্দি হইলে অঙ্গন অতি অন্ন থাকে। এই সমস্ত চকের ঘর দিতল এবং ত্রিতল হইয়া থাকে। বাটীর পার্থে কিছুমাত্র উঘাস্ত থাকে না। প্রতিবাসীর বাস-গৃহ এক্নপ সম্লিহিত ও সংলগ্ন বে. সেদিকে একটি বাতায়ন রাখিবারও উপায় হয় না। উক্তরূপ এক একটি গৃহ এক একটি কৃপ বলিয়া অনায়াসেই উল্লিখিত হইতে পারে। আবার যখন ক্রিয়াকাণ্ডের সময়ে চক্রাতপে আচ্ছাদিত হয়, তথন দারুময় সিন্দুকের সহিত উহার কিছুমাত্র বিশেষ থাকে না। উহার মধ্যে নিশ্বাদ-বিষ নির্গত হইতেছে. *त्यम-* विक् मिक्क इंटेर्डिंड, ब्रक्कन-धूम विविध्य इंटेर्डिंड ध्वर क्छ প্রকার গলিত বস্তুর বিষময় বাষ্প সঞ্চরণ করিতেছে। করুণাময় পরমেশ্বর, গৃহমধ্যে অপর্য্যাপ্ত বিশুদ্ধ বায়ুর সতত সঞ্চার থাকা আবশ্রক विरवहना कतिया. य मञ्जलगर्ड मरनाश्त्र नियम मः शामन कतियाहन, এতদ্দেশীয় লোকে সে নিয়ম অগ্রাহ্ম করিয়া, সমুচিত শাস্তি ভোগ 🛚 🕶 রিতেছেন। •

আমরা ল্রান্তিক্রমে যাহ। স্থাধের বিষয় বিবেচনা করি, আমাদিগের বৃদ্ধিদোষে তাহা অত্যন্ত অম্বধের কারণ হইয়া উঠে। ক্রিয়াকাণ্ডের সময়ে গৃহস্থের গৃহ যেরপ অনিপ্রকারী ও বীতৎসজনক হয়, তাহা এই মাত্র উল্লিখিত হইল। রাত্রিকালে নৃত্যগীতাদি হইলে, ততোধিক অহিতকারী হইয়া উঠে। উহা চতুর্দিকে প্রাচীর ও প্রকোষ্ঠ-শ্রেণীতে

পরিবেইটিত, উপরিভাগে চক্রাতপে আচ্ছাদিত, এবং অভ্যন্তরে লোক-জনন পরিপূর্ণ। বাস্তবিক, উহা উদ্ধাধ্য সংবলিত দশ দিকে ক্লদ্ধ বিদ্যান বর্ণনা করিলেও অসকত হয় না। বহিদ্ধার উদ্যান্তি থাকে বটে, কিছু কৌভুকাবিষ্ট অনাহত লোকের সমাগমে নিতান্ত নিরবকাশ হইরা বায়। কোন দিক হইতে বায়ু সঞ্চরপের পথ থাকে না। লোকের নিখাসে ও স্বেদনিঃসরণে তথাকার ক্লদ্ধ বায়ু অতি শীঘ্র দূষিত হয়, এবং কিয়ৎক্ষণ পরে এমন হর্গন্ধ হয় য়ে, অসহ হইরা উঠে। তাল-ব্রুবারী আক্রাকারী ভতাগণ, সেই সমস্ত হর্গন্ধময় ঘনীয়ত গরল বারংবার সঞ্চালন করিয়া, নিয়োগকর্তাদিপের ও তদীয় বায়বদিপের মুখমগুলে প্রক্রেপ করিতে থাকে। রাত্রি-জাগরণ ও বিষ-পূরিত বায়ু পরিষেণণ বায়া তত্রস্থ সমস্ত লোকের শরীর অবিলম্বে ক্লিন্ট ও পীড়িত হইয়া পড়ে। যাহারা নিশার্দ্ধ সময়ে অথবা কিঞ্চিৎ পূর্বের্ম সত্তেজ-শরীরে ও সরস্কলনে সঙ্গীত-ভূমি আরোহণ করেন, প্রাতঃকালে তাঁহাদিগকে বিবর্ণবিদন ও ক্লিন্ট-লোচন অবলোকন করিয়া হাখিত হইতে হয়! তদীয় স্থান্তীতে স্বকীয় অত্যাচারের লক্ষণ স্থম্পন্ট লক্ষিত হইয়া থাকে।

বাঁহারা আমাদিগের আবাস-গৃহ উদ্লিখিতরপ বিধিবিরুদ্ধ করিরা প্রস্তুত করেন, তাঁহারা দেব-গৃহও তদমুরূপ করিবেন, ইহা সর্বতোভাবেই সম্ভব; ফলত: বিবেচনা করিয়া দেখিলে বলিতে হয়, তাঁহারা দেবালয়-নির্মাণ-বিষয়ে শারীরিক স্বাস্থ্যবিধানবিষয়ক নিয়মের বিরুদ্ধাচরণের একশেষ করিয়া থাকেন। ভারতবর্ষীয় দেব-মন্দিরের মধ্যে অনেক মন্দিরই একদার। যদি বা ছই দ্বার থাকে, তাহার একটি চিরদিন কৃদ্ধ; অভএব তাহাতে বিশুদ্ধ বায়ু-সঞ্চার ও অব্যাহত জ্যোতি: সমাগ্রের সম্ভাবনা থাকে না। পবন তথায় প্রবেশ করিতে স্থান পান না এবং ক্র্যান্ত স্থীয় রশ্মি বিকীশ করিতে গণ পান না। স্থপ্রশস্ত উন্নত মন্দিরের

মধ্যে দিবা-রাত্রি রাত্রি বিরাজ করে, এবং উহা প্রস্তুত হইবার সমূরে বে"
বার্ উহার মধ্যে প্রবিষ্ট হয়, তাহা চির কারাক্সর ছষ্ট লোকের স্থায় দৃষ্ঠিত
ভাবে চিরকালই তথার অবস্থিতি করে। কোন কোন প্রধান তীর্ষের
প্রধান মন্দিরে দিবাভাগেও দীপালোক ব্যতিরেকে দেব-সেবা সম্পন্ন
হয় না। ঐ সমস্ত দেবালয়-মধ্যে দীপ-নিধার ধুম উত্থিত হয়, বিবদল ও
কুম্ম-পুঞ্জ গলিত হইরা হুর্গন্ধ হয়, যাত্রিগণের নিখাস-বায়্ নিঃস্তুত
হইরা ব্যাপ্ত হয় এবং যে মন্দিরে শক্তি-মৃত্তি প্রতিষ্ঠিত থাকে, তাহায়
অভ্যন্তর ও বাহির পশুক্ঠ-বিনির্গত পৃতিসন্ধ শোণিতে দ্বিত হইরা
অতিমাত্র জবস্তু হইরা থাকে।

এতদেশীর লোকের গৃহ-নির্মাণের প্রণালী-বিষয়ে যংকিঞ্চিৎ বাহাঁ
লিখিত হইল, তাহা পাঠ করিয়া দেখিলে, ঐ প্রণালী যে অত্যক্ত
ক্ষনিষ্টকারী, ইহা অক্লেশেই প্রতীত হইতে পারে। বাদগৃহের স্ত্রপাত
করিবার সময়ে সর্বাত্রে অপ্র্যাপ্ত বায়ু-সঞ্চারের সত্পায় নির্দারণ করা
স্ক্রোভাবে কর্ত্ব্য।

রন্ধনের ধূম, গণিত বস্তর গাঙ্গা, তুর্গন্ধমন্থ আবর্জনা, লোমকূপ বিনির্গত ফেল-বিন্দু ইত্যাদি অনেক বস্ত দারা গৃহৈর বারু নিরত দৃষিত হইরা থাকে, ইহা ইতিপূর্বে উল্লিখিত হইরাছে। যে সমস্ত জংখী লোক এক কূটীর বা প্রকোষ্টের মধ্যেই অশন, শরন, রন্ধনাদি সমস্ত নিত্যক্রিয়া সম্পাদন করিয়া থাকে, তাংগদিগের গৃহের বারু ঐ সমস্ত অনিষ্টকারী পদার্থের সহিত মিশ্রিত হইরা, অনবরতই দোষাশ্রিত হয়। যে গৃহে ঐ সমস্ত বস্ত বিজ্ঞান থাকে, সভত বারুস্থার থাকিলেও তথাকার বারু বিশুদ্ধ থাকিতে পারে না। প্রভাত নিরন্তর বিষাক্ত হইরা, গৃহবাদীদিগের শরীরের তেজ ও মনের বীর্ঘ্য বিনাশ করিতে থাকে। অত্রব বাসগৃহ সতত পরিষ্কৃত রাথা, গনিত ও ত্র্মন্ধ বস্ত দৃষ্টিমাত্র অপ্যারিত করিয়া

পে ওয়া, এবং স্থানের ধুম গৃহমধ্যে রুদ্ধ না হইরা, বাহাতে তৎক্ষণাৎ উত্থিত ও বহির্গত হইরা বার, তাহার উপায় করা কর্ত্তবা।

শরীরের থেদাদি ঘারা শব্যার আন্তরণ মলিন হইলে, অন্যন্ত অস্বান্ত্য-জনক হয়। তাহা হইতে বে এক প্রকার হঃসহ হর্গন্ধ নির্গত হইরা থাকে, তাহা নাসিকা রক্ষে প্রবিষ্ট হইবামাত্র রোগাবহ বলিরা প্রভীয়মান হইতে থাকে। অনেক ব্যক্তির শব্যা এরপ মলিন ও হুর্গন্ধ, হে উহা কল্মিন্ কালে রজকের হস্ত স্পর্শ করিয় ছিল, এমন বোধ হয় না। উহা প্রতিরাত্তিতে স্বেদ্বরূপ গরল সংযুক্ত হইয়া, তাহাদিগের স্বাস্থ্যস্থ হরণ করে, ইহা তাহারা জানিতে পারে না। অতএব শ্ব্যা পরিষ্কৃত রাথা, বিশেষতঃ তাহার আন্তরণ সত্ত প্রকালন ও পরিবর্তন করা স্বতিভোবে কর্ম্বয়।

শ্যা হইতে গাজোখান করিবার পরে, উহার আন্তরণাদি ভূশিরা বার্ সেবিত করা এবং শ্রনগৃহের দার ও বাহারন উদ্বাটন পূর্বক তন্মধ্যে বার্-প্রবাহ প্রবাহিত হইতে দেওয়া, সমাক রূপেই বিধের। রাত্রিকালের খাস, প্রখাস ও খেদ নিঃসরণ দারা গৃহের বার্ দ্বিত হইরা থাকে, তাহা উল্লিখত বার্-প্রবাহ দারা অপসারিত হইরা, তৎপরিবর্ত্তে বিশুদ্ধ বারু সমাগত হইতে পারে, এবং শ্যাতে বে সমস্ত খেদবিন্দু বিলিপ্ত থাকে, তাহাও ঐ বার্ প্রবাহ ধারা বিচলিত ও উজ্ঞান হইয়া বহির্গত হইতে পারে। বাহাদের শ্রীর স্থপটু নয়, তাহাদিসের শ্রা ও শয়নগৃহ উত্তমন্ত্রপ বার্-সেবিত করা নিতান্ত আবস্তাক ও সর্বতোভাবে বিধের। এক ব্যক্তি রাত্রিকালে অতিশ্ব দ্বাভিক হইত। বিস্তর ঔষধ সেবন ক'রয়াছিল, কিছুতেই প্রতীকার হয় নাই। কিছু দিন পরে দৃষ্ট হইল, ভাহার শ্যার আত্রবণ পরিবর্ত্তন করিয়া নৃত্ন আন্তরণ পাতিয়া দিলে, ২০০ ছই

তিন দিবদ পর্যান্ত কিছুমাত্র দর্শ্ব হর না, এবং নিদ্রার্থ ব্যাক্তে ষটে না। ইহা দেখিয়া, তাহার সম্দার শরন বস্ত্র ছই দিবদান্তর প্রকালন করিতে আরম্ভ করিলে, তাহার সে রোগের অন্ত প্রতীকার হইল এবং সে উত্তরোত্তর বলবান হইতে লাগিল।

ভোজনাবশিষ্ট দ্রব্য, বিশেষতঃ সামিষ ব্যঞ্জন কিয়ৎক্ষণ থাকিলেই পচিয়া উঠে; ইহা হইতে যে তুর্গন্ধময় বাম্প উথিত হয়, তাহা আমাদিগের পক্ষে বিষবৎ অনিষ্টকারী। তাহার ভ্রাণ লইলে, শারীয়-স্বাস্থ্যসাধনের অতি শীঘ্র ব্যতিক্রম ঘটে। অতএব, উহা গৃহ হইতে অবিলম্বে অপসারিত করা কর্ত্তব্য। বিশেষতঃ পীড়িত ব্যক্তির গৃহে ঐ সকল সামগ্রী ক্রণমাত্র রক্ষা করা বিধেয় নয়।

নিখাস সহকারে শরীর হইতে যে বিষ-ভূল্য অনিষ্টকারী পদার্থ নির্গত হয়, রাত্রিকালে রক্ষলতা'দ হইতেও সেই পদার্থ নিঃস্ত হইরা, সমীপস্থ সমস্ত বায়ু দ্যিত করে। অতএব শয়ন গৃহে সজীব বৃক্ষ ও জলাভিষিক্ত পূপা স্থাপিত করা, কোনরূপেই শেয়য়য় নয়; বে গৃহে ঐ সমস্ত বস্তু স্থাপিত হয়, তাহাতে শয়ন করিয়া, অনেক ব্যক্তি এক রজনীর মধ্যে মৃত্যুমুথে পতিত হইয়াছে।

এতদেশীর অনেক লোক প্রস্তাবিত বিষয়ে আর একটি ছক্ষ্ম করিয়া থাকেন। তাহার তুলনার উল্লিখিত সম্নায় দোব, সামান্ত দোব বলিয়া বোধ হয়। তাঁহারা স্বীয় স্বীয় শৌচাগার পার্যমাণে পরিষ্কৃত রাখিতে চাহেন না। কোম্পানির লোক তদর্থে তাঁহাদিগকে উত্তেজনা করিলে, তাহাকে উৎকোচ দিয়া বিনায় করিয়া দিবেন এবং আপনারা সপরিবারে ছঃসহ ছর্ময় সম্ভ করিয়া প্রাক্তিনেক তথাচ উহার প্রতীকারার্থে যৎকিঞ্জিৎ বায় অস্বীকার করিবেন না। মনে করুন, ধংকিঞ্জিৎ উৎকোচ দিয়া বারের লাঘর

করিলেন"; কিন্ত শৌচাগারজনিত সাজ্যাতিক বিষ নিম্নত শরীরক্ষ করিয়া প্রাণ-ধন বিদর্জন দিতেছেন, ইহা ভ্রমেও একবার ভাবেন না। প্রাক্ষারা যথন নিজ ভবনে, এবং রাজ-পুরুষেরা যথন রাজপথের প্রান্তবর্তিনী জল-প্রণাণীতে উজ্জন্প সাজ্যাতিক বিষ সঞ্চার করিয়া রাথেন, তথন যে কলিকাতা একটি প্রক্রতক্রপ প্রধান নরক হইঞ্চঁ

গুহের বারু অভ্যন্তরস্থ অনিষ্ঠকর পদার্থ হারা যেমন দৃষিত হয়, সমীপত্ব অবাত্তা-কর বস্তু ছারাও সেইরূপ হইরা থাকে। কলিকাতার সর্বস্থানেরই বায়ু দোষাশ্রিত; অতএব তদ্বিষয়ের বুদ্রাস্ত আর কি निथित। बाक्यूकरवता अञ्कृत रहेबा, উल्लिखि क कन-अनानी ममूनारबक প্রতীকার না করিলে, মহানগর কলিকাতা জিল্পীবিষ ব্যক্তির বাস-ধোগ্য হওয়া সম্ভব নয়। * পলিগ্রামে বাস্তর চতুর্দ্ধিকে অনেক উদ্বাস্ত শাকাতে অপ্র্যাপ্ত বিশুদ্ধ বায়ু প্রাপ্ত হইবার উপায় আছে বটে, কিন্তু গৃহের পার্য-দেশ অত্যন্ত অপরিষ্কৃত করিয়া রাথাতে, সেই বিশুদ্ধ বায় অবিশুদ্ধ না হইয়া, গৃহমধ্যে প্রবিষ্ঠ হইতে পায় না। ছার-সরিহিত আবর্জনা-রাশি, তুর্গরময় কুর জলাশয়, বাশ বাকসাদির নিবিড জঙ্গল ইত্যাদি অহিতকারী বস্তু ঘারা সমুদার গ্রামস্থ লোকের অতি স্থলভ স্থাগুলাভের বিলক্ষণ ব্যতিক্রম ঘটে। গৃহ-মধ্যে , মলমুত্রাদি যত প্রকার আবজ্জনা উপস্থিত হয়, সমুদায়ই বহিদুর্গির ুজ্বথবা গুপ্তভারের সনীপে রাণীক্ষত থাকিয়া গৃহ-বাদীদিগের সতেজ শরীর নিষ্ণেজ ও স্থা দেহকে অসুত্ত করিয়া থাকে। উল্লিখিত অপরিষ্ণত পুষ্ঠরিণী যে সময়ে জলপুর্গ হয়, সে সময়ে তটন্থ-তৃণাদি

 ^{*} এই প্রবন্ধ লিখিত হইবার পরে এ বিষয়ের প্রতীকার-সাধন কার্য্য আরক্ষ
 ইওয়াতে, কলিকাতার পূর্ব্ববিস্থা ক্রমশঃ পরিবর্ত্তিত হইতেছে।

তন্মধ্যে পতিত হইরা পচিতে আরম্ভ হর, এবং গ্রীম্মকালে কেই ৰুল যত শুষ্ক হয়, ততই বিষ-তুল্য বাষ্প-রাশি তাহা হইতে নির্মন্ত হইরা চতুর্দিকে রোগ ও মারী বিকীর্ণ করিতে থাকে। গৃহ-পার্মে বে স্থানে নিবিড় জঙ্গল থাকে, তথাকার বায়ু কোন কালেও পরিগুড় ও পরিশুদ্ধ হয় না। সে স্থানে যথন গমন করা যায়, তথনই এক প্রকার হুরাভ্রের গন্ধ নাসিকা রকে, প্রবিষ্ট হইতে থাকে। বিশেষতঃ বর্ষ কালে গলিভ পত্রাদি পচিয়া এমন অহিভকারী হয় বে. বোধ হয়, অনেক স্থান কলিকাতা অপেকাও অস্বাস্থ্যজনক হইয়া উঠে। বাস্ত ও উদ্বাস্তর এইক্লপ অপরিক্ষত অবস্থা যে রোগোৎপত্তির প্রধান কারণ, ইহার শত শভ প্রমাণ সর্বত্র প্রাপ্ত হওয়া যার। পূর্বে এডিন্বর৷ নগরের তিন ক্রোশ পশ্চিমে কতকস্থান এ প্রকার অস্বাস্থ্যকর ছিল যে, প্রতিবংসরই বসস্তকালে তথাকার ক্লয়কদিগের কম্পজ্ঞর হইত। তাহারা মনে করিত, পরমেধরের বিভূগনাতেই এই হুর্ঘটনা ঘটিয়া থাকে। পরে যথন তথাকার প্রবাহ-শুক্ত পীড়া কারক জলাশর সকল শোধিত হইল, স্থানিরমাত্মারে ক্রবি কার্যা সম্পন্ন হইতে লাগিন, গৃহ সমুদায় প্রশন্ত ও পরিষ্ঠ করিবার রীতি প্রচলিত হইল এবং দ্বার-সন্নিধানে যে সকল তুর্গন্ধম রাশীকৃত আবর্জনা থাকিত, ভাহা দুরীকৃত হইল, তথন পূর্বকার সমুদায় রোগ তথা হইতে অন্তহিত হইয়া দে স্থান অতিশয় স্বাস্থ্যকর হইয়া উঠিল। এইরূপ নিয়ম অবলম্বন করা আবশুক বলিয়া, এতদেশীয় লোকের যাবৎ জ্নয়ঙ্গম না হইবে, তাবং তাঁহারা পরমেশ্ব-প্রতিষ্ঠিত শারীরিক নিয়ম-লজ্মন-জনিত বিবিধ শান্তি ভোগ করিয়া, অকালে কালগ্রাদে পতিত হইতে পাকিবেন।

গ্ৰহণ।

স্থ্য নিজে তেজামর, চক্র ও পৃথিবী নিজে তেজোমর নর, ইহা চারুপাঠের দিতীরভাগে লিখিত হইরাছে। আর পৃথিবী স্থ্যকে প্রদক্ষিণ করে ও চক্র পৃথিবীর চতুর্দিকে পরিভ্রমণ করে, ঐ পুস্তকে এ বিষরেরও বিবরণ করা গিয়াছে। যে যে ছাত্রের তাহা শ্বরণ আছে, তাঁহারা সহজেই গ্রহণের বিষয় বুঝিতে পারিবেন।

ঐকপ পরিত্রমণ করিতে করিতে, পৃথিবী যথন চক্র ও প্রেরার মধ্যস্থলে আইসে, তথন পৃথিবীর ছারা চক্রের উপর পতিত হয়, এই নিমিন্তই চক্রকে অক্ষকারে আর্ত দেখায়। ইহাকে চক্রগ্রহণ কছে। পশ্চালিখিত চিত্রময় প্রতিরূপে দেখিলেই এ বিষয় অক্রেশে বৃথিতে পারা যাইবে। স, স্থা; পৃ, পৃথিবী; চ, চক্র; ক, ধ, ছ, পৃথিবীর ছারা; চক্র এই ছারাতে প্রবিষ্ট হইরাছে। এইরূপ ছায়া প্রবেশকেই চক্রের গ্রহণ বলে। পৃথিবী ও চক্রের গতির যেরূপ নিয়ম নির্দিষ্ট আছে, তদম্পারে কোন কোন পূর্ণিমাতে পৃথিবী, চক্র ও স্থেরির মধ্যস্থলে আইসে। এই নিমিন্ত কেবল সেই সেই পূর্ণিমাতে চক্রগ্রহণ হইরা থাকে। সকল পূর্ণিমাতে পৃথিবী চক্র স্থেরির ঐরূপ মধ্যবর্তী হয়,না; স্থতরাং পৃথিবীর ছায়া চক্রের উপর পড়ে না; এই নিমিন্ত সকল পূর্ণিমাতে চক্রগ্রহণ হয় না।

চক্র যথন ছায়ার মধ্যস্থল দিয়া গমন করে, তথন চক্রের সমুদায় অংশ ছায়াতে আরত হয়। ইহাকেই সর্বগ্রাস বলে।

বধন চক্র ঐ ছারার এক পার্য দিয়া গমন করে, তথন চক্রের সমুদার অংশ ছারাতে আরত না হইরা, কিরদংশ মাত্র আরত থাকে।

37

ইহাকেই আংশিক গ্রান বলে। কথন দ্বিপাদ গ্রাস, কথন ত্রিপাদ গ্রাস, কথন বা পাদমাত্র গ্রাস হয়।

ছারাতে আবৃত হওরাতে, ষেমন চল্রের গ্রহণ হয়, স্র্ব্যের গ্রহণ সেরপ নর। বধন চল্রের প্রারাপ প্রত্যার মধ্যন্থলে আইসে, তথন চল্রের দ্বারা স্থ্য ঢাকা পড়ে। ইহাকেই স্থ্যগ্রহণ কহে। পশ্চাৎ এ বিষয়ের যে চিত্রময় প্রতিরূপ প্রকটিত হইল, তাহা দেখিলে স্থ্যগ্রহণের বিষয় অনায়াসে বোধপম্য হইবে।স, স্থ্য; চ, চক্র; ক, খ, চল্রের ছারা; প্র, পৃণিবী। চল্রের দ্বারা স্র্র্যের এইরূপ আছের হওয়াকেই স্থ্যগ্রহণ বলে। যেমন হাত আড়াল দিলে সম্মুখন্থ প্রদীপ দেখা যায় না. সেইরূপ চক্র স্রের্যার সম্মুখ্য প্রাইলে, স্র্র্যোর যে অংশ চল্রের অন্তর্মালে অবস্থিত হয়, সেই অংশ দেখা যায় না।

প্রথমেই লিখিত হইরাছে, স্থ্য বেমন নিজে তেজামর, চক্র সেরপ নর। স্থ্যের রশ্মি পাইরা চক্র প্রকাশ পার। স্থ্যগ্রহণের সমর চক্রের যে ভাগ স্থ্যের দিকে থাকে, সে ভাগ স্থ্যরশ্মি পাইরা

প্রকাশিত হয়। আর যে ভাগ আমাদের দিকে থাকে, সে ভাগ ঐ রশ্মি না পাওয়াতে অপ্রকাশিত থাকে। এই নিমিত্ত সে সময়ে আমরা চক্রও দেখিতে পাই না।

পৃথিবী ও চল্লের গতির যেরূপ নিরম নিরূপিত আছে, তদমুদারে কোন কোন আমাবভাতে চল্ল, পৃথিবী ও স্থোর মধ্যস্থলে আইসে; এই নিমিত্ত কেবল সেই অমাবভাতেই স্থাগ্রহণ হইরা থাকে। সকল

আমাবস্থাতেই চন্দ্র পৃথিবী ও স্থোর সেইরপ মধাবর্তী হয় না; স্তরাং স্থা, চক্রের ধারা আচ্চর হর না। এই নিমিত্ত সকল অমাবস্থাতে স্থাগ্রহণ ঘটে না।


বে যে অমাবস্থাতে চন্দ্র, পৃথিবী ও প্র্যোর ঠিক মধ্যবর্তী হয়, সেই সেই অমাবস্থাতে চন্দ্রের দারা স্বর্যোর সমুদায় অংশ আছের হইয়া থাকে। এইরুপ সমুদায় আছের হওরাকেই সর্ব্যাস বলে।

কথন কথন চক্ত্র, পৃথিবী ও সুর্য্যের ঠিক মধ্যবর্ত্তী হইলেও সর্ব্বগ্রাস হয় না। বেমন চক্ষুর অধিক নিকটে একটা পরসা ধরিলে কোন গুম্বজের দিকে দৃষ্টিপাত করিলে, ঐ পরসা ঘারা গুম্বজের সম্দায় অংশ ঢাকা পড়ে, সেইরূপ যথন চক্র, পৃথিবীর অধিক নিকটে আইসে, তথন সুর্য্যের সম্দায় অংশ চক্রের ঘারা আছের হয়। বেমন চক্ষু হইতে কিঞ্চিৎ দ্রে একটা পরসা ধরিয়া গুম্বজের মধ্যতেল দৃষ্টিপাত

করিলে, ঐ শুষজের কিয়দংশ মাত্র ঐ পয়দাতে ঢাকা পড়ে এবং ঐ অংশের চারি পার্ম দৃষ্টি-গোচর হইয়া থাকে; সেইরূপ ষথন চক্র, স্থা ও পৃথিবীর ঠিক মধ্যবর্তী হইবার সময়ে, পৃথিবী হইতে কিছু অন্তরে থাকে, তথন স্থেয়ের কিয়দংশ মাত্র চক্র দারা আরত হয়, এবং ঐ অংশের চারিপার্ম দৃষ্টি গোচর থাকিয়া জ্যোতির্মন্ন বলয়ের ভার দেখা যায়। এই পরম স্থদ্খ স্থা-গ্রহণকে স্থেরির মাধ্য-গ্রাস বলিয়া উল্লেখ করা যায়। কিন্তু এরূপ গ্রহণ

সচরাচর ঘটে না। ১৮৩৬ আঠার শ ছত্তিশ খৃষ্টাব্দে ১৫ পনরই মে ব্রিটশ খাঁপে স্থ্যের ষেত্রপ মাধ্যগ্রাস দৃষ্ট হইয়াছিল, পল্চাৎ তাহার প্রতিরূপ প্রকাশিত হইল।


সম্প্রতি ১৭৭৯ সতরশ উনআশি শকের ৩ তেসরা চৈত্রও ইংলপ্তের দক্ষিণ ভাগে স্থা-মণ্ডলের ঐক্সপ মাধ্য-গ্রাস দৃষ্টিগোচর হইয়াছিল। পৃথিবীর সকল স্থলে স্থা অথবা চক্রের এককালীন উদয় হয় না; গ্রহণের সময়ে যে যে স্থানে উদয় হয়, সেই সেই স্থানের লোকেরা গ্রহণ নেখিতে পায়, অন্ত অন্ত স্থানের লোকেরা দেখিতে পায় না।



কিন্তু স্থা-গ্রহণের সময়ে যে যে স্থানে স্থাের উদয় হয়, তাহারও সকল স্থানে গ্রহণ দৃষ্ট হয় না। তাহার কারণ পশ্চাৎ নির্দেশ করা বাইতেছে।

স্থ্য; চ, চক্র; অ, ক, খ, ছ, পৃথিবীর কিয়দংশ, গ, ঘ, চক্রের ছায়। ঐ গ, ঘ, চিহ্নিত স্থানের লোকেরা স্থেয়ের সর্ব-গ্রাদ দেখিতে পাইয়াছে; গ, ক ও খ, খ, খানের লোকেরা কর্মোর কিরদংশমাত্র

আছের দেখিতেছে। কিন্তু যে যে স্থানে এক একটি চক্ষুর প্রতিরূপ আলিখিত হইয়াছে, সেই সেই স্থানের লোকেরা স্থায়ের সমুদ্র অংশই অনাছ্য়ে দেখিতেছে। ক্তরাং তাহারা গ্রহণ দেখিতে গাইতেছে না। ক, খ, চিহ্নিত স্থানের লোকেরা গ্রহণ দেখিতে পার ও ক, অ ও খ, হ, স্থানের লোকেরা সেই সময়ে গ্রহণ না দেখিয়া, তেজাময় স্থা দর্শন করিতেছে। ইহা আপাততঃ আশ্চর্যা বিষয় বোধ



হয় বটে, কিন্তু ইহার যে কারণ নির্দেশ করা গেল, তাহা জানিলে, আরু আশ্চর্য্য বোধ হয় না।

তৃতীয় পরিচ্ছেদ।

---:*:---

স্বপ্ন-দর্শন,—ন্যায়-বিষয়ক।

আমি বুন্দাবন, কুরুক্ষেত্র, হরিঘার, কনথল প্রভৃতি পশ্চিমান্তর-প্রদেশীয় বহুতর স্থান পর্যাটন করিয়া, শীত-ঋতুর উপক্রমেই বিদ্যাচলে আসিয়া উপস্থিত হইয়াছি। এ প্রদেশে শীতের অত্যন্ত প্রাত্তাব। প্রাত:কালে চতুর্দিক্ মেঘাবুতবং ঘনতর কুজাটকাতে আচ্ছন্ন থাকে: অতি শীতল পশ্চিম বায়ু প্রবাহিত হইয়া, কলেবর কম্পনান করে ও বুক্ষপত্তের শিশির-বিন্দু-সমুদায় ঝরঝর শব্দে পতিত হইয়া, তলম্ভূমিকে অল্প আল আর্ডি করিতে থাকে। পূর্য্য-বিশ্ব সর্বাদা প্রান-মূর্ত্তি; গগন-মণ্ডলে বহু দুর উপ্তিত হইলেও নীহার-প্রভাবে চক্র-বিদ্বের ন্তায় অতি মৃত্ ভাবে প্রকাশ পায়, এবং মধ্যাক্ত কালেও তদীয় কিরণ-জাল পর্ম--স্থ-সেব্য বলিয়া অনুভূত হয়। সায়ংকালে ও রজনীতে গৃহের বহিভুতি হওয়া, অতাস্ত হৃষ্ণর; তৎকালে দাররোধ করিয়া অগ্নিসেবন করাই পরম প্রীতিকর বোধ হয়। গত দিবদ যামিনী-যোগে যোগমায়ার মন্দিরের সমীপবর্ত্তী গুছে কতকগুলি উদাসীনের সহিত একত্র উপবেশন-পুর্বাক অগ্নি-সেবন ও পরস্পার কথোপকথনে মহাস্থাথে কাল্যাপন-করিতেছিলাম। আমার বামপার্থে এক বিমর্থ যুক্ত মৃত্-ভাষী তরুণ-বয়স্ক সন্ন্যাসী উপবিষ্ট ছিলেন: কথা প্রসঙ্গে তাঁহার পরিচয় জিজ্ঞাসিয়া অবগত হইলাম, তিনি বাঞালাদেশীয় এক ব্রাহ্মণের পুত্র। তাঁহার» পিতার পরলোক-যাত্রার পরে তাঁহার পিতৃব্য-পুত্রেরা প্রতারণা করিয়া,

তাঁহাকে পৈতৃক বিষয়ে বঞ্চিত করিয়াছে। তিনি অতি নির্বিরোধ মন্ত্রা; বিবাদ-বিসংবাদে কোন ক্রমে প্রবৃত্ত হইতে চাহেন না; তথাপি আত্মীয়-মঞ্জনের পরামর্শক্রমে রাজহারেও ইহার প্রতীকার চেষ্টা করিয়াছিলেন; কিন্তু প্রতিপক্ষের সহায়-সম্পত্তি-বল অধিক ছিল, একারণ ক্রতকার্য্য হইতে পারেন নাই; অবশেষে মনোহুংথে সংসার-বিরক্ত হইয়া, সন্ন্যাসাশ্রম গ্রহণ্ড করিয়াছেন।

তাঁহার বাক্যাবসান না হইতেই আমার সন্মুথবর্ত্তী আর এক स्मील भाख-प्रकार धर्मानतायन उनामीन, "हा नातायन।" वनिया नीर्य-নিশাস-পরিত্যাগ-পূর্বক কহিলেন,—'ভাই ় তোমার দারুণ ছঃথের কণা শুনিয়া, আমি মহা-থেদান্তিত হইলাম: এক্ষণে তুর্দ্দশার বিষয় কিছু শ্রবণ কর। আমি কোন রাজ-সংক্রান্ত সম্ভ্রান্ত পদে নিযুক্ত ছিলাম এবং নিবিবল্লে কর্ম্ম নির্বাহ করিয়া, যশোভাজন হইরাছিলাম; ইতিমধ্যে আমার উপরিতন অধ্যক্ষের মৃত্যু ঘটনা হইলে, অন্ত এক ব্যক্তি তৎপদে অভিষিক্ত হইলেন। প্রথমাবধি তাঁছার আচরণ দেখিয়া বোধ হইল, রাজ-কোষের সর্বব্য হরণ-সঙ্কল করিয়াই তিনি এ কর্ম গ্রহণ করিয়াছেন। আমাকে তাঁহার অনুগামী করিবার নিমিত্তে বিস্তর কৌশল করিলেন; কিন্তু কোন ক্রমেই মানস পূর্ণ করিতে না পারিয়া, অবশেষে আমাকে পদ-চ্যুত করিবার নিমিত্তে চেষ্টা করিতে লাগিলেন এবং ক্রমাপত তিন বংসর শঠতা. মিথাকিথন ও নানাপ্রকার প্রতারণার অনুষ্ঠান দ্বারা চরিতার্থ হইয়া, আপনার কোন প্রিয়-পাত্তকে আমার পদে নিযুক্ত করিলেন। প্রধান প্রধান রাজ-পুরুষেরা অনেকেই তাঁহার হুট ব্যবহার ও আমার निर्द्धाय हिंदे छा छ हिंदान ; किन्न छा होता किन्हें मत्नार्यात्र किन्नि ্না। এ সকল বিষয়ের ষেরপ চরম ফলাফল দেখিয়া আদিতেছি,

তাহাতে আমার নিশ্চর বোধ হইল, ইহার প্রতীকার করা এক প্রকার আমাধ্য। অতএব নিতাস্ত অনুপার ভাবিয়া সংসারাশ্রমে ধিকার দিরা, এই পথের পথিক হইরাছি।

এই সমুদার শোচনীর ব্যাপার শ্রবণ করিয়া, আমি বিবাদ-সমুদ্রে ময়াই ইইলাম, এবং দরা. ক্ষোভ ও ক্রোধ পর্য্যারক্রমে আমার অন্তঃকরণকে ব্যাকুলিত করিতে লাগিল। সাংসারিক লোকের এই সকল অপ্তারাচরণ জাবিতে ভাবিতে, সে রক্জনীতে আমার স্থানররূপ নিজা ইইল না; কারণ চিস্তাকুল-চিত্তে স্থানক স্বস্থুপ্তি-সমাগম সম্ভব নয়। পরে রাত্রিশেষে কিঞ্চিৎ নিজাকর্ষণ ইইতেই আমি কি অপূর্ব্ব ব্যাপারসকলই দর্শন করিলাম! সে সমুদার আমার এরূপ হৃদয়ঙ্গম ইইয়া রহিয়াছে যে, স্বপ্ন কি বাস্তবিক, সহসা অন্তত্ব করা যায় না। আমি জন-সমাজের যে প্রকার বিপর্যায় দেখিয়াছি, তাহা স্বিশেষ বর্ণনা করা তঃসাধ্য। তবে ভাহার স্থুল তাৎপর্যা ও স্থাদেশস্থানীয় যৎকিঞ্চিৎ যাহা দৃষ্টি করিয়াছি, তাহাই যথার্থবিৎ বর্ণন করি। কিন্তু স্বপ্নের সর্ব্বাংশে সম্পূর্ণ সামঞ্জন্ত না থাকিলেও না থাকিতে পারে।

আমার বোধ হইল, যেন কোন তিমিরার্ত রজনীতে ভ্রমণ করিতে করিতে, অকুমাৎ আকাশ-মণ্ডলের পশ্চিমাংশ দাব-দাহ তুল্য অসামান্ত জ্যোতিঃপূর্ণ দেখিলা, সাতিশর বিশ্বরাপন্ন হইলাম। সেই আশ্চর্য তেজারাশি ক্রভবেগে অধোদিকে আগমন করিতে লাগিল। অমুভব হইল, যেন স্থা-মণ্ডল কোন অনির্দ্ধেশ্র অনির্বাচনীয় কারণবশতঃ স্থান-ভ্রই হইয়া, পৃতিত হইতেছে। কিঞ্ছিং সমীপস্থ হইলে, তাহার অভ্যন্তরে এক পুরুষচ্ছায়া প্রতাক্ষরৎ আভাসমান হইল। তাহার কিছুকাল পরে, স্পষ্ট দেখিলাম,—শুল্রকান্তি, শুল্র-মাল্যাদি-বিশিষ্ট শুলালঙ্কার-ভৃষিত কোন তেজঃপুঞ্জ পুরুষ এক মণিমন্ব

কণ্ডহন্তে * পৃথিবীতে অবভরণ করিভেছেন। সেই দণ্ডের শিরোভাগে 'ক্রার' এই অক্ষরহর অভিত ছিল, এবং দিবসে বেমন বিহাৎ প্রকাশ পায়, সেই তেজামগুল-মধ্যে ফ্রায়-দণ্ডের প্রভা সেইরূপ প্রকাশ পাইতে লাগিল। ফলত: দেই পুরুষের সমস্ত লক্ষণ দৃষ্টি করিয়া, আমার নিশ্চর প্রতীত হইল, ইনি ধর্ম্ম-পুরুষ; আয়দও হত্তে করিয়া ভূ-লোক -শাসনার্থ আগমন করিতেছেন। অনেকেই তাঁহার প্রথর প্রভা সহ করিতে না পারিয়া, ভীত-চিত্ত হইল; আর বিনি যিনি সহিষ্ণুতা-প্রভাবে তাঁহাকে স্থানার রূপ নিরীকণ করিতে পারিলেন. তাঁহার নিকটে তিনি পরম রমণীয় রূপে প্রকাশিত হইলেন। এক কালেই তিনি ভয়ঙ্কর জভঙ্গি ঘারা কাহাকেও ভারে কম্পমান করিলেন, কাহাকেও বা প্রসন্ন-বদনে -স্থমধুর-হাস্ত-প্রকাশ দারা পরমানন্দ-নীরে নিমগ্ন করিতে লাগিলেন। ষধন তিনি ভূ-মণ্ডলের সমীপবতী হইয়া, মনুষোর দৃষ্টিপথের অন্তর্গত হইলেন: তথন চতুৰ্দিকে কত্কগুলি মেৰাবলি বিস্তার ঘারা আপনার -মহামহিমান্তিত জ্যোতিঃ-পূর্ণ মূর্ত্তি আবৃত করিয়া, তৎপরিবেশ-স্বরূপ व्यात्नाक-घंठा नाना वर्ग इविक ও मर्त्रातात्कत्र स्थ पृष्ट कतिहा, ্বিকীর্ণ করিলেন । ইতিম ধ্য যাবতীয় লোক বিশ্বয়াপর ও শঙ্কা কুল হইয়া, এক বিস্তীর্ণ প্রাপ্তরে সমাগত হইল। বোধ হইল, যেন সমুদার মমুষ্য একত্র উপস্থিত হইয়াছে। অকস্মাৎ "সত্যের জয়। সভ্যের জয়।" বলিয়া খন খন আকাশ-বাণী হইতে লাগিল। পরে সেই মহামহিন।বিত পরুষ মেবাভান্তর হইতে কহিতে লাগিলেন.—"মানবগণ ! রাজ্যের অবিচার-নিবারণার্থে আমার আগমন হইয়াছে, ভোমরা আপন আপন প্রাপ্য বিষয় প্রাপ্তার্থে প্রস্তুত হও !" এই আক্সিক দৈবধ্ব ন প্রবণ করিয়া,

পুরাণে ধর্ম্বের এইরূপ সুর্দ্ধি বর্ণিত আছে।

क्न-ममाक छन्न, खाना, दर्व ও খেদে यে প্রকার বিচলিত হইল, তাহা वर्णन कवा यात्र ना ।

তদনস্তর ধর্ম অনুমতি করিলেন,—"প্রথমত: বিষয়াধিকারের বিষয় সমাধা করিতে প্রবৃত্ত হইলাম। যে ধনে বাহার স্বন্ধ আছে, তিনি ভাচা এই দঞ্চেই প্রাপ্ত হইবেন। অতএব যাহার মত লেখ্যপত্র আছে, সমন্ত উপস্থিত কর।" ইহা শুনিয়া যাবতীয় গোক স স স্বভাধিকার সপ্রমাণ করিবার নিমিত্র বিবিধ-প্রকার লেখা-পত্র. আহরণ করিলেন। কি আশ্চর্যা। তাহাদের উপর ভারদণ্ডের জ্যোতি: পতিত হইবামাত্র, তাহাদের ষথার্থ তত্ত প্রকাশিত হইল। **मिट मार्ख्य এ** প্রকার আশ্চর্যা গুণ যে, তদীর কির্থ-ম্পর্শমাত্র ৰাৰতীয় ক্বত্তিম পত্ৰ দগ্ধ হইয়া গেল। দহামান পত্ৰের প্ৰছলিত ছগ্নি. সমুদায় লাক্ষাদ্রব ও অনর্গল ধূমোলাম ছারা সে স্থান অতি ভয়ানক ও পরম বিমায়কর হইয়া উঠিল। কোন কোন পত্রের তুই চারি পঙ্জি ও কোন কোন পত্রের কেবল কতিপয় প্রক্ষিপ্ত অক্ষর নষ্ট ক্ট্রা, তাহার অমি নির্দাণ হট্রা গেল। কিন্তু শত শত মুদ্রার ট্যাম্প্র-পত্র সকল দাবানল-দগ্ধ মহারণোর স্থায় ভস্মীভূত হইয়া, পর্বতিকোর হইল। সেই লক্ষ লক্ষ মণিময় দণ্ডের জ্যোতি: কত কত পরম গুহা স্থানে প্ৰবিষ্ট হইয়া, অলক্ষিত অপহাত ও সংগোপিত লেখ্য-পত্ৰ প্ৰকাশ করিয়া ফেলিল। ইতিমধ্যে আর এক অভূত ব্যাপার দর্শন করিলাম। প্রধান প্রধান বিচারাগারের সহস্র সহস্র অনুজ্ঞা-পত্ত দক্ষ হইন. हैन्मान्दर्के कार्टित श्रीय मगन्छ निक्षित-भव ज्योज्य हरेबा द्यन. ও যে সকল সম্ভ্রমশালী ভাগ্যবান ব্যক্তি তাহার আত্রয় গ্রহণ করিয়া, নিমুক্ত পুরুষের ভাষ বিহার ও ব্যবহার করিতেছিলেন, ठाँहाता ७९क्ष्पाद वनी इहेबा, मधाबमान इहेलन। हेजिया उदिकार, অপহরণ, প্রতারণা ও বলপ্রয়োগ ধারা যাবতীয় ধন উপাজ্জিত ইইয়াছিল, সমুদায় পক্ত-প্রমাণ রাশীকত ইইয়া, নেম্মণ্ডল স্পর্শ করিল, এবং তথন ধর্মপুক্ষ ঘোষণা করিয়া দিলেন,—"এই ধনরাশি ইইতে বাহার যত ক্রাযা ধন আছে, গ্রহণ করে।"

উহাতে লোক-সমাজের কি বিষম বিপর্যায় ঘটিয়া উঠিল। महत्य महत्य वांकि अर्थकः त्वभक्ष धात्र प्रश्नक भव्रम-त्रमणीय त्र बादवाहन করিয়া, মহাবেগে গ্মন করিতেছিলেন, তৎক্ষণাৎ অবতরণ পুরঃসরঃ পাত্র হইতে সমস্ত বস্ত্রাভরণ উল্মোচন করিয়া, এক সামাত বসন পরিধান-পূর্বাক পদব্রজে চলিলেন। কোন স্থানে দেখিলাম, লক্ষপতি বা কোটিপতি ধনটো বাক্তি পরমশোভাকর অট্টালিকায় বহুমূল্য অত্যন্তম আসনে উপবিষ্ট হইয়া, বন্ধু-বান্ধবদিগের সহিত আমোদ-প্রমোদে প্রমস্থাথ কাল-হরণ করিতেছিলেন, ইতিমধ্যে একজন সামান্ত গৃহস্ত অকমাং উপস্থিত হইয়া, তাঁহাকে আসনচ্যুত করিয়া দিল, এবং তিনি তংকণাৎ তথা হইতে নির্গত হইয়া, অতি পুরাতন বৃক্ষ-মূল-বিদ্ধ ভগ্ন গ্রহে গিয়া বাস করিলেন। কুত্রচ দৃষ্টি করিলাম, যে সকল ধনাস্ক্ত, মহামান্ত মনুষা সমধিক ধনাগম করিয়া, অতি উদার-ভাবে বায় বাসন করিয়া আসিতেছিলেন, ও অতিশয় আড়ম্বর-সহকারে নিত্য-নৈমিত্তিক ক্রিয়াকলাপ সম্পন্ন করিয়া, বিপুল কীর্ত্তিলাভ করিতেছিলেন, সহসা তাঁহাদের সামাত্ররণ উদরাল আহরণ করাও কঠিন হইল, এবং 'কতকগুলি নিরন্ন নির্বিষয় ব্যক্তি আসিয়া, তাঁহাদের সম্দায় সম্পত্তি বিভাগ করিয়া লইল। তভিন্ন ধনাধিকার-বিষয়ে যে সকল অল্ল অল্ল পরিবর্ত্তন হইল, তাহার বিবরণ করিয়া শেষ করা যায় না । জাগরিত হইয়া যাহা দেখিতেছি, তখন তাহার বিক্তর অন্যথা-ভাব দৃষ্টি করিয়াছিলাম।

এবস্থৃত অভূত কাণ্ড সমুদার অবলোকন করিয়া, বিস্ময়-সাগরে মগ্ন হইতেছিলাম, ইতিমধ্যে অপের এক পরম কৌতৃহল-জনক অত্যাশ্চর্য্য মহোপকারী ব্যাপার উপস্থিত হইল। ধর্মপুরুষ মেহাস্তরে অবস্থান পুর্বাক পুর্বোক্ত ভাবৎ কার্যা সমাধা করিয়া, আদেশ করিলেন,— "অবনী-মভলে কেই অক্সায় মানসম্ভ্রম-লাভে সমর্থ ইইবে না, অন্তাব্ধি সকলেই নিজ নিজ গুণামুদারে পদ প্রাপ্ত হইবেন।" এই এতল হিতকর অনুমতি শ্রবণ করিয়া, লোক-সকল ষৎপরোনান্তি উৎকণ্ঠা-পর্য্যাকুল হইল। রূপবান, বলবান ও ধনবান মনুষ্যের। সর্ব্বাত্রে ধর্মদেবের সম্মধবর্তী হইয়া, দণ্ডায়মান হইয়াছিলেন: কিন্ত তাঁহার ন্তার-দণ্ড-জ্যোতিঃ সহ করিতে না পারিয়া, অবিলয়ে পরাল্যথ হইলেন। তিনি কেবল তাঁহার সর্বস্থিণময় ভায়-দণ্ডের কিরণ বিকীণ করিয়া, সকলকে পরীকা করিতে লাগিলেন। উহাতে যাহাদের বিশিষ্টরূপ ধর্ম, বিজ্ঞা বা বিষয়-বুদ্ধি আছে, ওত্তির আর ভারতেই দণ্ড-জ্যোতিঃ দর্শনমাত্রে বিমুথ ও শহাতুর হইয়া রহিলেন। সেই সকল মহাআ্রারা পর্যায়ক্রমে তিন শ্রেণীতে বিভক্ত হইয়া দণ্ডায়মান ২ইলেন। পরম হিতৈষী পুণ্যবান লোকেরা প্রথম শ্রেণীতে, বিভাবান লোকেরা দিতীয় শ্রেণীতে ও বিষয়-নিপুণব্যক্তি সকল তৃতীয় শ্রেণীতে নিবিষ্ট হইলেন। প্রথম শ্রেণীর শোভা দেখিয়া মন মোহিত হইল। তাঁহাদের কি প্রকুল বদন, স্করুণ নয়ন ও স্মধুর বচন ! কি সৌজন্ত, কি কাঞ্ণ্য-সভাব ৷ তাঁহাদিগের পরম পবিত্র জ্যোতি:-পূর্ণ মুখন্ত্রী অবলোকন করিলে, অন্তঃকরণ প্রেমামুত রসে আর্দ্র ইতে থাকে। কতক গুলি হীন-জাতীয় এবং অজ্ঞাত-কুলশীল मञ्चारक ও এই শ্রেণী-ভূক দেখিয়া বিশ্বয়াপর হইলাম। জাগ্রৎকালে যাহাদের অঙ্গ স্পর্শ করিয়া, আপনাকে অগুচি বোধ করিয়াছিলাম, তথন দেখিলাম, তাঁহারা কত শত সদ্বংশজ ভদ্র-সন্তানের অপেকা

উৎকৃষ্ট পদ লাভ করিয়াছেন, এবং বাঁহাদিগকে পরম তপস্থা ঋষিত্ন্য বেশ ছিল, তাঁহারা এই শ্রেণীতে যংকিঞ্চিৎ স্থানও প্রাপ্ত হইলেন না কত কত দীর্ঘপুত্রধারী দান্তিক বাহ্মণপণ্ডিত ও প্রধান প্রধান বিভালয়ের শত শত আত্মাভিমানী বহুভাষী ছাত্র, এই শ্রেণীতে ভূক হইবার নিমিত্তে বিস্তর বাগ্বিভণ্ডা করিলেন। অবশেষে যখন দর্পহারী ধর্মপুকৃষ তাঁহাদের মুখ-মঙলোপরি আন্ধ-দণ্ড চালনা করিয়া, ভদীয় প্রচণ্ড জ্যোতিঃ বিস্তীর্ণ করিলেন, তথন তাঁহারা তাহা সহু করিতে না পারিয়া লজ্জায় অধ্যেমুখ হইয়া, তথা হইতে নিজ্ঞান্ত হইলেন।

দ্বিতীয় শ্রেণীর সংস্থাপনের সময় বিষম বিবাদ উপস্থিত হইল। যত লোক সে শ্রেণীর আধকারী, সকলেই নিজ নিজ গুণাপেকা উৎক্রপ্ত পদ প্রাধির নিমিত্তে সাভিশয় ব্যগ্র হইলেন। তাঁহাদিগের এইরূপ অবিহিত অমুচিত জিগীষা দেখিয়া, ধর্মপুরুষ দণ্ডহন্তে স্বয়ং অগ্রসর হইয়া, সকলের স্ব স্থ গুণোচিত সম্মান প্রদান করিলেন। সর্ব্বোত্তম ধী-শক্তি-সম্পন্ন ব্যক্তি-সমুদায়কে সর্বাগ্রে স্থাপিত করিলেন। যাহাদের তাদৃশ স্বকীয় শক্তি নাই, যাহারা কেবল পরিচিত গ্রন্থ পাঠ দারা বিতা-বিষয়ে পারদর্শী হইয়াছে, তাহাদিগকে তৎপরে স্থাপিত করিলেন। ষাহাদিপের অনেকানেক গ্রন্থ পাঠ হইয়াছে, কিন্তু তাদুশ বিচারশক্তি নাই, তাহারা সর্কশেষে থাকিল। এইরূপে এক্ষণকার প্রত্যেক বিভাবান वाक्ति देशंत्र कान ना कान शाम निविष्ठे इहेलन। क्लाउः कि বিপর্যায়ই দেখিলাম। যাঁহাদের বিদ্ধাবিষয়ে বিলক্ষণ খ্যাতি আছে, তন্মধ্যেও অনেকানেক ব্যক্তি অধম স্থানে সংস্থাপিত ইইলেন। কতকগুলি वाक्रामा-श्रम्भक्त वहे त्यंगी-जुक रहेवा म्रश्नायमान रहेबाहित्ननः কিন্তু আক্ষেপের কথা কি কহিব, ধর্মপুরুষ তাঁহাদিগকে নিতান্ত अनिधिकां श्री वित्वहन। कतिया, जथा श्रेटिक विश्विक कतिया मिलान। तम

শ্ৰেণীতে কোন হানে তাহাদের স্থান হটল না। তাহাদের এই দাক্ত চরবন্তা দর্শন করিয়া, আমার অন্তঃকরণ হঃসহ হঃখ-তাপে তাপিত হুইতে লাগিল। ভাবিলাম, এই সকল অবোধ মনুবা যে বিষয়ে ষশ:-দৌরভ লাভের বাসনা করে, অধিকারী না হইয়া, তাহাতে কেন প্রবুত হয় ? তবে প্রবোধের বিষয় এই যে. তিনি তাহা-দিগকে শ্রেণী-বহিভিত করিয়া কহিলেন,—"ভোমরা প্রতিপত্তি-লাভ এ স্বদেশোপকারের উৎকৃষ্ট পর্ব অবলম্বন করিয়াছ। স্বদেশীর ভাষার অনুশীলন ব্যতিরেকে কথন কোন দেশে জ্ঞানের প্রচার ও প্রাত্তাব ছইতে পারে না। তোমরা কিছুকাল পঠদশায় থাক, পরে মনোরধ পূর্ণ হইলেও হইতে পারে। তোমরা যে সকল প্রস্তাব লিখিয়া থাক, ভাহার পূর্বাপর ঐক্য থাকে না, ভাবের প্রগাঢ়তা থাকে না এবং রচনাও পরিপাটি-ভদ্ধ হব না। বিশেষতঃ বিনি যে বিষয় রচনা করেন, তনি তাহা নিয়মিতরপে শিক্ষা ও তদ্বিষয়ে স্বিশেষ তত্তাকুসন্ধান না করিয়াই তাহাতে প্রবৃত্ত হন। আর অনেকে বংকুৎদিত অনুপ্রাদের व्यक्टदार्थ जाः शर्यात वाचा कर्वन । हे जाकात ममन्द्र साथ मार्याधन পূর্বক অভীট বিষয়ে পারদর্শী হইতে পারিলে, অবশ্র কুভকার্য্য इटेरव ." याहात्रा ভाষा छरत मामा अत्रेश करबाल कथन निका कतिया. বিত্যাভিমান প্রকাশ করে, যাহাদের কোন বিজ্ঞান-শাস্ত্রে কিছুমাত্র बार्शिख इब नारे, जाशामत अभान तिश्वा, क्षमत्र विमीर्ग इरेड লাগিল। তাহারা ধর্মপুরুষের বিস্তর সাধ্য-সাধনা করিয়াও তথায় ষৎকিঞ্চিৎ স্থান প্রাপ্ত হইল না। আর কতকগুলি ব্রাহ্মণপঞ্জিক তুরবস্থার বিষয় কি বলিব! তাঁহারা নিরুপবীত হানজাতীয় শত শত ব্যক্তিকে আপনার অপেক্ষা উচ্চ পদাভিষিক্ত দেখিয়া, অভিশয়, সম্ভপ্ত हरेलन। आहा। कठ कठ श्रक्राप्त थे ध्येषी हरेल वहिष्कृत हरेबा'

লজ্জার অধোমুধ হইলেন, এবং তাঁহাদের শিষোরা তাঁহার উৎকৃষ্ট স্থানে স্থিতি করিয়া, তাঁহাদের দারুণ চুদ্দিশা দুর্শন করিতে লাগিলেন।

এই শ্রেণীর লোক-সংস্থাপন সমাপ্ত ছইলে. ধর্মপুরুষ বিষয়ীদিগকে আহ্বান করিলেন। তাহা শুনিয়া, চতঃপার্যবন্তী প্রতাপায়িত মানগরিত শত শত ব্যক্তি স্বিশেষ-উৎসাহ-সহকারে সদর্প পাদ-বিক্ষেপপূর্বক আগমন করিলেন। ধর্মদেব ন্থায়-দণ্ডের স্থবিমল প্রভার তাঁহাদের প্রকৃত স্বরূপ অবলোকন করিয়া কহিলেন,—''তোমরা এ বিষয়ে উপযুক্ত বটে: তোমরা উত্যোগী, পরিশ্রমী ও কর্মানক: তোমাদের বিলক্ষণ বিষয়জ্ঞান আছে. কিন্তু ধর্ম্মরক্ষায় যতু নাই : তোমরা স্বার্থ-পরবশ হইয়া, পর-পীড়া কর, উৎকোচ গ্রহণ কর, এবং স্বীয় প্রভার অপচয় কর। এ সকল জুবাবহার পরিভাগে না করিলে, কোন প্রকারে তোমাদের সম্ভ্রম-জনক পদলাতে অধিকার জ্বিরার স্ভাবনা নাই।" এই কথা বলিয়া, তাগাদের মধ্যে শতকে এক বা গুইজনকে গ্রহণ করিয়া, অপরাপর সকলের আবেদন অগ্রাহ্য করিলেন। তদনন্তর তিনি সংসারের বিষয়-কার্য্য-সম্পাদনার্থে পূর্ব্বোক্ত হুই শ্রেণীর কতক লোক আহ্বান করিয়া দে খলেন, তাঁহাদের মধ্যে অনেকেই যেমন জ্ঞানাপর ও ধর্মশীল, বিষয় কার্যো সেরূপ অভিজ্ঞ ও অনুরক্ত নহেন। তবে যে কয়জন ত্রি-গুণ-সাপ্তা, স্বাড়রাং তিন শ্রেণীতে উপযুক্ত ও পদ-গ্রহণে সম্মত ও অভিলাষী হইলেন, তাঁহাদিগকে অত্যুৎকৃষ্ট সম্ভ্রাম্ভ পদ সমুদার সমর্পণ করিলেন, এবং তৎক্ষণাৎ ঘোষণা করিয়া দিলেন. ভূ-মণ্ডলে ইহারাই সর্বমান্ত, পরম পূজা প্রধান মহুষ্য। তৎপরে অনেক ভাবিয়া চিন্তিয়া, যাহারা ছই গুণদম্পন্ন তাথাদিগকে তদপেক্ষা অপকৃষ্ট পদে স্থাপন করিলেন এবং অবংশ্যে যাহাদের কেবল বিষয়-কার্য্যে নৈপুণ্য আছে, তাহাদিগকে অতি অপকৃষ্ট কুদ্র কুদ্র পদে.

নিষ্ক্ত করিলেন, আর উৎকোচগ্রাহী পরপীড়ক পাপাত্মা অপহারীদিগকে তথা হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। তন্মধ্যে দেখিলাম, পূর্কে যাঁহারা রাজ্ব-সংক্রান্ত উন্নত পদে নিষ্কু ছিলেন, তাঁহাদের অনেকে এইরপ মানচ্যুত ও তিরস্কৃত হইয়া, সে হান হইতে প্রহান করিলেন। পূর্কে তাঁহারা যাহাদিগকে মন্ত্রা বলিয়া গণ্য করিতেন না, তাহায়া পদস্থ হইয়া, তাঁহাদের এইরপ বিষম হর্দশা দর্শন করিতে লাগিল। কতিপয় ইংরেজ-জাতীয় রাজকর্ম্মচারীর অপমানের কথা কি কহিব! তাঁহারা ক্রমাণত নানা হুটাচরণ করিয়াও একাল পর্যান্ত কেবল সহায়-বলে ও ব্রি-কৌশলে সমুদায় প্রচ্ছন রাখিয়াছিলেন, একণে ধর্ম-প্রক্রের হ্রায়র্রাপ দণ্ড-জ্যোতিঃ সহ্য করিতে না পারিয়া, লজ্জিত ও অপমানিত হইলেন, এবং কতিপয় বিচক্ষণ ব্যক্তি তাঁহাদের পদে অভিষক্ত হইয়া যশস্থী হইতে লাগিলেন।

কিন্তু ইহাতেও বিস্তর মান্ত পদ শৃত্য থাকিল দেখিরা, ধর্মনপুরুষ প্রথম ও দিতীয় শেণীর কতকগুলি জ্ঞানাপর শান্ত-সভাব পরিপ্রম বিমুথ ব্যক্তিকে বথোচিত সংবর্জনা করিয়া. মৃত্ভাবে মধুরস্বরে কহিতে লাগিলেন,—"তোমরা বিজ্ঞাবান্ ও ধর্মশীল বটে; কিন্তু এ প্রকার গুলসম্পন্ন হইয়া, আলস্তের বশীভূত থাকা উচিত নয়। কতকগুলি পুস্তক-সমভিব্যাহারে বিরলে কাল যাপনার্থে বিজ্ঞার স্পষ্ট হয় নাই, এবং সংসারের শুভাশুভ তাবৎ বিষয়ে উপেক্ষা করিয়া, অনুৎসাহে কালক্ষেপণ করাও ধর্মের উদ্দেশ্ত নয়। ভূ-মণ্ডলে জন্মগ্রহণ করিয়া, যদি সংসারের কার্যাই না করিলে, তবে জীবন ধারণের ক্ষল কি ? শিক্ষিত বিল্ঞাকে যদি জন্গতের উপকারার্থে নিয়োগ না করিলে, তবে সেবিল্লার প্রয়োজন কি ? যদি সকলেই তোমাদের ক্লায় র্থা কাল হরণ করে, তবে এক দিবসেই লোক যাত্রার উচ্ছেদ-দশা উপস্থিভ

হয়। তোমরা বলিয়া থাক, আমরা আকাজ্ঞার হস্ত হইতে উত্তার্ণ হইরা, সম্ভোব অবলম্বন করিরাছি: কিন্তু তোমাদের বে প্রকার হীন অবস্থা দেখিতেছি, তাহাতে এরপ নিশ্চেষ্ট থাকা উচিত নর। তোমরা কোনক্রমে প্রাণ ধারণ করিয়া রহিয়াছ: সমুচিত অন্ন-বস্তাদি আহরণেও সমর্থ নহ। যথেষ্ট উপাদের অন্ন, অক্লেশ-জনক পবিত্র বস্তু, প্রশস্ত পরিষ্কৃত বাটী, এবং অন্তান্ত আবশ্রক দ্রব্যাভাবে তোমাদের পরিবারেরা ক্লিষ্ট ও পীড়িত হইয়া আশেষ-প্রকার তঃথ পাইতেছে; তাহাদের রোগ হইলে বার্মাধ্য-প্রযুক্ত ভাহার যথোচিত চিকিৎসা হয় না, স্বচ্ছন্দভাবে তোমাদের সন্তানদিপের শরীরপৃষ্টি ও মন:ফুর্ত্তি হয় না এবং ধনাভাবে তাহারা টংক্রষ্ট শিক্ষাও গ্রাপ্ত হয় না। ইহাতে তোমাদের দারা বিবিধ-মতে পরমেশ্বরের নিয়ম লজ্যন করা হইতেছে। ক্ষমতা সত্ত্বে এ প্রকার অবস্থার তৃপ্ত থাকিয়া, এই সমস্ত তঃখ-নিরাকরণে যত্ন না করা, অবশ্রই দৃষ্ণীয় বলিতে হয়। আমার অঙ্গ-স্বরূপ যে সস্তোষ, তাহার এরপ স্বভাব নয়। আপন আপন ক্ষমতানুষায়ী অবভাতে ভূপ্ত থাকা এবং যে চ:খ নিবারণের উপায় নাই, ভাহাতে ব্যাকুলিভ না হইয়া, ধৈর্যাবলম্বন পূর্ব্বক প্রসন্ধ-ভাবে সংগার-যাত্রা নির্ব্বাহ করাই প্রকৃত সম্বোষের লক্ষণ। এইরূপ সম্বোষে পুণ্ট ও প্রতিষ্ঠা চই আছে। অভএব তোমাদের আত্ম-হিত ও সংসারের উপকারার্থে সচেষ্ট হওয়া সর্বতোভাবে বিধেয়: তাহা হইলে, তোমরাই এই সকল সম্ভ্রাস্ত পদের অধিকারী হইতে পার "

ধর্ম্মের এই সকল মধুর উপদেশ শ্রবণ করিয়া, আমি অনির্বাচনীয় আনন্দ প্রাপ্ত হইলাম, এবং সাতিশন্ন শ্রদাবিষ্ট ইইয়া, মনে মনে পরমেখরের ধন্তবাদ করিলাম। এমন সময়ে উদাসীনদিগের স্থানাস্তর- স্থাতার্থ উত্যোগ ধ্বনি শুনিয়া, আমার স্থা ভক্ত হইল। তথন স্থানি, সাতিশয় বিস্মাপর হইয়া উঠিলাম, এবং এই প্রম-রুমণীয় স্থানি-ব্যাপার সম্পূর্ণ সফল হউক বলিয়া, বার বার প্রার্থন। করিলাম।

জীব-বিষয়ে পরমেশ্বরের কৌশল ও মহিমা।

নিখিল ব্রহ্মাণ্ড, ব্রহ্মাণ্ড-পতির অত্যাশ্চর্য্য স্থচারু কৌশল প্রদর্শন করিতেছে। সকল পদার্থই তাঁহার অপরিসীম জ্ঞান ও অচিস্তনীয় শক্তি প্রকাশ করিতেছে। তাঁহার অপার করণার প্রত্যক্ষ প্রমাণ, সর্বস্থানেই বিশ্বমান রহিয়াছে। জীবের শরীর অতি আশ্চর্য্য শিল্ল-কার্য্য। তাহার প্রত্যেক অঙ্গ পরাৎপর পরম শিল্লকরের নিরুপম নৈপুণ্য-পক্ষে নিরস্তর সাক্ষ্যদান করিতেছে। বিশেষতঃ যথন দেখা বায়, তিনি স্থল-বিশেষে আপনার অবল্যন্থিত পদ্ধতির অন্তথা করিয়াও কোন বিষয়ে কিলান জীবের অপ্রত্বল পরিহার করিতেছেন, তথন তিনি আমাদের মানস-মন্দিরে স্পষ্টরূপে আবিভূতি হইয়া উঠেন। এস্থলে তাঁহার উল্লিখিতরূপ অনির্ব্বেচনীয় কোশলের কতিপয় উদাহরণ প্রদর্শন করা যাইতেছে, পাঠকবর্গ তাহা পাঠ করিয়া, একবার চমৎকার-সংখলিত ভক্তি-রসামৃতে অভিষক্ত হউন।

বিশ্বপতির শক্তি বিচিত্র; হতরাং তাঁহার কার্যাও বিচিত্র। কিছ তিনি কোন নিগূঢ় অভিসন্ধি-ব্যতিরেকে কাহাকেও কোন বিশেষ

में अ विस्मित अन्न श्रीमान करतन नाहै। नमुमान श्रीमीहै अहे পরমার্থ কথার প্রমাণ স্থল। হন্তী যেমন প্রকাণ্ড-কার, জগদীখর ভাহার গ্রীবাদেশ ভদমুরূপ দীর্ঘ করেন নাই; কারণ উহা অতাস্ত দীর্ষ হইলে, মন্তকের ভরে অবনত হইয়া পড়িত। কিন্তু এতাদৃশ উন্নত ক্ষর গ্রীবা-দেশ আবশ্যক্ষত দীর্ঘ না হইলে, তাহার পান-সম্পন্ন হওয়া স্থকঠিন হয়। গ্রীবা-দেশ থর্ক হওয়াতে হস্তিগণ গো-মহিষাদির স্থায় মস্তক অবনত করিয়া, জলপান ও তৃণপঞ্জাদি ভক্ষণ করিতে নমর্থ হয় না। করুণাময় পরমেশ্বর এই সমুদায় অলোচনা করিয়া, তাহাকে একটি স্থদীর্ঘ হস্ত অর্থাৎ শুগু প্রদান করিরাছেন। আহা। পরম শিল্প কুশল বিশ্ব-নির্মাতা তাহার ঐ কর-নির্মাণে যে পর্যান্ত পটতা প্রকাশ করিয়াছেন। তাহা বিবেচনা করিয়া দেখিলে, হাদয়পদ্ম বিকশিত হইয়া, তাঁহার গুণাফুচিন্তনে অমুরক্ত হয়। উহার শিরা, অস্থি ও মাংস-পেশী ষেরপ বিশ্বস্ত হইলে. উহাকে ইচ্ছামুসারে সঙ্কোচন ও প্রসারণ করিয়া, প্রয়োজনমতে সকল দিকেই সঞালন করা যায়, উহা ছারা জলাশয় হইতে জল আকর্ষণ ও বুক্ষ হইতে শাখা পল্লবাদি ভঞ্জন করা যায়, এবং সকল প্রকার ভক্ষ্য দ্রব্য অনায়াসে গ্রহণ ও উত্তোলন করা যায়, জগদীখর তাহা স্কচারুরূপে সম্পাদন করিয়াছেন। বিশেষতঃ উহার অগ্রভাগের এরূপ স্থন্দর গঠন করিয়াছেন, যে ভদ্দারা এক একটি তৃণ পর্যান্ত গৃহীত হুইতে পারে। আমাদের হস্তের অঙ্গুলি এবং হস্তীর শুণ্ডের অগ্রভাগ উভয়ই তুল্যরূপ উপকারী। উভয়েরই দারা এক প্রকার প্রয়োজন সিদ্ধ হইয়া থাকে। অতএব হস্তীর হস্ত যে স্থানিপুণ শিল্প-করের কার্য্য, তাহার সন্দেহ নাই। তাহার এই অঙ্গটি অনন্ত-সাধারণ অর্থাৎ অক্ত জ্ঞান্ত পশু এরূপ স্থানি শুপু প্রাপ্ত হয় নাই। সে সকল পশুর উহাতে প্রব্লোজন নাই বলিয়াই পরমেশ্বর তাহাদিগকে উহা প্রদান করেন নাই। তিনি অসাধারণ স্থানেই অসাধারণ কৌশল প্রকাশ করিয়া মহিমা প্রকাশ করিয়াছেন।

চর্মচটিকার * জজ্বা ও পদ অত্যন্ত অপটু; এ নিমিত্ত তাহারা ভূতলে ধাৰমান হইতে পারে না, এবং উপবিষ্ট হইলে, উথিত হইতেও সমর্থ হয় না। তাহাদের এই স্বভাব-সিদ্ধ দোষ পরিহারের অন্ত প্রকার উপায় না থাকিলে, তাহাদের তুল্য ভাগ্যহীন জীব: পুথিবীতে আর দৃষ্ট হওয়াও ক্রকঠিন হইত। তাহাদিগকে অনতিবিলম্বে হিংস্র পশুর গ্রাস-মধ্যে পতিত হইয়া, মৃত্যুর সহিত সাক্ষাৎ করিতে হুইত। কিন্তু বিশ্ব-পিতা প্রমেশ্বর ইহার সুন্দর প্রতিবিধান করিয়া রাথিয়াছেন। তিনি তাহাদের পক্ষযুগের এক এক কোণে লৌহময় বডিশবং এক একটি বক্র নথ প্রদান করিয়াছেন। তাহারা পর্বত-গহার ও গৃহপ্রভৃতির রন্ধাদির মধ্যে সেই নথ নিবেশিত করিয়া শ্রমান থাকে, এবং আবশুক মতে তাহা উন্মোচন করিয়া. স্থানাস্তবে প্রস্থান করে। জগদীশর অন্ত কোন বিহঙ্গমজাতির পতত্তে এতাদশ বক্র নথর নির্মাণ করিয়া দেন নাই: **চর্ম্মচ**টিকার জীবন-রক্ষার্থ ইহা আবশুক বলিয়াই তাহাদিগকে প্রদান করিয়াছেন। তিনি একটি পরমাণুও কোন স্থানে নির্থক স্থাপন করেন নাই। তাঁহার সমস্ত অন্তত কৌশল প্রতীতি করা কত আনন্দের বিষয়।

উর্ণনাভের জালও উল্লিখিতরূপ মনোহর কৌশলের এক স্থন্দর

উবাহরণ-স্থা। ভাহারা মক্ষিকা ভোজন করিয়া জীবনবাত্রা নির্মাহ করে; কিছ ভাহাদের উভ্ঞীরমান হইরা, মক্ষিকাগণকে আক্রমণ ও হনন করিবার সামর্থ্য নাই। ভাহাদের ভক্ষ্য-গ্রহণের উপারাম্ভর না থাকিলে, জীবন রক্ষা করা, কোন ক্রমেই সম্ভব হয় না; এই বিবেচনার বিশ্ব-পালক পরমেশ্বর ভাহাদিগকে জাল প্রস্তুত করিবার শক্তি দিয়াছেন। ভাহারা ধীবরদিগের স্থার জাল বিস্তৃত করিয়া অবস্থিতি করে, এবং মক্ষিকাগণ যেমন আসিয়া পতিত হয়, তৎক্ষণাৎ গ্রহণ করিয়া ভক্ষণ করে।

ব্রুরপ-নামক প্রাণীর বর্ণ-পরিবর্তনের বিষয় অপর সাধারণ ্সকলেরই বিদিত আছে। যিনি সমুদ্র-তটম্থ বালুকা-বিন্দু ও দুর্বাদলম্ভ শিশির-বিন্দু পর্যান্ত কোন বস্ত নিপ্রাক্সনে স্থাষ্ট করেন নাই, তিনি ্যে এই অন্তত জন্ধকে এই অন্তত শক্তি নির্থক দিয়াছেন, অথবা কেবল মনুষ্যের কৌতৃক-সম্পাদনার্থ প্রদান করিয়াছেন, ইহা কদাচ যুক্তিসিদ্ধ বোধ হয় না। তাহার অবশ্রই কোন নিগৃঢ় ভাৎপর্য্য আছে. তাহার সনেহ নাই। মক্ষিকাদি কুদ্র কুদ্র পতক বছরপের স্বভাব-সিদ্ধ থাতা। উহা বুক্ষ ও গুলো আরোহণ ও রসনা-প্রসারণ করিয়া, ভাহাদিগকে গ্রহণ ও ভক্ষণ করিয়া থাকে; কিন্তু উহার গতি অতান্ত মৃত। প্তশ্বণ উহাকে নিকটে দেখিলে, অবলীলাক্রমে পলায়ন করিতে পারে। বিশেষতঃ পতক্ষের দৃষ্টি-শক্তি বিলক্ষণ তেজিখিনী; কোন হিংস্ৰ জীব নিক্টন্ত হইলে, তাহারা অনায়াসে দেখিতে পায়। অত এব কোন প্রকার ছন্মবেশ-গ্রহণ-ব্যতিরেকে, বহুরূপের অভীষ্ট দিদ্ধ হওয়া কোন মতেই সম্ভবে না; এই নিমিত্ত সর্বজ্ঞ সর্বা-শক্তিমান্ পরমপুরুষ তাহাকে ক্ষণে ক্ষণে রূপ-পরিবর্তনের শক্তি প্রদান করিয়া, অপার মহিমা প্রকাশ করিয়াছেন! বছরূপ যথন হরিছর্ণ বৃক্ষপত্রের মধ্য দিয়া গমন করে, তথন হরিদ্রপ গ্রহণ করে, এবং যথন পীত ও লোহিতবর্ণ পত্র বা পল্লবের নিকট দিয়া গমন করে, তথন পীত ও লোহিতবর্ণ ধারণ করে। চতৃষ্পার্শবর্তী পত্র-পুঞ্জের কেবল বর্ণ ধারণ করিয়া নিস্তার পায় না; তদীয় আকারেরও অমুকরণ করে। কি আশ্চর্য্য শক্তি! কি অমুপম গুণ! কি অপূর্ব্ব লীলা! কি অভূত কৌশল!

প্রাকৃতিক-ইতিবৃত্ত-বিৎ পণ্ডিতেরা দেখিয়াছেন, স্থলচর ও জলচরের চক্ষর গঠন-বিষয়ে পরস্পর অনেক বিভিন্নতা আছে। স্থলচরেরা কেবল স্থলেব উপরিস্থিত বস্তু দেখিতে পায়, জলচরেরা কেবল ব্দলাশ্যের অভাস্তরস্থ সামগ্রী দৃষ্টি করিতে পারে। কিন্তু এক প্রকার মংস্ত আছে+ তাহার চক্ষুর উপরিভাগ তুল চরের এবং আধোভাগ ব্বলচরের চক্ষুর তুল্য। স্বাদীখর কি অভিপ্রায়ে এ স্থলে সাধারণ পদ্ধতির অক্তথাচরণ করিলেন, ইহা জানিবার নিমিত্ত কাহার কৌতৃহল-শিখা উদ্দীপ্ত না হইয়া উঠে
ত এবং পণ্ডিতেরা এ বিষয়ের যে নিগৃঢ় অভিসন্ধি অবধারণ করিয়াছেন, তাহা শ্রুতি-গোচর হইলে, কাহারই বা বিশ্বয় ও আনন্দোদয় না হইয়া থাকে ? উলিথিত অসাধারণ মংস্থ থেরূপে সন্তরণ দেয়, তাহাতে ভাহার চকুর উর্দ্ধভাগ জলের উপর উথিত ও অধোভাগ তাহার অভানুরে প্রাবষ্ট থাকে। অত এব তাহাদিগের চক্ষুর গঠন একরূপ হইলে, তাহাদিগের দৃষ্টি-ক্রিয়া কদাচ স্থচারুরূপে সম্পাদিত হইতে পারে না, এই বিবেচনায়, করুণাময় পর্মেশ্বর তাহাদের নেত্র-দ্বরের গঠন-প্রণালী উভয়-রাতি-সম্পন্ন করিয়া অপূর্ল কৌশল প্রকাশ করিয়াছেন। যিনি সচেতন জীবে অচেতন উদ্ভিদের গুণ সংস্থাপন করিয়া, পুরুত্জের প্রকৃতি উৎপাদন

ইংরাজিতে ইহাকে সরিনামমপ্রাট বলে।

ক্রিয়াছেন, তিনি উভয় জীবের স্বভাব একত্র মিলিত করিবেন, ইহাতে আকর্য্য কি প

জগদীখর জীব সাধারণকে হুই চক্ষু প্রদান করিয়াছেন। কিছ কোন কোন পতকের বহু নেত্র দেখিতে পাওয়া যায়। ইহার কারণ কি ? জ্ঞান-দিল্ল-সরূপ দীনবন্ধ কি মঙ্গলময় অভিপ্রায়ে সাধারণ পদ্ধতির এইরূপ অন্মুথাচরণ করিলেন, ইহা জানিবার নিমিত্ত অন্ত:-করণ বাাকুল হইরা উঠে। তাঁহার কুপা-ভাজন জ্ঞানিগুণ ইহার সিদ্ধান্ত করিয়া, আমাদিগুকে অবগত করিয়াছেন। পূর্ব্বোক্ত প**তঙ্গ**-সমুদারের নেত্র নিভান্ত নিশ্চল। ভাহাদের চক্ষুর তারা এক স্থানেই স্থির হইয়া থাকে। আমরা যেমন ইচ্ছাতুসারে সকলদিকেই চক্ষুর চালনা করিতে পারি, তাহারা সেরূপ পারে না। অতএব এরূপ চুই চক্ষু দ্বারা তাহাদের ভক্ষ্য অন্তেষণ ও শত্রুগণের গমনাগমন নিরীক্ষণ করা অচারুরূপে সম্পন্ন হইতে পারে না, ইহা বিবেচনা করিয়া, পরম বিজ্ঞানবিৎ পরমেশ্বর তাহাদিগকে বহু নেত্র প্রদান করিয়াছেন এবং তৎসমুদায়কে ভাহাদের শরীরের যে যে স্থানে স্থাপিত করিলে. সম্ধিক কল্যাণ্সাধন ও শোভা-সম্পাদন হয়, তাহাই করিয়াছেন। তিনি উল্লিখিত অভিপ্রায়ে উর্ণনাভকে অষ্ট্রচক্ষ প্রদান করিয়াছেন। তাহার মন্তকের উপরিভাগে হুই, সমুখভাগে হুই, এবং এক এক পার্ষে ছুই ছুই নেত্র সন্নিবেশিত আছে। এই সমস্ত নেত্র নিতান্ত নিশ্চল হইলেও, প্রয়োজনাত্মারে বিভিন্ন স্থানে স্থাপিত হওয়াতে, উর্ণনাড चकीव कीवन-त्रका ७ मर्त्र अकात अत्याकन माध्यात উপযোগी ममूनाम বিষয়ই দৃষ্টি করিতে পারে। তাহার নেত্র নিশ্চল হওয়াতে, যত প্রকার অনিষ্টোৎপত্তির সন্তাবনা ছিল, বিশ্ব-বিধাতা এইরূপ বিধান ছার' তাহার সম্পূর্ণ নিরাকরণ করিয়াছেন। আমরা যে আমাদের শ্রষ্টা ও পাতার এই সমস্ত অতি প্রগাঢ় নিপুঢ় অভিপ্রায়ের অভায়রে প্রবেশ করিতে সমর্থ হইতেছি, ইহা আমাদের পরম সৌভাগ্য ও অতুল আনন্দের বিষয়।

কিন্তু তিনি প্রেলিখিত সমুদায় পতক্ষেরই নেত্রদোষ যে এই এক প্রকারে নিবারণ করিয়াছেন, এমত নয়। তিনি এরপ কল্যাণ আশেষরূপ উপায় দ্বারা সম্পাদন করিতে পারেন। তিনি কতকগুলি পতক্ষের চক্ষুর তারা গোলারুতি না করিয়া, বহু-পার্থ-বিশিষ্ট কাচস্দৃশ করিয়া আশ্চর্য্য কৌশল প্রকাশ করিয়াছেন। তাহার এক এক পার্য এক একথানি কাচ-স্রূপ; স্কতরাং তাহার যে পার্যে যে যে বস্তুর আভা পতিত হয়, সে বস্তু সেই পার্য দ্বারা স্বতম্ব স্বতম্ব দৃষ্ট হইয়া থাকে। ইহাতে তাহাদের চক্ষুর তারা নিতান্ত নিশ্চল হইলেও, তাহার দৃষ্টি-ক্ষেত্র অভ্য প্রত্ত প্রাণীর তুলা বহু বিস্তৃত হইয়া থাকে। এতাম্স্-নামক পণ্ডিত নিরূপণ করিয়া লিখিয়াছেন, একটি মধ্মক্ষিকার চক্ষে এইরূপ ১৪০০ চৌদশত থণ্ড কাচ দৃষ্ট হইয়াছে। উল্লিখিত পতক্ষের চক্ষুর তারার এ সমস্ত কাচবৎ ভাগ কিরূপ স্ক্র ও স্বর্গরিগাটীসক্ষার, ও পরম শিল্প-কুশল বিশ্ব-নির্ম্মাতার কত কৌশল ও যত্নের বিষয়, তাহা পাঠকবর্গ একবার চিন্তা করুন, এবং চিন্তা করত বার বার তাঁহার ধন্তবাদ করিয়া, পরম পবিত্র প্রেম্নেক্-নীরে নিমগ্র হুটন।

যদি প্রস্তুত বিষয়ে চক্ষুর প্রদাস উত্থাপিত হইল, তবে এগুলে জগদীখারের আর একটি অসাধারণ কৌশালের উল্লেখ না করিয়া নিরস্ত হওয়া যায় না। সমুদায় দ্বি-নেত্র প্রাণীরই তুই পার্যে তুই নেত্র দেখিতে পাওয়া যায়; কিন্তুবংশক* প্রভৃতি কয়েক প্রকার মংস্তের উত্তর নেত্রই এক পার্শ্বে থাকে, অপর পার্শ্বে একটিও চক্ষ্ থাকে না।

এরূপ অসামান্ত ব্যবস্থা কি বিশ্ব-প্রান্থির ভ্রান্তি-মূলক ? না, কোন্দ্র
বিশেষ প্রয়োজন-সাধনের উদ্দেশে এইরূপ ব্যবস্থিত হইরাছে ?—অপ্রাস্তিত্বরূপের কার্য্যে ভ্রান্তি সম্ভব, এ কথা মুখাগ্রে আনমন করা অকর্ত্ব্যা।
তিনি এ বিষয়ে আশ্চর্য্য কৌশল প্রকাশ করিয়াছেন, তাংগর সন্দেহ
নাই। ঐ সমুদায় মংস্য জলাশয়ের অধোভাগে পঙ্কের উপর এ
প্রকার এক পার্শ্বে শয়ন করিয়া রহে, যে তাহাদের ঐ পার্শ্ব সর্ব্বতোভাবে পঙ্কেতেই পরিলিপ্ত থাকে। সেই পার্শ্বে চক্ষ্ক্ থাকিলে, তাহা
কোন প্রকারে কার্য্যকর না হইয়া, কেবল ক্লেশ-কর হইবে, অথবা
পক্ষেতে অন্ধীভূত হইয়া যাইবে, এই বিবেচনায়, ত্রিকালজ্ঞ প্রক্ষ্
তাহার একটি চক্ষ্ ও সে পার্শ্বে স্থাপন না করিয়া, অপর পার্শ্বে উভয় নেত্রই
স্থাপন করিয়াছেন। প্রত্যেক প্রাণীর প্রত্যেক নেত্র নেত্র-নির্শ্বাতার
কতই কৌশল প্রদর্শন করিয়াছেন।

বক ও তাদৃশ কতকগুলি পক্ষা মৎস্যাদি জণজন্ত ভক্ষণ করিয়া, প্রাণ ধারণ করে; কিন্ত হংসাদির ন্থার তাহাদের পদাঙ্গুলি-সমুদার চন্দ্রদারা লিপ্তানা থাকাতে, তাহারা সন্তরণ করিতে সমর্থ হয় না; ইংতে তাহাদের ভক্ষ্যের সহিত শারীরিক প্রকৃতির কিছুমাত্র সামঞ্জন্ম থাকে না। কিন্তু ঐ উভয়ের সামঞ্জন্ম সাধন করা সর্ব্বদামঞ্জন্ম-সম্পাদক পরমেশ্বরের পক্ষে কত ক্ষণের কমা? তিনি বকজাতির ক্ষজ্যাহয় কিঞ্চিৎ দীর্ঘ করিয়া, একেবারেই এ বিষয়ের সামঞ্জন্ম করিয়া রাখিয়া-ছেন। তাহারা তীর-সন্নিহিত অগভীর জলে পদচারণ করিয়া, মৎশুদিগকে গ্রহণ ও ভক্ষণ করে। তাহারা অপরাপর জল-চর পক্ষীর স্থায় ক্ষলা শ্বে সন্তরণ করিতে সমর্থ না হউক না কেন, তাহাদের স্রষ্ঠা ও পাতানু

অতীব সহজ কৌশলে ভাহাদিগের জীবনযাত্তা নির্বাহের স্থলর উপায়-कावधावन कविशा मिश्राह्म ।

উষ্টের কোন কোন অঙ্গ ও কোন কোন গুণ অতি অসা-ধারণ। তাহাদের খুর সমধিক প্রসারিত, তাহাদের পাক-তৃলীক একাংশে জল রাখিবার স্থান আছে, এবং স্থান-বিশেষে জলাশর বিভ্যমান আছে কি না, তাহার দেড় ক্রোশ অন্তর হইতে, তাহা জানিতে পারে। গো, অখ, মেয়াদি অন্ত অন্ত পশুর এ সকল বিষয়-এ প্রকার নয়। কিন্তু জগদীশ্বর যে অভিপ্রায়ে ঐ অসাধারণ পশুকে উল্লিখিত-রূপ অসাধারণ প্রকৃতি প্রদান করিয়াছেন. তাহার বিচার করিয়া দেখিলে, চমংক্বত ও প্রীতিপূর্ণ হইয়া. ক্লতজ্ঞতা-রদে আর্জ হইতে হয়। উট্ট আরবদেশের প্রধান ভার-বাহী পশু। তাহাদিগকে সতত যে বালুকাময় মকুভূমি পর্যাটন করিতে হয়, তাহা প্রচণ্ড সূর্যাকিরণে অগ্নিবং হইয়া থাকে। তথাকার বায়ু নিতাম্ভ নীরস ও উত্তপ্ত ; তথায় জলাশয় নাই, लाकानम्न नारे, वन ७ উপवन नारे। চতুদ্দিকে अवरलाकन করিয়া একটিও জীব-জন্ত দেখিতে পাওয়া যায় না। পশিকগণ যোজন যোজন পথ পর্যাটন করিয়াও কোথাও বৃক্ষচ্ছায়া এমন কি তৃণ-মুষ্টিও দেখিতে পায় না ৷ ক্ষুধা তৃষ্ণা ধেন মুর্ত্তিমতী হইয়া, নিরস্তর হাহাকার করিতেছে। কালরপী মৃত্যু যেন তাহাদিগকে সহায় করিয়া, জীব-সংহারার্থ চতুদ্দিকে বিচরণ করিতেছে। এইরূপ হুর্গম স্থানে উষ্ট্রদিগকে বণিক্দিগের পণ্যদামগ্রী পুষ্ঠোপরি গ্রহণ করিয়া, নিরস্তর लमन क्रिएं इटेर्ट, এই বিবেচনায় জগদীখর এ সকল অমৃল্য পশুকে ততুপযোগী প্রকৃতি প্রদান করিয়াছেন। তাহা-দিগকে দর্বাদাই বালুকা-ভূমি পর্যাটন করিতে হর, অতএব

ল্লখ বালুক।-মধ্যে বারংবার পদ প্রবিষ্ট হইয়া, গমনের ব্যাঘাত না জন্মার, এই নিমিত্ত, তাহাদিগকে প্রশস্ত খুর প্রদান করিয়াছেন। তাহাদের উপরে জল রাখিবার এক স্থান করিয়া দিয়াছেন; তাহারা তথায় বারি সঞ্চয় করিয়া ক্রমাগত বহু দিবস নিৰ্জ্জল দেশে ভ্ৰমণ করে ও প্রয়োজন মতে দেই জল উলগার্ণ করিয়া, পিপাদা শান্তি করে ও শুফ অর দিক্ত করে। মরুভূমির মধ্যে দর্বস্থানে জল প্রাপ্ত হওয়া হন্ধর; অতএব, তাহাদিগকে এরপ অসাধারণ ঘাণশক্তি দিয়াছেন যে, তদ্বারা তাহারা দেড় ক্রোশ থাকিতে জলাশয়ের উপলব্ধি করিয়া, তদভিমুখে ধাবমান হয়। তাহাদের পৃষ্ঠোপরি যে সুলকায় ককুদ্ দেখিতে পাওয়া যায়, তাহা কেবল মেদরাশিতে পরিপূর্ণ পথের মধ্যে একাদি-ক্রমে অনেক দিবদ আহার-দামগ্রী না মিলিলে, ঐ মেদ শোণিতের মধ্যে সঞ্চারিত হইয়া, তাহাদিগের জীবন রক্ষা করে। আলাং প্রম করুণাময় জগদীখারের কি মহিমা । ঐ সমস্ত বহুপকারী পশুকে অনেক বিষয়ে অসামান্ত কার্য্য করিতে হয় বলিয়াই, তিনি তাহাদিগকে উল্লিখিত-রূপ অসামান্ত প্রকৃতি প্রদান করিয়াছেন। তিনি ভত্তৎ প্রদেশের বাণিজ্য-বাবদায় অপেকাকৃত স্থগম করিয়া, দংদারের ম্রথ-সমৃদ্ধি বর্দ্ধন করিবার অভিপ্রায়েই তাহাদিগকে সৃষ্টি করিয়াছেন।

মানব! তুমি এমন কত উদাহরণ প্রদর্শন করিবে? অনস্ত কালেও তাঁহার সমুদার শুভাবহ কৌশল গণিত ও বণিত হইবার নয়। যেমন স্থাময় পূর্ণ চক্রের মনোহর জ্যোতিঃ স্থবিস্ত্ত দিল্পু-সলিলেও তদীন তটে সর্ব্বিত ব্যাপ্ত হইয়া, পরম রমণীয় শোভা প্রকাশ করে, সেইরূপ আমাদের কর্ষণাময় পরম-পিতার মহিমা- চক্রমার অমূপম অমৃত-রস এই অখিল ব্রহ্মাণ্ডের সর্বস্থানে পরিলিপ্ত হইয়া, তাঁহার অভ্যাশ্চর্য্য অনির্ব্বচনীয় কীর্ত্তি অহর্নিশ প্রকাশ করিতেছে।

জোয়ার-ভাটো।


প্রতিদিন সমুদ্রের ছই বার বৃদ্ধি ও ছই বার ব্রাস হয়; ইহা দেখিরা ও আলোচনা করিয়া, আপাততঃ সকলকেই বিময়াপর হইতে হয়, এবং কিরূপে এরপ অভূত ব্যাপারের ঘটনা হইয়া থাকে, তাহা জানিবার নিমিত্ত সকলেরই কৌতৃহল উপস্থিত হয়, তাহার সন্দেহ নাই। প্রাচীন হিন্দু-পণ্ডিতের। সমুদ্রের হ্রাস-বৃদ্ধির বিষয় উল্লেখ করিয়া গিয়াছেন। চক্র থে উহার প্রধান কারণ, তাহাও তাঁহারা এক প্রকার অভ্নত্ব করিয়াছিলেন। এককণ্ এ বিষয় যে কত দ্র অবধারিত হইরাছে, তাহার সুল তাংপ্র্যামাত্র পশ্চাৎ প্রকাশিত হইতেছে।

জ্যোতির্বিং পণ্ডিতেরা নির্নারণ করিরাছেন, চক্র পৃথিবীর আকর্ষণে আরুষ্ট থাকিয়া, স্বীর পণে পরিভ্রমণ করে। পৃথিবী থেমন চক্রকে আকর্ষণ করে, চক্রও সেইরূপ পৃথিবীকে আকর্ষণ করিয়া থাকে। চল্রের আকর্ষণে সমুদ্রের জল ক্ষীত হইয়া উঠে। ইহাকেই সংস্কৃত ভাষায় বেলা ও এতদ্দেশীয় চলিত ভাষায় জ্যোরার বলে। চক্র অবশু পৃথিবীর স্থল ও জল উভয় ভাগই আকর্ষণ করে; কিন্তু স্থলভাগ কঠিন ও দৃঢ়, এ নিমিত্ত বিচলিত হয় না। জলভাগ অতিশয় তরল, এই নিমিত্ত চক্রের আকর্ষণে চলিত ও ক্ষীত হইয়া থাকে। পৃথিবীর যে অংশ যথন চক্রের নিকট থাকে, তথান

সেই অংশে জোরার হইবার সম্ভাবনা। ইহাতে দিবারাত্রে এক স্থানে-একবার মাত্র জোরার হইতে পারে; কিন্তু আমরা দিনরাত্রে হইবার জোরার ও ১০বার ভাঁটা দেখিতে চ

জোরার ও ৮০বার ভাটো দেখিতে পাই। এ অভ্ত ঘটনার কারণ কি, পশ্চাৎ নির্দেশ করা বাইতেছে।

এই চিত্রক্ষেত্রে চ চক্র; ক থ গ ঘ
পূথিবী; থ স্থানের অর্থাৎ উত্তর প্রাস্ত ;
গ কুমেরু অর্থাৎ দক্ষিণ প্রাস্ত ; ছ
পূথিবীর কেক্র অর্থাৎ মধ্যস্থল। এ
বিষয় সহজে ব্ঝিবার নিমিত্ত, পৃথিবী
চতুর্দিকে জলে বেষ্টিত :- জ্ঞান করিতে
হইবে। পৃথিবীর ক-চিহ্নিত স্থান
চক্রের ঠিক নিম্নভাগে অবস্থিত, এবং
আগ অন্য অংশ অপেক্ষার নিকটবর্ত্তী :



এ নিমিত্ত সেই স্থানের জল, চন্দ্র কর্তৃক অধিক আকৃষ্ট হওয়াতে, ক্ষীত হইয়া উঠিয়াছে, এবং তদপেক্ষা দূরবর্তী থ এবং গ চিহ্নিত স্থান সন্ধুচিত হইয়া পড়িয়াছে অর্থাৎ ক স্থানে জোয়ার এবং থ ও গ স্থানে ভাঁটার উৎপত্তি হইয়াছে। ঘ-চিহ্নিত স্থান সর্ব্বাপেক্ষা দূরবর্তী; এ নিমিত্ত চন্দ্রের আকর্ষণ সর্ব্বাপেক্ষা অল্প এবং ভাহার উপরিস্থিত সংদায় ভাগে তদপেক্ষায় অধিক; কারণ যে বস্তু যত:নিকটে থাকে, আকর্ষক পদার্থ তাহাকে তত তেজে আকর্ষণ করে!। ক্র অতএব, ঐ ঘ-চিহ্নিত জ্বলীয় ভাগ-ব্যতিরেকে অবশিষ্ট সমুদায় ভাগ চন্দ্র কর্তৃক অধিক আকৃষ্ট হওয়াতে, চল্লের দিকে কিছু উথিত হয়, এ নিমিত্ত ঐ সর্ব্বাপেক্ষা অধ্বংহিত ঘ-চিহ্নিত ভাগ নিয় দিকে লম্বিত হইয়া পড়ে। ঐ ভাগ নত হইয়া পড়া ও অবশিষ্ট ভাগ

উঠিয়া যাওয়া উভয়ই তুলা। এই নিমিত্ত ক ও ব চিহ্নিত উভয় স্থানে এক সময়ে ফোয়ায় হইয়া থাকে।

ভূ-মণ্ডলস্থ সমস্ত বস্তা ভূ-মণ্ডলের কেন্দ্রাভিমুখে অর্থাৎ মধ্যদিকে আরুই হয় এবং বে বস্তা পৃথিবীর কেন্দ্র হইতে বতদুরে অবস্থিত, তাহাতে পৃথিবীর আকর্ষণ তত অল। যথন পৃথিবীর ছ-চিহ্নিত কেন্দ্র অর্থাৎ মধ্যভাগ চন্দ্র কর্ত্ক আরুই হইয়া চন্দ্রের দিকে উথিত হয়. তথন ঘ-চিহ্নিত স্থান ঐ কেন্দ্র হইতে অধিক দ্র পতিত হওয়াতে, তথায় পৃথিবীর আকর্ষণ অল হইয়া বায়। সে স্থানের জল আকর্ষণ-শক্তিতে আরুই থাকে, তাহার হাস হইলে, সেই জল স্তরাং নত হইয়া পড়ে।


এইরপে সমুদ্রের যে অংশে যথন জোয়ারের উৎপত্তি হয়, তাহার বিপরীত ভাগেও সেই সময়েই জোয়ার হইয়া থাকে। যথন চক্র-মণ্ডল আমানের মন্তকোপরি অবস্থিত থাকে, তথন ভূমগুলের যে ভাগে আমানের অবস্থান, সেই ভাগে এবং তাহার বিপরীত ভাগে এক কালে জোয়ার হয়। সেইরূপ যথন চক্র আমানের বিপরীত দিকে থাকে, তথনও সেই দিকে ও আমাদের দিকে এক কালেই জোয়ারের উৎপত্তি হয়। এইরূপে প্রতিদিন এক এক স্থানে হই বার করিয়। সমুদ্রের জল উচ্ছ্ সিত হইয়া থাকে।

এ বিষয়ে যৎকিঞ্চিৎ যাহা লিখিত হইল, তাহা মনোযোগপূর্বকি পাঠ করিলে, অনায়াদে প্রতীত হইতে পারে, চল্র-মণ্ডল ভূ-মণ্ডলের এক স্থান অপেক্ষা অন্ত স্থানকে অধিক আকর্যন করে, ইহাতেই জোয়ারের উৎপত্তি হয়। স্থা পৃথিবী হইতে এত দূরে অবস্থিত যে, পৃথিবীর ভিন্ন ভিন্ন স্থানে তাহার আকর্ষণের তাদৃশ ইতর-বিশেষ অন্ত ভূত হয় না। এ নিমিত্ত চল্লের আকর্ষণ জোয়ার-ভাটার উৎপত্তির প্রতি যেমন বলবৎ কারণ, স্থোর আকর্ষণ সেরূপ নয়। যদিও তত না হউক, তথাপি স্থামণ্ডলও চল্লের স্থায় সৃষ্দ্রের জল আকর্ষণ করে, এবং তন্থারা জোয়ারের হ্লাস্ব্দিও সাধন

করিয়া থাকে। কিরুপে কর্ষোর হারা জোরারের হ্রাস-বৃদ্ধি সাধিত হইর। থাকে, পশ্চাৎ লিখিত হইতেছে।

বে সময় চন্দ্র সূর্য্য উভয়ে মিলিয়া এক স্থানের জল আকর্ষণ করে. সে সময়ে জোরার অত্যন্ত প্রবল হয়। অমাবস্থার সময় সূর্য্য চন্দ্র উভরে প্রায় সমস্ত্রপাতে অবস্থিত হয়. অর্থাৎ তৎকালে চক্র মণ্ডল সুর্য্য-মণ্ডলের অধোভাগে অবস্থিতি করে। অতএব উভয়ে এক দিকে থাকিয়া এক 'স্থানের জল আকর্ষণ করাতে, সে সময়ে জোয়ারের অতিশয় প্রাহর্ভাব ছয়। 'পুর্ণিমার সময়ে স্থা ও চক্র পরস্পর নভোমগুলের বিপরীত ভাগে উদ্য হয়। চক্র যথন পূর্ব ভাগে, সূর্য্য তথন পশ্চিম ভাগে অবস্থিতি করে. এবং চক্র যথন পশ্চিমদিকে, সূর্য্য তথন পূর্ব্ব ভাগে অবস্থিতি করে, এবং চন্দ্র যথন পশ্চিম দিকে, হুর্য্য তথন পূর্ব্ব দিকে উদয় হয়। পূর্ব্বে প্রতিপন্ন ছইয়াছে, চক্স-মণ্ডল ভূ মণ্ডলের যে ভাগের উপর ষধন অবৃস্থিতি করে. তথন সেই ভাগে ও ভাহার বিপরীত ভাগে জোয়ারের উৎপত্তি হয়. **সেই ভাগের ও তাহার বি**প**ীত ভাগের জলও স্থা দারা এক সম**য়েই উচ্ছ সিত হয়। অতএব যথন চক্র সূর্যা পরস্পার বিপরীত দিকে খাকে, তথন ও উভয়ের আকর্ষণ পরম্পর উভরের আকর্ষণের সংহারক না হইয়া, উভয় দিকের জোয়ার প্রবল করিয়া তোলে। এই নিমিত্ত অমাবভার ভার পূর্ণিমার সময়েও জোরারের সমধিক প্রাত্তাব হইয়া থাকে। এতদেশীয় নাবিকেরা ইহাকেই কটাল কহে।

সপ্তমী ও অষ্টমী তিথিতে চন্দ্র স্থা অমাবস্তার স্থায় পরস্পর উপর্যাংগাভাবে অথবা পূর্ণিমার ন্থায় পরস্পর বিপরীত দিকে অবস্থিতি করে না; এ নিমিত্ত সে সময়ে জোয়ারের প্রাঞ্জীব থাকে না। তথন স্থা-মণ্ডলের আকর্ষণ-শক্তি জোয়ারের অনুকূল না হইয়া, প্রতিকূল হইয়া উঠে। এই চিত্রক্ষেত্রে ক থ গম্ব পৃথিবী, চ চন্দ্র, স্থা। স্থা এক দিকে ব চিহ্নিত স্থানের জন আকর্ষণ করিতেছে,
চন্দ্র অন্ত দিক্ হইতে ঐ ব-চিহ্নিত স্থানের জন আকর্ষণ করিয়া গচিহ্নিত স্থানে তৃলিতেছে। ইহাতে চন্দ্র ও স্থা উভরের আকর্ষণ
পরস্পরের অনুকৃল না হইয়া পরস্পরের প্রতিকৃলই হইয়া উঠে। স্থা অক্ত দিক্ হইতে আকর্ষণ না করিলে, চন্দ্র আরও অধিক জল উত্তোলন



করিতে পারিত। কিন্তু তাহা না পারাতে, গ-চিহ্নিত স্থানে জোরারের প্রাহ্রতাব হয় না। স্থা ব-চিহ্নিত স্থানের জল আকর্ষণ করাতে, তথার ভাটারও আধিক্য হইতে পারে। চক্র ও স্থা দকল সময়ে পৃথিবী হইতে সমান দুরে অবস্থিত থাকে
না। কথনও কিছু নিকটে কথনও কিঞ্চিৎ দূরে গমন করে। যথন
অধিক নিকটবর্তী হয়, তথন সমুদ্রের জল অধিক আকর্ষণ করে
এবং যথন দূরবর্তী হয়, তথন তদমূরণ অয়-প্রমাণ জল আকর্ষণ
করিয়া থাকে। ইহাতেও জোয়ার-ভাটার অনেক ইতর-বিশেষ হয়,
তাহার সন্দেহ নাই। যে সময়ে চক্র-মগুল ভূ-মগুলের সমধিক সমীপবর্তী
ছয়, সে সময়ে অমাবস্যা বা পৌর্ণমাসী সজ্বটন হইলে, জোয়ারের অত্যন্ত
প্রাহ্জাব হইয়া থাকে। এ দেশীয় নাবিকেরা ইহাকে তেজ কটাল বলে।

জোয়ারের জল সকল স্থানে সমান দূর উপিত হয় না। যে সকল জলাশর প্রশস্ত নয়, তাহাতেই অধিক দূর উপিত হয়; যে সমস্ত অত্যন্ত প্রশস্ত, তাহাতে সেরপ উপিত হয় না। অতিবিস্তৃত পাসিফিক্ মহাসাগরের কোন দ্বীপে তুই এক ফুটের অধিক উঠে না, কিন্তু ব্রিটিস চানেল নামক অনতিবিস্তৃত সাগরের তট-স্থিত সেন্ট্মেলো নগরে জোয়ারের জল ৩০ তেত্রিশ হাত উচ্চ হয় ও আমেরিকার অন্তর্বার্তী নবস্কোশিয়া প্রদেশে ৪৭ সাতচল্লিশ হাত পর্যান্ত উপিত হইয়া থাকে। নদীর মধ্যেও জোয়ারের জল উচ্চ হইয়া, অনেক দূর পর্যান্ত প্রবেশ করে। এতদেশীয় গঙ্গানদীর বিষয় প্রাস্থিকই আছে। আমেরিকার অন্তর্বার্তিনী আমেজন-নদীর মুথ হইতে তাহার অভ্যন্তরে ২২০ তই শত কুড়ি কোশ অপেক্ষাও অধিক দূর জোয়ার য়য়। ইহাতে এত সময় লাগে যে, এক জোয়ার নিঃশেষিত না হইতে হইতে অন্ত জোয়ারের জল নদী-মধ্যে প্রবিষ্ট হইতে থাকে।

ভাঁটার সময়ে নদীর জল নির্গত হইয়া যথন মোহানার পতিত হয়, তথন যদি সমুদ্রে পুনর্কার প্রবৃদ জোয়ার উৎপন্ন হইয়া, মোহানার দিকে আসিতে থাকে, তাহা হইলে, উভয় প্রবাহ পরস্পর সম্মুখীন ও প্রতিহত হইয়া, জলময় প্রাচীরের ন্থায় উচ্চ হইয়া উঠে এবং সেই জল-রাশি সতেজে নদীমধ্যে প্রবেশ করিয়া, প্রচণ্ড-বেগে গমন করিতে থাকে, ইহাকেই বান কহে। জীব, জন্ত, নৌকা প্রভৃতি বাহা কিছু ইহার সন্মুবে পতিত হয়, তাহাই জলময় ও বিনষ্ট হইয়া য়য়। কলিতাতায় বানের সময় বড় বড় জাহাজ প্রভৃতি দোলায়মান হইতে থাকে এবং কথন কথন নকরের বন্ধন ছিয় হইয়া য়য়। পূর্কোলিখিত আমেজননদার বান ভয়য়য় জলময় পর্কতের লায় একশত বিংশতি হস্ত উয়ভ হইয়া, প্রচণ্ডবেগে ধাবিত হইতে থাকে।

ব্ৰহ্মাণ্ড কি প্ৰকাণ্ড!

অধিল বিধের তুলনায় পৃথিবীকে একটি বিন্দু বলিলে বলা যায়।
কিন্তু এই ভূ-মণ্ডলও যে প্রকার প্রকাণ্ড পদার্থ, তাহা অর্কুতব
করা স্কঠিন। সমগ্র ভূ-মণ্ডল দ্রে থাক্ক, ভারত-ভূমির উত্তর
দীমাবর্ত্তী হিমালয় ও আমেরিকার পশ্চিম প্রাচীর-স্বরূপ আণ্ডিস্ পর্বত
প্রভৃতি যে সমস্ত শত শত যোজন-ব্যাপিনী পর্বত-শ্রেণী মেঘ-শ্রেণী
ভেদ করিয়া, স্বীয় মন্তক উল্লভ করিয়া রহিয়াছে, ভাহাও মনেতে
ধারণ করা সহজ নয়। অতীব গান্তীয়্যাশালী জন-শৃত্ত পর্বতময় প্রদেশ
অবণোকন করিলে, অন্তঃকরণ তাহাদের আকার-প্রকার স্থান্সাই গ্রহণ
করিতে অসমর্থ হইয়া, ভীতি-সংবলিত চমৎকার-রসে নিমগ্র হইয়া
ধায়। কিন্তু সমগ্র ভূ-মণ্ডদের সহিত তুলনা করিলে, ঐ সমন্ত স্থবিস্থত
পর্বতশ্রেণীও সামান্ত বলিয়া বোধ হয়। যদি তৎসমুদার উৎপাটন
করিয়া, স্থির-সমুদ্রে নিক্ষেপ করিতে পারা যায়, তাহা হইলে, ভাহাদের
শিথর-দেশের অগ্রভাগ-ব্যতিরিক্ত অন্তান্ত সমস্ত ভাগই সমুদ্র-গর্ভে মপ্র

হইরা থাকে। অবনি-মণ্ডলে এমন কত সমুদ্র, কত বীপ ও কতমহারণ্য ও বরুভূমি রহিয়াছে। এই অতি প্রকাশু ভূমি-পিণ্ডের
উপরি-ভাগ ন্যাধিক ৩,৮১,১০,৯০০ তিন কোটি একাশী লক্ষ দশু
সহত্র নর শত বর্গকোশ। * যদি কোন কৌতূহলাবিষ্ট পর্য্যয়টক সমপ্র
ভূমগুল-সন্দর্শন-বাসনায় প্রতিদিন এইরপ ৬ ছয় কোশ করিয়া
শ্রমণ ও দর্শন করিতে পারেন, তাহা হইলে, তাঁহার সমুদার পৃথিবী
পর্যাবেক্ষণ করা ১৭,৪০০ সতর হাজার চারি শত বৎসরের ন্যানে সম্পার্ক
হয় না।

অবনি-মণ্ডলের আয়তন মাত্র অমুভব করিয়া নিরস্ত হওরা উচিত
নয়। ইহাতে ফ্রেসমস্ত অভুত ব্যাপার অহর্নিশ সম্পাদিত হাইয়া, সর্বমঙ্গলাকরের নঙ্গলকর কৌশল সম্পাদিত করিতেছে, ভাহা একজা
এককালে অমুভব করা সাধ্যাতীত বোধ হয়। জল-প্রপাত পতিত
হাতেছে, প্রবল ঝাটকা উপিত হাতেছে, মেঘাবলি উৎপন্ন হাতৈছে,
শিলা ও সলিল ববিত হাতেছে, নদী ও নির্মার প্রবাহিত হাতেছে, সিরিং
ও সহবর মেঘনাদে নাদিত হাইয়া, ভ্-মণ্ডল কম্পমান করিতেছে,
এবং আগ্রেমনিরির অল্ব্যুৎপাত উপস্থিত হাইয়া, চতুম্পার্যে ভয়য়র ব্যাপার্ম
উদ্ভাবন করিতেছে। নরলোকে কোন স্থানে কোন পদার্থ মুহুর্ত্তেকের
নিমিত্রে স্থির নহে। সকল পদার্থাই সতত পরিবর্ত্তিত হাইয়া, বিশ্বপতির্ম
অপার মহিমা প্রকাশ করিতেছে। আমরা চতুদ্দিকে কত জাতীর কত
মন্থ্যেই পরিবেন্তিত রহিয়াছি। তাহাদের আহার বিহার হাও সপ্তোগাদি
কত ব্যাপার-ম্বাটত কত প্রকার ক্রিয়া-কলাপ প্রতিনিমিধে নির্ব্যাহত
হাতেছে। দেশ-ভেদে, জাতি-ভেদে, তৎসমুদায় সম্পাদনের কত প্রবার

^{*} এक জোশ দৈবা ও এক জোশ প্রস্থে এক বর্গ জোশ হয়।

প্ৰণাণীই বা প্ৰতিষ্ঠিত বহিবাছে। মহুবা-বাতিবিক্ত কোট কোট প্ৰকাৰ প্রাণী পুথিবীতে অবস্থিত রহিয়াছে; কি বায়ু, কি সমুদ্র, কি অরণা, কি भदं छ. कि नगत. कि बाबधानी, कि धाम, कि डेप्रान, मर्सशानह कींब কস্তুতে পরিপূর্ণ। এক এক বিন্দু প্রমাণ স্থানে অপ্রত্যক্ষ-গোচর সহজ্র गरुख की होने जरून कतिरहा । असम द्वान नारे ख, ज्यात्र की व नारे। এমন স্থান নাই বে. তথায় স্থুখ ও সন্তোষের সঞ্চার নাই। জীবগণ আহার করিতেছে, ক্রীড়া করিতেছে, বিচরণ করিতেছে, সম্ভরণ দিতেছে. নৃত্য করিতেছে, ধাবিত হইতেছে; তাহাদের স্থপাধনার্থে বিশ্বভাগ্ডার পরিপূর্ণ রহিয়াছে। স্থা, বায়ু, মেখ ও মেদিনী নিয়তই তাহাদেরঃ পরিচারণ ও স্থানিরোজন করিতেছে, নিমেষ মাত্রও স্ব স্থ শুস্ত-কারিণী ম্বর্থ-দায়িনী শক্তি সঞ্চালন করিতে নিরস্ত নয়। এই অপেয-প্রকার ব্যাপার এক কালে গ্রহণ করা কাহার সাধ্য ? এই সমুদার এক কালে অঞ্ভব করিতে গিয়া অন্ত:করণ পরাত হট্যা আগিতেছে। যে অনুভ্রতনীয়-व्यनिर्वितनीय महीयती मिक्क चाता এই ममन्द्र छेरभन्न श्हेया तक्किक श्रेटकरह. তাহা ধারণ করিতে গিয়া চিত্ত বিহবল ও বিভ্রান্ত হইতেছে। এই সমুদায় একত অহভব করিতে পারিলে, ঘিনি এই বৃহৎ কার্য্যরাশির কারণ, এই অপরিচ্ছিন্ন সাম্রাজ্যের রাজা, এই অনেষপ্রকার প্রজার অভিভাৰক ও প্ৰতিপালক, তাঁহার অপার মহিমা কতক অনুভূত হুইতে পারে।

ষদি এই অবনি-রূপ একটিনাত্র লোকের বিষয় পর্যালোচনা করিতে।
গিয়া অন্তঃকরণ শ্রান্ত হইয়া উঠিল, তবে আমরা ব্রহ্মাগুপতির অসামব্রহ্মাণ্ডের পর্যালোচনা-বিষয়ে কিরুপে কুতকার্য্য হইব ? মেদিনীর
মেরু-দণ্ড স্বরূপ হিমালয়ের তুলনায় একটি কল্পর ষেরূপ কুলু বোধ হয়,
অবপ্ত ব্রহ্মাণ্ডের তুলনায় ভূ-মঞ্জ ভদপেক্ষা কদাচ বৃহত্তর নয়। পৃথিবী:

স্বগতের যে প্রণালীর অন্তর্গত, তাহাকে সৌর জগৎ কছে। প্রকাণ্ড -হর্ষ্য-মণ্ডল তাহার মধ্যস্থানে অবস্থিত। ভূ-লোক ও ভূ-লোক-সদুশ অক্ত - ৭৯ এক শত উনআশীটি গ্রহ ও উপ-গ্রহ * ঐ বিশাল স্থালোকের চতুর্দ্দিকে প্রচণ্ড-বেগে নিরম্ভর পরিভ্রমণ করিতেছে। সর্বাপেক্ষা দূরবর্ত্তী নেপচানগ্রহ স্থাের নিকট হইতে নাুনাধিক ১, ২৫, ০০, ০০,০০০ একশত পঞ্চবিংশতি কোট ক্রোশ অন্তরে থাকিয়া, ১৬৪ একশত চৌষ্ট বংসর ৭ -সাত্মাদ :৬ যোল দিবসে তাহাকে একবার প্রদক্ষিণ করিয়া থাকে। এক একটা গ্রহের আয়তন. শুনিলে চমৎকৃত হইতে হয়। একটা গ্রহ † ভূ-মণ্ডল অপেকা প্রায় ৭৩৫ সাতশত প্রায়ত্তিশ গুণ, আর একটা ‡ প্রায় ১৪১৪ চৌদ শত চৌদ গুণ বৃহৎ। ঐ উভয়ের মধ্যে প্রথমোলিথিত গ্রহ এরপ অতি প্রকাণ্ড বলয়-ত্রয়ে পরিবেষ্টিত যে, পৃথিবীর তুলা শত শত জাব-লোক ঐ অঙ্গুরীয়কের অভ্যন্তরে অবস্থিতি করিতে পারে। ভদ্তিঃ কত সহস্র ধুমকেতু ও কত কোটি উল্লা-পিণ্ড সৌর-জগতে ভয়ানক ্বেগে অজ্ঞ পরিভ্রমণ করিতেছে, তাহা কে নিরূপণ করিতে পারে ? এক একটা ধূমকেতুর আয়তনই বা কেমন বিশায়কর! ১৬৮০ ষোল শত আশী খুষ্ঠানে যে ধুমকেতুর উদয় হয়, তাহার পচ্ছ দৈর্ঘ্যে ৫,৪১,২০,০০০ পাঁচ কোটি একচল্লিশ লক্ষ বিংশতি সহস্র কোশ -পর্যান্ত, এবং ১৮১১ আঠারশ এগার খুষ্টাব্দে যে ধুমকেতুর উদয় হয়, তাহার পুচ্ছ দৈর্ঘ্যে ২,২৫,২০,০০০ তুই কোট পঞ্চবিংশতি লক্ষ বিংশতি সহস্র ক্রোশ পর্যান্ত বর্দ্ধিত হইয়াছিল। উল্লিখিতরূপ বৃহৎ

এ পর্যন্ত ১৫৭ এক শত সাতাল্লটা আহ ও ২০টা উপআহ অর্থাৎ চল্ল আবিছুত
 -ইট্রাতে।

⁺ শবৈশ্চরগ্রহ।

[‡] বৃহম্পতিগ্ৰহ ,

-तुर्र धुमरक जुनमूनात्र এक এक वात्र पूर्यात नमी भव ही इत, भूमनीत যাবতীয় গ্রহের কক্ষবৃত্ত অতিক্রম করিয়া সীমাশুল নভো-মগুলে ল্রমণ করিতে থাকে। ১৭৬৩ সতর শত তেষটি খুষ্টাব্দে যে ধুমকেভুর দ উদয় হয়, তাহা ফর্ষ্যের নিকট হইতে ৬.৮৩.০০.০০ ছয় শত তিরাশী কোটি ক্রোশ পর্যান্ত গ্রমন করে এবং ১৬৮০ যোল শত আশী ্থৃষ্টান্দের ধুমকেতু এভাদৃশ দুরগামী যে, প্রতিঘণ্টায় ৩.৮৭.২০০ তিন লক্ষ সাতাশী সহস্র হুইশত ক্রোশ ভ্রমণ করে, ইহাতেও একবার সূর্যা প্রদক্ষিণ করিতে ৫৭৫ পাঁচ শত পাঁচাত্তর বংসর অতীত হয়। কোন কোন ধুমকেত এক্লপ পথে পর্যাটন করে যে. ভাহা ্দেখিয়া জ্যোতির্বেতারা বলেন, তাহারা যে আর কথন সূর্য্য-দল্লিধানে প্রত্যাগমন করিবে এমন বোধ হয় না:—তাহারা -गगन-मण्डल প্রচণ্ডবেগে নিরস্তর ধাবমান হইবে, আমাদের নিকট আর কদাচ পুনরাগমন করিবে না। আশ্চর্যা !!!--উল্পাপিণ্ড গ্রাহাদির তুলা বৃহৎ নয়, * এবং ধৃমকেতুর সমান প্রগামীও বোধ হয় না। কিন্তু তাহাদের সংখ্যা শুনিলে বিশ্বয়াপর হইতে হয়। এক এক বারে লক্ষ্ণ লক্ষ্ণ উল্লাপিও পৃথিবীতে পতিত হইয়া থাকে। ১৮৩৩ আঠার শত তেত্তিশ খুটান্দের ১০ই ও ১৩ই নবেম্বরে আমেরিকার উত্তর্থতে নম্ন ঘণ্টার মধ্যে অনুনে ২, ৪০, ০০০ ছই লক্ষ চল্লিশ হাজার উল্লা-পিণ্ড পতিত হইয়াছিল। যখন এরপ শিলা-বর্যণ সদৃশ প্রচণ্ড উল্ঞা-বর্ষণ বারংবার প্রত্যক

^{*} ৪/৫ চারি পাঁচ হাত অপেক্ষায় দীর্ঘতর উল্লা-পিপ্ত প্রার দেখিতে পাওরা বায় নাই।
পৃষ্টাব্দের দশম শতাব্দে ইটালির অস্ত:পাতী নানি নগরের নিকটবর্তী এক নদীর উপরে
এক বৃহৎ উল্লা-পিপ্ত পতিত হয়, তাহা জলের উপর ২০০ ছুই তিন হাত উচ্চ
ক্ইয়াহিল।

হইয়া থাকে, তখন দৌর জগতের কত কোটি উল্লা-পিণ্ড অবিরত উড্ডীর্মান হইতেছে, তাহা কে বলিতে পারে।

সৌর কগতের গ্রহ উপগ্রহাদি **যত বৃহ**ৎ বস্তু আছে. স্থ্য সর্বাপেকা বৃহত্তর। উহা এত বৃহৎ যে, আমাদের অধিষ্ঠান-ভত ভূ-মণ্ডলের মত ১৪,০০,০০০ চতুর্দশ লক্ষ জীব-লোক উহার গর্ভ-মধ্যে নিবিষ্ট থাকিতে পারে। উহার আয়তন সমুদার গ্রহের আরতন-সমষ্টির প্রায় ৬০০ ছর শত গুণ। যদি সুর্যামগুলের অভান্তর খনন করিয়া শূন্ত করা যায় এবং ভূ-মণ্ডল তাহার মধ্য স্থানে স্থাপিত করিতে পারা যায়, তাহা হইলে পৃথিবীর চতুর্দিকে এত স্থান থাকে যে, চম্র-মণ্ডল ভূ-মণ্ডলের কেন্দ্র হইতে এক্ষণে ষত অম্ভরে অবস্থিত আছে, ভাহার অপেকায় আর ৮১,০০০ একাশী সহস্র ক্রোশ অধিক অন্তরে স্থাপিত হইলেও, অনায়াদে পৃথিবী প্রদক্ষিণ করিয়া আসিতে পারে। বিশেষতঃ বিশ্ব-প্রকাশক প্রভাকর চত্দিকে গ্রহ উপগ্রহাদিকে তিমিরাবরণ হইতে মুক্ত করিয়া তেজঃ, জ্যোতি: ও সৌন্দর্য্য বিতরণপূর্বক যেরপ প্রভাব প্রকাশ করে, তাহা এক কালে একতা অনুভা করিতে হইলে, বিশ্বয়-সাগরে নিমগ্র হইতে হয়। কেবল সূর্যা মাত্রের বিশাল আয়তন ও প্রবল প্রভাক পর্যালোচনা করাই মানবীয় মনের সাধ্যাতীত বোধ হয়, ইহাতে মনের মধ্যে সমস্ত সৌর জগতের সমুদায় ব্যাপার একত ধারণ করা কাহার সাধ্য ?

এই সমস্ত বিশাল জ্যোতিছের অতি বিশায়-কর আয়তন মাত্র পর্যালোচনা করির।ই বা আমরা জগতের মংস্ক ও গান্তীর্য্যের বিষয় কি জানিলাম ? এই অপরিসীম বিশ্বমধ্যে বিশ্বপতির ষেক্রপ অচিস্তাদ শক্তি প্রকাশিত রহিরাছে, ঐ সমস্ত প্রকাণ্ড জড়মর পিণ্ডের প্রচণ্ড

বেগের বিষয় অফুধাবন করিলেই বা তাহা কি জানা ঘাইবে ? তাহারা যেরূপ প্রবল বেগে পরিভ্রমণ করে, ভূ-মণ্ডলে তাহার অফুরূপ দেখিতে পাওয়া যায় না, এবং তাহা গণনা করিয়া নিরূপণ করিলেও ফুম্পষ্ট অনুভব করা যায় না। আমরা অধের গতি, বায়ুর গতি, শরের গতি, এবং বাষ্পীয় পোত ও বাষ্পীয় রধের গতিকে সাতিশর শীঘ্রগতি বলিগা উল্লেখ করি। কামান হইতে নিক্ষিপ্ত গোলকের বেগ উল্লিখিত সমূদায় বস্তুর বেগ অপেক্ষা প্রবল। কিন্তু পৃথিব্যাদি গ্রহ, উপগ্রহ ও ধুমকেতুর বেগৈর সহিত তুলনা করিলে, অশ্বর্থাদির গতি কোথার থাকে ৮ শনৈশ্চর গ্রহ প্রতিঘণ্টায় ১,৬৮০ নয় সহস্র ছয় শত আশী ক্রোশ, বহস্পতি ১২.৭৬ বার সহস্র সাত শত বাটি ক্রোশ, পুথিবী ২১,৯৩৭ উনত্তিশ সহস্র নর শত সাঁইত্তিশ ক্রোশ, শুক্র ৩১,২০০ প্রতিশ সহস্র হুই শত কোশ এবং বুধ ৪৮,১১৮ আটচল্লিশ সহস্র একশত আঠার ক্রোশ ভ্রমণ করিয়া থাকে। কামানের গোলা প্রতিষণ্টাম্ব উদ্ধাসংখ্যা ৩৫২ তিন শ, বায়াম্ন ক্রোশ গমন করে। কিন্তু বুধ গ্রন্থ তার তদপেক্ষায় ১৩৬ একশত ছত্তিশ গুল প্রবল্তর বেগে অবিরত পরিভ্রমণ করিতেছে।


এ প্রকার প্রকাশু জড়পিও সমুদায়ের চলিতে পারাই আশ্চর্য্য বোধ হয়। ইহাদের এতাদৃশ প্রচণ্ড বেগ যে, অনমুভবনীয় আশ্চর্যাশক্তি কর্ত্বক উৎপাদিত হইয়াছে, তাহা কে অমুভব করিতে পারে ? কামান ঘারা নিক্ষিপ্ত যে লৌহপোলক সাতিশয় শীঘ্রগামী বোধ হয়, তাহার বাাস কতিপয় অসুলি অপেক্ষায় অধিক নয়। কিন্তু যে বৃহস্পাভি গ্রহের ভয়য়য়র বৈগের বিষয় ইতিপুর্ব্বে উল্লিখিত হইল, তাহার গর্ভ-মধ্যে পৃথিবীর তুলারূপ বৃহৎপ্রমাণ সহস্রাধিক জীবলোক প্রবিষ্ট থাকিতে পারে। একজন পণ্ডিত গণনা করিয়া লিধিয়াছেন,

ষদি মেদিনী এক স্থানে শ্বিরীভূত থাকে, আর দৌরজগতের যাৰতীয় গ্ৰহ ও উপ-গ্ৰহ যদি মনুষ্যের ত্লারূপ বাছবল-বিশিষ্ট বৃদ্ধিজীৰী জীবে পরিপূর্ণ থাকে, এবং তাহা দ্বারা সমবেত হইয়া স্ব স্ক ভুজ-বলে ভু-মণ্ডল সঞ্চালন করিতে সাধ্যামুসারে চেষ্টা পায়, তথাপি छेशातक अञ्चल-अभाग शानअ जाननां कतिएल मधर्य इटेरव ना। কিন্ধ উহা বিশ্বপতির বিশ্ব-জনীন শক্তি দ্বারা চালিত হইয়া কামান-बिकिश चि नीघ्रामी लोश्लानक चलका श्रामीि खन व्यवनद्र বেগে স্থা-মণ্ডলের চতুদ্ধিকে নিয়ত পরিভ্রমণ করিতেছে। এতাদৃশ বিশাল বস্তুর স্টাদুশ ভয়ানক বেগ যে মহীয়দী শক্তিকর্ভুক সমুদ্রাবিত হইয়াছে, তাহা হৃদয়মধ্যে ধারণ করা কাহার সাধ্য ৭ পৃথিবী অপেক্ষা ৭৩৫ সাত শত প্রতিশ গুণ বুহত্তর শনৈশ্চর এছ. অতাডুত অঙ্গুরীয়-ত্রয় ও চন্দ্রমণ্ডল অপেক্ষা বিশালতর অষ্ঠ উপগ্রহ সমভিব্যাহারে লইয়া প্রতি ঘণ্টায় ১,৬৮০ নয় সহস্র ছয় শত আশী ক্রোশ ভ্রমণ করিতেছে, ইহা একবার মনন করিলে বিশ্বয়ার্ণবে মগ্ন হইতে হয়। যদি আমরা উক্ত গ্রহের সার্দ্ধ চারিশত ক্রোশ অন্তরে অবস্থিত হইয়া দেখিতে পাই, তাহা হইলে কেবল ঐ অঙ্গুরীয়-ত্রয়-পরিবেষ্টিভ অত্যতুত জ্যোতিক্ষ-মণ্ডলের দর্শনেই আমাদের দৃষ্টি-ক্ষেত্র পরিপূর্ণ হয়, এবং উহা নভো-মণ্ডলের অর্দ্ধভাগ ব্যাপিয়া অত্যন্ত প্রচণ্ড বেগে উড্ডীয়মান হইতেছে, এইরূপ দৃষ্ট হয়। কিন্তু যথন সূর্য্য-মণ্ডলের বেগের বিষয় বিবেচনা করা যায়, তথন এ চমংকারই বা কোথায় থাকে ৷ উহা গ্রহ, উপগ্রহ, ধুমকেতৃ প্রভৃতি সৌরজগতীয় যাবতীয় বস্তু সমাভব্যাহারে লইয়া নভো-মণ্ডলের কোন অপ্রত্যক্ষ স্থান প্রচণ্ড বেগে প্রদক্ষিণ করিতে চলিতেছে; সেই অনমুভবনার, গান্তীর্ঘশাণী ভয়ানক ব্যাপার জ্ঞান-নেত্রে প্রভাক্ষ

করিতে গেলে, সময়ে পরাস্ত হইরা আসিতে হয়। এতাদৃশ তুর্ব্বোধ ভয়ঙ্কর গভীর ব্যাপার মনেও ধারণা করা যায় না এবং বাক্যেও বর্ণনা করা যায় না। এরূপ বিষয়ের প্রশংসা করিতে হইলে, কেবল বিশার, চমংকার, আশ্চর্যা প্রভৃতি অভুতবোধক শব্দ মাত্র উল্লেখ করিয়া নিরস্তঃ থাকিতে হয়।

এ পর্যান্ত আমরা উলিখিত জীবলোক-সমুদার জীবশৃষ্ট জড়মর বিবেচনা করিরা, তাহাদের বর্ণনা করিতেছি। কিন্তু এতাদৃশ বিশাল লোক সকল জীবপূর্ব অথ-সম্পন্ন না ভাবিরা কে নিরস্ত থাকিতে পারে ? তৎসমুদারও পৃথিবীর স্থার বিবিধ জীবের নিবাসভূমি। তাহাতেও অবশ্য অশেষবিধ জীবের অশেষ-প্রকার প্রণালী-ক্রমে বিবিধ প্রকার শারীরিক ও মানসিক ব্যাপার নির্বাহিত হইরা থাকে। না জানি, তথার কতবিধ বুলি-প্রকাশ, প্রেম-বিলাস, আনন্দ-বিকাশ সম্পন্ন হইরা থাকে! না জানি, আনন্দমর অমৃত্যমন্থ প্রকাব কোন্ লোকে কত প্রকার অচিন্তনীর, অনির্বাচনীর, অপ্রথমার মহিমা প্রকাশ করিরা রাথিয়াছেন! না জানি, করণামরের করণা-ভাজন সম্থানেরা কোন্ লোকে তাহার কিরপে মহিমা কার্তন করিয়া জীবন সার্থক করিতেছে।

এখন আমাদের মানস-বিহঙ্গ সৌরজগতের পরিজ্ঞাত ভাগের প্রাস্ত পর্যান্ত উড্ডীয়মান হইয়াছে। আর তাহাকে ক্ষান্ত রাখা যায় না। তাহার অপরিশ্রান্ত পক্ষ সকল আর নিরস্ত হইবার নয়। অথিল বিশ্বের সহিত তুলনা করিয়া দেখিলে, এমন অচিস্তা অনুমুভ্রনীয় সোর-জগৎকেও যংসামাত্ত ক্ষুদ্র বস্তু বিলিয়া বোধ হয়। অগণা নক্ষত্ত-মণ্ডল তৃণ-ক্ষেত্ত-স্থিত তৃণ ও বালুকা-ক্ষেত্র-স্থিত বালুকার ভাগে অপরিসীম আকাশ-ক্ষেত্রে ঘনীভূত হইয়া বহিয়াছে। এক এক নক্ষত্র এক এক সূর্য্য এবং বোধ হয়, তাহারা প্রত্যেকে এক এক সৌর-জগতের মধাত্বানে অবস্থিত থাকিয়া চতুস্পার্থ বন্ধী



গ্রহাউপগ্রহ প্রভৃতিকে তেজঃ ও জ্যোতিঃ বিতরণ করিতেছে, এবং
তত্রত্য - জীবজন্তদিগকে পালন করিয়া স্বস্থতা ও স্বচ্ছন্দতা বিধান
করিতেছে। ইতিপূর্বে আমরা বেরপ এক দৌর-জগতের বিষয়
পর্য্যালোচনা করিয়া বিস্নয়-সাগরে ময় ইইতেছিলাম, বিশ্বাধিপের
বিশ্বরাজাঃ দেরপ কত দৌর-জগতে পরিপূর্ণ, তাহা এক বার
স্বেস্তঃকরণে; ধারণ করিতে চেন্তা কর। তাহাদের সংখ্যাই বা কত,
রচনাই বা কিরপ, কত কত বিচিত্র ব্যাপারই বা তৎসমুদায়ে
সম্পন্ন হইতেছে, তাহা কাহারও নিরূপণ করিবার সামর্থ্য নাই বটে,
কিন্তু দেই সমন্তঃ গোর-জগং যে এক সীমাশ্রু সাম্রাজ্যের অন্তর্বর্ত্তী

এক এক প্রদেশ স্বরূপ এবং এক রাজাধিরাজ মহারাজের ভুভকর রাজশাসন দারা রক্ষিত ও পালিত, তাহার সন্দেহ নাই।

তিমিরাচ্ছন্ন মেবশুভা রজনীর নিশীধ-সময়ে উর্দ্ধ দিকে নেত্র নিক্ষেপ করিয়া একৈবারে যত নক্ষত্র দৃষ্টি করা যায়, তাহা আমাদের জ্ঞাননেত্রের দৃষ্টিক্ষেত্রে ধারণ করা কঠিন। কিন্তু দুরবীক্ষণ সহকারে একবারে যত দেখিতে পাওয়া যায়, তাহার তুলনার নিশীথ-সময়ে নিরীক্ষিত পূর্ব্বোক্ত সমস্ত তারাও অল্পসংখ্যক বলিয়া উল্লেখ ক্রিতে হয়। দূরবীক্ষণ যন্ত্র ষত উৎকৃষ্ট ও পরিষ্কৃত হইয়া আসিতেছে, ততই অধিক নক্ষত্র আমাদের দৃষ্টিপথে আবিভূতি হইতেছে। গগনমণ্ডলে যে দক্ষিণোত্তর-ব্যাপিনী ভুত্তবর্ণ রেখা হরিতালী ও ছায়াপথ* বলিয়া প্রাসদ্ধ আছে, তাহা কেবল নক্ষত্তে পরিপূর্ণ; অত্যন্ত দূরতা প্রযুক্ত ঐরপ অতি হন্দ্র শুভ্রবর্ণ নীরদতুল্য প্রতীয়মান হইয়া থাকে। চক্রমণ্ডল নভোমণ্ডলের ষৎকিঞ্চিৎ স্থান বাহা ব্যাপিয়া থাকে, হরিতালীর অন্তর্গত তৎপ্রমাণ স্থানে ২,••• ত্বই সহস্ৰ নক্ষত্ৰ দৃষ্ট হয়। উইলিয়ম্ হর্শেল নামক জগদিখ্যাত জ্যোতির্বিৎ একদা আপনার নিম্মিত অদ্ভত দূরবীক্ষণ দারা ছায়াপথের কিয়দংশ পর্য্যবেক্ষণ করিতেছিলেন, তাহাতে এক বার ৩৭॥ সাড়ে माँहिञ्जि পालत माधा ১,১৬,००० এक लक्ष, साइम मह्य नक्क. এবং অন্ত এক বার, ১ এক দণ্ড ৪২॥• সাড়ে বিয়াল্লিশ পলের মধ্যে २,८৮,००० इटे नक अष्ठेनकामर मध्य नकव जांशांत्र पृत्रवीकानत দৃষ্টিক্ষেত্রে উপস্থিত হইয়াছিল।

ইতিপূর্ব্বেই উল্লিখিত হইয়াছে, এক এক নক্ষত্র এক এক

^{*} ইতর ভাষার ইহাকে বমের জাকাল কছে।

হুষ্যাধ্বন্ধপ, ৰবং অনেক নক্ষত্ৰ তদপেক্ষা বৃহত্তৰ ও তেজখিতর ! বাস্তবিক, গণনা দাবা নিৰ্দ্ধান্তিত হুইনাছে, পুৰুক নামক নক্ষত্ৰ হুষ্যাপেক্ষা ৩৬ ছত্ৰিশ গুণ উজ্জ্বল, আমাদের সুৰ্য্যমণ্ডল এত উজ্জ্বল ৰটে, তথাচ এ বিষয়ে নিকৃষ্ট নক্ষত্ৰগণের মধ্যে গণিত করিতে হুইল। দীপ-শিখা-সদৃশ প্রতীরমান কুদ্র নক্ষত্র-সমৃদায় বে এতাদৃশ তেজখী, ইহা স্বপ্নের অগোচর ছিল। তাহাদের; অসহ্দ তেজঃপুঞ্জ অমুভব করা স্বষ্ট জীবের সাধ্য বলিয়া বোধ হয় না। তাহাদের জ্যোতিঃ-সমষ্টিশ মনন করিতেও বেন চকুদ্ধি দগ্ধ হইয়া নাইতেছে।

হীরকণগুবৎ প্রভীন্ধনান নক্ষত্রগণের সংখ্যা, তেজ্বিতা ও আরতনের বিষর সংক্ষেপে লিখিত হইল, কিন্তু তাহাদের দ্রস্থতা-বিষরে যৎকিঞ্চিৎ না দেখিলে, বিশ্বাধিপের বিশ্ব-রাজ্যের বিশালতা শ্রতীতি করা যে আমার উদ্দেশ্য, তাহা সিদ্ধ হইতে পারে না। তাহারা এরূপ দ্রবর্ত্তী যে, যে সমস্ত জ্যোতির্বিৎ-কেশরী জগদিখ্যাত পণ্ডিত মুহুর্ত্তমাত্রে রহস্পতি, শনি, হর্ণেল ও নেপচ্যুন গ্রহের দ্রস্থ নিঃসন্দেহ গণনা করিতে পারেন, তাঁহারা বহুকাল পর্য্যন্ত বহুপ্রকার যন্ত্র নির্মোগ দ্বারা বিধিমতে চেষ্টা করিয়াও একটি মাত্র নক্ষত্রেরও দ্রম্থ নির্মারণ করিতে সমর্থ হন নাই, কেবল এতাবন্মাত্র অবধারণ করিয়াছিলেন যে, তত্নদেশে যে সমস্ত নক্ষত্র পর্যাবেক্ষিত হয়, তাহারা কোন ক্রমেই ২২,০০,০০,০০,০০০ দ্বাবিংশতি নিথর্ব যোজনের অপেক্ষা অলতর দ্রে অধিষ্ঠিত নয়। কিন্তু ইয়ুরোপীর পণ্ডিতেরা কোন বিষয়ে পরামুথ হইবার নহেন। সংপ্রতি তাঁহারা অনেক কৌশলে অপেক্ষাকৃত নিকটবর্তী ১০৷১২ দশ বারটা নক্ষত্রের দ্রম্থ নির্মারণ করিরাছেন। তাহা অঙ্ক দ্বারা নির্দেশ করিতে পারা যায় বটে,

কিছু মনোমধ্যে সমাকৃ প্রকারে ধারণ করা অসাধ্য। লুক্ক তারা ন্যনাধিক ৪৪, ৽৽, ৽৽, ৽৽, ৽৽৽ চতুশ্চতারিংশৎ নিথর্ক বোজন এবং ঞ্জবতারা ন্যুনাধিক ২,•১,••,••,••,•• ছই শত এক নিধর্ম যোজন অন্তরে অবস্থিত রহিয়াছে। ১৮৫৩ আঠার শত তিপ্পার খুষ্টাকে তুইটি নক্ষত্রের দুরম্ব নির্ণর হুইয়াছে: একটি সপ্তর্মির অন্তর্মন্ত দ্বিতীয়টি অভিজিৎ নামক নক্ষত্ৰ-ত্ৰের প্রধান নক্ষত্র। সপ্তর্শির: অন্তবৰ্ত্তী নক্ষত্ৰ পৃথিবীর নিকট হইতে ১,৪৮,৫০,০০,০০,০০,০০ এক শত অষ্ট্রচন্থারিংশং নিথর্ক পঞ্চ থর্ক যোজন অস্তরে এবং অভিজ্ঞিতের অন্তর্গত নক্ষত্র ১,৪৩,০০,০০,০০,০০০ একশত ত্রিচছারিংশং নিথর্ক যোজন অন্তরে অবস্থিত রহিয়াছে। যে জ্যোতিঃ প্রতি পলে ২০. ২৭.৫২ - বিংশতি লক্ষ সপ্তবিংশতি সহস্র পাঁচ শত বিংশতি ক্রোশ চলে, উল্লিখিত অভিজ্ঞিৎ নক্ষত্ৰ হইতে পৃথিবীতে আসিতে তাহার প্রায় একবিংশতি বংসর অতীত হয়। যদি অপেক্ষাক্লত নিকটবর্জী চক্ষুর্গোচর নক্ষত্র-গণ এরপ দুরে অধিষ্ঠিত যে, তাহা মনন ও স্বরণ করিতে প্রবন্ত হইলে হত-জ্ঞান হইতে হয়, তবে হরিতালীস্থিত বে সমস্ত তারকা-রান্ধি বাষ্পরাশি-বং প্রতীত হয়, অথবা যাহাদিগকে ষম্ভ-সহকার-ব্যতিরেকে দেখিতে গাওয়া যায় না, তাহারা যে কভ অন্তরে অবস্থিত, তাহা কে গণনা করিবে? কেই বা তাহা অন্ত:করণে ধারণা করিতে সাহসী হইবে ? তাহাদের দূরত্বের বিষয় পর্য্যালোচনা করিলে, বুদ্ধিবৃত্তি বিঘূর্ণিত হইন্না উঠে। জ্যোতিবিদেরা ইহা সম্পূর্ণ সম্ভবপর বলিয়া উল্লেখ করিয়াছেন যে, অনেক অনেক নক্ষত্ৰ-পুঞ্জের আলোক অবনিমণ্ডলে উপনীত হইতে দশ লক্ষ বংসর স্মতীত হয়। কিন্তু এই বা কি ? যখন আকাশ-মগুল অসীম ৰণিয়া গ্রাহ্ম করিতে হইতেছে, তথন মনোবৎ ক্রতগামী জ্যোতিঃপদার্থের

দশ লক্ষ বৎসরের পথই বা কত দূর! অনস্ত-সরূপের অসীম সাম্রাজ্যের তুলনায় উহাও এক বিন্দু মাত্র।

বাঁহাদিগের জ্যোতিৰ্বিত্তা পর্যালোচনা ও নভোমগুল পর্যাবেক্ষণ করা অভ্যাস নাই. তাঁহারা যাবতীয় নক্ষত্র-মণ্ডলকে শমভাবাক্রাস্ত বিবেচনা করিয়া থাকেন। কিন্তু বাস্তবিক তাহা নয়। িনিত্য পরিবর্ত্তনই সমুদায় বিখের স্বভাব-সিদ্ধ লক্ষণ। আমরা **নরলোক-নিবাসী হইরাও নক্ষত্রমণ্ডল-সংক্রান্ত যে সমস্ত অন্তত** ব্যাপার দেখিতে পাই, তাহাতেও ৰিম্মাৰ্ণবে মগ্ন হইতে হয়। কত কত পুরাতন নক্ষত্র একেবারে অন্তর্হিত হইয়াছে। কত কত অভিনৰ নক্ষত্র অকস্মাৎ আকাশ-মণ্ডলে আবিভূতি চুটুরা অবস্থিত রহিয়াছে। আর কতকগুলি আবিভূতি হইবার পর ছই এক বৎসর দৃষ্টিগোচর থাকিয়া পুনর্বার তিরোহিত হইয়াছে। বহুসংখ্যক তারার তেজ্ববিতা क्षांक्रांस द्वांत्र बहेबा निर्मिष्ठे नमरबत मरधारे, भूनवीत भूवीवर दृष्टि পার। জ্যোতিব্বিৎ পণ্ডিতেরা করেকটি নক্ষত্রের তেজবিতা ও পরিবর্ত্তনের ক্রম এপ্রকার নিরূপণ করিয়াছেন বে. প্রায় চক্রকলার ছাস-বৃদ্ধির ভারে উহাদের হ্রাস-বৃদ্ধির সময় ও পরিমাণ গণনা করিতে পারেন। জ্যোতিবিবহীন গ্রহশ্রেণীতে পরিবেষ্টিত থাকাতে. তাহাদের ঐরপ ঘটনা হওয়া অদক্ষত নয়। ফলতঃ তদ্ভিন্ন অন্ত কোন ়হেতু আমাদের অহভবে উপস্থিত হয় না। হে জগদীশ! এ সকল তোমার कीमृशी महीयमी की हिं?

গ্রহ, উপগ্রহ ও ধ্নকেতুর সহিত তুলনা করিয়া পূর্ব্বতন জ্যোতি-বিদ্যো নক্ষত্রগণকে নিতান্ত নিশ্চল বলিয়া নির্দেশ করিয়াছিলেন। কিছ তাহাও যথার্থ হইল না। পূর্ব্বোলিখিত গ্রহাদির গতিবিধি-বিষয়ে বিশ্বাধিপতির যাদৃশ প্রবল শক্তি প্রকাশিত রহিয়াছে, নক্ষ গালের বিষয়েও তাহা স্মম্পষ্ট লক্ষিত হইয়াছে। অনেক নক্ষত্র ক্রেমশঃ স্থানান্তর হইতেছে, এমন কি, গ্রীশদেশীয় পূর্বকালীন জ্যোতির্বিদেরা নভোমগুলে যে বে স্থানে যে যে উজ্জ্বল নক্ষত্ত দৃষ্টি করিয়াছেন. তাহার একটিও একণে সে স্থানে অবস্থিত নাই, তডির ছই নকজ পরস্পর প্রস্পরের আকর্ষণ-গুণে আরুষ্ট থাকিয়া, উভয়েই উভয়ের মধ্যবর্ত্তী এক নির্দ্দিষ্ট স্থানের চতুদ্দিকে পরিত্রমণ করিয়া থাকে. এই ৰাপার গগনমগুলের সকল ভাগেই প্রতাক হয়। এ পর্যান্ত এইরূপ ৬৫০ সার্দ্ধ বট্শত নক্ষত্রযুগ নিরূপিত হইয়াছে, এবং তাহাদের পরিভ্রমণের পথ ও সময় নির্দ্ধারণের বিষয় অনেক অবধারিত হইয়াছে। ধ্রুব নক্ষত্র ১৬৯ তিন শত উনসভুর বংসরে এবং উত্তর ভারুপদ-নামক নক্ষত্রধয়ের অন্তর্গত এক নক্ষত্র ১০.৩৭৬ দশ সহস্র তিন শত ছিয়ান্তর বংসরে এক একবার ঐক্সপ পরিত্রমণ করে। কিন্তু অনেক নক্ষত্রের পরিভ্রমণের কাল ৫০০ পাঁচ শত বৎসরের অধিক নহে। ঐ সমস্ত পরস্পর-সম্বদ্ধ নক্ষত্রযুগল পৃথিবী হইতে দেখিলে পরস্পর অত্যস্ত নিকটবর্ত্তী দেখার, কিন্তু সূর্য্য মণ্ডল মেদিনী-মণ্ডলের নিকট হইতে ষত অন্তরে অবস্থিত, তাহারা পরস্পর তদপেক্ষা অধিকতর দুরবর্ত্তী বোধ হয়। বাস্তবিক ঐরপ এক নক্ষত্রযুগের অন্তর্গত চুই নক্ষত্র পরস্পর ১,১০,০০,০০,০০,০০০ একাদশ থর্ক যোজন অপেক্ষা অধিক অন্তরস্থ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। গতি ও পরিবর্ত্তন কেবল সৌর-জগতেরই ধর্ম নয়, সমুদায় নক্ষত্ত-মণ্ডলেই ঐ ব্যাপার লক্ষিত হয় 🕮 আমরা বিশ্বেশ্বরের বিশ্ব-মন্দির যত দূর আরোহণ করি, ততই তাঁহার অত্যাশ্চর্য্য অনির্ব্বচনীয় মহিমা প্রত্যক্ষ করিয়া চমৎকৃত ইই. এবং তাঁহার অনম্ভ ঐশ্বর্য্যের অন্ত-নির্দ্ধারণ-বিষয়ে নিরাশ হইতে

থাকি। আমাদের মানস-বিহঙ্গ প্রথমে পৃথিবী-মণ্ডল পর্যাটন-

পূর্বক সৌর-জগৎ সন্দর্শন করিরা নক্ষত্র-পরিপূর্ণ হরিভালী পর্যান্ত ' উজ্ঞীরমান হইরাছে। অতঃপর আর এক অতি চমৎকারজনক ব্যাপার উপস্থিত ! আমরা পূর্ব্বোদ্ধিত হরিতালী প্রভৃতি বাবতীয় নক্ষজন্ত্রেণীতে পরিবেষ্টিত রহিয়াছি, তৎসমুদায়ের উর্দ্ধে ও পার্থে বহুদুর পর্যান্ত গাঢ়তর ঘনীভূত তিমির-রাশি-ব্যতিরেকে আর কিছুই দৃষ্ট হয় না। তথায় না স্থ্য, না নক্ষত্ৰ, না অন্তবিধ কোন পদাৰ্থেরই অন্তিম্ব লক্ষিত হয়। দূরবীক্ষণ বতই উৎকৃষ্ট হউক না কেন, তথাচ একটি মাত্র রশ্মিও দৃষ্টিগোচর হয় না। কেবলই পাধানবং হর্ভেন্ত অন্ধকার মাত্র লক্ষিত হয়। কিন্তু সেই তিমিরাচ্ছন্ন জন-শূক্ত গান্তীর্যাশালী নভোভাগ অতিক্রম করিরা দৃষ্টিক্ষেপ করিতে সমর্থ হইলে, কোন কোন অভিত্রুজ্তী তুর্গজ্ঞা স্থান কুষ্মাটিকাবৎ প্রতীয়মান হয়। সেই সমুদায় নভঃস্থান কেবল নক্ষত্রপুঞ্জে পরিপূর্ণ; দুরস্থতা প্রযুক্তই কুল্মাটিকার মত দেখিতে পাওয়া যায়। সে সমস্ত ভারক-স্তবক কতদূরে অবস্থিত, তাহা কে বা গণনা করিবে ? কেই বা রটনা করিবে ? কেই বা অন্তত্তব করিতে সমর্ব হইবে ? সে সকল স্থান আকাশরপ অপরিসীম সমুদ্রের এক এক **দীপ-পৃঞ্জ-স্বরূ**প। তথা হইতে দৃষ্টি করিলে, আমাদের চতুম্পার্থবর্ত্তী পরিদৃশ্রমান নক্ষত্র-সমৃদায়ও উল্লিখিতরূপ কুষ্মাটিকাবৎ বোধ **হইবে। আমরা চতুর্দিকে হরিতালী-সংবলিত যাবতীয় নক্ষত্রপুঞ্জে** পরিবৃত রহিয়াছি, তাহা যদি এক ছালোক বলিয়া উক্ত হয়, ভবে পূর্ব্বোক্ত কুষ্মটিকাবৎ দৃশ্রমান স্থান-সমৃদায়ও এক এক স্বতন্ত্র স্বতম্ব ছ্যুলোক বলিয়া উল্লেখ করিতে হইবে। দূরবীক্ষণ-সহকারে এবম্প্রকার সহস্র সহস্র ছালোক দৃষ্টিগোচর হইরাছে। আমরা বে অসীম-প্রায় হ্যুলোকের অভ্যন্তরে অবস্থিত রহিয়াছি, ত্রন্ধাণ্ডে এরূপ

*কত কোটি হ্যলোক বিষ্ণমান আছে, কে বলিতে পারে? এই সমুদার পর্যালোচনা করিতে করিতে অন্তঃকরণ বিহ্নল হইতেছে, চমংক্লত ও 'হিরীভূত হইতেছে, আর উড্ডীরমান হইবার শক্তিনাই। ইহাতেও কি বিশ্বরাজ্যের প্রান্তদেশ উত্তীর্ণ হইতে পারিলাম না! ইহাতেও কি বিশ্বাধিপতির শক্তির সীমা নির্মণণ করিতে সমর্থ হইলাম না! হে মহিমার্ণব মহেশ্বর! তোমার এ কিরূপ আছুত মহিমা?

জ্ঞান-চক্ষে বিখ-পতির বিখ-রাজ্য কতদূর অবলোকন করা গেল, তাহা একবার অন্তঃকরণের একত্র ধারণ করিতে চেষ্টা করা উচিত। বাস্তবিক, তাহাতে একবার মানস-বলে পরিভ্রমণ না করিয়া কে নিরস্ত হইতে পারে ? যদি কেহ কল্পনা-পথে পাদ-পীঠ-স্বরূপ পৃথিবী হইতে পদোন্তোলন-পূর্ব্বক জলনিধির ভয়ন্বর তর্জ-শ্রেণী ও আগ্নের-গিরির ভয়ানক অগ্নি-জালা দর্শন করিতে করিতে ্উদ্ধপিণে উত্থিত হন, তবে তিনি কিঞ্চিৎ উঠিয়া গগনমগুলের সকল ভাগে সমভাবে দৃষ্টি-ক্ষেপ করিতে সমর্থ হইবেন; গ্রহ, উপগ্রহ, ধুমকেতু ও উল্লা-পিণ্ড-সংবলিত সমস্ত সৌর-জগৎ একেবারে তাঁহার ষ্টুষ্টিপথে আবিভূতি হইয়া উঠিবে। কি মেষ, কি বুৰ, কি সিংহ, কি মীন, সমগ্র রাশিচক্র একেবারেই দৃষ্ট হইতে থাকিবে। তিনি ক্রমে ক্রমে উদ্ধ-গামী হইয়া প্রচণ্ড সূর্য্য-মণ্ডল সমীপবন্তী দেখিয়া চকিত হইয়া উঠিবেন! किন্ত কোন নর তথায় এক নিমিষও তিষ্ঠিতে পারে ? তিনি তাহার ছর্বিষহ তেজ্ব:পুঞ্জে অসহমান হইরা সৌর-জগতের প্রান্তদেশ দর্শনার্থ উত্থিত হইবেন। মঙ্গল-গ্রহের লোহিত প্রভা, বুহম্পতির চারি চন্দ্র, শনৈশ্চরের অষ্টচন্দ্র ও ভয়ম্বর व्यक्ष्रीयक हेलामि अत्मविध अड्डल विषय मर्मन कतिरल कतिरल,

চক্র-বন্ধ-সহক্রত নেপচ্যুন নামক অপুর্ব্ধ ভূবনে উপস্থিত হইরা चानच-त्राम चार्क इटेरनन, এवः पिश्रिरनन, चामारमत्र मोत्र-क्रगर चारामित्क পতिত रहेग्रा तरिल वर्षे, किन्न हजूर्मित्कं, এजानुन, এতদপেক্ষা বৃহত্তর ও তেজস্বিতর কত সূর্য্য ও কত সৌর-জগৎ জাজন্যমান রহিয়াছে, তাহার সংখ্যা নাই। কৌতুকদর্শী পরিত্রাজক বেমন গ্রাম, নগর, বন, উপবনাদি নিরীক্ষণ করিতে করিতে পর্যাটন **ক্**রে, তিনি সেইরূপ কৌতূহলাবিষ্ট সমুৎস্কুক হৃদয়ে শ্বেত, পীত, ৰীল, লোহিতাদি বিবিধ বর্ণবিশিষ্ট বছবিধ নক্ষত্র-গহনের মধ্য দিয়া পরিভ্রমণ করিতে করিতে হরিতালীতে উপনীত হইরা দেখিবেন, হরিতালী কেবল স্থা ও সৌর-জগতে পরিপূর্ণ। হরিতালীর পৃষ্ঠ-দেশে দণ্ডায়মান হইয়া ইতন্তত: দৃষ্টি নিক্ষেপ করিলে, প্রগাঢ়তর তিমির-সিন্ধু পারে দক্ষিণে-বামে ও উদ্ধ দিকে. অতি দূরবর্ত্তী প্রদেশে ভূরি ভূরি হল क्मीय ছালোক দর্শন করিবেন, এবং দর্শন করিলেই, তথায় বিচরণার্থ ব্যাকুল-চিত্তে উদ্ধপিথে ধাবমান হইবেন, তাহার সন্দেহ নাই। তাঁহার এইরূপ ধাবমান হইবার সময়ে, আমাদিগের এতাদৃশ জ্যোতিঃপূর্ণ, স্থবিস্তৃত, ত্যুলোক ক্রমে ক্রমে সঙ্কুচিত হইয়া কিঞ্চিৎ কুল্লাটিকাবৎ অস্পষ্ট প্রতীয়মান হইতে থাকিবে; কোথায় ৰা আমাদের পৃথিবী, কোথায় বা চক্ত্র, কোথায় বা গ্রহমগুলী-পরিবেষ্টিত প্রকাণ্ড স্থা-মণ্ডল ৷ তিনি তথা হইতে, এক গ্রহের সহিত অন্ত গ্রহের এবং এক সূর্য্যের সহিত অন্ত সূর্য্যের বিশেষ করিতে অসমর্থ হইবেন এবং তৎ-সমুদায়কে সমুদ্রতীরস্থ বালুকাকণা অপেক্ষাও কুদ্রতর বলিয়া বোধ করিবেন। তৎসমুদায় একেবারে অলক্ষিত হইয়া বাইবে: এই স্থলে নিরস্ত হওয়া শ্রেয়:কল্ল ! আমা-দের আর অধিক আরোহণ করিবার অধিকার নাই।

নরলোকে এমন জীব কে আছে যে. এই অসীমাকার বিখ-ব্যাপার অমুভব করিয়া, চিস্তা ও বিবেচনার আয়ন্ত করিতে পারে? ইতিপূর্বে বিশাধিপতির বিশ্বব্যাপিনী ঐশী শক্তিব পরিমাণ-বিষয়ে গ্রহ-নক্ষত্রাদির দূরত্ব ও বেগত্ব-বোধক যে সমস্ত সংখ্যা-বাচক শব্দ নির্দেশ করা গিয়াছে, তাহা মনের মধ্যে ধারণ করা, মহুষ্যের সাধ্য नम् । ८७ সমুদাম याँशांत्र कार्या, छाँशांत्रहे आधा । अधारतत कार्या ঈশ্বর-ব্যতিরেকে অন্ত কে ধারণ করিতে পারে? কিন্তু ঐ সমন্ত অন্ত-নির্দেশ ছারা অচিস্তা-স্বরূপের অচিস্তা-শক্তির সীমা নিরূপিত इटेल, टेटा रान कारांत्र कमग्रह ना रहा छाँरांत्र आकर्षा अनि-অবধারিত হইল। স্থান শক্তি ও কৌশল-নির্দেশক যে সমস্ত সংখ্যা-বাচক শব্দ আমাদের বুদ্ধি-গম্য হইবার নয়, তাহা তাঁহার পক্ষে সাতিশয় সহজ ও স্থগম। নর-লোকেও যে বিষয় অনুভব করা এক জনের পক্ষে অসাধ্য, তাহা অন্তের নিকট অতি সহজ। যে শিশু ৪ চারি অপেক্ষায় অধিক, যে বর্বর ৫ পাঁচ অপেক্ষায় অধিক অঙ্ক গণনা করিতে সমর্থ নয়, লক্ষ ও কোটি গণনা করা তাহার অসাধ্য ও অসম্ভাবিত বোধ হয়। কিন্তু কিঞ্চিৎ বোধা-धिका श्रेटालरे, के ममूनाम व्यक्ष व्यनामात्र व्यक्त्व ७ वृद्धिवृद्धित আয়ত্ত হইতে পারে। যথন একপ্রকার জীবের একরূপ মনো-বৃত্তির কিঞ্চিৎ ন্যানাধিক্য সজ্ঘটন দারা বোধশক্তির এতাদৃশ ইতর-বিশেষ হয়, তথন যে অচিন্তনীয় পুরুষের অচিন্তা জ্ঞান ও অনির্বাচনীয় শক্তি কোন বিষয়েই আমাদের শারীরিক ও মানসিক বৃত্তির স্বভাবাক্রান্ত নর, প্রত্যুত তদপেক্ষা অনম্ভণ্ডণে উৎকৃষ্ট ও অশেষ বিষয়ে ভিন্নভাবাক্রান্ত, তাঁহার কার্য্য যে আমাদের বোধাতিরিক্ত

ও বিশ্বয়-জনক বলিয়া প্রত্যয় জন্মিবে, ইহাতে শাশ্চর্য্য কি ? '
স্থান, কাল ও সংখ্যা তাঁহার কার্য্যের ব্যবছেদ করিতে পারে না।
বিশ্বমিপতির শক্তি, কৌশল ও কুশলাভিপ্রার বিশ্ব-রাজ্যের
সর্বাংশে প্রত্যক্ষরৎ প্রতীয়মান হইতেছে, তাহাতে আর সংশয়
হইবার বিষয় নাই; কিন্তু ঐ সকল শুণের সীমা নিরূপণ
করা মানবীয় বৃদ্ধির সাধ্য নয়। বিশাল বিশ্ব-ব্যাপার অবলোকন
করিয়া, বিশ্বেশ্বরের ঐ সমস্ত শুণ অত্যম্ভ অধিক প্রমাণ বলিয়া
নিশ্চিত প্রতীত হয়; কিন্তু কত অধিক, তাহা কে নিরূপণ করিবে?
স্বামাদের মনোবিহঙ্গ বতই উড্ডীয়মান হউক, তাঁহার মহীয়ান্
স্বহিমাচলের শিথর-দেশে উপিত হইতে সমর্থ হইবার বিষয় কি?
কেবল পরান্ত হইয়া বারংবার প্রত্যাগমন করিয়া নিরস্ত হয়।

আমরা তাঁহার গুণ ও কার্য্যের সীমা নির্দারণে সমর্থ নহি বিলিয়া, তিহিবরের আলোচনায় নির্ত্ত হওরা, কোন ক্রমেই শ্রেমাণকর নয়। আমরা তাঁহার গুণ-প্রাম যত দ্র নিরূপণ করিতে পারিব, আমাদের মানব-জন্ম গ্রহণ করা তত দ্র সার্থক হইবে। যদি আমাদের মানব-জন্ম গ্রহণ করা তত দ্র সার্থক হইবে। যদি আমাদের স্বকীয় সৌর-জগতের অন্তর্গত অতি বিশাল স্থ্য অবধি অতি ক্ষুদ্র কীটাণু পর্যান্ত যাবতীয় স্বষ্ট বস্তু একত্র অন্তঃকরণে ধারণ করা যায় এবং দৃষ্টাদৃষ্ট সম্দায় নক্ষত্র-মণ্ডল প্রত্যেকে যদি এইরূপ সজীব নির্জীব অসংখ্য বস্তু-বিশিষ্ট এক এক সৌর-জগতের মধ্যন্থিত বলিয়া বিবেচনা করা যায়, তাহা হইলে, বিশ্বরাজ্যের বিশালত্ব ও মহত্ত্ব কতক অন্বভূত হইতে পারে। এক অন্বিতীয় অনির্দেশ্য প্রসংখ্যক হ্যলোক ও সংখ্যাশৃত্য সৌর-জগৎ-সংবলিত বিশাল বিশ্বের স্রষ্টা, পাতা, বিধাতা—ইহা যথন স্মরণ-পথে সমার্ক্ত হয়, তথন সেই অচিস্ত্য-স্বরূপের অচিন্ত্যশক্তির পরিমাণ কিঞ্চিৎ প্রতীত

হৈতে থাকে। তাঁহার মহীরদী শক্তির এক প্রকার পরিমাণ প্রভাক্ষসিছ; ব্রহ্মাণ্ডের সমন্ত বস্তুতেই ঐ অনস্ভবনীর প্রনীর শক্তির স্ক্রান্ত নিদর্শন লক্ষিত হইতেছে।

তাঁহার জ্ঞানক্সপ বিভাকর-জ্যোতিও আমাদের বৃদ্ধি-নেজ্ঞে সম্থ হর না। জ্যোতিব, রসায়ন, ভূ-তব, পদার্থবিদ্ধা, প্রাক্কতিক ইতির্প্ত প্রভৃতি বিবিধ শাস্ত্রের স্থপতিত অধ্যাপকেরা বিশ্ব-মধ্যে বিশ্বাধিপতির বে সমস্ত পরমাশ্চর্যা কৌশল নিরূপণ করিয়াছেন, তাহা যথন পর্য্যালোচনা করিয়া দেখা যার, এবং যথন বিবেচনা করা যার, আমরা এত পর্য্যালোচনা করিয়াও জগৎপ্রণালীর কোটি কোটি অংশের একাংশও জানিতে পারিলাম না, তথন আমরা তাঁহার বিশ্বব্যাপী জ্ঞান ও নৈপুণ্য প্রতীতি করিতে সমর্থ হই না বটে, কিন্তু তাঁহার অত্যভূত বিশাল কৌশলের ভাব ও প্রকার কিঞ্চিৎ অমুভব করিতে পারি এবং তিনি এক এক কৌশল সম্পাদনের নিমিত্ত বেরূপ প্রচুর ও প্রশস্ত উপার নিয়েজিত করিয়াছেন, তাহার অমুভব করিতে সমর্থ হই। কিন্তু নর-লোক-নিবাসী হইয়া, তাঁহার অমুভব করিতে সমর্থ হই। কিন্তু নর-লোক-নিবাসী হইয়া, তাঁহার অচিস্তা ও আশ্চর্যা কৌশল সম্যগ্-রূপে ধারণ করিবার অভিলাম করা অর্বাচীনতার কর্ম্ম।

বিশ্ব-নিয়স্তা যদর্থে এই মহীয়সী শক্তি ও অনির্কাচনীর জ্ঞান নিয়োজন করিয়াছেন, তাহা সবিশেষ পর্য্যালোচনা করিয়া দেখিলে, পরম পরিশুদ্ধ প্রীতি-রসে অভিষিক্ত হইতে হয়। কেবল জ্ঞান ও শক্তি থাকিলেই যে তিনি আমাদের পূজার পাত্র ও প্রীতির আম্পদ হইতে পারিতেন, এমন নয়। জ্ঞান ও শক্তি সং অসং উভয়বিশ বিষয়েই নিয়োজিত হইতে পারে; কিন্তু তিনি আপনার জ্ঞান ও শক্তিকে কেবল কল্যাণ সাধনার্থে প্রয়োগ করিয়াছেন। বিশের শুভ- সম্পাদনই বিশ্ব-বিধাতার সমস্ত বিধানের প্রয়োজন। অসংখ্য জীবের জীবন-রক্ষা, শারীরিক ও মানসিক শক্তি-সমূদ্দতি এবং স্থ্-সজ্জোগ-সংবর্দ্ধনই তাঁহার সকল কৌশলের উদ্দেশ্ত। পূর্ব্বোল্লিখিত সমৃদায় সৌর-জগতের সমস্ত জীবের কল্যাণ-সাধনই তাঁহার প্রতিষ্ঠিত সমৃদায় নিরমের প্রয়োজন। তাঁহার করুণা বিশ্ববাপিনী।

্ব স্থশিক্ষিত ও অশিক্ষিত লোকের স্থথের তারতম্য।

জ্ঞানের কি আশ্চর্যা প্রভাব! বিভার কি মনোহর মূর্ভি! বিভাহীন মন্থ্য মন্থ্যই নয়। বিভাহীন মনের গৌরব নাই। মানব-জ্ঞাতি পশু-জাতি অপেক্ষায় যত উৎকৃষ্ট, জ্ঞান-জনিত বিশুদ্ধ ইন্দ্রিয়-জনিত সামাশ্র স্থ্য অপেক্ষা তত উৎকৃষ্ট। পৌর্ণমাসীর স্থামন্মী শুরুষামিনীর সহিত অমাবস্থার তামসী নিশার যেরূপ প্রভেদ, স্থামন্মী শুরুষামিনীর সহিত অমাবস্থার তামসী নিশার যেরূপ প্রভেদ, স্থামন্থী শুরুষামিনীর সহিত অমাবস্থার তামসী নিশার যেরূপ প্রভেদ, স্থাক্ষিত ব্যক্তির বিভালোক-সম্পন্ন স্থাক্ষ চিত্ত-প্রাসাদের সহিত অশিক্ষত ব্যক্তির অজ্ঞান-তিমিরাবৃত হালয়-কৃত্তীরের সেইরূপ প্রভেদ প্রতীয়মান হয়। অশিক্ষিত ব্যক্তি নিকৃষ্ট স্থাথে ও নিকৃষ্ট কার্য্যে নির্ভি থাকিয়া, নিকৃষ্ট স্থাধিকারী নিকৃষ্ট জীবের মধ্যে গণনীয় হয়, স্থাক্ষিত ব্যক্তি জ্ঞান-জনিত ও ধর্মোৎপাত্য পরিশুদ্ধ স্থ্য সম্ভোগ করিয়া, আপনাকে ভূ-লোক অপেক্ষায় উৎকৃষ্টতর ভূবনাধিবাসের উপযুক্ত করিতে থাকেন। এই উভয়ের মনের অবস্থা ও স্থথের তারতম্য পর্য্যালোচনা করিয়া দেখিলে, উভয়কে এক-জাতীয় প্রাণী বিলিয়া প্রত্যন্ত হওয়া স্থকটিন।

অশিক্ষিত ব্যক্তির অন্তঃকরণ আবাল-বাদ্ধিক্য প্রায় অধম কর্ম্মে

নিয়ক্ত থাকে। তাহাকে উদরান্ন আহরণার্থ নিক্কষ্ট প্রবৃত্তি পরিচালনপুর্ব্বক শারীরিক পরিশ্রমে প্রবৃত্ত হইতে হয়; কিন্তু তাহার প্রধান মনোবৃত্তি-সমুদায় চির-নিদ্রায় নিদ্রিত থাকিয়া, অথবা অষ্থাবিধানে পরিচালিত হইরা, অকর্মণা ও দোষান্তিত হইতে থাকে। জীবিকা-সংক্রান্ত কার্যাই তাহার পক্ষে প্রধান কার্যা, এবং প্রারহ বর্ত্তমান কাল ও সন্নিহিত বিষয় মাত্র তাহার আলোচনার বিষয়। এরূপ ব্যক্তি স্বদেশ-বাতিরিক্ত সর্ব দেশের সকল বিষয়েই প্রায় অনভিজ্ঞ। হয়ত. অবনিমণ্ডলকেই অদীন বলিয়া বিশ্বাস করে। পৃথিবীর আক্বতি কি প্রকার ও আয়তন বা কত, ত'হার জল-স্থলের অবস্থাই বা কীদৃশ, তাহার অন্তঃপাতী কোন দেশের কিন্ধপ শোভা, কোন দেশে কিন্ধপ লোকের অধিবাদ, তাহ'দিগের আচার ব্যবহার এবং ধর্ম ও तांबनीिं वा कि अकात, नम, इम, ममूज, मरतावत, बीभ, প্রায়োদীপাদিই বা কিরূপ ব্যবস্থায় ব্যবস্থাপিত, এবং কিয়ন্ গুণাবলম্বী কত প্রকার ভূ-চর, খে-চর ও জলচর প্রাণীতেই বা পরিপূর্ণ, এ সকল বিষয়ে সে ব্যক্তি বন-চারী সিংহ ও শাখারছ বিহঙ্গ অপেক্ষায় অধিক অভিজ্ঞ নয়। মানব-সমাজ কীদৃশ সামাজিক নিয়মে নিয়মিত হইতেছে, পূর্ব্বাবিধি পৃথিবীতে সংগ্রাম-সজ্জ্বটন, ধর্ম্ম-পরিবর্ত্তন, রাজ-বিপ্লব-সংঘটন প্রভৃতি কত মহানর্থকর ঘটনা সঙ্ঘটিত হইয়া আসিয়াছে, এবং মানব-জাতি বিজ্ঞানের কিরূপ প্রভাব ও শিল্পকার্য্যের কিব্রূপ উর্লুতি সম্পাদন করিয়া, উত্তরোত্তর অলক্ষিত-পূর্ব্ব অসাধারণ শ্রীরুদ্ধি-সোপানে আরোহণ করিয়াছেন, সে ব্যক্তি তাহার কিছুই অবগত নধ। সে স্বকীয় নিবাস ভূমি ভূমগুলের বিষয়ে ষেমন অজ্ঞ, অপরিসীম গগন-মগুলের বিষয়ে তদপেক্ষা অধিক। পৃথিবীর অপেক্ষার বহু সহস্র ও বহু লক্ষ গুণ বুহত্তর বে সমস্ত জ্যোতিমান্

মণ্ডল নভোমণ্ডলে প্রচণ্ড-বেগে নিয়ত পরিভ্রমণ করিভেছে, তাহার বিষয় কিছুই জ্ঞাত নয়। তৎসমুদায় জানিবার নিমিত্ত তাহার असःकद्रात এकवाद माजु को जुरुन-निथा छेलीश रव ना। ही ११-শিथा-সদৃশ প্রতীরমান নক্ষত্র-সমুদার কুদ্র হউক আর বৃহৎ হউক, দরত্ব হউক আর সমীপস্থ হউক, সে বিষয়ে অনুসন্ধান করা ভাহার নিতান্ত অকিঞ্চিৎকর বোধ হয়। এ সকল বিষয়ে তাহার জ্র-ক্ষেপও নাই। বিশ্বপতির বিশ্ব-রচনা-সংক্রান্ত যে সমস্ত পরম আশ্রুর্যা বিষয় নিরূপিত হইয়াছে, যে সমস্ত পরম কল্যাণকর প্রাক্কতিক নিয়ম নির্দ্ধারিত হইরাছে, এবং বাবতীয় প্রাক্কতিক বিষ্পার बान्ने भी-वृद्धि इरेब्राट्ड, ও कि ভৌতিক, कि: गातीविक, कि बानिक, সর্ব্বশান্ত্র-সম্বন্ধীয় যে সমস্ত অভিমব তত্ত্ব দিন দিন উদ্ভাবিত হইয়। বিশ্ববিধাতার যশঃসৌরভ বিস্তার করিতেছে, সে সমুদায় সে ব্যক্তির গোচর ও ফদয়ক্ষম হইবার সম্ভাবনা নাই। নৈসগিক বস্তু ও নৈস্গিক নিয়মের অমুশীলনে বে কিরুপ অত্যাশ্র্যা আনন্দের অফুভব হয়, সে জন্মাবচ্ছিল্লে তাহার স্বাদগ্রহণ-করণে সমর্থ হয় না। স্থশিক্ষিত ব্য**ক্তি বৃদ্ধিবৃত্তি মার্চ্জিত ও ব**র্দ্ধিত করিয়া, পরম পবিত্র স্থার্ড-ছদয়ে যেরপে পরমান্তত পরিশুদ্ধ জ্ঞানারণ্যে বিচরণ করেন, অশিক্ষিত ব্যক্তি স্বপ্নেও একবার তথার পদার্পণ করিতে পারগ হয় না। সে ব্যক্তি বিদ্যা-মন্দিরের ছারস্বরূপ ব্যাকরণ-বিদ্যাকেই যথার্থ বিদ্যা বোধ করে: জন্মপত্রিকা রচনা ও শুভাশুভ দিন ক্ষণ গণনাকেই প্রকৃত জ্যোতিরিবদ্যা বলিয়াই প্রত্যের করে, অশৌচ-ব্যবস্থা ও প্রায়শ্চিত্ত-বিধানকেই বাস্তবিক ধর্ম্মোপদেশ বলিয়া বিবেচনা করে এবং মন:কল্পিত পৌরাণিক ইতিহাসকেই ভূলোকের যথার্থ ইতিহাস বলিয়া প্রত্যয় করে। স্বদেশীয় শাস্ত্রে বে বিষয়ে বেরূপ

নিষ্ম নির্দিষ্ট আছে. এবং স্বদেশ-মধ্যে বে কার্যো বেরূপ রীতি প্রচলিত আছে, তাহাই সর্কোৎকৃষ্ট বলিয়া বিশ্বাস করে। পিতৃপিতামহাদি পূর্ব্বপুরুষেরা যে প্রাচীন পথ অবলম্বন করিয়া চলিতেছেন, তাহাই সেই ব্যক্তির মতে সর্বোত্তম। তাহা নিতান্ত যুক্তি-বিশ্বদ্ধ ও একান্ত অসঙ্গত হইলেও. তাহার অভিপ্রায় পরিবর্ত্তনসহ নয়। স্বন্ধাতির দোব-দর্শন ও অপর জাতির গুণাবলোকন-বিষয়ে তাহার নিমীলিত নেত্র উন্মীলিত হইবার নয়। তাহার মতামুসারে আমানের বছিরও আর উন্নতি হইবে না. বিদ্যারও আর উন্নতি হইবে না, ধর্ম্মেরও আর উন্নতি হইবে না. স্থাপরও আর উন্নতি হইবে না। তাহার অভিপ্রায় এই. আমরা সর্বাপেকা অপকৃষ্ট যুগে জন্ম গ্রহণ করিয়াছি... ষতএব উন্তরোত্তর স্বধোগতি প্রাপ্ত হইতে থাকিব।

করুণামর পরমেশ্বর বিশ্বরাজ্য পরিপালনার্থ বে সমস্ত মঙ্গলমর নিরুষ সংস্থাপন করিয়া, সর্বত প্রচার করিয়া রাথিয়াছেন, অশিক্ষিত ব্যক্তি সে সমুদায় অবপত নয়। তাহার অজ্ঞানাবৃত অন্তঃকরণ সর্বস্থানেই নানা বিভীষিকা কল্পনা করে। ভুত, প্রেত, পিশাচ ইত্যাদি অবাস্তবিক পদার্থ তাহার হৃদয়-ক্ষেত্রে নিরম্ভর বিচরণ করে। সে ব্যক্তি সদাই শঙ্কিত. নিম্নতই উৎক্ষ্কিত, কতপ্রকার কুসংস্কার-পাশে বদ্ধ হইয়া থাকে। শুভাশুভ দিন ক্ষণ তাহার কতই আশঙ্কা ও কতই উদ্বেগ উৎপাদন করে। বিহঙ্গ-বিশেষের স্বর-বিশেষই বা কত ত্রাস ও কত উৎকণ্ঠা উপস্থিত করে। আশ্চর্য্যের বিষয় এই বে, সমস্ত অসত্য বিষয়ে তাহার বেরূপ বিশ্বাস আছে, তাহা কদাচ বিচলিত হইবার নয়; কিছ বিজ্ঞানের অফুশীলন হারা যে সমস্ত ষথাৰ্থ বিষয় নিত্ৰপিত হইয়াছে, ও বে সকল অভিনৰ তম্ব উদ্ভাবিত হইয়াছে, তাহাতে তাহার প্রতায় জ্মান স্থকঠিন কর্ম। লঙ্কাদীপ

মন্তব্যের নিবাস-ভূমি ও সকলেরই গম্য স্থান, ভূ-মগুলের যে ভাগে আমাদিগের বাস, তাহার বিপরীত ভাগেও অন্ত লোকের বসতি আছে. অবনি-মণ্ডল শুক্তেতেই অবস্থিত, জন্তুবিশেষ বা বস্তবিশেষের উপর অধিষ্ঠিত নয়, পৃথিবীর স্থল-ভাগ জ্ঞলময় সমুদ্রে পরিবেষ্টিত বটে, কিন্তু ক্ষীর-সমুদ্র. ম্বা-সমুদ্র, ইক্ষু-সমুদ্র প্রভৃতি পুরাণোক্ত সপ্ত-সমুদ্রের অন্তিত্বভটিত যত উপাধ্যান প্রচলিত আছে, সর্বৈব মিথ্যা: চক্র সঞ্জীব পদার্থ নয়, এবং নিজে তেজোময় নয়, উহার উপর সূর্য্যের আলোক পতিত হয় বলিয়া, তেজোময় বোধ হয়, চক্রমণ্ডলের যে সম্ভ কলঙ্ক দেখিতে পাওয়া যায়, তাহা হরিণ-শিশু নয়, অত্যন্ত গভীর গহরর, দেই সকল গহবরে সূর্য্যের রশ্মি প্রবেশ করিতে পারে না: সূর্য্যমণ্ডল ভূ-মণ্ডল অপেক্ষায় ১৪,০০,০০০, চৌদ্দ লক্ষ গুণ রহৎ, রথোপরি স্থাপিত नम्र. अथकर्ज्व अक्षेष्ठ रम्न नाः रुधारक य अजिनिन पृथिवी अनुकिन क्रिक्ट (मथा यात्र, जांश वाखिविक सूर्यात गणि नत्र, পৃথিবী নিয়ত ঘূর্ণিত হইতেছে, এই নিমিত্ত স্থা্রের ঐরূপ গতি প্রতীয়মান হয়, সূর্য্য পৃথিবীকে প্রদক্ষিণ করে না, পৃথিবী প্রতিষ্টার প্রায় ত্রিশ সহস্র ক্রোশ ভ্রমণ করিয়া এক বংসরে একবার সূর্য্য প্রদক্ষিণ করে, ইত্যাদি অবধারিত তত্ত্ব-সমুদার অশিক্ষিত ব্যক্তির হানমুক্তম হওয়া অসাধ্য বোধ হয়। এই সমস্ত বিষয় অবাস্তবিক উপস্থাস অপেক্ষাও তাহার অসম্ভব বোধ হয়। তাহার অন্তঃকরণ ঘোরতর অজ্ঞান-তিমিরে এরপ আচ্চর বহিয়াছে, জ্ঞানোৎপাদ্য পরমাতৃত বিশুদ্ স্থপ্যজ্ঞাগে তাহার অধিকার হইবার বিষয় কি ? বিশ্বপতির বিশ্বরচনা-মধ্যে তাঁহার অচিস্তা শক্তি, আশ্চর্য্য কৌশল, অপার মহিমা ও অত্যন্ত कक्ननात जामः वा निवर्गन वर्गन कतियां. शत्रामध्य-शत्राप्तप कानवान् ্ব্যক্তির হৃদ্যুষ্ধ্যে যেরূপ চমংকার-সংব্লিত আনন্দ-রুসের সঞ্চার হয়.

অশিক্ষিত অজ্ঞানারত ব্যক্তির সে রসের স্বাদ-গ্রহে সমর্থ হইবার সম্ভাবনা কি গ

কিন্তু স্থশিক্ষিত সচ্চরিত্র ব্যক্তির প্রশস্ত হানর পরম পরিশুদ্ধ বিজালোক লাভ করিয়া কি অত্যাশ্চর্য্য অনির্বাচনীয় শোভায় শোভিত হইয়া থাকে। তাঁহার অন্তঃকরণ অকারণে শক্ষিত ও দক্ষচিত হইবার নয়: তিনি বিশ্ব-পতির বিশ্ব-রাজ্যের কৌশল-চক্রের মর্শ্মাবধারণ করিয়া, তদীয় কাৰ্য্য-প্ৰণালী অসংশয়িত-চিত্তে স্বম্পষ্ট দেখিতে পান। তিনি ভৌতিক, শারীরিক, মানসিক স্বতম্ত্র স্বতম্ত্র নিয়মের স্বতম্ত্র স্বতম্ত্র কার্য্য নির্দারণ করিয়া, যে কার্য্যের যে কারণ, তাহা স্থন্দর রূপে অবগত হইয়া, অকুষ্ঠিতহাদয়ে স্থথে কালহরণ করেন; তিনি আর দেব-বিশেষকে রোগবিশেষের অধিপতি বলিয়া প্রতায় করেন না. মানব-দেহকে প্রেতবিশেষের আশ্রয় বলিয়া বিশ্বাস করেন না ব্যক্তি-বিশেষের অভিসম্পাতকে অপর ব্যক্তির অনিষ্টাপাতের হেতু বলিয়া স্বীকার করেন না. এবং অগ্নি-দীপন, বারি-বর্ষণ ও বায়-সঞ্চারণের স্বতন্ত্র স্বতন্ত্র অধিষ্ঠাত্রীও কল্পনা করেন না। ঐ সমস্ত কার্য্য পরমেশ্বর-প্রতিষ্ঠিত বিভিন্ন-প্রকার নিয়মানুদারেই সম্পন্ন হইয়া থাকে এবং সেই সকল নিয়ম জগতের কল্যাণ মাত্র সাধনার্থেই তাঁহাকর্ত্তক সঙ্কলিত হইয়াছে, ইহা দেদীপ্যমান দেখিয়া, অসম্ভূচিত-চিত্তে জীবন-যাত্রা নির্ব্বাহ করেন। অকারণ উৎকণ্ঠা, অমূলক আশঙ্কা, তাঁহার অন্তঃকরণ স্পর্শ করিতে পারে না। প্রসাদরূপ পবিত্র সমীরণ তাঁহার চিত্তে সতত সঞ্চরণ করিতে থাকে।

এতাদৃশ বিগ্যালোক-সম্পন্ন স্থশিক্ষিত ব্যক্তির অস্তঃকরণ অসংখ্য বিষয়ের অসংখ্য ভাবে নিরম্ভর পরিপূর্ণ। যে সমস্ত অভূত বিষয় ও মনোহর ব্যাপার তাঁহার বোধ-নেত্রের গোচর থাকে, তাহা জানিয়া দেখিলে বোধ হয়, তিনি নর-লোক-নিবাসী হইয়াও, কোন চমৎকার-ময়

স্থচারু স্বর্গ-লোকে বিচর্গ করিতেছেন। তাঁহার অন্তঃকরণে নিরম্ভর যে সকল ভাবের আবির্ভাব হয়, তাহা অশিক্ষিত লোকের কদাচ অমুভূত হইবার বিষয় নয়। তিনি আপনার মানস-নেত্রে এককালে সমগ্র ভূ-মণ্ডল পর্য্যবলোকন করিতে পারেন। মহার্ণব-পরিবৃত স্থলভাগ, সমুদ্রস্থিত দ্বীপ-পুঞ্জ, চতুর্দিগ্বাহিনী নদী ও উপনদী, স্থানে স্থানে নীরদ-ধারিণী পর্বত-শ্রেণী, কন্দর ও ভগু দেশ, শৃঙ্গ ও প্রস্রবণ, মহারণ্য ও মরুভূমি, জল-প্রপাত, উষ্ণ প্রস্তরণ, তুষার-শৈল, তুষার-দীপ, গন্ধক-দ্বীপ, প্রবাল-দ্বীপ ইত্যাদি ভূ-তলস্থ সমস্ত পদার্থ পর্য্যালোচনা করিয়া পুলকিত হইতে পারেন। তিনি কল্পনা-পথ অবলম্বন করিয়া, অগ্নিময় আগ্নেয়-গিরির শৃঙ্গ-দেশে আরোহণ করিতে পারেন, তৎসংক্রাস্ত ভূগর্ভ-বিনির্গত গভীর গর্জন শ্রবণ করিতে পারেন এবং তদীয় শিপর-দেশ হইতে অগ্নিময়ী নদীস্বরূপ ধাতু-নিঃস্রব নির্গত হইয়া, চতুর্দ্দিক্ দগ্ধ করিতে দৃষ্টি করিতে পারেন; তিনি মানস-পথে পর্যাটন-পূর্বক হিমগিরি-শিথরে উভিত হইয়া, নতনয়নে নিরীক্ষণ ক্রিতে পারেন, আপনার চরণতলে বিগ্লালতা জলিত হইতেছে. মেঘাবলি ধ্বনিত হইতেছে, জলপ্রপাত হরিত হইতেছে এবং প্রচণ্ড ৰঞ্জাবাত উৎপন্ন হইয়া, অরণ্য-সমুদায় উৎপাটন করিতেছে ও সমুদ্র-সলিলে করালতম কল্লোল কোলাহল উৎপাদিত করিয়া, ত্রাস ও সঙ্কট উপস্থিত করিতেছে। সর্বাকালের সমস্ত ঘটনাই তাঁহার অন্তঃকরণে জাগন্ধক রহিয়াছে। তিনি মনে মনে কত রাজ্য, ও রাজার সংসার দেখেন, কত বীর ও বিগ্রহের বিষয় বর্ণন করেন এবং কত স্থানের কত প্রকার রাজনীতি ও ধর্মনীতির পরিবর্ত্তন পর্য্যালোচনা করিয়া স্থ্যী থাকেন। যে সময়ে তিনি মিত্রগণের সহিত সহবাস ও সদালাপ করেন, তথন দেশ-বিদেশের জল, বায়ু, শীত. গ্রীষ্ম, গ্রাম, নগর. আচার, ব্যবহার, ধর্ম, শাসন, বিষ্ণা, ব্যবসায়, স্থুখ, সভ্যতা, পশু, পক্ষী, উদ্ভিদ্, ধাতু প্রভৃতির বিষয় পর্য্যালোচনা করিয়া, পুলকে পরিপূর্ণ হইতে থাকেন। যে সময়ে তিনি গ্রাম ও গছন ভ্রমণ করেন, তখন বুক্ষ, লতা, গুলাদির কেবল প্রমাশ্চ্যা সৌন্দ্র্যা সন্দর্শন করিরাই সম্ভষ্ট থাকেন না, তাহাদের মূল, ক্ষম, শাখা, পত্র, পুষ্প, ফলাদির অভ্যন্তরে কীদৃশ কৌশল বিঅমান রহিয়াছে ও কত প্রকার আশ্চর্য্য ক্রিয়াই বা নির্বাহিত হইতেছে, উদ্ভিদের মধ্যে কোন কোন জাতি কি কারণে কোন শ্রেণীতে বিনিবিঃ হইয়াছে. এবং কোন জাতি দারা কিরুপ উপকারই বা উৎপন্ন হইতে পারে, তৎসমুদার পর্যালোচনা করিয়া চমৎকার-সংবলিত স্থামৃতরুসে অভিষিক্ত হন, এবং প্রত্যেক বিষয়ের অনুশীলন করিবার সময়ে করুণাময় পরমেশ্বরের পরমাভূত কৌশল প্রতীতি করিয়া, ক্বতজ্ঞ-হৃদয়ে মনের সহিত ধ্যাবাদ করেন। যে তিমিরাচ্ছন্ন নিশীথ-সময়ে অজ্ঞ লোকেরা অশেষবিধ বিভাষিকা ভাবনা করিয়া ভীত হইতে থাকে, সে সময় তিনি নিভূত স্থানে অবস্থান পূর্ব্বক গগন-মণ্ডলে নয়নবন্ধ নিয়োজন করিয়া, অদীম বিশ্ব-ব্যাপারের অহুশীলনে অত্নরক্ত হইতে পারেন। আমরা যে প্রকাণ্ড ভূমি-খণ্ডের উপর অধিষ্ঠিত রহিয়াছি, তাহা গিরি, কানন, পশু, পক্ষী, মেঘ ও वाशु-मश्विन अप्रतिनीय आकाम-मार्श अव्खत्वरा पूर्वाश्वमान इरेर्डि, ইহা ইচিন্তা করিয়া, অন্তঃকরণ বিক্ষিত করিতে পারেন। তিনি বাসনা-বত্মে চক্র-মণ্ডলে উপনীত হইয়া, উচ্চ পর্বতে, গভীর গহরর, উন্নত শিখর, গিরিচ্ছালা, বন্ধুর স্তৃমি ইত্যাদি অবলোকন করিতে পারেন। ক্রমশঃ উর্দ্ধানিক উত্থিত হইয়া, চক্র-চতু প্রম-পরিবৃত বৃহস্পতি, বৃহত্তর চক্রাষ্ট্রক ও বিশাল-বলয়-ত্রয়-পরিবেষ্ট্রিত শনৈশ্চর, ছয় চক্র-সহক্রত হর্শেল গ্রন্থ এবং চক্রবয়-সংবলিত নেপচ্যুন্-নামক অপূর্ব ভূবন দর্শন

করিয়া, পরম-পুলকিত-চিন্তে বিচরণ করিতে পারেন। পরে গ্রহ মগুলী-পরিবেষ্টেত প্রচণ্ড স্থা-মগুল পশ্চান্তাগে পরিত্যাগ-পূর্বাক সহস্র কোটি কোটি নক্ষত্র-লোক অবলোকন করতঃ অশৃঙ্খল-বদ্ধ ও অফ্লিষ্ট-পক্ষ বিহঙ্গের স্থায় অসীম আকাশ-মগুল পর্যাটন করিতে পারেন। গগন-মগুলের যাবতীয় ভাগ দূরবীক্ষণ-সহকারে মানব-জাতির নেত্র-গোচর হইয়াছে, তদ্দ্ধি সমস্ত নভঃপ্রদেশ সংখ্যাতিরিক্ত পরমান্ত্ত জীবলোকে পরিপূর্ণ বলিয়া প্রতীতি করিতে পারেন, এবং অপার মহিমার্ণব মহেশ্বের অথগু রাজত্ব সর্বাত্র প্রচারিত দেখিয়া, ভক্তি-রসাভিষিক্ত-পুলকিত-হাদয়ে

তিনি কখনও বা গগন-মণ্ডলস্থ ভ্রিসংখ্য বৃহদাকার পদার্থ
দর্শনে পরিভৃপ্ত হইয়া, স্ক্র্য় পদার্থ পর্য্যবেক্ষণ-বাসনায় ধরাতলে
অবতীর্ণ হইতে পারেন, এবং অণুবীক্ষণ-প্রদর্শিত অশেষবিধ অতি
স্ক্র্য় বস্তুর অশেষবিধ শোভা সন্দর্শন করিয়া চমৎকৃত হইতে পারেন।
এরপ সৌভাগ্যশালী বিছ্যাবান্ ব্যক্তি জীবের শরীরে ও বৃক্ষের
পল্লবে যেরপ শোভা, যেরপ শিল্ল ও যেরপ অভুত ব্যাপার অবলোকন
করেন, অণুবীক্ষণের স্পষ্ট না হইলে, তাহা মানবজাতির দৃষ্টি-পথে
কদাচ আবিভূতি হইত না। যে ব্যক্তি উক্ত যন্ত্র-সহকারে সে
সমুদায় স্বচক্ষে প্রত্যক্ষ না করিয়াছেন, তাহা বর্ণন করিয়া তাঁহার
ছদয়ঙ্গম করিবার সন্ভাবনা নাই। বিছালোক-সম্পাল্ল স্থাশিক্ষত ব্যক্তি
এক এক জলবিন্দৃতে কোটি কোটি জীবের অবস্থান ও সঞ্চরণ
দেখিয়া পুলকিত হইতে থাকেন। অনভিজ্ঞ ব্যক্তির যে স্থানে
কিঞ্চিৎ কলম্ক-যুক্ত চিক্ত মাত্র বোধ হয়, তিনি সে স্থানে বৃহৎ
অরণ্য দর্শন করেন। ইতর ব্যক্তিরা প্রজাপতির পক্ষ-সমূহে যে
সমস্ত ক্ষ্কুরের্ণু দৃষ্টি করে, তিনি তাহা বিহঙ্গগণের পক্ষ-সমূহে

স্থরাগ-রঞ্জিত, স্থচারু পক্ষ-সমূহ জানিয়া, অত্যন্ত আহলাদিত হইয়া शोदकेत। अनि अञ्चल वाकि वाका-विस्थित वाक्यांनी-विस्थय (यंज्रप জনাকীর্ণ বোধ করে, তিনি কণা-প্রমাণ স্থান তদপেক্ষা অধিকসংখ্যক জীবে পরিপূর্ণ দেখিয়া বিশ্বয়াপন্ন হন। অশিক্ষিত ব্যক্তি বে স্থান জীব-শৃত্ত অকর্মণ্য বোধ করে, তিনি সে স্থান জ্ঞান ও ক্রীড়া, রাগ ও বাসনা, স্থুথ ও সম্ভোষের আধার বলিয়া প্রতীতি করেন. এবং প্রত্যেক অণুপ্রমাণ স্থান পরমেশ্বরের অত্যাশ্চর্য্য অনির্বাচনীয় অভাবনীয় কীর্ত্তিতে পরিপূরিত দেখিয়া, ভক্তি-সহক্কৃত পরমানন্দ-রসে অভিষিক্ত হইতে থাকেন।

বে মহাত্মার অন্তঃকরণ এতাদৃশ অতি মনোহর স্থথরাজ্যে বিচরণ করিতে পারে, তাঁহার অমুভূত স্থু অজ্ঞানাবৃত অশিক্ষিত ব্যক্তির স্থাপেক্ষায় অশেষগুণে উৎক্লষ্ট, তাহার সন্দেহ নাই। যদি মাৰ্জ্জিত वृक्ति-পরিচালনে স্থাপোদয়-হয়, यनि ক্ষুদ্র ও বৃহৎ এবং স্থাপর ও মহৎ অশেষবিধ পদার্থ-চিস্তনে স্থথ-সঞ্চার হয় এবং যদি মহিমার্ণব পরমেশ্বরের অচিন্তা শক্তির ও অপার মহিমার অসংখ্য নিদর্শন-দর্শনে প্রগাঢ় স্থথের উদ্ভব হয়, তবে জ্ঞানালোক-সম্পন্ন বিশুদ্ধচিত স্থাশিকিত ব্যক্তির পরমোৎকৃষ্ট নিরুপম স্থাথের উপমা দিবার আর স্থল নাই. এ কথা অবশু স্বীকার করিতে হইবে।





পরিশিষ্ট।

- মথুরা— ভারতবর্ষের কল্পনা-কেন্দ্র, স্বপ্প-সম্ভাবনার অহকুল স্থান।
 মথুরার নাম-নির্বাচনের তাৎপর্য্য এই।
- যমুনা- মথুরাতল বাহিনী নদী; অন্ত নাম কালিন্দী।
- কারণ— কোনো বিশেষ ব্যাপারের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী ঘটনা-সমষ্টির
 মধ্যে যেটি অপরিহার্য্য অর্থাৎ ষেটির অভাব ঘটলে, বক্ষ্যমাণ
 ব্যাপারই ঘটিতে পারিত না, তাহাকে কারণ বলে।
- কাব্য— লোকোত্তর-বর্ণনা-নিপুণ-কবি-কর্ম্ম। রসাত্মক বাক্যকে কাব্য বলে। রস আট প্রকার;—আদি, বীর, করুণ, হাস্ত, রৌদ্র, ভয়ানক, বীভৎস, অম্ভত। *
- অলক্ষার— যে শান্ত্রের সাহায্যে কাব্যের দোষ গুণ বিচার করা যায়;
 যেমন সাহিত্য-দর্পণ, কাব্যাদর্শ।
- জ্যোতিষ—যে শাস্ত্রের সাহায্যে গ্রহের গতি ও নক্ষত্রাদির সংস্থান নিরূপণ করা যায়; যেমন—হর্য্য-সিদ্ধান্ত, আর্য্য-সিদ্ধান্ত।
- গণিত— অঙ্কবিষয়ক অভ্রাপ্ত শাস্ত্র।—জ্যামিতি, ত্রিকোণমিতি, জ্যোতিষ প্রভৃতিকে সজীব রাথিয়াছে।
 - শৃঙ্গার-হাশ্ত-করণ-রৌদ্র-বীর-ভয়ানকাঃ।
 বীভৎসাভুভসংজ্ঞো চেত্যটো নাট্যরসাঃ ঝুডাঃ॥
 কেহ কেহ শাত্ত-নামক আর একটি রস শীকার করেন। তাঁহাদের মতে রস নয়টি।

স্মৃতি— বাহা পুরুষামূক্রমে স্মরণ করিয়া আসা হইতেছে; যে শাস্তের সাহায্যে সামাজিক আচার ও লোক-ব্যবহার নিক্সপিত হইয়া থাকে; যেমন—মমুসংহিতা।

দর্শন— পণ্ডিতেরা যাহা বৃদ্ধি দ্বারা দর্শন করেন; তত্ত্ব-বিস্থা। যেমন
—সাংখ্য, পাতঞ্জল, পূর্বমীমাংসা, উত্তরমীমাংসা, স্থার,
বৈশেষিক, বৌদ্ধদর্শন, অর্হ দর্শন।

শারীরস্থান—অস্থি, মাংস-পেশী, মস্তিক, নাড়ী প্রভৃতির সংস্থান-নির্ণায়ক শাস্ত্র-বিশেষ।

রসায়ন — মূল পদার্থ-সমূহের সংযোগ-বিয়োগ-জনিত বৈষম্য-বিজ্ঞাপক শাস্ত্র-বিশেষ।

তিতিক্ষা—ক্ষমা, সহিষ্ণুতা।

কীটাণু— যে সমস্ত অতিহক্ষ কীট ক্ষুদ্রতার জন্ত মানব-চক্ষুর অগোচর, তাহাদিগকে কীটাণু বলে।

আরব্য- আরব ও মিশর দেশ-প্রচলিত কথা-গ্রন্থ। অসম্ভব কল্পনায় উপায়াস— কল্পতক্ষ বলিলেও অত্যক্তি হয় না।

কথা-সরিৎ-সোমদেব ভট্ট-বিরচিত ছন্দোবদ্ধ গল্পের বহি। ইহার সাগর— অনেক গল্পে ইক্সজাল, পিশাচসিদ্ধি প্রভৃতি অভ্তুত ক্ষমতার উল্লেখ আছে।

দূরবাঁক্ষণ—যে যন্ত্রের সাহায্যে দূরের বস্তু নিকটে বলিরা প্রতীয়মান হয়। সর্বাপেক্ষ। বৃহৎ দূরবীক্ষণ ১৯০০ খৃষ্টাব্দের প্যারিস প্রদর্শনীতে প্রদর্শিত হয়।

অণুবীক্ষণ—যে যন্ত্রের সাহায্যে ক্ষুদ্র বস্ত বৃহৎক্ষপে প্রতিভাত হয়।
প্রস্তৃত্তি— ক্ষতি; স্বাভাবিক ঝোঁক।
বৈকন— (খঃ ১৫৬১-১৬২৬) ইনি পরস্পর বিচ্ছিন্ন খণ্ড :সত্য-সমূহের

অভ্রান্ততা পরীক্ষা করিয়া, পরিশেষে ঐ সকল পরীক্ষিত সত্যের উপর নির্ভরপূর্বক ব্যাপক সত্যে উপনীত হইবার রীতি প্রবর্ত্তন করিয়া, বিজ্ঞানোমতির প্রভৃত সহায়তা করেন। জন্মভূমি—ইংলণ্ড।

দিদিরো—(খৃ: পু: ১০৬···৪৩) প্রদিদ্ধ বাগ্মী ও গ্রন্থকার। জন্মভূমি ইত্যাদি।

হিতোপদেশ-কর্ত্ত।—বিষ্ণু শক্ষী হিতোপদেশ-কর্ত্তা বলিয়া প্রবাদ সর্ব্বত্ত প্রচলিত আছে।

সেনেকা— (খৃঃ ৩—৬৫) ইতালির পণ্ডিত ও লেখক।

তৈপরিষ্ঠিত বায়ু…শীতিল—উপরের বায়ুন্তর : স্থা্রের অধিকতর

নিকটবর্তী হইলেও শীতল। রৌদ্রতপ্ত পৃথিবীর সংস্পর্শে

নিমন্তরের বায়ু তপ্ত হইয়া থাকে।

চন্দ্রকিরণে রামধন্ম – চন্দ্র-মণ্ডলেও অনেক সময়ে রামধন্মর বিচিত্র বর্ণ দেখা যায়।

তাড়িত...সূক্ষ্ম পানার্থ—উত্তাপ, আলোক ও তাড়িতকে বস্তু বলা যায় না; কারণ বস্তুর গুরুত্ব প্রভৃতি ধর্ম্ম এ সকলের একটিতেও নাই, উহাদিগকে পদার্থ বলা যায়, কারণ, পদের অর্থই (অর্থাৎ শব্দের প্রতিপাছাই) পদার্থ।

প্রত্যন্তপর্বত—প্রান্তবর্ত্তী পর্ব্বত।

পাণ্ডব—পাণ্ডুর অপত্য ; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব। কৌরব—কুরুবংশীর হুর্যোধনাদি।

আলেক্ সাণ্ডার—মাসিডোনিয়ার অধীশ্বর স্বপ্রসিদ্ধ দিথিজয়ী বীর।
জন্ম, শৃষ্টপূর্ব্ব ৩৫৬ অব্বেদ, মৃত্যু থৃঃ পৃঃ ৩২৩ অব্বেদ।
শীজর— (খৃঃ পুঃ ১০১—৪৪) পুরুষোত্তম বলিলে, যেমন বিষ্ণুকে বুঝায়,

- সীজর বলিলে, তেমনি দিখিজয়ী জুলিয়স্ সীজরকে বুঝায় । সীজর শব্দ পরে সমাটের প্রতিশব্দ রূপে ব্যবহৃত হয়।
- হানিবল— (খৃঃ পৃঃ ২৪৭—১৮৩) কার্থেজের স্থপ্রসিদ্ধ মহাবীর; ইনি রোমের বিক্লদ্ধে যুদ্ধ করেন।
- কোমর— য়ুরোপ থণ্ডের প্রথম এবং প্রধান মহাকাব্য রচয়িতা; জন্মভূমি গ্রীস্ অথবা এসিয়া মাইনর। হোমর অর্থে অয়।
 ইনি খৃষ্টের প্রায় নয় শত বংসর পূর্বের আবিভূতি হন।
- বাল্মীকি— ভারতবর্ষের কবিগুরু। পৃথিবীর সর্বশ্রেষ্ঠ মহাকাব্য রামায়ণের রচয়িতা। প্রথম জীবনে নাকি দম্য ছিলেন।
- কালিদাস—নবরত্বের শ্রেষ্ঠ রত্ন; ইংরে জন্মভূমি ও জীবনকালসম্বন্ধে পশুতগণের মধ্যে ঘোরতর মতবৈলক্ষণ্য আছে।
- মাঘ— 'শিশুপাল-বধ'-নামক কাব্যের রচয়িতা। প্রবাদ আছে, তিনি রাজমন্ত্রী ছিলেন।
- ভারবি— কালিদাসের পরবর্তী এবং মাঘের পূর্ব্ববর্তী কবি। প্রধান কাব্য "কিরাতার্জ্জনীয়ম"।
- ভবভূতি— প্রায় বার শত বংসর পূর্ব্বে ইনি দাক্ষিণাত্যে জন্মগ্রহণ করেন। ইঁহার রচিত গ্রন্থগুলির নাম – মালতীমাধব, মহাবীর-চরিত এবং উত্তর চরিত।
- ভারতচন্দ্র—(১১১৯—১১৬৭ সাল) মহারাজ কৃষ্ণচন্দ্রের সভা-কবি।
 ু প্রধান কাব্য—অন্নদামঙ্গল।
- বজ্জিল (খৃঃ পৃঃ ৭•—১৯) প্রাচীন রোমক সাম্রাজ্যের মহাকবি। প্রধান কাব্য — ঈণিড্।
- ডাণ্টি— (খঃ ১২৬৫—১৩২১) খৃষ্টান্ ইতালির প্রধান কবি। প্রধান রচনা – কমিডিয়া ডিভিনা।

- क्रिण्টন—(১৬০৮—১৬৭৪) ইংলণ্ডের মহাকবি। প্রধান কাব্য-প্যারাডাইজ্লষ্ট্।
- সেক্সপিয়র—(১৫৬৪—১৬১৬) জগতের শ্রেষ্ঠ নাট্যকার। বিচিত্র-চরিত্র চিত্রণে পৃথিবীর মধ্যে অদ্বিতীয়।
 - ৰায়রণ— (১৭৮৮—১৮২৪) ইংলণ্ডের প্রতিভা-প্রতিমা। জগুদ্বিধ্যাৎ কবি।
- আর্য্যভট্ট—(খৃঃ ৪৭৬—) জন্মস্থান— পাটনা। ইনি বীজগণিতের অনেক নিয়ম আবিষ্ণার করেন। মতাস্তরে বীজগণিতের স্পষ্টকর্তা। প্রধান গ্রন্থ— আর্য্য-সিদ্ধান্ত।
- বরাহ-মিহির—(খঃ ৫৮৭) নবরত্বের অন্ততম। প্রধান গ্রন্থ বৃহজ্জাতক, বৃহৎ সংহিতা।
- ব্রহ্মগুর্থ—(খৃ: ৬২৮)—জ্যোতির্ব্বেডা। প্রধান গ্রন্থ নির্বান্ত। ভাস্করাচার্য্য—(খৃ: ১০০০—) লীলাবতী ও সিদ্ধান্ত শিরোমণির রচয়িতা। মতান্তরে Differential Calculus এর জন্মদাতা।
- কোপনিক স্— (১৪৭৩—১৫৪৩) জর্মান্র জ্যোতির্ব্বিদ্। প্রাচীন মিশ-রের মতে বুধ ,ও শুক্র স্থ্যকে প্রদক্ষিণ করে, কিন্তু স্থ্য পৃথিবীকে প্রদক্ষিণ করে; এইরূপ নানা বিচিত্র মতের সমন্বর্ম করিতে গিয়া কোপনিকস্ সৌর-জগতের রহস্যোদ্যাটন করিয়া ফেলেন।
- গালিলিয়ো—(১৫৬৪—১৬৪২) হান্স নিপার্শে ক্বত আদিম দুর্বীক্ষণ যন্ত্রের প্রভূত উন্নতি বিধান করেন। পৃথিবীর আহ্নিকগতি স্বীকার করা অপরাধে ধর্ম্মবাজকদের হস্তে নিগৃহীত হন।
- নিউটন—(১৬৪২—১৭২৭) ইঁহার মাধ্যাকর্ষণ সম্বন্ধীয় সত্য নির্দ্ধারণের ফলে বিজ্ঞান-জগতে নব যুগের স্থত্রপাত হয়।

- বেদব্যাস—(খৃ: পৃ: ১৬০০০০০) ইনি দাস-রাজ-কন্তা সংস্থ-গন্ধ বি গর্ভে জন্মগ্রহণ করিয়াও বেদ পড়িতে পাইয়াছিলেন। এমন কি, অনেকটা তাঁহারই ক্বপায় বেদ বর্ত্তমান কলেবর লাভ করিয়া স্থবিশুক্ত ভাবে রক্ষিত হইয়াছে। এই ধীবর-দৌহিত্র জগতের শ্রেষ্ঠ কবিদিগের সভায় আসন পাইয়াছেন।
- শিক্ষরাচার্য্য—খৃষ্টীর অন্তম শতাব্দীতে কেরল দেশে প্রাহর্ভূত হন। ইনি ধর্ম্ম-সংস্কারক, বেদাস্ত-ভাষ্যকার এবং বহু মঠের সংস্থাপক। এই মহাত্মা বত্রিশ বৎসর বরসে তত্নত্যাগ করেন।
- প্রেটো—(খৃঃ পুঃ ৪২৭—৩৪৭) গ্রীস্ দেশের দার্শনিক। ইহাকে Father of idealism বলে।
- পিথাগোরস—(খৃঃ পৃঃ ৫৮২) গ্রীস্-দেশীয় নীতি-সংস্কারক এবং নৃতন
 দার্শনিক মতের প্রবর্ত্তক। ইনি জন্মান্তর-বাদ স্বীকার করিতেন। আমিষ-ভোজনেরও বিরোধী ছিলেন।
- ততুপযোগী চঞ্চ এখনকার বৈজ্ঞানিকদের মতে, উর্দ্ধবাহু সন্মাসীদের যেজন্ম বাহু শুষ্ক হইয়া যায়, ঠিক সেই কারণেই, অর্থাৎ পারি-পার্শ্বিক অবস্থা ও ঘটনার অন্তক্লতা ও প্রতিকূলতা-বশতঃই জীব-বিশেষের অঙ্গ-বিশেষের বৈষম্য ঘটিয়া থাকে।
- সেকেটিস—(খৃঃ পৃঃ ৪৭০—) জ্ঞানী, জিতেন্দ্রি মহাপুরুষ। প্রচলিত ধর্মা-মত ও কুসংস্কারের বিরুদ্ধে স্বকীয় মত প্রচার করা অপ-রাধে (!) প্রাণদণ্ডে দণ্ডিত হন।
- নিকল আমাদের 'এক আনি' যে ধাতুতে প্রস্তুত হয়, উল্লাতেও সেই নিকল ধাতু পাওয়া গিয়াছিল।
- উৎসেধ—উচ্চতা।
- **এতদেশীয় ... গৃহ নির্মাণ মধ্যযুগে যুরোপেও ঐরূপ ছিল। বথন**ু

সমাক্ শাসনের অভাবে জীবন ও ধন-সম্পত্তি রক্ষিত বিশিরী বিবৈচিত না হয়, সেই সময়ে ঐকপ গৃহ-নির্মাণ-পদ্ধতি অবলম্বিত হওয়া স্বাভাবিক। সকল দেশ-সম্বন্ধেই এ নিয়ম খাটে। তাহার পর স্থাসনের সময়েও পূর্বাভ্যাসের হস্ত হইতে সহজে নিস্কৃতি লাভ করিতে পারে না।

অনেক মন্দিরই এক-স্বার—নহিলে ধাত্রীদের নিকট হইতে পয়সা আদায়ের স্ক্রবিধা হয় না।

জিজীবিষু—বাঁচিতে ইচ্ছুক।

বুন্দাবন—যমুনার পশ্চিমকূলে; বৈষ্ণবদিগের প্রসিদ্ধ তীর্থস্থান। কুরুকুকেত্র—আধুনিক নাম কর্ণাল। "ক্ষেত্রৎ ক্ষত্র-প্রধন-পিশুনং"

হরিদ্বার—ইহাকে গঙ্গাদ্বারও বলে। এইখানে গঙ্গাপ্রবাহ পর্বত হইতে
সমতল ক্ষেত্রে পতিত হইতেছে। এই তীর্থে, কুম্ভ মেলার
সময়ে বহু সন্মাসীর সমাগ্য হইয়া থাকে।

কনথল— গঙ্গার পশ্চিম কুলে; হরিদ্বারের সমীপবর্ত্তী গ্রাম; তীর্থস্থানও

''থলঃ কো নাত্র মুক্তিং বৈ ভজটে তত্র মজ্জনাৎ। স্ক্রতঃ কনথলং তীর্থং নামা চক্রমুনীখরাঃ॥"

বহুরূপ—চলিত ভাষায় বহুরূপী।

স্প্রাট — হেরিংজাতীয় মৎস্থ-বিশেষ। য়ুরোপের পশ্চিমে আটলাণ্টিক মহাসাগরের কিয়দংশে এবং নিউজিলণ্ডে ও সরিনামের (ডচ্গায়েনার) সমীপস্থ সাগরে পাওয়া যায়।

শ্বীয়ক-ত্রয়—ইহাকে উপবীতও বলে; মুক্তার ত্রিবল্লীহার বলিলে

মন্দ হয় না।

হ**র্শেল— (১**৭৩৮—১৮২২) জন্মস্থান—ছানোভার। ইনি য়ুরেনাস্ নামক নৃতন গ্রহের আবিষ্ণর্তা। ঐ গ্রহকে আবিষ্ণতার নামান্ম্পারে হর্শেল গ্রহও বলা হয়। আবিষ্ণর্তা স্বয়ং কিন্তু কু গ্রহের নাম রাথিয়াছিলেন—জজ্জিয়াস্ সাইডাস্।

স্বর্গীর অক্ষরকুমার দত্ত মহাশরের পোত্র স্কুক্বি শ্রীসত্যেন্দ্রনাথ দত্ত-প্রণীত কাব্যগ্রস্থ

ञोर्थ-मिलन।

ছাপা, কাগজ পরিপাটী। পরম উপভোগ্য মনোজ্ঞ পুস্তক। উপহার দিবার উপযুক্ত। মূল্য এক টাকা। সর্বাত্ত বিশেষভাবে প্রশংসিত।

<u>শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর—অমুবাদ পড়িয়া বিশ্বিত হইয়াছি।</u> অধিকাংশকেই অমুবাদ বলিয়া মনে হয় না। একই কালে অমুবাদ এবং নতন কাব্য। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর—ইহ। আমাদের পরম আহ্লাদ ও গৌরবের বিষয়। শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর-এরপ বিচিত্র সংগ্রহ বঙ্গদাহিত্যে আর আছে কি না, জানি না। এই গ্রন্থকে বিচিত্র রত্নমালাও বলা যাইতে পারে। শ্রী**যুক্ত সারদাচর**ণ মিত্র -I very much like it. The style is very find. The translations are accurate and are not like translations. প্রবাসী—জগতের সকল দেশের সকল কালের শ্রেষ্ঠ কবিদিগের সকল ভাবের রচনার কাব্যান্থবাদ এই পুস্তকে একত্র করিয়া একটি মনোজ্ঞ সংগ্রহ হইয়াছে। কবিতাগুলি মৌলিক রচনার সৌলুর্য্যে মঞ্জিত। এই গ্রন্থানি বঙ্গদাহিত্যের সম্পদ্ হইয়াছে। কাব্যরদ্পিপাত্ম বা মানবচরিত্র-জি**জ্ঞাস্থ** পাঠক এই গ্রন্থে আনন্দের উপাদান পুঞ্জীক্বত দেখিবেন। বস্ত্রমতী—সভ্য জগতের অধিকাংশ স্থকবির ললিত ভাবময়ী কবিতার ্অমুবাদ এই গ্রন্থে মধুর ভাষায় স্থন্দর ছন্দে প্রকাশিত হইয়াছে। বঙ্গবাসী —অমুবাদে একাধারে কবিত্বের ও বিষ্ঠাবভার পূর্ণ পরিচয়। ভারতী—তীর্থসলিলের জন্ম একটি মুদ্রা ব্যয় করিলে, তাহা জলে যাইবে না, একথা আমরা অসঙ্কোচে বলিতে পারি।

বেণু ও বীণা।

- ি বিবিধ বিষয়ের গীতি-কবিতার **পুন্তক। সর্বা**ত প্রশংসিত। মূল্য এক টাকা।
- ে **শ্রীযুক্ত** রবী**দ্রনাথ ঠাকুর—**কাব্য সাহিত্যে আপনার পথ কাটিয়া লইতে পারিবে ।
- ্বঙ্গবাসী—ভাবে, ভাষায়, অলঙ্কারে, ছন্দে, ঝঙ্কারে কবির অন্তদ্ষ্টির পরিচয় এ গ্রন্থে পদে পদে।

হোমশিখা।

পরিণত মনের উপভোগের সামগ্রী। বঙ্গসাহিত্যে সম্পূর্ণ নৃতন। ছাপা, কাগজ উৎক্লষ্ট। মূল্য এক টাকা।

শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর—এই কবিতাগুলির মধ্যে একটা পুণ্য তেজস্বিতা আছে। ইহাতে উচ্চ চিন্তার সহিত স্থন্দর সন্মিলন হইয়াছে।

শ্রীযুক্ত সারদাচরণ মিত্র—কবিষের বিশেষ পরিচর পাইলাম।
বঙ্গবাসী—কাব্যপ্রির পাঠক মাত্রেরই এ কাব্য পাঠ করা উচিত।
এইরূপ বহু সমালোচকের প্রশংসাবাদ স্থানাভাবে দিতে পারা
গেল না।

প্রাপ্তিস্থান--৩০ নং কর্ণওয়ালিস খ্রীট্, সংস্কৃত প্রেস্ ডিপঞ্জিটরী।
২০, কর্ণওয়ালিস্ খ্রীট্, মজুমদার লাইবেরী। ২০১, কর্ণওয়ালিস্ খ্রীট্,
শুক্রদাস লাইবেরী। ২২, কর্ণওয়ালিস খ্রীট্, ইণ্ডিয়ান, পাব্লিশিংগ্রি